 Ague-spell, *n. s.* কল্পছরনিবারক ঔষধ বা ভাবীজ বা মাদুনি ।  
 Ague-struck, *a.* কল্পছরাক্রান্ত ।  
 Ague-tree, *n. s.* নিশিফা বৃক্ষ ।  
 To Aguish, *v. a.* পরিপান-কৃ, অলস-কৃ, ভূষণ-কৃ, অলঙ্কার-দা ।  
 Aguish, *n. s.* পরিচ্ছদ, বস্ত্র, পরিধেয় ।  
 Aguish, *a.* কল্পছরভাব, কল্পছরপর্ষক ।  
 Aguishness, *n. s.* কল্পছরস্বভাব বা তুল্যতা বৃদ্ধি ।  
 Ah, *interj.* এই অব্যয় শব্দেতে কখনও তৃচ্ছজ্ঞান বা তিরস্কার বা অপবাদ বা নিন্দা বা অপমান ; কখনও প্রশংসা বা আশ্লাদ বা আশ্চর্য্যবোধ বা বিশ্বাস ; এবং কখনও রাগ, ত্রোপ, খেদ, দয়া বা বিনয় ; কিন্তু *that* শব্দ পরেতে প্রয়োগ করিলে প্রায় সর্বদা অতিশয় ইচ্ছা বা বাঞ্ছা বৃদ্ধায় ; যথা হায়, আহা, আঃ, উঃ, ইঃ, ইস, উস, ছি, ছিছি ।  
 Aha Aha, *interj.* এই অব্যয় শব্দেতে গর্ভ বা তৃচ্ছ অর্থ জানিবেন ।  
 Ahead, *ad.* পূর্বে, অগ্রে ; মস্তকাণ্ড বা হেট করিয়া পতনপর্ষক বা গমনরূপ, ঘাড়গুঁজিয়া ।  
 Aheight, *ad.* উর্ধ্বে, উপরে ।  
 Ahigh, *ad.* তথা ।  
 Ahold, *ad.* নৌকাকে বা জাহাজকে যাবৎ সাধ্য বায়ুর মুখেতে গমনকরণরূপে বা তৎপালি খাটাওনপর্ষক এই শব্দের অর্থ ।  
 Ahouai, *n. s.* উরোবৃক্ষ ।  
 Ahoy, *interj.* [Sea Term.] নাবিকের ডাকবিশেষ ; যথা ওহে ।  
 Ahungry, *a.* ক্ষুধিত ।  
 Ajar, *ad.* অজ্ঞোদ্রীলিতরূপে, আপাতগোলাপর্ষক ।  
 To Aid, *v. a. Fr.* সাহায্য বা উপকার-কৃ ।  
 Aid, *n. s. Sax.* সাহায্য, উপকার, উপকারক । [In Law.] রূপা বা টাকাদ্বারা সাহায্য বা উপকার ।  
 Aidance, *n. s.* সাহায্য, উপকার ।  
 Aidant, *a.* সাহায্যকারী, উপকারী, সাহায্যশীল ।  
 Aide-de-camp, *n. s. Fr.* যোদ্ধপদবিশেষ, প্রধান সেনাপতির সাহায্যকারক বা আশ্রাবাহিক, পারিষদ, মোশাহেব ।  
 Aider, *n. s.* সাহায্যকারক, উপকারী, উপকার করে যে ।  
 Aidless, *a.* সাহায্যরহিত, উপকারহীন ; গরীব, বেচার, দীনহীন ।  
 Aigre, *n. s.* সমুদ্রের প্রচণ্ডপ্রবহণ বা বৃদ্ধি ।  
 Aigret, *n. s. Fr.* ক্রৌঞ্চ বা বক পক্ষিবিশেষ ।  
 Aigulet, *n. s. Fr.* লৌহ সৎলগ্রাণ্ড ।  
 To Ail, *v. a. Goth.* ব্যথা বা পীড়া-প্রাপ, দুঃখ বা ব্যামোহ-দা, ব্যস্ত-কৃ, যাতনা-প্রাপ ।  
 Ail, *n. s.* রোগ, অস্বাস্থ্য, ব্যামোহ, পীড়া, দায় ।

Ailment, *n. s.* পীড়া, রোগ।  
 Ailing, *part. a.* রোগী, পীড়িত, রোগগ্ণ, রোগময়, অসুস্থ।  
 To Aim, *v. a.* অল্পদ্বারা লক্ষ-কৃ, লক্ষ-কৃ, দৃষ্টি বা প্রদর্শনপূর্বক স  
 ক্তান-নী, তাক-কৃ, বাঞ্ছা-কৃ; আকাঙ্ক্ষা-কৃ।  
 To Aim, *v. n.* লক্ষ-হ।  
 Aim, *n. s.* লক্ষ্যচিহ্নের প্রতি অল্পক্ষেপণ; সন্ধান, তাক; উপায়,  
 কার্য; অনুমান, তাৎপর্য, আশয়, অভিপ্রায়, বাঞ্ছা, অনুভব,  
 প্রবৃত্তি, অনুসূচনা, মতলব, ফিকির।  
 Aimer, *n. s.* লক্ষকর্তা, লক্ষ বা তাক করে যে।  
 Aimless, *a.* লক্ষরহিত, সন্ধান বা তাকরহিত।  
 Air *n. s.* Lat. আকাশ, বায়ু, গন্ধ, বাস; কোন লঘু বা অনিশ্চিত  
 বিষয়; নির্গম, ফাঁক; প্রচার, সম্বাদ, সমাচার; বাদ্য কবিতা;  
 বদন, চেহারা, চালি, আকার।  
 To Air, *v. a.* বায়ুবাজন-কৃ, বায়ু-দা, বায়ুভোগ-কৃ, সেক-দা, বাতা  
 সে-রক্ষ বা -বেড়া (ঞ), হাওয়া-থা, বায়ু-খেলা বা -থা (ঞ),  
 বায়ু ক্রীড়া-কৃ; বাতাস-জন।  
 Airballoon, *n. s.* বায়ুগ যান, বলুননামক যান।  
 Airbladder, *n. s.* বায়ুকোষ, মৎস্যের পটপটি বা ফোঁকল।  
 Air-born, *a.* বায়ুজ, বাতাসে উৎপন্ন, খেচর।  
 Air-braving, *part. a.* বায়ু অমানক, বায়ুবিষয়ে নির্ভয়।  
 Air-built, *a.* বায়ুনির্মিত; ভিত্তি বা মূলরহিত, অমূলক।  
 Air-drawn, *a.* বায়ুতে চিত্রিত।  
 Airing, *n. s.* বায়ুতে রাখা বা শুকাইতে দেয় যে।  
 Airer, *n. s.* বায়ুতে রাখা বা শুকাইতে দেয় যে।  
 Airhole, *n. s.* বায়ুচ্ছিদ্র বা পথ, গবাক্ষ, ফরকা, জানালা।  
 Airiness, *n. s.* বায়ু বিশিষ্টতা, শূন্যত্ব, বায়ুক্রীড়নাবস্থা, বায়ুদর্শন;  
 লঘুত্ব, হালকাস্বভাব, রসিকত্ব।  
 Airing, *n. s.* বায়ুতে গমন বা ভ্রমণ, বিহার, বায়ুখাওন, বায়ু সে  
 বন।  
 Airless, *a.* বায়ুহীন, বায়ুরহিত বা শূন্য, নির্ঝাঁত, গুটমট।  
 Airling, *n. s.* চিন্তারহিত, ভাবনা নাই যাহার; চপল, রসিক, অ  
 সার।  
 Air-gun, *n. s.* বায়ুবন্দুক, বায়ুতে চালিত বন্দুক।  
 Airpoise, *n. s.* বায়ুভৌলক বা পরিমাপক, মানদণ্ড বা তরাজু।  
 Airpump, *n. s.* বায়ুকল, বায়ুনিষ্কাশক বা পুরুষক কল।  
 Airshaft, *n. s.* আকরে বায়ুগমনের পথ বা ছিদ্র।  
 Air-stirring, *a.* বায়ুচালক, বায়ুচালনকারী।  
 Air-threatening, *a.* বায়ু হেয়কারী বা আক্রোশী, অভিমानी;  
 গর্ভী।  
 Airy, *a.* বায়ু বিশিষ্ট, বায়ুযুক্ত, বায়ুবিষয়ক; উর্দ্ধেস্থিত, বায়ুতে  
 খোলা বা মেলা, ফাঁকে; লঘু, হালকা, অসার; স্পন্দনবিশিষ্ট,  
 মুক্ত, চঞ্চল, রসিক, চুলবুলো।  
 Airy-flying, *a.* বায়ুবদগমনশীল।  
 Airy-light, *a.* বায়ুবল্লম্ব, হালকা, পাতল; অতিক্ষীণ।  
 Aisle, *n. s.* ধর্মশালাস্থ পথ।  
 Ait বা Eyght, *n. s.* নদীস্থ ক্ষুদ্রদ্বীপ বা দ্বীপ।  
 Ajutage, *n. s.* Fr. জলকলের উপরি বা বাড়াতি প্রণালী।  
 To Ake, *v. n.* ব্যথিত-হ, বেদনায়ুক্ত-হ, ব্যথা-প্রাপ্ত।  
 Akin, *a.* সঙ্গর্ভীয়, স্বাভাবিক সম্বন্ধ, স্বগোত্রজ, স্বজাতীয়, একধর্ম  
 বা গুণবিশিষ্ট, তুল্যধর্মক।  
 Al বা Attle বা Adale, Sax. Æple শব্দহইতে উৎপন্ন হইয়াছে  
 বোধ হয়; এবং Al বা Ald, Sax. Eal শব্দহইতে গৃহীতপ্রযু  
 ক্ত সংজ্ঞার আদ্যবয়ব হয়। তন্নিম্ন Al শব্দ আরবির ভাষাহই  
 তে গৃহীত ইংলিশীয় সংজ্ঞার আদিতে প্রয়োগ হয়।

Alabaster, *n. s.* Gr. শ্বেতপুস্তুর বিশেষ।  
 Alabaster, *a.* আলাবাস্টরনামক পুস্তুরেতে নির্মিত।  
 Alack, *interj.* হায়, হায়হ। Alas শব্দ দেখ।  
 Alackaday, *interj.* Alas the day বাক্যের সংক্ষেপ শব্দ জানিবেন,  
 এবং বিলাপ বা দুঃখ বৃক্ষায়।  
 Alacriously, *ad.* আক্সাদপূর্বক, চালাকিপূর্বক।  
 Alacriouslyness, *n. s.* আক্সাদত্ব, চালাকি বা চঞ্চলভাব।  
 Alacrity, *n. s.* Lat. তথা। উৎসুক্য, উদ্যম।  
 Alamire, *n. s.* [In Musick.] অন্ত একভিন্ন সকলের শেষ বা স  
 কলহইতে লঘুসুর বা স্বর।  
 Alamode, *ad.* Fr. ব্যবহারানুসারে, রীতানুসারে।  
 Aland, *ad.* ভূমিতে, শুকাতে বা শুকানাতে, ডাঙ্গায়।  
 Alarm, *n. s.* ভীক; যুদ্ধেতে আহ্বান বা ভয় বা আশঙ্কা ধ্বনি; ক  
 লহ, ভয়, সাড়া, গোলমাল; ভয়ধ্বনি বাজায় যে ঘড়ী।  
 To Alarm, *v. a.* যুদ্ধেতে আহ্বান-কৃ, সাড়া-দা, বিস্ময়াপন্ন-কৃ, ভয়  
 -দৃশ (ঞ), ত্রাস-জন (ঞ), ভড়কা (ঞ)।  
 Alarmbell, *n. s.* শত্রুর আগমনসময়ে বাজায় যে ঘণ্টা, ভয় বা আ  
 পদসূচক ঘণ্টা।  
 Alarming, *part. a.* ভয়ানক, ত্রাস বা আশঙ্কাজনক, বিস্ময়াপন্ন  
 কারক, ভয়জনক।  
 Alarmingly, *ad.* ভয়ানকরূপে, ত্রাস বা আশঙ্কাপূর্বক।  
 Alarmist, *n. s.* ভয় জন্মায় যে, ভয়েৎপাদক।  
 Alarmpost, *n. s.* ভয়ধ্বনি বাজাইলে বা ভয়ের সংকেত দিলে উপ  
 স্থিত হওনের নিরূপিত স্থান, সৈন্যের থানা।  
 Alarmwatch, *n. s.* নিরূপিত সময়ে ঘণ্টাবাদক।  
 Alarum, *n. s.* Alarm শব্দ দেখ।  
 Alas, *interj.* Fr. বিলাপ বা দয়া বা স্নেহ বা মোহপ্রবোধক অ  
 বায় শব্দ; বিলাপ বা আক্ষেপসূচক শব্দ; যথা হায়হায়, আ  
 হা।  
 Alas the day, *interj.* হায় অভাগিয়া দিবস। Alackaday শব্দ  
 দেখ।  
 Alas the while, *interj.* হায় অভাগ্য সময়।  
 Alate, *ad.* গৌণে, কিঞ্চিৎপূর্বে, সন্মুতি, ইদানী, অর্ধাচীন।  
 Alaternus, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Alb, *n. s.* Lat. ধর্ম্মাধ্যক্ষেরদের জামা বা বস্ত্র বিশেষ।  
 Albatross, *n. s.* দক্ষিণ সমুদ্রীয় পক্ষিবিশেষ।  
 Albe বা Albeit, *ad.* যদ্যপি, যদি, তথাপি, তথাচ, হইলেও।  
 Albicore, *n. s.* সমুদ্রীয় মৎস্যবিশেষ।  
 Albification, *n. s.* শুক্লীভবন।  
 Albigenses, *n. s.* Albi নামক নগরে উৎপন্নপ্রযুক্ত তন্নামপ্রসিদ্ধ  
 ধর্ম্মমতাবলম্বিবিশেষ।  
 Albugineous, *a.* Lat. ভিস্মের শুক্লাংশবৎ, শুভ্রধর্ম্মক।  
 Albugo, *n. s.* Lat. চক্ষুরোগ, ফুলি, ছানি। এই রোগেতে চক্ষুঃ  
 স্থ শরঙ্গনামক তুচ্ছ শুক্লবর্ণ হয়।  
 Album, *n. s.* Lat. খ্যাত্যাপন্ন লোকেরদের হস্তাক্ষররক্ষার্থক গুহ  
 বা বহি।  
 Alburn, Auburn শব্দ দেখ।  
 Alcahest, *n. s.* Arab. সর্বদুব্য লোপক বা ভস্মকারক বা দুবকা  
 রক।  
 Alcaick, *a.* আলকেইস নামে করির ছন্দোবিশেষ ধারাবিশিষ্ট।  
 Alcaid, *n. s.* বারবরী দেশেতে দুর্গাধ্যক্ষ এবং স্ত্রীময় দেশেতে ন  
 গরবিচারকর্তা বৃক্ষায়।  
 Alcanna, *n. s.* মেন্দী বৃক্ষ।

- Alchymical, a.** কিমীয়া বা রসায়নবিদ্যাবিষয়ক, শোধানসূচক বা ভস্মকরণ বিদ্যাসম্বন্ধীয় ।
- Alchymically, ad.** কিমীয়া বিদ্যাপূর্কক, রসায়নবিদ্যানুসারে ।
- Alchymist, n. s.** কিমীয়া বা রসায়নবিদ্যাজ্ঞ, কিমীয়াগার ।
- Alchymistical, a.** রসায়নবিদ্যাপ্রজ্ঞতারূপ কার্যকারী বা কার্য সম্বন্ধীয় ।
- To Alchymize, v. a.** পরীবর্তন বা পরিণাম-কৃ, ভস্ম বা শোধান-কৃ ।
- Alchymy, n. s.** Arab. ধাতু পরীবর্তনবিদ্যা, রসায়ন বা কিমীয়া বিদ্যা ; মিশ্রিত ধাতু বিশেষ ।
- Alcohol, n. s.** Arab. মদ্যসার, স্কন্ধভস্ম, শুদ্ধীকৃত বা ভস্মীকৃত দ্রব্য ।
- Alcoholization, n. s.** ভস্মীভূত, শোধান হওয়া, মদ্যশোধান ।
- To Alcoholize, v. a.** মদ্যসার-কৃ, মদ্যসার নিগত-কৃ, মদ্য-চৌয়া (ফ্রি) ।
- Alcoran, n. s.** Arab. কোরাণ, মুসলমানধর্মবিষয়ক শাস্ত্র ।
- Alcoranish, a.** কোরাণবিষয়ক, কোরাণসম্বন্ধীয় ।
- Alcove, n. s.** Span. কুঠরী, আসনশালা, পগশালা, পল্লবশালা, উপবনস্থ, নিভৃতস্থান, আসনালয় বা আগার, উটজ ।
- Alder, n. s.** Lat. বৃক্ষবিশেষ ।
- Alderliest, a.** প্রিয়তম, অত্যন্তপ্রিয় ।
- Alderman, n. s.** Sax. আল্দরমান নামক প্রাচীনপদস্থ ; মন্ত্রী, বিচারকর্তা, অধ্যক্ষ, নগরপাধ্যক্ষ বা প্রাচীনপদস্থ ।
- Aldermanity, n. s.** আল্দরমান নামক অধ্যক্ষের বা পদস্থেরদের চলন বা সমাধাণ ; নগরপাধ্যক্ষের সভা বা সহবাস ।
- Aldermanlike, a.** আল্দরমান বা প্রাচীনপদস্থবৎ বা তদ্রূপচারী ।
- Aldermanly, ad.** প্রাচীনপদস্থরূপে, আল্দরমান নামক নগরপাধ্যক্ষ ন্যায় ।
- Alders, a.** আল্দর নামক কাষেতে নিষ্কিত ।
- Ale, n. s.** Sax. শুদ্ধীকৃত, অক্ষরিত, যবেতে নিষ্কিত মদ্যবিশেষ, যবজ মদিরা ; নগরস্থ আমোদীয় সভা বা পদ ।
- Ale-bench, n. s.** মদ্যগৃহের বা শুণ্ডিকা দোকানের সম্মুখে স্থিত বৈঠক বা আসন বা মঞ্চ ।
- Aleberry, n. s.** এলনামক মদ্য এবং চিনি এবং রুটি এবং মশালা ইত্যাদিতে পাককৃত পানীয় দ্রব্য ।
- Ale-brewer, n. s.** এলনামক মদ্য চৌয়ায় যে, শুণ্ডিকা বিশেষ ।
- Ale-conner, n. s.** লগুন নগরে মদ্যপরিমাণনিরূপকপদস্থবিশেষ ।
- Alecost, n. s.** ক্ষুদ্রবৃক্ষবিশেষ ।
- Alectryomancy বা Alectoromancy, n. s.** Gr. কুক্কুটদ্বারা গণনা বা শুভাশুভ স্থিরকরণ ।
- Ale-fed, a.** এলনামক মদ্যেতে প্রতিপালিত ।
- Alegar, n. s.** অম্লীভূত এলনামক মদ্য, যবজ মদ্যেতে কৃত সিক ।
- Alegar, a.** Lat. রসিক, আমোদী, আক্লাদী ।
- To Alegge, v. a.** Fr. অল্প বা নূন বা হ্রাস-কৃ, সমতা-কৃ ।
- Alehoof, n. s.** বৃক্ষবিশেষ ।
- Alehouse, n. s.** Sax. এলনামক মদ্য বিক্রয়ঘর, শুণ্ডিকা দোকান বা গৃহ বা আলায় ।
- Alehouse-keeper, n. s.** এলনামক মদ্যবিক্রেতা, যবজমদ্য বিক্রয়কর্তা ।
- Aleknight, n. s.** সহভোজী, একপাকের বা একহাঁড়ির ভাগী যে ।
- Alembick, n. s.** Arab. and Gr. হাঁড়ি, মুচি, দুবদ্রব্য চৌয়ানপাত্র ।
- Alength, ad.** দীর্ঘ বা লম্বারূপে, লম্বালম্বী ।
- Alert, a.** Fr. ক্রিপ, সতর্ক, চালাক, উদ্যোগী, প্রস্তুত, চতুর, চটপটিয়া ; হুসিয়ার, খবরদার ।
- Alertness, n. s.** সতর্কতা, ক্রিপতা ।
- Ale-stake, n. s.** এলনামে মদ্যবিক্রয়গৃহনিকটে স্থাপিত চিহ্ন বা নিশান ।
- Aletaster, n. s.** এলনামক মদ্যের ডালমন্দদর্শক বা বিচারকর্তা, মদ্য আত্মাদক বা চাকুনদার ।
- Alevat, n. s.** এলনামক মদ্যপাচক কাষ্ঠপাত্র ।
- Alew, n. s.** চীতকারকরণ, নিনাদকরণ, যথা haloo শব্দ ।
- Alewashed, a.** এলনামক মদ্যাক্ত, যবজ মদ্যেতে আর্দ্র বা ধৌত ।
- Alewite, n. s.** এলনামক মদ্যবিক্রয়গৃহ বা দোকান রাখে যে স্ত্রী, যবজ মদ্যবিক্রেতা বা বিক্রয়কারিণী ।
- Alexanders, n. s.** বৃক্ষবিশেষ ।
- Alexanders-foot, n. s.** তথ্য ।
- Alexandrine, n. s.** আলেক্সান্দর নামে কবিতার ছন্দ বিশেষ ; দ্বাদশ এবং ত্রয়োদশাঙ্করে কবিতা ; দীর্ঘচ্ছন্দ বিশেষ ।
- Alexipharmacal, a.** ব্যাধি বা ব্যামোহ বা পীড়ানাশ বা নিবারণার্থক, স্বাস্থ্যশীল ।
- Alexipharmick, a.** Gr. বিষনাশক, গরলধ্বংসক, ব্যাধিনিবারক ।
- Alexiterical বা Alexiterick, a.** Gr. তথ্য ।
- Alga, n. s.** Lat. সমুদ্রজ জলবিশেষ ।
- Algates, ad.** Sax. কোন প্রকারে, সর্দভোভাবে ।
- Algebra, n. s.** Arab. গণনাবিদ্যা বা অঙ্কবিদ্যা বিশেষ, যথা বীজগণিত, বীজ ।
- Algebraick বা Algebraical, a.** বীজগণিত শাস্ত্র বা অঙ্কবিদ্যাসম্বন্ধীয় ।
- Algebraist, n. s.** বীজগণিতবেত্তা, তদ্বিদ্যান্যবসায়ী, অঙ্কশাস্ত্রজ্ঞ ।
- Algid, a.** Lat. শীত, হিম ।
- Algidity বা Algidness, n. s.** শীত, হিম ।
- Algitick, a.** Lat. শীত বা হিমজনক বা উৎপাদক ।
- Algor, n. s.** Lat. অতিশয় শীত বা হিম ।
- Algorism বা Algorithm, n. s.** আরবি গণনাশাস্ত্রের সটিকরণ ।
- Algoze, a.** অতিশয় শীত বা হিমধর্মক ।
- Alguazil, n. s.** Span. দণ্ডনায়ক, স্লাবী কোতয়াল ; ক্ষুদ্রপদস্থ ।
- Alhas, ad.** Lat. কিম্বা, বা, অন্যথা, অথবা, অর্থাৎ ; দোষিকে পরগাজাপত্র বা চকুমনাম বিশেষ ।
- Alibi, n. s.** Lat. অন্যত্র ; দোষকৃত কালে আমি অন্যত্র ছিলাম এমত বাক্যাদি লোকের উত্তর ।
- Alible, a.** Lat. পোষণধর্মপারক, পোষণীয়, পোষক, পৌক্ষিক ।
- Alien, a.** Lat. বিদেশীয়, স্বদেশবহির্ভূত বা ভুক্ত ; অন্য, ভিন্ন, বিপরীত ।
- Alien, n. s.** বিদেশীয়, ভিন্নজাতীয়, ভিন্নবংশীয় । [In Law.] অন্যদেশে জাত কিন্তু নাগরব্যবহারেতে গৃহীত নয় ।
- To Alien, v. a.** কোন দ্রব্যকে বা লোককে অন্যের অধিকার বা অধীন করিয়া-দা, পরস্বত্ব বা পরতন্ত্র-কৃ ।
- Alienable, a.** অন্যেতে দত্তযোগ্য, অন্যেতে দানীয় ; স্বত্বত্যাগযোগ্য, দেশত্যাগার্থ বা ভুক্তকরণযোগ্য ।
- To Alienate, v. a.** স্বত্ব ত্যাগানন্তর পরস্বত্ব-কৃ, কোন দ্রব্যকে অন্যের অধিকার করিয়া-দা, স্বত্বত্যাগ-কৃ, স্বেহের বৈলক্ষণ্য-কৃ, মনোহরণ-কৃ, দান-কৃ, অন্যের স্বত্ব-জন (ফ্রি) ।
- Alienate, a.** হারিত, ত্যাগীকৃত, বিচ্ছেদীভূত, ভিন্নীকৃত, তন্ত ।
- Alienate, n. s.** বিদেশী, অন্যদেশী, ভিন্নজাতি বা বংশ বা বুল ।
- Alienation, n. s.** একের অধিকার বা দ্রব্য বা স্বত্ব অন্যেতে দেওন, স্বত্ব ত্যাগানন্তর পরস্বত্ব হওন, অন্যের হওনাবস্থা, স্বেহের অন্যথা, অন্যেতে বিগতহওন ; মনোহরণ, বুদ্ধির চাঞ্চল্য, বুদ্ধির বা জ্ঞানের বৈলক্ষণ্য বা অন্যথা ।



*Alienator, n. s.* স্বয়ংক্রিয় অন্ত্যেত দান করে যে, পরমনোহরণ বা অন্য প্রকার করে যে, ড্রামক ।  
*Alife, ad.* ভায় আমার প্রাণ ।  
*Aliferous, a. Lat.* ডেনারিশিষ্ট, পক্ষবান, পালকযুক্ত ।  
*Aligerous, a. Lat.* তথা ।  
*To Aligge, Aleggge* শব্দ দেখ ।  
*To Alight, v. n. Sax.* অবতীর্ণ-হ, উত্তীর্ণ-হ, পতিত-হ, নামতে বা নীচেতে প্রকাশ-হ, অবরুঢ়-হ ।  
*Alike, a.* অনুসারে, ভেদরহিত, ভেদহীন, অভেদ, একি, একীপ্রকার, তুল্য, সদৃশ, অনিশেষ, সমান, বরাবর ; এইপ্রকার ।  
*Alike-minded, part. a.* তুল্যমনা, সমমনা, একীমনা, একভাবাক্রান্ত ।  
*Aliment, n. s. Lat.* আহার, পুষ্টিত্ব, পুষ্টিকর বা প্রতিপালক দ্রব্য ; অন্ন, ভক্ষ্য, খাদ্য ।  
*Alimental, a.* প্রতিপালক, পৌষ্টিক, পোষক, খাদ্য, আহারাই অদর্শ, ভক্ষণীয় ।  
*Alimentally, ad.* প্রতিপালকরূপে ।  
*Alimentariness, n. s.* প্রতিপালকত্ব, পোষকত্ব ।  
*Alimentary, a.* আহারবিষয়ক, প্রতিপালনসম্বন্ধীয়, পোষণসম্বন্ধীয়, পোষণার্থ, পোষণশীল ।  
*Alimentation, n. s.* প্রতিপালনশক্তি, প্রতিপালিতাবস্থা, আহারত্ব, পোষকত্ব, অদর্শিত্ব ।  
*Alimonious, a.* প্রতিপালক, পোষক, পোষণশীল, পৌষ্টিক ।  
*Alimony, n. s. Lat.* স্বামিহইতে স্ত্রীর ভিন্নহওন সময়ে স্বামির ধনহইতে যে ন্যায্যংশ স্ত্রীকে দত্ত হয়, স্বধর্ম্মে থাকিলে স্ত্রীর ভরণপোষণার্থ স্বামিকর্তৃক সংক্রান্ত বা দত্ত ধন ।  
*Aliquant, a. Lat.* অসমসংখ্যা, বিষমসংখ্যা, অযুগ্মসংখ্যা, বিযোড়সংখ্যা, বারম্বার হরণ করিলে খণ্ড না করিয়া সমান হয় না যে সংখ্যা, যথা ৩৭ ইত্যাদি ।  
*Aliquot, a. Lat.* খণ্ড না করিলে সমসংখ্যা হয় যে সংখ্যা, যথা তিনকে চারি গুণ করিলে বার হয় অর্থাৎ দ্বাদশের সমসংখ্যা তিন ।  
*Alish, a.* এলনামক মদ্যবৎ ।  
*Alitire, n. s. Lat.* আহার, পোষণ, অন্ন, ভরণপোষণ ।  
*Alive, a.* জীবদবস্থা, জীবন্ত, সজীব, সচেতন, অনির্দ্বন্দ্ব, অনন্ত, প্রসন্ন বা শুভ বদন, পুলকিত ।  
*Alkalest, n. s.* সর্ব বিষয়পরিভেদক, সকল দ্রব্যের পরিভেদ বা অসংযোগ করে যে, পৃথককর্তৃক ।  
*Alkalescent, a.* স্নারধর্ম্মক বা স্নারযুক্ত ।  
*Alkali, n. s.* স্নার ।  
*Alkaline, a.* স্নারধর্ম্মক, স্নারবিশিষ্ট, স্নারাক্ত, স্নারযুক্ত ।  
*To Alkalize, v. a.* স্নারীভূত-ক, স্নারধর্ম্মক-ক, স্নারাক্ত-ক ।  
*Alkalizate, a.* স্নারীভূত, স্নারময়, স্নারপর্ণ ।  
*Alkalization, n. s.* স্নারীভূতকরণ, স্নারাক্তকরণ ।  
*Alkanet, n. s.* বৃক্ষের নাম ।  
*Alkekengi, n. s.* টেপারীয়াবিশেষ ।  
*Alkermes, n. s.* মদিরা বিশেষ ; কীর্ম্মিস্ বা কুমিনামক কীটেতে যত্নিত ঔষধবিশেষ ।  
*All, a. Sax.* সর্ব, তাবৎ, প্রত্যেক, পূর্ণসংখ্যা, সম্পূর্ণ, সমস্ত, প্রত্যেকাংশ, সম্পূর্ণরূপে ; সর্বতোভাবে, সমুদায়, সারা, সকল, সর্বপ্রকার ; কেবল, উৎপাদি ।  
*All, n. s.* সমুদায়, তাবৎ, প্রত্যেক, সর্ব, সকল, সমস্ত ।  
*All-abandoned, part. a.* সর্বত্যাগ, সর্বচ্যুত বা হত ।

*All-abhorred, part. a.* সর্বঘৃণিত, সর্বকর্তৃক তুচ্ছ বা অশ্রদ্ধাঘিত ।  
*All-admiring, part. a.* সর্বপূর্ণসংসক, সর্বপূজারক ।  
*All-advised, part. a.* সর্বকর্তৃক পরামর্শিত ।  
*All-approved, a.* সর্বকর্তৃক সম্মত বা গৃহ্য ।  
*All-atoning, part. a.* সর্বপাপনাশক, সর্বপ্রায়শ্চিত্তকারক ।  
*All-bearing, a.* সর্বতোভাবে ধৈর্য্যাবলম্বনশীল বা সহনশীল বা ধৈর্য্য স্বভাব ; সর্বভারাক্রান্ত ।  
*All-beautiful, a.* সর্বতোভাবে সুন্দর, সর্বাঙ্গসুন্দর, সর্বরমণীয় ।  
*All-beholding, a.* সর্বদর্শী ।  
*All-blasting, part. a.* সর্বনাশক, সর্বহিংসুক ।  
*All-changing, part. a.* সর্ব পরীবর্তনীয় বা পরিণামভবনীয় ।  
*All-cheering, a.* সর্বতোষক, সর্বদানন্দদায়ক বা আশ্লাদজনক ।  
*All-commanding, a.* সর্বপরাক্রমধারী, সর্বকর্তা, সর্বপ্রভুত্বধারী, সর্বাঙ্গকারী, সর্বশক্তিমান ।  
*All-complying, part. a.* সর্ববিসয়ে অনুমতিকারী বা সম্মত ।  
*All-composing, a.* সর্বতোষক, সর্বসৈহৃদ্যক বা নিরন্তকারী ।  
*All-comprehensive, a.* সর্বজ্ঞ, সর্বজ্ঞানী, সর্বপৃৎ ।  
*All-concealing, part. a.* সর্বগোপক, সর্বগোপনকারী ।  
*All-conquering, a.* সর্বজয়ী বা পরাস্তকারী ।  
*All-constraining, part. a.* সর্বনিষেধক বা নিবারণক বা অবরোধক বা বাধক ।  
*All-consuming, a.* সর্বনাশক, সর্বসংহারক বা ভক্ষকারী, সর্বখাদক ।  
*All-daring, a.* সর্ববিসয়ে প্রবৃত্ত হওনে সাহসশীল ; সর্বগর্হী, বড় সাহসী ।  
*All-destroying, part. a.* সর্বনাশক বা সংহারক বা হিংসক ।  
*All-devastating, part. a.* সর্বক্ষয় বা হ্রাস বা নাশ বা সংহারকারী ।  
*All-devouring, a.* সর্বদক্ষকারক, সর্বভোক্তা, সর্বগৃহীক বা গৃহীক ।  
*All-dimming, part. a.* সর্বাঙ্গকারক, সর্বতেজ বা সর্বরশ্মি নুন বা হ্রাসকারী, সমস্ত বিমাকারী ।  
*All-discovering, part. a.* সর্বজ্ঞাপক ; সর্বপ্রকাশক ।  
*All-disgraced, part. a.* সর্বতুচ্ছীকৃত, সর্বসম্মানিত, সর্বপ্রকারে অপমানিত বা লঙ্ঘিত ।  
*All-dispensing, part. a.* সর্বব্যাপক, সর্বদায়ী, যাবদ্বিসয়ে প্রদানকারক বা ব্যয়শীল ।  
*All-divine, a.* সর্বতোভাবে ঐশিক ; অপূর্ণ, উত্তম ।  
*All-divining, part. a.* সর্বগণক, সর্ববিসয়ে গণনাকারক, ভবিষ্যদ্বক্তা ।  
*All-dreaded, a.* সর্বত্র ভয়ানক, সকলের ভয় বা আশঙ্কা বা ভ্রাস বা আতঙ্কজনক ।  
*All-eloquent, a.* সর্ববিসয়ে সুবক্তা, সর্বভাষী, সর্ববক্তা ।  
*All-embracing, part. a.* সর্বধারণক, সর্ববিসয় ব্যাপন বা আক্রমণ বা পারণ বা স্বীকারকারী ।  
*All-ending, part. a.* সর্বান্তক, সর্বশেষ বা অন্তকারক, সর্বসমাপক ।  
*All-enlightening, part. a.* সর্বদীপক, সর্বজ্ঞানদায়ক ।  
*All-enraged, a.* সর্বতোভাবে ক্রুদ্ধ, অতিশয় ক্রোধবিশিষ্ট বা রাগময়, রাগাক্ত, ক্রোধাঘিত ।  
*All-flaming, part. a.* সর্বজ্বালাময়, সর্বত্র তেজস্বী ।  
*All-fools-day, n. s.* এপ্রিলমাসের প্রথম দিবস ; তদ্বিসে এক অন্যকে অপ্ৰতিভ করা ইংল্যান্ডীয় প্রাচীনব্যবহার ।

ALL

All-forgiving, *a.* সর্বক্ষমাকারক, সর্ববিষয়ে ক্ষমাশীল, অনুগৃহস্থ ভাবক।

All-fours, *n. s.* চতুষ্পাদজীবী; হাত পায়ে চলে যে; তাস খেলাবিশেষ।

All-giver, *n. s.* সর্বদাতা, সর্ববিষয় দেয় যে।

All-good, *n. s.* সর্ববিষয়ে ভাল বা মঙ্গলকারী।

All-guiding, *part. a.* সর্বপ্রদর্শক, সর্ববিষয় চালক।

All-hill, *n. s.* সর্বশিখর, সর্বশ্রেষ্ঠ, সর্ববৃহৎ বা পৃথিবীসমস্ত ভাগ।

ALL

All-praised, *part. a.* সর্বপ্রশংসিত, সর্বকর্তৃক স্তুত, সর্বস্তুতি যোগ্য।

All-ruling, *part. a.* সর্বশাসনকারী, সর্বপ্রভুত্বপারী।

All-saints-day, *n. s.* নবেম্বর মাসের প্রথম দিবস; তদ্বিবসে রুমীয় মতানুসারে পুণ্যাঙ্গারদের কারণ বা উদ্দেশ্যে প্রার্থনা বা আরাধনা ইত্যাদি করা যায়।

All-sanctifying, *part. a.* সর্বশোধক, সমস্ত পবিত্রকারী।

All-saying, *part. a.* সর্ববাক্য, সর্ববাক্যক, সর্ববিষয়ে উক্তি।

**Allegement, n. s.** অন্যের বিষয়ে কথিত যাহা, বিশেষতঃ দোষ বা গুণ। **Allegation** শব্দ দেখ।

**Alleger, n. s.** অন্যের কর্ম বলিয়া কহে বা প্রকাশ করে যে, অন্যের গুণ বা দোষ বা প্রশংসা করে যে।

**Allegiance, n. s.** Fr. বশীভূতত্ব, প্রভুস্বীকার, আনুগত্য, অধীনত্ব, স্বামিত্ব মানন বা স্বীকার করণ।

**Allegiant, a.** বশীভূত, অনুগত, প্রভু বা আজ্ঞাবহত্ব।

**Allegorical, a.** দৃষ্টান্তরূপ, আরোপিত বাক্যবিশিষ্ট বা তদ্রূপ বা ক্যসম্বন্ধীয়, রূপযুক্ত।

**Allegorically, ad.** দৃষ্টান্তরূপে, আরোপণরূপে, অনুরূপপূর্বক।

**Allegoricalness, n. s.** দৃষ্টান্তত্ব, আরোপিতত্ব, লাক্ষণিকত্ব।

**Allegorick, a.** দৃষ্টান্তভাবক, রূপক বা অনুরূপক; আরোপিত, লাক্ষণিক।

**Allegorist, n. s.** দৃষ্টান্তরূপে শিক্ষা দেয় যে, রূপ বা দৃষ্টান্ত বা অভিপ্রায় ধরিয়া উপদেশ করে যে।

**To Allegorize, v. a.** দৃষ্টান্ত-দা, দৃষ্টান্তরূপে বাক্য-কৃ, আরোপিত ভাবে শিক্ষা বা উপদেশ-কৃ, রূপ ধরিয়া বাক্য-কৃ, অন্যবাক্য ধরিয়া রূপ বা দৃষ্টান্ত বা আরোপণ-কৃ।

**To Allegorize, v. n.** দৃষ্টান্তরূপে কথা-কহ বা বাক্য-কৃ।

**Allegorizer, n. s.** দৃষ্টান্তরূপে কথা কহে বা উপদেশ দেয় যে।

**Allegory, n. s.** Gr. দৃষ্টান্ত, রূপ বা অনুরূপ বাক্য বা আদেশ, আরোপিত বা লাক্ষণিক বাক্য বা শিক্ষা।

**Allegro, n. s.** Ital. [In Musick.] ত্বরাসুর, দ্রুততর বাদ্য।

**Allelujah, n. s.** ঈশ্বরস্তুত্বার্থে ব্যবহার্য শব্দ, সখা ঈশ্বরোজয়তি।

**Allemande, n. s.** Lat. জার্মানিদেশীয় নৃত্যবিশেষ।

**To Alleviate, v. a.** Lat. নরম-কৃ, হালকা-কৃ, নমু-কৃ, সহজ-কৃ, অল্প-কৃ, সমতা বা হ্রাস বা উপশম-কৃ, কম-কৃ; দোষের বাহানা-কৃ।

**Alleviation, n. s.** লাঘব, লঘু বা হালকা বা সহজ বা নরম বা হ্রাস করণ; উপশম, প্রতীকার, সমতা, শান্তি; ওজর।

**Alleviative, n. s.** লঘুকরক, সহজ বা হালকাকরক; উপশম বা প্রতীকার বা স্বাস্থ্যকারী।

**Alley, n. s.** Fr. শৃড়ি বা সড়কী পথ; সঙ্কীর্ণ পথ, উপবনস্ব পথ, গলি।

**Alliance, n. s.** Fr. সন্ধি, ঐক্য, মেল; সম্বন্ধ, জ্ঞাতিসম্বন্ধ, দোস্তি, সহায়তা; সন্ধি বা ঐক্য হইয়াছে যাহার।

**To Alliance, v. a.** সন্ধি-কৃ, সহায়তা-কৃ; সন্ধি বা ঐক্য বা সম্বন্ধ-কৃ, সম্বন্ধকারী যোগ-কৃ, মেল-কৃ, দোস্তি-কৃ।

**Alliant, n. s.** সহায়, সম্মিলিত হয় যে, সম্মিলন বা সংযোগীকৃত মনুষ্য বা রাজা বা বিষয়, দোস্তি বা মঙ্গল চেষ্টক, হিতকর্তা।

**Alliciency, n. s.** Lat. আকর্ষণত্ব, এক স্থানে আকর্ষণ করণশক্তি।

**Allicient, n. s.** আকর্ষক; আকর্ষণ, টানিয়া ধরণ।

**To Alligate, v. a.** Lat. এক অন্যের সহিত বন্ধ-কৃ, যোগ-কৃ, দৃঢ় বাক্য বা বচন-করণ, মেল-কৃ।

**Alligation, n. s.** একত্র বন্ধকরণ, যোগ, বন্ধন; গণনাবিশেষ।

**Alligator, n. s.** কুম্ভীর।

**Alligature, n. s.** বন্ধন, শৃঙ্খল, বলয়।

**Allision, n. s.** Lat. পরস্পর আঘাত করণ বা ঘা মারণ।

**Alliteration, n. s.** Lat. একছন্দেতে বা পদেতে অনেক শব্দের আদ্যক্ষর তুল্য বা সমান হওন।

**Alliterative, a.** তুল্যাক্ষরেতে আরম্ভশব্দসূচক।

**Allocation, n. s.** Lat. একের সহিত অন্যের সংযোগ করণ, গণনাতে বা হিসাবে গুহণকরণ, হিসাবে ধরিয়া দেওন; এক্ষেত্রে

করনামক রাজ ব্যবস্থানে ব্যবহার্য বাক্য; দাদন বা আগাড়ি টাকা দেওন।

**Allocation, n. s.** Lat. অন্যের সহিত কথোপকথন বা তদ্বারা।

**Allodial, a.** Lat. প্রাধান্য, অস্বীকারপূর্বক দৃত্যধিকারী, অনধীন।

**Allodium, n. s.** স্বতন্ত্ররূপে অধিকার, স্বাবরাধিকার, স্বৈচ্ছাধীন অধিকার, মহাত্মাণবিশেষ।

**Allonge, n. s.** Fr. ছিদ্র, অস্ত্রক্রীড়াকালে অস্ত্রাঘাত, লাগাম বন্ধ বা চিলা দেওন।

**To Alloo, v. a.** করতালী দিয়া কুকুর লেলিয়া-দা, কুকুর হলিয়া দা, কুকুর হলিয়া দেওয়া শব্দ বিশেষ-কৃ, যথা লেঃলে।

**Alloquy, n. s.** Lat. বাক্য, পুসঙ্গ, কথোপকথন।

**To Allot, v. a.** Fr. গুলিবাঁট-কৃ, বিলি-কৃ, বিলি করিয়া বাঁটিয়া-দা, দান-কৃ, বিভাগ-কৃ, ভাগ বা অংশ নিরূপণ-কৃ, অংশ-কৃ।

**Allotment, n. s.** অংশ, বিভাগ, বাঁট, নিরূপিতাংশ, হিসা।

**Allottery, n. s.** বিভাগের অংশ, নিরূপিতাংশ।

**To Allow, v. a.** Sax. মান, সম্মতি বা স্বীকার বা গৃহ্য-কৃ, ধরিয়া বা শব্দে-দা, নির্দোষ-কৃ, দান-কৃ, হারি-মান, বশীভূত-কৃ, বশ-মান, অনুমতি-কৃ, সাই-দা; প্রতিদান-কৃ, নিযুক্ত-কৃ, কম-বা-ন-কৃ, হান রক্ষা-কৃ।

**Allowable, a.** সম্মতিযোগ্য, সম্মত্যাঁই, মাননযোগ্য, মাননোপযুক্ত, প্রমাণ প্রসিদ্ধ, অনুমতিযোগ্য, দাতব্য।

**Allowableness, n. s.** উপযোগিতা, প্রামাণ্য, নিবেদ্যরহিত্য, সম্মতি।

**Allowably, ad.** অনুমতিযোগ্যতাপূর্বক, সম্মত্যাঁইরূপে, শাস্ত্র বা বিধি সম্মতিপূর্বক।

**Allowance, n. s.** সম্মতিপূর্বক গৃহণ, সম্মতহওন, অনুমতি, সম্মতি; নিরূপিতমূল্য বা ভাও বা পরিমাণ; ব্যবস্থার দ্রাঢ়্য বা তমিরূপিত দণ্ড ন্যূনকরণ; স্থিরতা, মান্যতা, প্রসিদ্ধ; বেতন, মাসাড়া, ব্যাজ, ফাও, দস্তুরি।

**Alloy, n. s.** অল্পমূল্যক ধাতু; হ্রাসত্ব, ভাঁজ, খাদি, মল, খুঁট; ন্যূনতা। **Allay** শব্দ দেখ।

**Alls, n. s.** আত্মসর্কস্ব। এই শব্দ ব্যাকরণসম্মত নয়।

**Allspice, n. s.** আলস্পিস নামে মশালাবিশেষ, কাবাব বা শীতল চিনি বা শীতল মরিচ।

**Allubescency, n. s.** Lat. সম্মতি, সন্তুষ্টি, রাজী।

**To Allude, v. n.** Lat. অনুমান বা লক্ষ-কৃ, কোন অভিপ্রায়ে-কৃ, ইশারা-কৃ, আভাস-কথ, পূর্বস্তি জন (ফ্রি)।

**Alluminor, n. s.** Fr. কাগজেতে বা চর্মেতে চিত্র করে যে, চিত্র কর।

**To Allure, v. a.** Fr. লোভ-দৃশ (ফ্রি), ভূলা (ফ্রি), ফুসলা (ফ্রি), ভোগা-দা, প্ররোচনা বা প্রতারণা-কৃ, মায়াজন (ফ্রি)।

**Allure, n. s.** ভোগা দেয় বা ফুসলায় যাহা; চার, টোপ।

**Allurement, n. s.** ভোগা বা পসীক্ষা, লোভদর্শান, ফুসলান।

**Allurer, n. s.** ভোগা দেয় বা ফুসলায় যে, প্রবঞ্চক, প্রতারণক, মোহ উৎপাদনকর্তা, লোভ জন্মায় যে।

**Alluring, n. s.** ভোগা দেওন, প্রবঞ্চনা বা প্রতারণাকরণ।

**Alluringly, ad.** ভোগা বা প্রবঞ্চনাপূর্বক।

**Alluringness, n. s.** ভোগা দর্শানত্ব; ভাব বা মায়াজন বা মোহ জন্মায় যাহাতে।

**Allusion, n. s.** Lat. পূর্বজ্ঞাত বিষয়ের লক্ষকরণ, স্মরণ দেওন; সঙ্কেত, ইশারা, ইঙ্গিত, ব্যঙ্গ, স্মরণ; অন্য কিছু ধরিয়া বা দক্ষিণে গোচরে রাখিয়া কার্য বা বাক্য করণ।

**Allusive, a.** অল্পবাক্যে কথিত বা রচিত বিষয়ে লক্ষ্যকারী বা অনুমানশীল, সঙ্কেত বা ব্যঙ্গকারী, অন্যোতে লক্ষ্যবস্তুবিশিষ্ট।  
**Allusively, ad.** লক্ষ্য বা ইঙ্গিতপূর্বক, সঙ্কেতরূপে, ইশারাতে।  
**Allusiveness, n. s.** লক্ষ্য, সঙ্কেতত্ব।  
**Alluvion, n. s.** Lat. জলদ্বারা চালন, জলদ্বারা চালিত দ্রব্য, জলদ্বারা স্থানান্তরকরণ।  
**Alluvial, a.** জলদ্বারা চালনশীল।  
**To Ally, v. a.** Fr. মেল বা মিত্রতা বা সন্ধি বা আত্মীয়তা দ্বারা সম্বন্ধ-কৃ, সম্বন্ধ বা সন্ধি বা সঙ্ঘর্ক-কৃ।  
**Ally, n. s.** সম্বন্ধ, সঙ্ঘর্ক, জাতি, সহায়, সাথী, আত্মীয়, কোন সন্ধি বা সঙ্ঘর্ক দ্বারা সংযুক্ত যে; হিতকর্তা, দোস্তু।  
**Almacantar, n. s.** Arab. চক্রবাড় সমরেখা, মণ্ডলের সমরেখা।  
**Almacantar's staff, n. s.** সূর্য্যদর্শক দর্বিণ বিশেষ।  
**Almanack, n. s.** Arab. পঞ্জিকা, পঞ্জি।  
**Almanack-maker, n. s.** পঞ্জি গণনা করে যে, পঞ্জিকাকারক।  
**Almandine, n. s.** Fr. যাবৎ বিশেষ, সূর্য্যকান্ধমণিবিশেষ।  
**Almightiness, n. s.** সর্বশক্তিমত্তা, সর্বপরাক্রমিত্ব, সর্বসামর্থ্যপ্রাপ্তিত্ব; ঈশ্বরের এক ধর্ম বা গুণ।  
**Almighty, a.** সর্বশক্তিমান, সর্বেশ্বর, সর্বসমর্থ।  
**Almighty, n. s.** সর্বশক্তি বা সর্বসামর্থ্য প্রাপ্ত করে যিনি, শক্তির অন্ত নাঈ যাহার; ঈশ্বরের এক নাম, পরমেশ্বর।  
**Almond, n. s.** Fr. বাদাম।  
**Almond-tree, n. s.** বাদামবৃক্ষ।  
**Almonds of the throat, [In Anatomy.]** বাদামাকৃতি গুচ্ছ।  
 ঐ মাংস গুচ্ছ কণ্ঠে স্থিতি করে।  
**Almond-furnace** বা **Almon-furnace, n. s.** ধাতুশোধনে ব্যবহার্য্য চুলা বা আধা বিশেষ।  
**Almond-willow, n. s.** বৃক্ষবিশেষ।  
**Almoner** বা **Almner, n. s.** দানকার্য্যে নিযুক্ত যে, দান বিতরণ করে যে, বিতরণকর্তা।  
**Almonry** বা **Almry, n. s.** দানশালা, দত্তদানার্ণস্থান, দান করে যে স্থানে, দানকর্তার শালা বা গৃহ।  
**Almost, ad.** প্রায়, নিকটে, যৎকিঞ্চিৎ ন্যূন, উন, তাবৎই, অকসর।  
**Alms, n. s.** দান, ভিক্ষা, ঠৈখরাৎ, দীনহীনের ভরণপোষণার্থে দত্ত যাহা।  
**Alms-basket, n. s.** দানসাজি, দানাধার, দত্তদ্রব্যরক্ষার্থক থৈলি বা ঝুলি বা টুকরি বা চপড়ি বা চেঙ্গারি, ভিক্ষাপার।  
**Alms-deed, n. s.** দানকার্য্য, ভিক্ষাদান, ধর্ম্মার্থে দান বা ব্যয়।  
**Alms-folk, n. s.** দানদ্বারা অন্যোরে প্রতিপালন করে যে, দাতা।  
**Alms-giver, n. s.** দান দেয় যে, ভিক্ষাদ্বারা অন্যোরে প্রতিপালন করে যে, ভিক্ষাদাতা।  
**Alms-house, n. s.** দানবাটী, দরিদ্রপ্রতিপালনশালা, দীনহীনের দেহ অতিরিক্তরূপে স্থান, দানশালা।  
**Alms-man, n. s.** দানদ্বারা প্রতিপালিত যে, ভিক্ষা বা দানোপজীবী।  
**Alms-people, n. s.** দানশালাস্থ লোক, ভিক্ষাদ্বারা প্রতিপালিত যাহারা, ভিক্ষোপজীবী।  
**Almug-tree, n. s.** ধর্ম্মপুস্তকে কথিত বৃক্ষবিশেষ।  
**Alnagar** বা **Alnager** বা **Alneger, n. s.** এলনামে পরিমাণদ্বারা পরিমাপক; কাপড়ের আড়ঙ্কেতে নিযুক্ত পরখাই এবং মাপক এবং ভৌলদার নামে পদস্থ ত্রয়ের মধ্যে এক জন।  
**Alnage, n. s.** Fr. এলনামে পরিমাণ বা মাপ।

**Alnight, n. s.** সৈলতা বা সৈলতায়ুক্ত মোমের পিণ্ড বা বাতি।  
**Aloes, n. s.** Heb. মুসন্দর, অগুরুকাষ্ঠ; সূতকুমারী।  
**Alloetical** বা **Aloetick, a.** মুসন্দরীয় বা তদ্বিশিষ্ট, অগুরুকাষ্ঠ বিশিষ্ট; সূতকুমারী ময় বা তদগুণবিশিষ্ট।  
**Aloft, ad.** Dan. উর্ছে, উপরে। এই শব্দ নাবিককর্তৃক ব্যবহার্য্য।  
**Aloft, prep.** উপর, উর্ছ, উচ্চ।  
**Alogy, n. s.** Fr. অনায়াস, কদর্য্যতা; অনভিজ্ঞতা, মুগ্ধতা, জ্ঞানশূন্যতা।  
**Alone, a.** Dut. নির্জন, অন্যভিন্ন, একাকী, নিরীলা; অদ্বিতীয়, যুগ্ম বা দ্বিতীয় নাঈ যাহার; কেবল, সুখ, মাত্র।  
**Alonely, a.** একাকী, নিরীলা; কেবল, সুখ।  
**Alonely, ad.** নিরীলা বা একাকীরূপে; কেবল, মাত্র, ফকৎ।  
**Aloneness, n. s.** একত্ব, ভিন্নত্ব নাঈ যাহার, অদ্বিতীয়তা বা অবস্থা। এই শব্দ ঈশ্বরের বিষয়ে ব্যবহার্য্য।  
**Along, ad.** Sax. তাবৎ, যাবৎ, পর্য্যন্ত; তাবৎ সময় বা স্থান বা বিষয় বা কার্য্য ব্যাপিয়া; পুণ্যমানসি শেষপর্য্যন্ত; সমস্ত, সমস্ত; সকলে বা সমস্তে; পূর্ব, অগ্রে; কারণ, নিমিত্তে।  
**Along-side, ad.** পাশাপাশী, পাশে; জাহাজ বা নৌকাপাশে; বরাবরী, লাগালাগী।  
**Alongst, ad.** তাবৎপ্রস্থে, লম্বালম্বে।  
**Aloof, ad.** দূরে, অন্তরে, ঈষদদূরে, তফাৎ, সাবধানে; দূরে বা অন্তরেতে বাক্যার্থ রাখিয়া কথা কহনপূর্বক।  
**Aloud, a.** উচ্চৈশ্বর বা মহানাদবিশিষ্ট, উচ্চশব্দ বা পুনশীল; হাঁক্যা, ডাক্যা, চৈঁচিয়া।  
**Alow, ad.** নীচস্থানে, অপো, নীচে।  
**Alp, n. s.** আল্পনামক পর্বতবৃদ্ধতা বা বৃহদ্ব বা স্থায়িত্ব আছে যাহার।  
**Alpine, a.** Lat. আল্পনামক পর্বতবিষয়ক।  
**Alpha, n. s.** গ্রীক ভাষায় বর্ণমালার প্রথমাক্ষর অতএব তদর্থ প্রথম, আদি।  
**Alphabet, n. s.** Gr. বর্ণমালা, অক্ষরমালা, ককারাদি ক্ষকারান্ত।  
**To Alphabet, v. a.** বর্ণমালানুসারে শ্রেণীবদ্ধ-কৃ, বর্ণক্রমে সুজি-কৃ।  
**Alphabetarian, n. s.** বর্ণমালা শিক্ষক বা পড়ুয়া।  
**Alphabetical** বা **Alphabetick, a.** বর্ণমালাশ্রেণী অনুসার, বর্ণক্রম।  
**Alphabetically, ad.** বর্ণমালাশ্রেণীরূপে, অক্ষর বা বর্ণক্রমে।  
**Already, ad.** এইক্ষণ, পূর্বক্ষণ, সম্মুতি, পূর্বে, ইহার পূর্বে, বর্তমানকালপূর্বে।  
**Als, ad.** তন্মিন্ন, আরো, তদ্রূপ, অগ্রে।  
**Also, ad.** Sax. আরো, অপি, পুনরপি, অপর; এবং, ও, পুনশ্চ; তদ্রূপে, তৎপুকার।  
**Alt, n. s.** শূরপরিমাণের উচ্চাংশ বা উচ্চভাগ।  
**Altar, n. s.** Lat. বেদি, গজবেদি, স্থপিল; ইউরোপীয় ধর্ম্মশালায় ঈশ্বরভোজকৃষ্টি স্থাপনের মঞ্চ বা আসন; আচার্য্য স্থব পাঠ করে যে স্থানে।  
**Altarage, n. s.** Lat. বেদ্যৎপন্ন লাভ বা নৈবেদ্য করণে জয়ে যে লাভ।  
**Altar-cloth, n. s.** Fr. বেদ্যাচ্ছাদনবস্ত্র।  
**Altar-piece, n. s.** বেদ্যপরিষ্কৃত ছবি।  
**Altarwise, ad.** বেদিরূপে স্থিত বা স্থাপিত।  
**To Alter, v. a.** Lat. পরীবর্তন-কৃ, অন্যথা বা বিকার-কৃ, অন্যাত-কৃ, পরিণাম-কৃ, বদল-কৃ।

*To Alter, v. n.* অন্যরূপ-হ; পরিণাম-হ, পরীবর্তিত-হ, বিকৃত-হ, মতান্তর-হ, অন্যপ্রকার-হ, বদল-হ।

*Alterable, a.* পরীবর্তনীয়, পরিণামযোগ্য, অন্যরূপে করণীয়; বিকারী, বৈলক্ষণ্যপ্রাপ্য, বিকারশীল, বদলযোগ্য।

*Alterableness, n. s.* পরীবর্তনীয়ত্ব, পরিণামযোগ্যত্ব, বিকার্যত্ব, বৈলক্ষণ্যপ্রাপ্যত্ব, অন্যরূপভূতত্ব, বদল।

*Alterably, ad.* পরিণামরূপে, পরীবর্তনপূর্বক, বদল করিয়া।

*Alterage, n. s.* Fr. প্রতিপালন, পোষণ; বালকপ্রতিপালন, পুত্র পোষণ, মানুসকরণ।

*Alterant, a.* পরীবর্তন বা পরিণামশক্তিপারনশীল।

*Alteration, n. s.* পরীবর্তন, বিকার, অন্যথাভাব, পরিণাম; পরী বর্তিত দ্রব্য, বদল হইয়াছে যাহা।

*Alternative, a.* পরীবর্তক, পরিণামক, পরিণামজনক; পরিণাম জ্ঞানদ্বারা উপশমপূর্বক।

*Alternative, n. s.* উপশমার্থকৌশল, পরিণামপূর্বক ঔষধ।

*To Altercate, v. n.* Lat. বাক্যদ্বারা বাদানুবাদ-ক, বিরোধ-ক, বা দানুবাদ-ক, বাগ্যুদ্ধ বা বাকছল-ক।

*Altercation, n. s.* বাদানুবাদ, উত্তরপ্রত্যুত্তর, বাক্যবিরোধ, বাগ্যুদ্ধ, বাচাবাচি, বাকছল, বাক্যব্যয়; ন্যায়, প্রৌঢ়ি।

*Altern, a.* Lat. পালামত চৰ্ম্মকরণশীল, পরস্পর পরীবর্তন বা ক্রমে অদলবদলশীল, ক্রমানুসারে পরীবর্তন গুণবিশিষ্ট।

*Alternacy, n. s.* পালাদ্বারা কৃত কার্য, ক্রমানুসারে বা পরীবর্তনদ্বারা কার্য নিষ্কল করণ।

*Alternal, a.* একের পর এক এই ক্রমশীল বা পূর্বক, পর্যায়ায়ী।

*Alternally, ad.* একের পর এক এই ক্রমরূপে, পালাক্রমে, পালা শ্রেণীপূর্বক, পর্যায়ায়মতে।

*Alternate, a.* একের পর এক এই ক্রমশীল, পালাক্রমগুণবিশিষ্ট।

*Alternate, n. s.* একের পর এক এই ক্রমেতে হয় যাহা।

*To Alternate, v. a.* Ital. একের পর এক এই ক্রমে কার্য-ক, পরস্পর পরীবর্তন-ক, অদলবদল হইয়া কার্য-সাধ।

*To Alternate, v. n.* একের পর এক এই ক্রমে-হ।

*Alternately, ad.* একের পর এক এই ক্রমে; ক্রমে, একে, অ গুণশচাৎ।

*Alternateness, n. s.* একের পর এক বা ক্রমশঃ পরীবর্তন, ক্রমিক ত্ব।

*Alternation, n. s.* একের পর এক হওন বা করণ বা বাক্যকরণ।

*Alternative, n. s.* দুয়ের মধ্যে এক মনোনীত বা স্বীকার বা পসন্দ, অন্যতরৈক স্বীকার, ইহা, বা উহা, উভয়ের মধ্যে এক উপায় করা।

*Alternative, a.* একের পর এক বা ক্রমশঃপূর্বক।

*Alternatively, ad.* একের পর এক বা ক্রমশঃরূপে, একান্তর, এক রূপে, পালাপূর্বক, পালাশ্রেণীক্রমে।

*Alternativeness, n. s.* অন্যতরত্ব, ক্রমত্ব, অন্যতরৈকত্ব।

*Alternity, n. s.* পরস্পরোত্তরোত্তর ভাব, ক্রমশঃ; ক্রমিক উৎপত্তি, একের পর এক এই ক্রমে হয় যাহা; উপায়।

*Althea, n. s.* Gr. পুষ্পবিশেষ।

*Although, conj.* তথাপি, কিন্তু, সে যাহা হউক, যদ্যপিও, তথাপিও।

*Altigrade, a.* Lat. উর্ধ্বগমনপূর্বক, উত্তরোত্তর উচ্চ হওনশীল।

*Altiloquence, n. s.* Lat. প্রকৃষ্ট বাক্য, প্রগলুবচন, গর্বপূর্বক বাক্য।

*Altimetry, n. s.* Lat. উচ্চত্বপরিমাপক বিদ্যা।

*Altisonant বা Altisonous, a.* Lat. উচ্চৈঃশব্দকারী, উচ্চৈঃসুরবিশিষ্ট, প্রগলুব বা প্রকৃষ্ট বা উচ্চধ্বনিসম্বল।

*Altitude, n. s.* Lat. উচ্চত্ব, স্থানের বা আকাশের বা তারাগণের উচ্চত্ব; বিসয়ের বা বিসয়ের অবস্থার উচ্চত্ব, প্রধানত্ব।

*Altivolant, a.* Lat. উচ্চরূপে উড়ীয়মান।

*Altogether, ad.* সর্বথা, সম্পূর্ণরূপে, সর্বতোভাবে, সর্বপ্রকারে; একত্ররূপে, সকলে, সর্বসুদ্ধ, তাবক্রমে।

*Alto-relievo, n. s.* Ital. মূর্তিবল্লভ অনুরূপ, উচ্চমূর্তি ছবি, উচ্চভাবে খোদামূর্তি বা অনুরূপ।

*Aludel, n. s.* ভস্ম বা শোধনকার্যে ব্যবহার্য পাত্র, মুচি, শোধনাপার।

*Alveary, n. s.* Lat. মধুমক্ষিকার চাক বা গৃহ।

*Alum, n. s.* Lat. ফটকিরি।

*Alum-stone, n. s.* তথা।

*Alumed, a.* ফটকিরিপ্রাপ্ত বা যুক্ত।

*Aluminous, a.* ফটকিরিবিশিষ্ট বা তৎসম্বন্ধীয় বা তদ্বিসয়ক।

*Alumish, a.* ফটকিরিপূর্বক।

*Alutation, n. s.* চৰ্ম্মনিষ্কাশন বা চৰ্ম্মপ্ৰস্তুত করণ।

*Always, ad.* সর্বদা, নিত্য, চির, সর্বক্ষণ, অনবরত, নিরন্তর।

*A. M. Artium magister বা Ante meridiem* শব্দের সংক্ষেপ; বিশেষতঃ তর্কালঙ্কার, এতৎপাতঃকালাবধি মধ্যাহ্নপর্যন্ত তদর্থী Am, ডু। 'To be' শব্দ দেখ। একমনোভুক্ত অস্বচ্ছন্দে ভূপাত্ত্বর্থ এতৎ হই বা আচ্চি এতদর্থ বসায়।

*Amability, n. s.* Lat. মৌন্দর্য্য, সুন্দরত্ব, প্রিয়ত্ব, মনোহরত্ব।

*Amadetto, n. s.* ফলবিশেষ।

*Amadot, n. s.* তথা।

*Amain, ad.* বল বা শক্তিপূর্বক।

*Amalgam বা Amalgama, n. s.* Fr. পারাদ্বারা পাত্ত্ব সংযোগ বা মিশ্রিত করণ।

*To Amalgamate, v. a.* পারাদ্বারা পাত্ত্ব সংযোগ-ক, অন্য পাত্ত্ব দ্বারা পাত্ত্ব নরম-ক; কলাই বা হল-ক।

*To Amalgame, v. n.* পারাদ্বারা পাত্ত্ব সংযুক্ত বা মিশ্রিত-হ।

*Amalgamation, n. s.* পারাদ্বারা পাত্ত্ব মিশ্রিত বা সংযোগকরণ।

*To Amand, v. a.* Lat. প্রেরণ-ক, পাঠাইয়া-দা।

*Amandation, n. s.* কার্যে প্রেরণ বা পাঠাইয়া দেওন।

*Amanuensis, n. s.* Lat. লেখক বা রচক, অন্য যাহা কহে বা লিখে তল্লিখক, নকল করে যে।

*Amaranth, n. s.* Lat. নটীয়াশাক। [In Poetry.] অম্মানপুষ্প, দেবপুষ্প।

*Amaranthine, a.* নটীয়াশাকবিশিষ্ট, অম্মানীয় পুষ্পবিশিষ্ট।

*Amaritude, n. s.* Lat. তিক্তত্ব।

*Amarulence, n. s.* তিক্তত্ব।

*Amarulent, a.* তিক্তধর্ম্মক, তিক্ত।

*Amasent, n. s.* পাণ্ড, একত্রীভূত দ্রব্য, জমা বা যড় হইয়াছে যাহা।

*To Amass, v. a.* Fr. সংগ্ৰহ-ক, একত্র-ক, একের উপর অন্যের স্থাপন-ক, যড়-ক, জমা-ক, উপর্যুপরি উপার্জন বা সংগৃহ-ক।

*Amass, n. s.* সংগ্ৰহ, রাশি, টিপি, জমা, টেরি, সমূহ।

*To Amate, v. n.* Mate শব্দ দেখ। সন্ধে-গম, বিস্ময়াপন্ন বা ত্রাসযুক্ত-হ, ভয়যুক্ত-হ, পেঁচে-পড়, নিরাশ বা দায়গুস্ত-হ, জড়ীভূত-হ।

*Amateur, n. s.* Fr. গন্ধর্ষ ক্রিয়াভিলাষী, অনুরাগী, কোন এক বিষয় বা মতপ্রিয়।

*Amatorculist, n. s.* Lat. অল্পপ্ৰীতিবিশিষ্ট ব্যক্তি, অল্প স্নেহকারী

Amatorial বা Amatorious, *a.* স্নেহ বা প্রীতিবিশয়ক, মোহ বা প্রীতিসম্বন্ধীয়, প্রীতি বা প্রেমশীল, শৃঙ্গাররসযুক্ত ।  
 Amatory, *a.* Lat. তথা ; শৃঙ্গারী, রসিক ।  
 Amaurosis, *n. s.* নেত্ররোগ, অন্ধদৃষ্টি, ক্ষীণদৃষ্টি ।  
 To Amaze, *v. a.* Fr. বিস্ময়াপন্ন-কৃ, আশ্চর্য্যবোধ জন্মানদ্বারা হতবুদ্ধি-কৃ, দায়গুস্ত-কৃ, বুদ্ধি জড়-কৃ, ভয় বা বিস্ময়দ্বারা মন অস্থির বা ব্যস্ত-কৃ, ঘাবরা ।  
 Amaze, *n. s.* বিস্ময় বা আশ্চর্য্যবোধ, বিষয়দ্বারা ব্যাকুল বা ব্যস্ত হওন ; বিস্ময়, চমৎকার, অদ্ভুতজ্ঞান ।  
 Amazedly, *ad.* আশ্চর্য্যরূপে, বিস্ময়াপন্ন হওনপূর্ব্বক, ঘাবরাহওনপূর্ব্বক ।  
 Amazedness, *n. s.* বিস্ময়াপন্নত্ব, আশ্চর্য্যবোধ, ব্যাকুলতা ।  
 Amazement, *n. s.* অদ্ভুতজ্ঞান, অতিশয় ভয় বা আশঙ্কা, মনঃক্লান্ততা, মনে অত্যন্ত কাতরতা বা দুঃখিতা বা ব্যাকুলতা, অতিশয় বিস্ময় বা আশ্চর্য্য বোধ, আশ্চর্য্য জ্ঞান, হতবুদ্ধি হয় এমন আশঙ্কা বা ভ্রাস ।  
 Amazing, *part. a.* আশ্চর্য্য বোধজনক, বিস্ময়কারক, অদ্ভুত ।  
 Amazingly, *ad.* আশ্চর্য্যরূপে, বিস্ময়পূর্ব্বক ।  
 Amazon, *n. s.* Gr. কর্কাস নামে দেশবাসী, বীরচপ্রযুক্ত প্রসিদ্ধা স্ত্রী, প্রাচীন গুপ্তকর্ত্তারী কহেন যে তাহারা স্বচ্ছন্দপূর্ব্বক অস্ত্র পরাণার্থে স্বয়ং মৃত্যু ছেদন করিত ; যোদ্ধী বা বিক্রমি স্ত্রী ; ডাইন, পেত্নী ।  
 Amazonial, *a.* যুদ্ধশীল, যুদ্ধস্বভাব, যুদ্ধসম্বন্ধীয়, যোদ্ধবিশয়ক ।  
 Amazon-like, *a.* যোদ্ধরূপ, যোদ্ধী স্ত্রীবৎ ।  
 Ambages, *n. s.* Lat. বাক্য বা শব্দশ্রেণী, বাক্যভার, পৌঁচ দিয়া বাক্য কহন, অপরিমিত বা পার্বে কহন, জড় বা অল্পষ্ট বাক্য বা কথা ।  
 Ambagious, *a.* পৌঁচাও বাক্যবিশিষ্ট, জড়নীয় বাক্যময়, অল্পষ্টবচন ।  
 Ambassade, *n. s.* Fr. উকীলকার্য্য বা উকীল প্রেরণ ।  
 Ambassadour, *n. s.* উকীল, রাজদূত, রাজচার, এক রাজাহইতে অন্য রাজার নিকটে রাজকর্মে প্রেরিত লোক ।  
 Ambassadors, *n. s.* উকীলের পত্নী বা ভার্য্যা, দতিকা, স্ত্রীউকীল ।  
 Ambassage, *n. s.* ওকালতি, দূতপ্রেরণ, চারকার্য্য ।  
 Embassy, *n. s.* উকীলকার্য্য, ওকালতি বিষয়ে গমন বা যাত্রা ।  
 Amber, *n. s.* Arab. পুস্তুরবিশেষ ; আরবা, চন্দরস ।  
 Amber, *a.* আরবা গুণবিশিষ্ট ।  
 To Amber, *v. a.* আরবা গন্ধে সুগন্ধি-কৃ ।  
 Amber-drink, *n. s.* আরবা বর্ণ পানীয় দ্রব্য ।  
 Amber-dropping, *part. a.* আরবাবৎ বিন্দুরূপ ।  
 Ambergris, *n. s.* সুগন্ধি ঔষধবিশেষ ।  
 Amber-weeping, *a.* আরবা বিন্দুবৎ অশ্রুপাত ।  
 Ambidexter, *n. s.* Lat. সব্যসচী, দোহাতা, এক কালে হস্তদ্বয় চালন করে যে ; বিবাদে উভয়পক্ষপাতী হয় যে ।  
 Ambidexterity, *n. s.* সব্যসচিত্ব, দুইহস্ত সমানরূপে চালন ; দ্বিপক্ষি কার্য্যকারিত্ব ; প্রভারণকর্ত্তা ।  
 Ambidextrous, *a.* সব্যসচীস্বভাব, দুই হস্ত সমরূপে চালনসমর্থ, দ্বিপক্ষপাতী, উভয়পক্ষপাতী ।  
 Ambidextrousness, *n. s.* সব্যসচিত্ব, দ্বিপক্ষপাতিত্ব ।  
 Ambient, *a.* Lat. বেষ্টিত বা প্রদক্ষিণশীল, ঘেরা বা বেড়াধর্ম্মক ।  
 Ambigu, *n. s.* Fr. একত্রস্থিত নানা প্রকার ব্যঙ্গন বা কোল ।  
 Ambiguity, *n. s.* অল্পষ্ট, সন্দেহার্থ, অর্থবিশয়ে সন্দেহ, দ্ব্যর্থবাক্য ।  
 Ambiguous, *a.* Lat. সন্দেহবিশিষ্ট, দ্ব্যর্থ, দ্বিবাচক, দ্বিধাবাঞ্ছনীয়, দ্বিবাচনকারী, অল্পষ্ট, সন্দেহজনক ।

Ambiguously, *ad.* সন্দেহপূর্ব্বক, অনিশ্চিত বা অল্পষ্টরূপে, দ্ব্যর্থ বা দ্বিবাচনপূর্ব্বক, দ্বিরূপবাক্য বা কথাপূর্ব্বক ।  
 Ambiguosness, *n. s.* অনিশ্চিতত্ব, অল্পষ্টত্ব, সন্দেহত্ব, দ্বিবাচ্য, দ্বিবাচন ।  
 Ambilogy, *n. s.* Lat. and Gr. অনিশ্চয়ার্থক বচন, দ্ব্যর্থকথোপকথন ।  
 Ambiloquous, *a.* Lat. অনিশ্চিত বাক্যবাদ, দ্ব্যর্থ বাক্য কথনশীল, দ্ব্যর্থধর্ম্মক ।  
 Ambiloquy, *n. s.* অল্পষ্টবাক্য, অনিশ্চিত বচন বা ব্যবহার, দ্ব্যর্থক কথোপকথন ।  
 Ambit, *n. s.* Lat. মণ্ডল, চক্রবাল, বেড়, বেষ্টিত, রেখা, গণ্ডী ।  
 Ambition, *n. s.* Lat. গর্ভ, যাত্রা আছে তদপেক্ষা অধিক প্রাপণ বাঞ্ছা, মহত্বস্বয়ে বাঞ্ছা, প্রশংসাসেচ্ছা, ঐশ্বর্য্য বা বিদ্যা বা সম্মান প্রাপণাকাঙ্ক্ষা ।  
 Ambitious, *a.* গর্ভিত, প্রশংসা বা সম্মান বা ঐশ্বর্য্য বা কোন এক বিষয়ে বর্ধনেচ্ছারিশিষ্ট বা আকাঙ্ক্ষাশীল ; লালচী, লোভী ।  
 Ambitiously, *ad.* বাঞ্ছা বা আকাঙ্ক্ষাপূর্ব্বক, লালচরূপে ।  
 Ambitiousness, *n. s.* প্রশংসাসেচ্ছতা, সম্মানাকাঙ্ক্ষা, বিদ্যা বা ঐশ্বর্য্য ইত্যাদি কোন এক বিষয়ে বৃদ্ধাকাঙ্ক্ষা, লালচ, লোভ ।  
 Ambitude, *n. s.* বেষ্টিত, বেড়, মণ্ডলাকারত্ব ।  
 To Amble, *v. n.* Fr. পায়ের বা সহজরূপে গমনশীল-হ, মায়াপূর্ব্বক-গম, নামাধিগ ঠাট করিয়া-চল ।  
 Amble, *n. s.* অস্থ যখন এক পাখের দুই পাদ এককালে তুলিয়া গমন করে তৎপ্রকার গতি বা চালি ।  
 Ambler, *n. s.* চালিঅস্থ, সুন্দরগতিশীল ছোটক, চালি ছোড়া ।  
 Ambly, *ad.* সুন্দর চালিপূর্ব্বক ।  
 Ambo, *n. s.* Gr. পাঠমন্ত্র বা আসন ।  
 Ambrosia, *n. s.* Gr. পরমাত্র, দেবাত্র, দেবগণেরদের ভোজ্য ; অমৃত ; বৃক্ষবিশেষ ।  
 Ambrosiatick, *a.* সুস্বাদু, পরমাত্রবিশিষ্ট, দেবাত্রবৎ মনোহর বা সুস্বাদু ।  
 Ambrosial, *a.* তথা ; পরমাত্রস্বভাব, অমৃত গুণবিশিষ্ট ।  
 Ambrosian, *a.* পরমাত্র বা দেবাত্রবৎ মনোহর বা সুস্বাদু ।  
 Ambry, *n. s.* দানকর্ত্তার নিবাস, গৃহপাত্র রক্ষার্থস্থান, পর্য্যমিত খাদ্যদ্রব্যাপার ।  
 Ambs ace, *n. s.* তাসখেলাতে যখন দুই মরা একত্র উঠে ।  
 To Ambulate, *v. n.* Lat. ইতস্ততো প্রদক্ষিণ করিয়া-যা বা- গম ।  
 Ambulation, *n. s.* প্রদক্ষিণ বেড়ান, ইতস্ততো গমন-ভ্রমণ-চলন বা গতি ।  
 Ambulative, *a.* প্রদক্ষিণ বা ইতস্ততো গমনশীল বা তৎস্বভাব ।  
 Ambulatory, *a.* ভ্রমণকারী, প্রদক্ষিণকারক, ইতস্ততোগামী ; গমনেতে ঘটনীয়, গমন বা প্রদক্ষিণশীল, যথা ইতস্ততো গমন বা প্রদক্ষিণকারী আদালত বা কাছারি, দানেরসাহেব ইত্যাদি ।  
 Ambulatory, *n. s.* গমনাগমন বা প্রদক্ষিণ স্থান ।  
 Ambury, *n. s.* Sax. অশ্বশরীরের কোন এক অংশে স্থিত রক্তবিশিষ্ট আব বা স্ফীতি ।  
 Ambuscade, *n. s.* Fr. শত্রু অপেক্ষায় লুক্কায়িত থাকনস্থান, ওৎ, গোপনীয় ঘাঁটা বা পথ বা বাট ।  
 Ambuscado, *n. s.* তথা ।  
 Ambuscadoed, *a.* লুক্কায়িতরূপে স্থিত ।  
 Ambush, *n. s.* Fr. শত্রু অপেক্ষায় লুক্কায়িত হওনস্থান, ওৎ, আড়াল, লুক্কায়িত হইয়া থাকিয়া শত্রুকে আক্রমণকরণ ।

*To Ambush, v. a.* শত্রু আক্রমণার্থে লুক্কায়িতরূপে স্থাপন-কৃ, ও তে বা আড়ালে স্থিতি-কৃ, ওতে-থাক।  
*Ambushed, a.* লুক্কায়িত স্থানে স্থাপিত, ওতে বা আড়ালে স্থিত।  
*Ambushment, n. s.* শত্রু আক্রমণনিমিত্তে বা তদুপরি চড়াউকরণার্থে ওতে বা আড়ালে লুক্কায়িত হইয়া থাকন।  
*Ambust, a. Lat.* অগ্নি বা তপ্তজলদ্বারা দক্ষ।  
*Ambustion, n. s.* দাহ, দক্ষতা, দক্ষস্থান বা দুব্য।  
*Amel, n. s. Fr.* মিনার্শক দুব্য, পাকু ইত্যাদি গলাইবার মুচিহইতে নিগত কাঁচ বিশেষ রোগন।  
*To Ameliorate, v. a. Fr.* উন্ন-কৃ, উত্তম-কৃ, উপশম বা সহজ বা লঘু বা আশান-কৃ।  
*Amelioration, n. s.* উন্নকরণ, উত্তমকরণ; শ্রেষ্ঠকরণ; উপশম, সহজ, লঘু, আশান।  
*Amelled, part. a.* মিনারিশিষ্ট, মিনাতে লিপ্ত।  
*Amen, ad. Heb.* এই শব্দ স্তবশেষে বা প্রার্থনান্তে ব্যবহার্য, তদনুসারে হউক, ভবতু, তথাস্তু ইত্যাদি অর্থ।  
*Amenable, a.* হিসাব বা উত্তর বা জবাব দেওনোপযুক্ত, কারণ দেওন বা দর্শানযোগ্য, প্রয়োজনকখনাই, জামিনদারী দায়ভাগী।  
*To Amenage, v. a. Fr.* বলপূর্বক-দৃশ(ক্রি) বা কার্য্য-কৃ (ক্রি)।  
*Amenance, n. s. Lat.* আচার, রীতি, ব্যবহার; চালি, আকার।  
*To Amend, v. a. Lat.* শুদ্ধ-কৃ, আচার শুদ্ধ-কৃ, গুণ শুদ্ধ-কৃ।  
*To Amend, v. n.* শুদ্ধ বা সাধু-হ, স্বাস্থ্য বা উপশম-হ, উত্তম-হ।  
*Amendable, a.* উন্নরোত্তর উদ্ভবনীয়, সাধুভবনাই, শোধনযোগ্য, স্বাস্থ্যাই, উপশমনীয়।  
*Amende, n. s. Fr.* দত্ত, দোষফল।  
*Amender, n. s.* শোধনকর্তা, উদ্ভ বা শুদ্ধ বা সাধু করায় যে, শাস্তা।  
*Amendful, a.* শোধনগুণবিশিষ্ট, উদ্ভ বা উত্তমভবনীয়, সাধুহওনযোগ্য, উত্তমকরণশীল।  
*Amending, n. s.* শোধন করা, শুদ্ধ বা সাধু বা উপশম হওয়া।  
*Amendment, n. s.* শোধন, দোষশোধন, মন্দহইতে উদ্ভুপ্রতি পরিণাম, আচার শোধন; উপশম বা আরোগ্য হওন।  
*Amendment, [In Law.]* বিচারশোধন, দোষশোধন।  
*Amends, n. s.* প্রতিনিধি দান, প্রতিনিধি দেয় দুব্য, দোষ শোধনার্থে কৃত বা দত্ত যাহা।  
*Amenity, n. s. Lat.* রম্যত্ব, সুখাবহত্ব; মিতাচার; স্বচ্ছন্দপূর্বক অবস্থিতি বা বাস।  
*Amentaceous, a. Lat.* সক্ষসূত্র বা বিসয়দ্বারা লুপ্তিত।  
*Amenty, n. s. Fr.* উন্নততা, পাগলামী।  
*To Amerce, v. a. Fr.* রূপ্য বা অর্থ দণ্ড-দা, জরিমানা-কৃ, প্রতিফল শাস্তি বা সাজা-দা, গুনাহগারি-কৃ, বা-নী(ক্রি)।  
*Amerceble, a.* অর্থদণ্ড শাস্তিযোগ্য দণ্ডাই।  
*Amercer, n. s.* রূপ্যদণ্ড নিরূপণ করে যে, শাস্তি বা সাজা দেয় যে।  
*Amercement, n. s.* দণ্ড, অর্থদণ্ড, জরিমানা, গুনাহগারি; হানি, ক্রতি।  
*Amerciament, n. s.* তথা।  
*American, n. s.* আমেরিকা দেশীয় বা উদ্দেশজাত লোকদুব্য ইত্যাদি।  
*American, a.* আমেরিকাদেশীয় বা উদ্দেশবিষয়ক বা উদ্দেশজ।  
*Ames ace, n. s.* তাস খেলনে যখন দুই মলা এককালে উঠে।  
*Amess, n. s. Fr.* পুরোহিতের বস্ত্র, আচার্য্যের পরিধেয় বস্ত্রাদি।  
*Amethodical, a.* অধারাবিশিষ্ট, বিলি বা ব্যবস্থারহিত।  
*Amethodist, n. s.* Methodist শব্দ দেখ। ধারাপূর্বক কার্য্য চালা

য় না বা করে না যে; হাতুড়িয়া চিকিৎসক, ব্যবস্থা বা ধারা নাই যাহার।  
*Amethyst, n. s. Gr.* বাগ্ণনীয় বর্ণ পুস্তর বা মণি।  
*Amethyst, n. s. [In Heraldry.]* বস্ত্রেতে তৎপুস্তরবর্ণ বুঝায়।  
*Amethystine, a.* বর্ণেতে বা গুণেতে তৎপুস্তরবর্ণ।  
*Amiable, a. Fr.* স্নেহাই, প্রীতিযোগ্য, আদরণীয়; সুন্দর, রমণীয়, প্রিয়দর্শন, প্রিয়, সুখদ, বৎসল, মনোহর, আনন্দাই।  
*Amiability, n. s.* প্রিয়দর্শনত্ব, মনোহরত্ব, রমণীয়ত্ব, সুখদত্ব, প্রিয়তমত্ব, বাক্যেতে বা আচারে সুশীলত্ব।  
*Amiability, n. s.* Amability শব্দ দেখ।  
*Amiably, ad.* প্রীতিপূর্বক, স্নেহরূপে, সুন্দররূপে; সুখদ বা মনোহর বা রমণীয়রূপে, বাক্যে বা আচারে সুশীলতাপূর্বক।  
*Amicable, a.* প্রীতি বা মিত্রতাশীল, স্নেহশীল, ঐক্যস্বভাব, সর্ব বা কোন এক গুণে সমপূর্ণ, যথা প্রিয়বাচক, প্রিয়দর্শী, সুবক্তা, সুশুভা, সুব্যবহারী ইত্যাদি; অনায়াস, আপশ।  
*Amicableness, n. s.* মিত্রতা, বন্ধুত্ব, স্নেহ, ঐক্য, মঙ্গলবাঞ্ছা, অনুকূলতা।  
*Amicably, ad.* মিত্রতারূপে, বন্ধুত্বপূর্বক, স্নেহপূর্বক, ঐক্য বা মিলনপূর্বক, আনুকূল্যরূপে, আত্মীয়তা বা পুণ্যপূর্বক, অনায়াসপূর্বক, আপশে।  
*Amice, n. s. Lat.* পুরোহিতের বা আচার্য্যের পরিচ্ছদ বিশেষ।  
*Amid বা Amidst, prep. Sax.* মধ্যে, অভ্যন্তরে, ভিতরে, মাঝে মাঝি।  
*Amiss, ad.* দোষপূর্বক, অপরাধপূর্বক; অনুপযুক্তরূপে, অপ্রকৃতরূপে, অকর্তব্যরূপে; পরিহাস্যরূপে, অস্বাস্থ্যরূপে, দুষ্ট বা মন্দরূপে, নিন্দনীয়, অনাদরণীয়পূর্বক।  
*Amiss, n. s.* দোষ, অপরাধ, অকর্তব্যতা, মন্দ।  
*Amission, n. s. Lat.* ক্রতি, হানি নোকমান।  
*To Amit, v. a.* ছাত-কৃ, লুপ্ত-কৃ, গোলা।  
*Amity, n. s. Fr.* মিত্রতা, ঐক্য, বন্ধুত্ব।  
*Ammiral, n. s. Admiral* শব্দ দেখ।  
*Ammoniac, n. s. Gum ammoniac* এবৎ Sal ammoniac নামে দুই প্রকার ঔষধ বিশেষ; প্রথম একপ্রকার নির্যাস, দ্বিতীয় একপ্রকার লবণ।  
*Ammoniacal, a.* তল্লবণ বা নির্যাসপূর্বক বা তল্লবণবিশিষ্ট।  
*Amunition, n. s. Lat.* যুদ্ধসজ্জা, বারুদগুলি বন্দুক তোপ ইত্যাদি।  
*Amunition-bread, n. s.* যুদ্ধার্থে ভক্ষ্যদুব্য, সৈন্যজন্য ভক্ষণীয় দুব্য বা আহার বা অন্ন।  
*Amnesty, n. s. Gr.* ক্ষমা, গোপনীয়ত্ব, গুণ্ডকার্য্য; রাজ ক্ষমা, দোষবিস্মরণ, রেআত, মাফ।  
*Amnicolist, n. s. Lat.* নদীতীরবাসী।  
*Amnigenous, n. s. Lat.* নদীতীরজ, নদীজ।  
*Amnion বা Amnios, n. s. Gr.* ফুলাস্তম্ভ ত্বক।  
*Amonum, n. s. Lat.* এলাচি।  
*Among বা Amongst, prep. Sax.* মধ্যে, অভ্যন্তরে, মধ্যস্থিত, মিশ্রিত; সাথে, সঙ্গে, সহিত।  
*Amoret, n. s. Ital.* স্নেহ করে যে, প্রীত্যাক্রান্ত।  
*Amorette বা Amourette, n. s.* প্রীত্যাক্রান্তা স্ত্রী, উপপত্নী; পুষ্ণহার।  
*Amorist, n. s.* উপপতি, নাৎ, প্রীতিদর্শনকর্তা, কামাক্রান্ত পুরুষ।  
*Amornings, ad.* প্রাতঃকালে, প্রভাতে।  
*Amorosa, n. s. Ital.* লম্বট, লুকা, প্রীতেপড়া বা কামাক্রান্ত ব্যক্তি, প্রেমী বা মুগ্ধ লোক।

**Amoroso, n. s. Ital.** প্রীতিতে মগ্ন বা আক্রান্ত হইয়াছে যে ।  
**Amorous, a.** প্রীতিতে আক্রান্ত, প্রীতিতে মগ্ননশীল, রসিক, শূভ্রা  
 র রসে মগ্ন, কামুক, প্রেমশীল, প্রীতিবিষয়ক ।  
**Amorously, ad.** স্নেহপূর্বক, প্রীতিপূর্বক, রসিকভাবে, কামাক্রান্ত  
 রূপে ।  
**Amorousness, n. s.** প্রেম, স্নেহ, প্রীতি; রসিকতা, কামাক্রান্তত্ব ।  
**Amorphous, a.** আকারহীন, মূর্ত্তিহীন ।  
**Amorphy, n. s. Gr.** স্থাপিত মত ত্যাগ, নিরূপিত ধারাচ্যুত হওন ।  
**Amort, ad. Fr.** মৃত্যবস্থাতে, স্তম্ভনরহিতরূপে, মৃত্যুবৎ; দুঃখী বা  
 মনঃক্ষুব্ধবস্থাপূর্বক ।  
**Amortization বা Amortizement, n. s.** যে সমাজের অন্ত নাই এ  
 মত সমাজস্বেরদিগকে ভূম্যাদি দান বা অর্পণশক্তি বা স্বত্ব ।  
**To Amortize, v. a.** অন্য লোকহইতে লইয়া কোন সমাজেতে বা  
 তদন্তরাধিকারিকে ভূমি অর্পণ-ক, স্থাবরাদি ধন-দা, প্রদান-ক ।  
**Amotion, n. s.** অন্যত্র করণ, দূরকরণ, স্থানান্তর করণ ।  
**Amoval, n. s.** স্থানান্তর করণ, দূরকরণ ।  
**To Amove, v. a. Lat.** স্থানান্তর বা দূর-ক, চল (ফ্রি) ।  
**To Amount, v. n. Fr.** সংশ্র্যতে বা মূল্যেতে বা কার্যে বা বিস  
 যে বন্ধি-পা, পূর্ণ বা সম্পূর্ণ-হ, সম্পূর্ণরূপে কোন কিছ্ গুণক  
 রণেতে উৎপন্ন-হ; উদ্ভূগত-হ, যত্ব বা একত্র-হ, মোট-হ, জম  
 ল-হ ।  
**Amount, n. s.** সমুদায়, তাবৎ; টিক, জমা, মোট, জমল; মূল্য ।  
**Amour, n. s. Fr.** প্রীতি কার্য্য, নান্দামি, প্রীতিদ্বারা জুলান, মজান ।  
**Amper, n. s. Sax.** স্থালাবিশিষ্ট স্ত্রীতি, বিদ্যুৎটিক ।  
**Amphibious, a. Gr.** জলবায়ুক, জলবায়ুগ, জলবায়ুবিহারী, বহু  
 স্বভাবজলবায়ুতে সমভাবে জীবধারণশক্তি; দ্বিপদার্থক, মিশ্রিত ।  
**Amphibiousness, n. s.** জলবায়ুচর স্বভাব বা ধর্ম্ম, জলবায়ুতে  
 জীবধারণ বা গতি করণ সমর্থ্য বা শক্তি; দ্বিপদার্থত্ব ।  
**Amphibiun, n. s.** জলেতে ও স্থলেতে সমরূপে জীবধারণ করে যে,  
 জলস্থলজীব ভূজলনিবাসকর্ত্তা ।  
**Amphibological, a.** সন্দেহ বিশিষ্ট, সন্দিগ্ধ; দ্বিপদার্থক, অস্পষ্ট ।  
**Amphibologically, ad.** সন্দেহরূপে, সন্দিগ্ধচিত্তপূর্বক, দ্বিপদার্থপূর্ব  
 ক ।  
**Amphibology, n. s.** অনিশ্চিত কথোপকথন, সন্দেহার্থক বচন বা  
 বাক্য ।  
**Amphibolous, a.** ইতস্ততো বা একহইতে অন্যেতে উদ্বাহিত বা  
 উৎক্রিপ্ত বা উত্তোলিত; অনিশ্চিত, অস্বৈর্য্য, এদিগুওদিগ্ চালি  
 ত ছিন্নভিন্ন ।  
**Amphiboly, n. s.** বহুর্থক কথোপকথন, নানার্থক বচন বা বাক্য ।  
**Amphilogy, n. s. Gr.** দ্বার্থ বচন, সন্দেহবিশিষ্ট কথোপকথন, দ্বি  
 মুখ ।  
**Amphisbaena, n. s. Lat.** দ্বিমস্তক সর্প, সাকনি সর্প, পুঁয়াসাঁপ ।  
**Amphiscii, n. s. Gr.** বৎসরের অয়নবিশেষ, এক অয়নে একদি  
 গে অন্য অয়নে অন্যদিগে ছায়া পড়ে যে দেশে তদ্দেশীয় লোক।  
**Amphitheatre, n. s.** অর্ধচক্রাকার নাটমন্দির বা তামাসা দর্শন  
 গৃহ ।  
**Amphitheatrical, a.** তদ্রূপ গৃহ বা তামাসাবিষয়ক ।  
**Ample, a. Lat.** বৃহৎ, বড়, প্রশস্ত, ওসার, সোম নাই যাহার, অ  
 সীমক অনিবাধ্য, প্রগল্ভ, সুন্দর, সৌন্দর্য্যবিশিষ্ট, ব্যাপী, আঁটো  
 নয়, বিস্তৃত; যথেষ্ট, প্রচুর, বহুল, অনবধি ।  
**Ampleness, n. s.** বৃহত্ত্ব, মহত্ত্ব, প্রশস্ততা, সৌন্দর্য্য, বিস্তৃতত্ব, যথেষ্ট  
 ত্ব, প্রাচুর্য্য, অসীমত্ব, বিশালতা ।  
**To Ampliate, v. a. Lat.** বর্দ্ধন বা প্রশস্ত বা বিস্তীর্ণ-ক ।

**Ampliation, n. s.** বৃদ্ধি, বিস্তার, প্রশস্তত্ব ।  
**To Amplificate, v. a. Lat.** বর্দ্ধন বা যথেষ্ট বা বাহুল্য বা বিস্তার  
 বা ওসার-ক, বাড়ি (ফ্রি), বড়-ক ।  
**Amplification, n. s.** বর্দ্ধনভাব, বৃদ্ধি, বিস্তারত্ব, প্রশস্তত্ব ।  
**Amplifier, n. s.** বর্দ্ধন বা বিস্তার করে যে, বিস্তারকর্ত্তা; বিষয় ব  
 ধ্বনকর্ত্তা, গম্ভী, বহুভাষী ।  
**To Amplify, v. a.** বর্দ্ধন-ক, বিস্তার-ক, নূতনদ্বা বা বিসয় বা বা  
 ক্য দ্বারা বর্দ্ধন বা উত্তম-ক ।  
**To Amplify, v. n.** বিস্তারপূর্বক বাক্যশীল-হ, বিস্তার করিয়া বা  
 শ্র্যাতা-হ, বহুভাষী-হ ।  
**Amplitude, n. s.** বর্দ্ধিত পরিমাণ বা পরিসীমা, বৃহত্ত্ব, বহুত্ব; অ  
 নভাব, তাক্কলা, অপরিমিতত্ব; আধারশক্তি, আপেক্ষত্ব; সৌন্দ  
 র্য্য, প্রতাপ, মহিমা; কোন বিষয়ের সম্পূর্ণত্ব বা প্রচুরত্ব বা য  
 থেষ্টত্ব বা বিস্তার; পরিসীমা । [In Astronomy.] চক্রবালের  
 পরিসীমা ।  
**Amplly, ad.** বর্দ্ধিতরূপে, বিস্তৃতরূপে, প্রচুরতাপূর্বক, যথেষ্টতাক  
 পে; তাক্কলাপূর্বক, অনুভাবরূপে, অপরিমিতে, যথেষ্টাচারে ।  
**To Amputate, v. a. Lat.** অঙ্গচ্ছেদন-ক, অঙ্গ-ছিদ বা কাটা ।  
**Amputation, n. s.** অঙ্গচ্ছেদন বা কাটন ।  
**Amulet, n. s. Fr.** কবজ, তাবিজ, মাদুলি; রোগনাশক বা নিবার  
 ক ঔষধ ।  
**Amurcosety, n. s. Lat.** গাদের বা ছানির বা স্বরের গুণ বা ধর্ম্ম ।  
**To Amuse, v. a.** কোন বিষয় বা বাক্যদ্বারা পরিতোষ বা সন্তোষ  
 বা আশ্লাদ-ক বা জ্ঞন (ফ্রি), প্রসঙ্গদ্বারা অতিথি-ক, অপেক্ষায়  
 রক্ষা, মনঃপ্রবোধ বা পরিতোষপূর্বক জুলা (ফ্রি), প্রসঙ্গ-ক ।  
**To Amuse, v. n.** আলোচনা-ক, ভাব্যভাবনা-ক, চিন্তা-ক ।  
**Amusement, n. s.** আশ্লাদজনক কর্ম্ম, কোন বিষয়ে কৃষ্টি বা আন  
 ন্দ জন্মায় যাহা; ধ্যান, তপস্যা, অনুপারন; শূশী, আশ্লাদ ।  
**Amuser, n. s.** আশ্লাদ বা সন্তোষ জন্মায় যে; পরিতোষকর্ত্তা ।  
**Amusingly, ad.** আশ্লাদরূপে, সন্তোষপূর্বক, পরিতোষরূপে ।  
**Amusive, a.** আশ্লাদ বা সন্তোষজনক, আশ্লাদনীয় ।  
**Amusively, ad.** আশ্লাদপূর্বক, সন্তোষরূপে ।  
**Amygdalate, a. Lat.** বাদামকৃত, বাদামতৈলাক্ত ।  
**Amygdaline, a.** বাদামবৎ, বাদামাকার ।  
**An, ad.** অব্যয় শব্দ । a অক্ষর দেখ । অনুকার্য্য বা স্বরাদি শ  
 ব্দের পূর্বে প্রয়োগ হয় । এক, কতক, কোন, ইত্যাদি অর্থ ।  
**Ana, ad. Gr.** উপসর্গ; ঔষধ বিদ্যায় তুল্য পরিমাণ বা সমানাং  
 শ বৃদ্ধায় ।  
**Ana, n. s.** যে গুণের সংক্রান্তে ana প্রয়োগ হয় তদ্ব্যস্ত অর্থ ।  
**Anabaptism, n. s.** পুনর্ভূতমত, খ্রীষ্টীয়ানধর্ম্মের এক মতবিশেষ ।  
**Anabaptist, n. s. Gr.** পুনর্ভূতমতাবলম্বী ।  
**Anabaptistical, a.** পুনর্ভূতমতবিশয়ক ।  
**Anabaptistick, a.** পুনর্ভূতমতালম্বিবিশয়ক ।  
**Anabaptistry, n. s.** পুনর্ভূতমতালম্বিত্ব ।  
**To Anabaptise, v. a.** পুনর্ভূত-দা, পুনর্ভূত-ক ।  
**Anacamptick, a. Gr.** মুড়িয়া বা উল্টিয়া আইসনশীল, প্রতিচ্ছা  
 যাদর্শনশীল, প্রতিগমনধর্ম্মক ।  
**Anacampticks, n. s.** আলোর মড়ন বা উল্টিয়া আইসন মত বা  
 বিদ্যা ।  
**Anacathartick, n. s.** উর্দ্ধচালক ঔষধ; বমি বা উষ্কার জন্মানদ্বা  
 রা কার্য্য নিষ্কাশনশীল কোন দ্রব্য ।  
**Anacephaleosis, n. s. Gr.** বাক্যের প্রধান কল্প বা প্রসঙ্গ বিস্তার  
 করণ বা আওড়ন ।



Anachronism *n. s.* Gr. কালগণনার বিষয়ে চুক বা ভুল।  
 Anachoretic, *a.* সন্ন্যাসিসম্বন্ধীয়, উপস্থিতবিষয়ক।  
 Anachorete বা Anachorite, *n. s.* Gr. সন্ন্যাসিনিশেষ. উপস্থি।  
 Anachronistick, *a.* কালগণনাভ্রমবিশিষ্ট, কালনিরূপণ দোষবিশিষ্ট।  
Attendant, *n. s.* সহায়, অনুসঙ্গী, উপস্থিত যে, বর্তমানলোক, উপাসক, সেবক, পাবচারক, পরিবেশক, পারিসদ, সহগম্য, সহকর্মকর্তা । [In Law.] অনুগত যে, দায়ী, অধীন বা বশীভূত যে, খেদমতগার, নপ্ত, তৈনাত, মোদাহেব, প্রতিফল, অন্তর্গততা, আন্তরিকত্ব, অনুগতত্ব, অনুরোধ ।

Attender, *n. s.* সহায়, অনুসঙ্গী, পারিসদ, সমভিব্যাহারী, সহগম্য, সহকর্মকর্তা, সঙ্গে যায় বা থাকে বা কার্য করে যে ।

Attent, *a.* মনোযোগী, অবধানশীল, মনোনিবেশিত ।

Attentates, *n. s.* নিষেধপত্র প্রকাশনস্তর ব্যবস্থানে বিচারকার্য চালন বা সন্ধান ।

Attention, *n. s.* মনোযোগ, মনোনিবেশ, মনঃপ্রবেশ, সাবধানতা, সতর্কতা, নিবেশিতচিত্ততা, সযত্নতা, মনোযোগপূর্ষক সেবা আদর মর্যাদা বা কার্যকরণ ইত্যাদি ।

Attentive, *a.* মনোযোগী, মনোনিবেশী, সাবধানশীল, চৌয

Attentively, *ad.* মনোযোগপূর্ষক, সাবধানরূপে, মনোনিবেশপূর্ষক, মনের সহিত, মন দিয়া, চিত্ত লাগাইয়া ।

Attentiveness, *n. s.* মনোযোগিত্ব, সাবধানতা, মনোনিবেশ, সতর্কতা ।

Attenuant, *a.* দুবশীল, দুবকারক, পাতলকারী ।

To Attenuate, *v. a. Lat.* দুব-কৃ, পাতল-কৃ, অল্প-কৃ, নূন-কৃ, শিথিল-কৃ, নরম-কৃ, আদু-কৃ, সূক্ষ্ম-কৃ; উপশম-কৃ, নিবৃত্ত-কৃ, বিশেষ-হ

Attenuate, *a.* দুবীভূত, পাতল, অল্পীভূত, নূনীকৃত, শিথিলীভূত, নরমকৃত, সূক্ষ্মশর্ষক ।

Attenuation, *n. s.* দুবকরণ, আদু-করণ, পাতলকরণ, অল্পকরণ,

ন্যূনকরণ, সঙ্করন, শিথিল হওন, উপশম করণ, নিবৃত্তিকরণ, নরমকরণ, সঙ্কল্প।

Atter, n. s. Sax. গলিতদুব্য, পচাদুব্য।

To Attest, v. a. Lat. দাট্যপ্কাশ-কৃ, নিশ্চয়প্রমাণ-দা, স্বনৈষ্ঠতা-জ্ঞান, দৃঢ়োক্তি-কৃ, সাক্ষী-দা, সাক্ষী-গৃহ, সাক্ষী-কৃ, শপথ-কৃ, সাক্ষী দেওনার্থে-ডাক। To attest a bill, স্বাক্ষর-কৃ, যাধাণ্য ব্যক্ত করিয়া দস্তখত-কৃ, শপথপূর্বক আস্থাদাট্য প্রকাশ করিয়া সহি-কৃ, শপথপূর্বক পত্রে স্বাক্ষর-কৃ।

Attestation, n. s. সাক্ষী, প্রমাণ, নিশ্চয় প্রমাণ, দৃঢ়োক্তি, শপথ, স্বাক্ষরকরণ, শপথপূর্বক স্বাক্ষর, সহি, দস্তখত।

Attester বা Attestor, n. s. সাক্ষী, প্রমাণ, নিশ্চয়প্রমাণকর্তা বা দা ডা, দৃঢ়োক্তিকর্তা, শপথকর্তা, সহি বা দস্তখত করে যে।

Attical, a. Lat. আতেন্স নগরে শিক্ষিত বিদ্যাসম্বন্ধীয়, পাঠশালা বিদ্যানুযায়ী বা তৎসম্বন্ধীয়, শুদ্ধ, শুদ্ধভাষাবিশিষ্ট, মূনিবাক্যবৎ।

To Atticise, v. n. Gr. আতেন্স নগরবিদ্যানুসারে ব্যবহার বা শিক্ষা-কৃ, শুদ্ধভাষা অভ্যাস-কৃ, মূনিবাক্যবৎ রচনা বা উক্ত-কৃ।

Atticism, n. s. আতেন্স নগরে শিক্ষিত বিদ্যানুসারে বিদ্যান্যবহার বা শিক্ষা করণ শুদ্ধভাষা, সাধুভাষা, মূনিবাক্য, সাধুবচন।

Attick, a. আতেন্স নগরসম্বন্ধীয়, তদ্বিদ্যাবিসয়ক, পাঠশালার বিদ্যানুযায়ী, শুদ্ধভাষাসম্বন্ধীয়, মূনিবাক্যবিসয়ক, অতিসুন্দর, শুদ্ধ।

Attick, n. s. আতেন্স নগরবাসি লোক, ইস্টক গৃথিত গৃহের উদ্ভূত কুঠরি দালানের উপরি তলার কুঠরি বা কামরা, মন্দির পরিষ্কৃত কুঠরি বালাগানা।

To Attire, v. a. Lat. সজ্জারূপে স্তম্ভ-কৃ, অল্পরূপে কোন দ্রব্য বা বর্ণ-নাগ (ফ্রি) অল্প দাগ-দা, আভাসমান-দা, স্তম্ভ স্তম্ভ-কৃ।

To Attire, v. a. Fr. পরিধান-কৃ, ভূষণ-কৃ, আভরণ-কৃ, বস্ত্রাভিত-কৃ, অলঙ্কার-কৃ। [In Heraldry.] মৃগশৃঙ্গাকার চিত্র-কৃ।

Attire, n. s. পরিবেশ, বস্ত্রাদি, আভরণ, ভূষণ, বস্ত্র, বেশ, পোশাক, অলঙ্কার, মস্তকের আভরণ বা বস্ত্র, মৃগশৃঙ্গ, পুঙ্খের আভরণাংশ, পক্ষদল।

Attirer, n. s. পরিধানকর্তা, আভরণদ্বারা ভূষণকর্তা, ভূষণ করে যে, বস্ত্রপরিধানকর্তা, অলঙ্কার পরায় যে, সাজায় যে।

Attiring, n. s. মস্তকের আভরণ বা অলঙ্কার, বস্ত্র পরিধানকরণ, আভরণবিশিষ্টকরণ, বস্ত্র অলঙ্কার ইত্যাদিরদ্বারা সাজান।

To Attire, v. a. অধিকারযোগ্য-কৃ গৃহণযোগ্য-কৃ, যোগ্য-কৃ, উপযুক্ত-কৃ, লায়ক-কৃ।

Attitude, n. s. ভাব, আবেশ, আকার, অবস্থা, স্থিতি, যাহার যে ভাব বা স্থিতি বা রূপ বা ধ্যান বা চট বা ঢপ।

Attolent, a. Lat. উত্তোলনকারী, উচ্চকারী, উত্তোলক উচ্ছবহনকারী।

To Attone, Atone শব্দ দেখ।

To Attorn বা Attorn, v. a. Fr. প্রজ্ঞাতে উৎপন্ন ফল অন্যকে -দা, মজুরের মেহনত অন্যের-দা জুতার সেবনোৎপন্ন ফলে অন্যের স্বত্ব-কৃ (ফ্রি)।

To Attorn, v. n. অন্যের অধিকারে স্বীকার্য-হ, নতন শাসনে সম্মত-হ, নতন প্রভুত্ব স্বীকৃত-হ, নতন স্বামিন্দ-গৃহ, অর্পনদ্রব্য বা প্রজ্ঞাত স্বীকার-কৃ, নতন স্বামিনকে কবল-কৃ।

Attorney, n. s. স্বেচ্ছা সম্মতি আত্মা বা প্রার্থনাপ্রযুক্ত এবং আত্মপ্রাপ্তপ্রযুক্ত বা গাচিতপ্রযুক্ত অন্যের কার্য সম্বন্ধিত্ব স্বীকৃত হয় যে, অন্যের কার্য করে যে, পরকার্য সম্বন্ধিত্বকর্তা, পর কার্য সিদ্ধার্থে নিযুক্ত যে, উকীল, নায়েব।

To Attorney, v. a. অন্যদ্বারা কার্য-কৃ পরকর্তৃককার্য-কৃ, নিযুক্তব্যক্তিদ্বারা কার্য নিষ্পন্ন-কৃ, উকীলদ্বারা কার্য-কৃ, প্রতিনিধিকৃ পে কার্য-কৃ (ফ্রি)।

Attorneyship, n. s. প্রতিনিধিকার্য, নিযুক্তপদ, উকীলপদ বা কার্য, নায়েবী, ওকালতী। Power of attorney, মোক্তিয়ার নামা, ওকালতনামা, উকীল পত্র বা আত্মা।

Attornment, n. s. নতনশাসনধীন করণ, প্রজ্ঞাত নতনপ্রভুর অধীন করণ, রাষ্ট্রীয়তবে নতনস্বামীদ্বারের প্রভুত্ব অর্পণ বা সামিল করণ।

To Attract, v. a. Lat. আকর্ষণ-কৃ, আকর্ষণপ্রত্যাকর্ষণ-কৃ, সমীপাকর্ষণ-কৃ, খেচ, টান, লোভ-দর্শ (ফ্রি), মোহিত-কৃ (ফ্রি), মসক (ফ্রি)।

Attract, n. s. আকর্ষণ, নিকটাকর্ষণ, টানিয়া পরণ, গৌচন, আকর্ষণশক্তি, মোহদর্শন, লোভদেখান, মনে পরণ বা লাগন।

Attractability, n. s. আকর্ষণীয়ত্ব, সমীপাকর্ষণীয়ত্ব, মোহনীয়ত্ব, মনে ধরে বা লাগে যাহা এবং তৎক্ষণিক।

Attractical, a. আকর্ষণশক্তিবিশিষ্ট, সমীপাকর্ষণসামর্থ্যশীল, টানিয়াপরণশক্তিসূচক, লোভজননশীল, মোহোৎপন্নগুণপারী, মোহজনক।

Attractingly, ad. আকর্ষণরূপে, সমীপাকর্ষণপূর্বক, লোভজননরূপে, লোভদর্শনপূর্বক, মনে পরণপূর্বক, চিত্ত লাগনপূর্বক।

Attraction, n. s. আকর্ষণ, নিকটাকর্ষণ, সর্জনকর্ষণ, মন আকর্ষণ অ অকরণেতে মোহ ক্রিয়ায় যে, লোভদর্শায় যে, মনেতে পরে বা লাগে যাহা তৎক্ষণ বা গুণ, গৌচিয়া পরণ বা লগন।

Attractive, a. আকর্ষণকারী, সমীপাকর্ষক, গৌচিয়া পরণ বা লাগনশীল, আকর্ষক, লোভদর্শনকারী, মোহজনক, মোহোৎপাদক, ভুলানীয়, মনেতে লাগনপূর্বক বা পরণশীল।

Attractive, n. s. আকর্ষণকর্তা, টানিয়া পরে যে, লোভদর্শয়িতা, মোহোৎপাদক, ভুলায় যে, মনে পরে বা লাগে যাহা।

Attractively, ad. আকর্ষণরূপে, নিকটাকর্ষণপূর্বক, আকর্ষণশক্তি পূর্বক; মোহদর্শনরূপে, লোভজননপূর্বক, ভুলানক্রমে, মন আক্রমণপূর্বক।

Attractiveness, n. s. আকর্ষকত্ব, মন আক্রমণকত্ব, টানিয়া পরণ শক্তি; মোহদর্শকত্ব, লোভজনকত্ব, ভুলানশক্তি।

Attractor, n. s. আকর্ষণকর্তা, টানিয়া পরে যে, মোহদর্শনকর্তা, লোভক্রিয়ায় যে, ভুলায় যে, মনে পরে বা লাগে যাহা।

Attrahent, n. s. আকর্ষণকর্তা, টানিয়া পরে যে, আকর্ষক, মোহদর্শক, লোভজনক, মন আক্রমণ।

To Attrap, v. a. Lat. পরিধান-কৃ, বস্ত্রাভিত-কৃ, ভূষণ-কৃ বস্ত্র-পর (ফ্রি), কাপড়-উড়, গাজ-সাজ।

Attraction, n. s. Lat. লাড়াচাড়া করণ, বারম্বার হস্তে গুহ।

Attributable, a. আরোপণীয়, একের গুণ পর্ম বা কার্য ইত্যাদি অন্যেতে সঙ্গমনীয়, অন্যের স্বত্ব বলিয়া কখনীয় বা গণনীয়, পরের বা আপনার দোষ গুণ পর্ম স্বত্ব শক্তি কার্য কারণ বিষয় ইত্যাদি আপনাতে বা পরেতে দর্শনাই বা ব্যাখ্যাই বা দেখা নযোগ্য বা ঘটনায়োগ্য বা দানাই বা অর্পণীয় বা গণনীয় ইত্যাদ্যর্থক বাক্য।

To Attribute v. a. Lat. আরোপ-কৃ, পরের বা আপনার দোষ গুণ পর্ম স্বত্ব শক্তি কার্য কারণ বিষয় ইত্যাদি আপনাতে বা পরেতে-দা বা দৃশ (ফ্রি) বা -ঘটা বা অর্পণ-কৃ বা গণ্য-কৃ বা সঙ্গম-কৃ বা -লাগ।

Attribute, n. s. পরের বা আপনার দোষ গুণ পর্ম স্বত্ব শক্তি কার্য কারণ বিষয় ইত্যাদি আপনাতে বা পরেতে দেওন অর্পণ

- শান ঘটান সঙ্গত করণ গণ্যকরণ লাগন খাটান সংযোগকরণ ইত্যাদ্যর্থক, অন্যের কোন গুণ ধর্ম স্বত্ব শক্তি দোস কার্য্য কারণ বিষয় দ্বারা ইত্যাদ্যর্থক, ব্যাপ্তি, গুণ, ধর্ম, স্বত্ব, শক্তি, ক্রম তা, মর্যাদা, নাম, সময়।
- Attribution, n. s.* আরোপ, অন্যেতে বা পরেতে কোন গুণ বিষয় ইত্যাদি সঙ্গত করণ গণ্য করণ বা যোগ করণ, প্রসংসা, গুণ, বিরূতগুণ, মর্যাদা, সম্ম, মশঃ, গৌরব।
- Attributive, a.* আরোপ্য, সঙ্গমর্নীয়, সংযোগ্য, লাগানযোগ্য, খাটান গুণধারী, গণ্য, অন্যের বা আপনার বলিয়া কখনযোগ্য বা ব্যাখ্যাই।
- Attributive, n. s.* আরোপ্য গুণ ধর্ম বিষয়দোস বা দ্বারা ইত্যাদ্যর্থ বসায়, অন্যের বিষয়ে গণ্য হইয়াছে যাহা, সংযোগ্যকৃত দ্বারা বিষয় গুণ ধর্ম দোস ইত্যাদি, অন্যের বা আপনার বলিয়া ব্যাখ্যানীয়ত্ব বা গণনীয়ত্ব।
- Attrite, a. Lat.* পিষ্ট, প্রেসিতি, ঘর্ষিত ঘৃষ্ট, ঘর্ষণদ্বারা ক্রয়প্রাপ্ত, পেসনদ্বারা চর্গিত, মর্দিত, সংমর্দিত, বাটা ; [In Divinity.] দুঃশিত, শোকান্বিত।
- Attriteness, n. s.* ক্রয়ত্ব, ক্রীণত্ব পেসন ঘর্ষণ বা মর্দনদ্বারা ক্রয়প্রাপ্তত্ব, সংমর্দনদ্বারা জর্গিতত্ব।
- Attrition, n. s. Lat.* ঘর্ষণ, বাটন, সংমর্দন, ঘর্ষণ বা পেসন বা মর্দনদ্বারা ক্রয় হওন বা করণ, ক্রয়, ক্রীণত্ব, জর্গিতত্ব, ভয়প্রযুক্ত পাপনিমিত্তক দুঃখ, অতিশয় গেদ বা বিমশ, মনস্থাপ।
- To Attune, v. a.* সুরবিশিষ্ট-ক, সুরবীণা, সুর মিল (ফ্র), সুরির ঐক্য জন (ফ্র), সুরের বা শব্দের মিল-ক।
- Atwain, ad. Sax.* দ্বিভাগরূপে, দ্বিগুণপূর্বক, দ্বৈখানক্রমে, পৃথকত, ভিন্নত, স্বতন্ত্রত, জুদাত, তফাত, ছাড়াছাড়ি।
- Atween, a. and prep.* মধ্যে, মাঝখানে, অভ্যন্তরে।
- Atwixt, prep.* মধ্যে, মাঝামাঝি, অভ্যন্তরে, মাঝে, মধ্যস্থানে।
- Atwo, ad. Sax.* দ্বি, দুইত, যোড়ত, যুগুত।
- To Avail, v. a. Fr.* লভ্য-ক, প্রয়োজনীয়-ক, কোন কাহার গুণ শক্তি বা কার্য্য ইত্যাদি আপনার বা পরের লাভার্থে ব্যবহার-ক, সাহায্য-গুহ, উন্নতি-ক, উপকার-ক, স্বকার্য সাধনার্থে অন্যের কার্য্য বা বিষয় গুহণ-ক বা তাহাতে নির্ভয়-ক বা তাহা ব্যবহার-ক।
- To Avail, v. n.* লাভপ্রাপ্ত-হ, প্রয়োজনক-হ, সাফল্য-হ, সাহায্য শীল-হ উপকারী-হ, পরোপকার-গুহ।
- Avail, n. s.* লাভ, গুণ, সাফল্য, উপকার, সাহায্য ফল, অন্যের স্বত্ব ইত্যাদি ধারণ বা গুহণ বা ব্যবহার করণ।
- Available, a.* লভ্যদায়ক, গুণার্থ সফল, উপকারী, সাহায্যশীল, ফলদায়ক, কর্ম্মার্থ, কার্য্যোপযুক্ত, পরাক্রমী, বলবৎ।
- Availableness, n. s.* লভ্যত্ব, সাফল্য, কার্য্যার্থিত্ব, কার্য্যোপযুক্ততা, ব্যবহার্য্যতা, কোন শক্তি বা গুণ সফলকারিশক্তি, সিদ্ধিসাধ্যত্ব, গুহণসমর্থতা, বল, শক্তি, সাধ্য, যথার্থ শক্তি, আত্মকার্য সাধনার্থে অন্যের গুণ স্বত্ব কার্য্য শক্তি বিষয় ইত্যাদি গুহণীয়ত্ব বা ব্যবহার্য্যত্ব।
- Availably, ad.* সাফল্যরূপে, লাভপূর্বক, কর্ম্মোপযুক্তরূপে, যথার্থরূপে, বলবত্তররূপে, দৃঢ়রূপে, পরাক্রমপূর্বক, নিশ্চয়রূপে অন্যেতে নির্ভরপূর্বক, অন্যের স্বত্ব বা কার্য্য বা বিষয় ইত্যাদি আপনার বলিয়া ব্যবহারপূর্বক।
- Availment, n. s.* কার্য্যোপযুক্ততা, সাফল্য, উপযোগিতা, লাভজনকত্ব, স্বকার্য সাধনার্থে অন্যের কার্য্যোপরি বা বিষয়োপরি নির্ভর করণ বা তৎকার্য্য বা উদ্ভিন্ন গুহণ বা ব্যবহার করণ।
- To Avale, v. a. Fr.* অবনমন-ক, অবনয়ন-ক, অবনত-ক, এড়িয়া

- বা ছাড়িয়া-দা, পড়িতে-দা, অধোদিগে ছাড়িয়া-দা, নিম্ন-ক, ভোবা-ক।
- To Avale, v. n.* অবনত-হ, ডুবিয়া, তল-হ, নিম্ন-হ, ভোবা-হ।
- Avant, সৈন্যের সম্মুখপাশ্ব, যোদ্ধদলের সম্মুখ, বাহপ্রাগভাগ।*
- Avant courier, n. s. Fr.* অগুপারক, আগেই পাঠিয়া যায় যে, পাঠিয়া, অগুগামী, পঠিছনসম্বাদ লইয়া অগ্রে প্রেরিত যে, জাহ্নিক, দূত, চার, প্রেসা।
- Avant-guard, n. s. Fr.* সৈন্যের অগুগ দল, সৈন্যের সম্মুখস্থ বাহ, যোদ্ধার প্রথম পংক্তি, সংগুমে অগুপস্থিত সৈন্যদল।
- Avarice, n. s. Lat.* বুদ্ধকা, লোভ, কাম, রাগ, অতিবাঙ্গী, অতিশয়েচ্ছা, লালসা, লিপসা, খাট, বদ্ধিত লোভ বা বাঙ্গী বা ইচ্ছা।
- Avaricious, a.* লোভী, লালচী, অতিশয় বাঙ্গীবান।
- Avariciously, ad.* লোভপূর্বক, লালচপূর্বক, অতিরিক্ত বাঙ্গীক্রমে।
- Avariciousness, n. s.* লোভিত্ব, লালচ, কাম, অতিশয়েচ্ছা, বদ্ধিত্তবাঙ্গী।
- Avarous, a.* লোভী, লালচী, কামী, অনুরাগী, খাটবিশিষ্ট।
- Avast, ad.* স্থকিত হও, প্রচুর, যথেষ্ট, বশ ইত্যাদ্যর্থ বোধক অবায শব্দ। নাবিকেরদের বা জাহাজমল্লেরদের মধ্যে এই শব্দ বহু ব্যবহার্য্য।
- Avancement, n. s.* অগুগমন, অগুসরণ, অগুসরহওন, পূর্বহওন।
- To Avaunt, v. a. Ital.* আহোপক্রমিকা-দৃশ (ফ্র), দর্প-ক, ঠাট-ক, গর্দ-ক বা -দৃশ (ফ্র), জাঁক-ক, জাঁক জমক-ক, বড়াই-ক, মর্দানি-ক।
- To Avaunt, v. n.* অগুগামী-হ, অগুসর-হ, পূর্বগস্তা-হ, পূর্বগামী-হ।
- Avaunt বা Avauntance বা Avauntry, n. s.* আহোপক্রমিকা, দর্প, গর্দ, ঠাট, জাঁক, জাঁকজমক।
- Avaunt, interj.* কৃচ্ছার্থবোধক অবায়শব্দ যথা, দূর, দূরত, দূর হও।
- Auburn, a.* কটার্ণবর্ণবিশিষ্ট, মেটিয়ারঙ্গ, পাণ্ডুবর্ণ।
- Auction, n. s. Lat.* বর্দ্ধমান মল্যেতে বিক্রয়, দ্বাবিক্রয় গৃহ, যোমণপূর্বক বিক্রয়, দ্বাবিক্রয়ের এক ধারা তাহাতে ক্রয়াকাঙ্ক্ষীরা একের উপর অন্য দাম ডাকে বা বাড়ায়, নীলাম, নীলামে বিক্রয় দ্বারা।
- To Auction, v. a.* নীলাম-ক, নীলামে বিক্রয়-ক, নীলাম-ডাক।
- Auctionary, a.* নীলামবিষয়ক, নীলামঘরসম্বন্ধীয়।
- Auctioneer, n. s.* নীলামকর্ত্তা, নীলামে দ্বাবাদি ডাকে বা বিক্রয় করে যে, যোমণদ্বারা বিক্রোতা, নীলামওয়াল।
- Auctive, a.* বদ্ধিযু, বর্দ্ধনশীল, অধিক হওন ধর্ম্মক বা গুণবিশিষ্ট।
- Acupapation, n. s. Lat.* ব্যাধব্যবসায়, শিকারীকার্য্য, পাশ্বিধরণ।
- Audacious, a. Lat.* ধৃষ্ট, সাহসিক, নির্ভয়, নির্লঙ্কা, বেহায়া, বৃহচ্ছিত্ত, সাহসজনক, বড়বুক বা বড়ছাতি আছে যাহার।
- Audaciously, ad.* সাহসপূর্বক, নির্লঙ্কারূপে, বৃহচ্ছিত্তপূর্বক।
- Audaciousness, n. s.* ধৃষ্টতা, সাহস, বৃহচ্ছিত্তবিশিষ্টত্ব, হিম্মত, নির্লঙ্কা, বেহায়ামি।
- Audacity, n. s.* সাহসিকতা, বৃহচ্ছিত্ততা, দৃঢ়চিত্তত্ব, নির্ভয়তা, নির্লঙ্কত্ব।
- Audible, a. Lat.* শ্রাব্য, শ্রবণার্থ, শ্রোতব্য, শ্রবণযোগ্য।
- Audible, n. s.* শ্রাব্যত্ব, শ্রবণার্থিত্ব, শ্রবণের বিষয় বা কর্ম্ম।

**Audibly, ad.** শ্রাব্যরূপে, শ্রবণার্থরূপে, শুনা যায় এই ক্রমে।  
**Audience, n. s.** শ্রবণ, শ্রবণস্থান, শ্রবণকর্তা, সম্মানবাহকের বাক্য শ্রবণ, সাক্ষাৎকরণ, সাক্ষাৎদেওন, বাক্যকথনে অনুমতি দেওন, অবপান, করণ, কর্ণদেওন, দরখাস্ত শুনা, সভাস্থ হওন, সভাস্থান, নিবেদনগৃহণ, নিবেদনগৃহণস্থান, আরজী গৃহণশালা।  
**Audience-chamber, n. s.** শ্রবণশালা, বাক্যকরণগৃহ, সভাস্থান, শ্রবণার্থে বা কথা কহনের জন্য লোকসমূহ সভাস্থ হন যে স্থানে, নিবেদনগৃহণগৃহ, নিবেদনগৃহণশালা, দরখাস্তথানা।  
**Audience court, n. s.** কাস্তুরবরিনামক মহাপক্ষিপাক্ষের ব্যবস্থান বা নিবেদনগৃহণ, গৃহ, দরখাস্তকরণের ঘর।  
**Audient, n. s.** শ্রোতা, শ্রবণকর্তা, অবপানকর্তা, শুনে যে।  
**Audit n. s.** শেষ হিসাব।  
**To Audit, v. a.** শেষহিসাব-কৃ, শেষগণনা-কৃ, হিসাবে-আন বা -দা, জমাগরচ-কৃ, হিসাবে-গৃহ বা -দা, হিসাবে মুকুরা-দ।  
**To Audit, v. n.** গণিত-ক, সংগণা-নৌ, হিসাব-দা বা -লও, হিসাবে-দা বা -গৃহ, ঠিক-দা।  
**Audit-house, n. s.** পক্ষশালা, কটবর্ত্তি বা তদুঠানমধ্যস্থিত উৎসস্বাক্ষীয় কার্য সম্মাননাধিক গৃহ বা শালা।  
**Audition, n. s.** শ্রবণ, অবপান, শুনন, কর্ণ দেওন।  
**Auditive, a.** শ্রবণশীল, অবপানশক্তিবিশিষ্ট, শ্রবণশক্তিবিশিষ্ট।  
**Auditor, n. s.** শ্রবণকর্তা, শ্রাবক, অবপানকর্তা, শুনে যে, শ্রোতা, মুস্কিফ, মুহরির, হিসাব বা জমাগরচ লয় বা লিখে যে।  
**Auditorship, n. s.** শ্রোতার বা শ্রবণকর্তার পদ, মুহরির কার্য, হিসাব বা জমাগরচ লয় বা লেখে যে তাহার পদ বা কার্য, দফতরী।  
**Auditory, a.** শ্রবণশক্তিপূর, অবপানকারী, শ্রবণেন্দ্রিয়সচক।  
**Auditory, n. s.** শ্রবণ, অবপান, দিদ্যাশিক্ষা বা আজ্ঞাশ্রবণ করে যে স্থানে, শ্রবণশালা, নিবেদনপত্র ইত্যাদির পাঠশালা।  
**Auditress, n. s.** শ্রোত্রী, শ্রবণকর্ত্রী, অবপানকারিণীস্ত্রী।  
**Ave, n. s.** Lat. শূঁক্টের মাতা মারিয়ার উদ্দেশে ক্রমীয় মতাবলম্বিরদের সংগৃহীত নমস্কারের আদিপ্রকরণ; এবং Ave Maria বা Ave Mary শব্দের সংক্ষেপ বাক্য।  
**To Avel, v. a.** Lat. আকর্ষণ-কৃ, টানিয়া-লও বা -ফেল, উৎপাটন-কৃ, উপড়িয়া-লও বা -ফেল।  
**Avenge, n. s.** Lat. করপরিবর্ত্তে বা রাজস্বরূপে দত্ত যব, শস্যকর বা পান্যস্বত্ববিশেষ।  
**Avener বা Avenor, n. s.** Fr. অশ্বশালাধ্যক্ষ, অশ্বাগারপতি, ঘোড়া রক্ষক পদস্থ বিশেষ, সহিস।  
**To Avenge, v. a.** Fr. ফল-দা, প্রতিফল-দা, প্রতীকার-কৃ, আক্রোশ বা ক্রোধ-ঝাড়, আক্রোশ নিবর্ত্তন-কৃ, দণ্ড-দা, আপশোসমিটা, শাস্তি-দা, শাস্তা-দা, ভাটিয়া-দা।  
**Avenge, n. s.** দণ্ডকরণ, প্রতিফলদান, প্রতীকারকরণ, ক্রোধনিবর্ত্তন, আক্রোশ নিবৃত্তি, ক্রোধঝাড়ন; শাস্তি, শাস্তা, ফল, দণ্ড।  
**Avengence, n. s.** দণ্ড, ফল, প্রতিফল, প্রতীকার, ক্রোধনিবর্ত্তন, আক্রোশ নিবৃত্তি, ক্রোধ ঝাড়ন, আপশোসমিটান, শাস্তি, শাস্তা।  
**Avengement, n. s.** তথা।  
**Avenger, n. s.** শাস্তা, ফলদাতা, প্রতিফলদাতা, প্রতীকারকর্তা, ক্রোধ বা আক্রোশ নিবর্ত্তনকর্তা, শাস্তিদাতা, শাস্তা দেয় বা আপশোসমিটায় যে।  
**Avengeress, n. s.** প্রতিফলদায়িনী, প্রতিকারকারিণীস্ত্রী, আক্রোশ নিবর্ত্তনকারিণীস্ত্রী, শাস্তিদায়িনীস্ত্রী।

**Avens, n. s.** ভূবিশেষ।  
**Adventure, n. s.** Fr. নৃগাপরাদে দোষী বা হইয়া দৈবাত্ম মনুষ্যজনন, অদৃষ্ট ঘটিত বস, দৈবখান।  
**Avenue, n. s.** Fr. শ্রেণী, কোন স্থানগমনের বা গৃহগমনের সৃষ্টিপথ, গৃহসম্মুখ স্থিত বৃক্ষপংক্তি বা গাছের সারি বা কেয়ারী, গলিপথ, সূঁড়িমার্গ, আঁটোরাস্তা।  
**To Aver, v. a.** Fr. একান্তে-কণ, নিশ্চয়রূপে-কণ, শপথপূর্বক বা কা-কৃ, নিতান্তে-কণ, দৃঢ়রূপে উক্তি-কৃ, দিব্যপূর্বক প্রকাশ-কৃ।  
**Average, n. s.** Lat. পশু রূপ ইত্যাদি দ্বারা উৎপন্ন কর বা রাজস্ব বিশেষ, কাড়সময়ে বা তুফানে জাহাজ রক্ষার্থে কলে ক্রিষ্ট বাণিজ্যদ্রব্য বিশিষ্টলোকেরদের উপকারার্থে বণিককর্তৃক দানীয় নিকৃপিত অর্থ বা চাদা, নিকৃপিত ভাড়াভিন্ন বাণিজ্যদ্রব্য রক্ষার্থে নৌকাপাক্ষকে দেয় পারিতোষিক বিশেষ, হারাহারি, গড়, মোট, মোটামোট, স্থূল।  
**To Average, v. a.** গড় দর-কৃ, মোটে দাম স্থির-কৃ, মোটামোট দর-কৃ, স্থলে মূল্যনিকৃপণ-কৃ।  
**Averment, n. s.** প্রমাণদ্বারা নিদ্রাস্যকরণ, প্রমাণপূর্বক স্বেচ্ছা, প্রতীকিত প্রমাণ স্বেচ্ছাকরণ, আসামির নিদ্রারণ, স্বেচ্ছা, নিদ্রার্থীতা, নিয়ম নিবর্ত্তক, বন্দোবস্ত, বেগাপাড়ি বা বেগাপড়া।  
**Avermat, n. s.** দ্রাক্ষালতাবিশেষ।  
**Averpenny, n. s.** রাজকরবিশেষ, পশ্বাদির কার্যরূপকর না দেওন পরীকর্ত্তে রাজবাহনজন্যে নিকৃপিত কর।  
**Averruncation, n. s.** উন্মলন, উপড়িয়া ফেলন, জড়মুদ্র উৎপাদন, উৎপাটন, সমলোৎপাটন।  
**To Averruncate, v. a.** Lat. উপড়, উৎপাট, জড়মুদ্রউৎপাটন-কৃ, সমলে উৎপাটন-কৃ, উৎপাটিয়া-ফেল।  
**Aversation, n. s.** গুণা, অশ্রদ্ধা, নারার, তুচ্ছতা।  
**Averse, a.** Lat. দ্বন্দ্ব, অনিচ্ছাশীল, অসম্মত, অশ্রদ্ধাশ্রিত, অসন্তোষ, অপ্রিয়, প্রতিকূল, বৈরী, বিপরীত, বিরুদ্ধ, পরাভয়, নারাজ।  
**Aversely, ad.** অসম্মতিপূর্বক, অসম্মতরূপে, প্রতিকূলতারূপে, বৈরপূর্বক, অনিচ্ছাপূর্বক, নারাজতে।  
**Averseness, n. s.** অসম্মততা, অনিচ্ছুকতা, অশ্রদ্ধাশ্রিতত্ব, পরাভয়মুখতা চিত্তের বিপরীতত্ব, বৈপরীত।  
**Aversion, n. s.** অসন্তোষ, অনিচ্ছা, অশ্রদ্ধা, অশ্রদ্ধার কারণ, পরাভয়মুখত্ব, চিত্তের বিপরীতত্ব, মনের বৈরিত্ব বা অশ্রদ্ধা, গুণা, অর্কচি, বিরুদ্ধতা, নারাজ।  
**To Avert, v. a.** Lat. একপার্শ্ব-কৃ, দূর-কৃ, নিবৃত্ত-কৃ, অন্যথা-কৃ, ফির, পরাবৃত্ত-কৃ, পরাভয়মুখ-কৃ, একপার্শ্ব-দা বা -কৃ বা -রক্ষ বা -স্থা (ঞ), কোন আপদ উপদূর ভয় রিসয় ইত্যাদি পরাভয়মুখ বা নিবারণ বা অন্যথা-কৃ (ঞ), গুণা, নিবারণ-কৃ, রক্ষ-কৃ।  
**To, Avert, v. n.** একপার্শ্ব-ত, অন্যথা-ত, দূর-ত, ফির, অন্যত্র টানিয়া বা ফিরিয়া-দা, পরাবৃত্ত-ত, নিবৃত্ত-ত।  
**Averter, n. s.** নিবর্ত্তনকর্তা, পরাবর্ত্তনকর্তা, পরাভয়মুখকর্তা, নিবারণকর্তা, নিবারক, কোন আপদ উপদূর রিসয় ইত্যাদি পরাভয়মুখ বা অন্যথা বা নিবর্ত্তন বা নিবারণ করায় যে, একপার্শ্ব বা অন্যত্র করায় যে, কোন আপদ উপদূর ইত্যাদিই হইতে রক্ষাকর্তা, কোন কিছুকে ফিরায় বা স্বপথবহির্ভূত করে যে, ব্যর্থকর্তা।  
**Auf, n. s.** Dut. ক্রিপুব্যক্তি, খেপা, বাহুল্যব্যক্তি, পাগল।  
**Auger, n. s.** Dut. ছিদ্র করিবার অস্ত্র, রন্ধুকারকাস্ত্রবিশেষ, ডমর।



Aught, *pron.* Sax. কোন, কিছু, যৎ, যে, যাহা, কোন কিছু, যে।  
কিছু, যৎকিঞ্চিৎ, কোন দু'ব্য বিষয়ইত্যাди।  
To Augment, *v. a.* Fr. বৃদ্ধ, বর্দ্ধন-কৃ, বাড়, স্থূলে বা মোটে-বৃদ্ধ  
সংখ্যাতে বা গণনাতে বৃদ্ধ, উন্নতি-কৃ।  
To Augment, *v. n.* বৃদ্ধ, বর্দ্ধিত-হ, বাড়, স্থূলে বর্দ্ধিত-হ, অনেক  
-হ, বড়-হ, বৃহৎ-হ, উন্নত-হ, দেয়াদা-হ, বেশি-হ।  
Augment, *n. s.* বর্দ্ধন, মূলে বৃদ্ধি, আপিক্য, বৃদ্ধি, বাড়ন, উন্নতি।  
Augmentation, *n. s.* বর্দ্ধন, মূলে বৃদ্ধি, উন্নতি, বর্দ্ধিতাবস্থা, কোন  
কিছু বৃদ্ধি পায় যদ্বারা। [In Heraldry.] ফলকেতে বা ঢালেতে  
চিত্রিত বিশেষ কুলীনপদচিহ্ন।  
Augmentation-court, বুদ্ধোত্তরইত্যাদিরূপভূমি বা পর্যায়শালা  
লোপ বা হ্রাস বা বিক্রয়দ্বারা রাজকর বর্দ্ধনার্থে অষ্টম হেনরিক  
কর্তৃক নিরূপিত ব্যবস্থান বা আদালত ঘর।  
Augmentative, *a.* বর্দ্ধনশীল, বৃদ্ধিসাপ্য, বর্দ্ধনসমর্থ, স্থূলে বা মো  
টে বর্দ্ধনীয়, অধিক হওনশীল, বৃহৎ হওনশীল।  
Augmenter, *n. s.* বর্দ্ধনকর্তা, বৃদ্ধি করায় বা করে যে, বাড়ায় যে,  
অধিক বা বৃহৎ করায় যে।  
Augre, *n. s.* Auger শব্দ দেখ।  
Augrehole, *n. s.* ভমরদ্বারা নির্মিতছিদ্র, ভমরেতে কৃত ছেদ।  
Augur, *n. s.* Lat. গণক, পক্ষির উড়ন ইত্যাদি লক্ষণদ্বারা শুভাশুভ  
বক্তা, হাত দেখন, জ্ঞান।  
To Augur, *v. n.* লক্ষণদ্বারা শুভাশুভ-কথ, হস্ত ইত্যাদি লক্ষণদ্বারা  
মঙ্গলামঙ্গল-দৃশ, গণক-হ, আন্দাজ-কৃ, আটকল-কৃ।  
To Augur, *v. a.* ভবিষ্যদ্বিষয়-কথ, গণকতা-কৃ, জ্ঞানামি-কৃ।  
To Augurate, *v. n.* লক্ষণ বা চিহ্নদ্বারা ভবিষ্যদ্বাক্য-কথ, গণকতা  
-কৃ, লক্ষণদ্বারা অনুধাবন কৃ।  
Auguration, *n. s.* গণকতা, গণককার্য্য, জ্ঞানামি, লক্ষণদ্বারা ভাবি  
শুভাশুভবিবেচনা, মঙ্গলামঙ্গলনিরীক্ষণ।  
Augurer, *n. s.* গণক, জ্ঞান।  
Augurial, *a.* গণকবিষয়ক গণককার্য্যসম্বন্ধীয়।  
Augurise, *v. n.* গণককার্য্য ব্যবসায়ী-হ, জ্ঞান-হ, লক্ষণদ্বারা ভাবি  
শুভাশুভ-কথ বা -দৃ।  
Augurous, *a.* লক্ষণদ্বারা ভাবিশুভাশুভ কথনশীল, মঙ্গলামঙ্গলসূচ  
ক, শুভাশুভজ্ঞাপক গণনামর্থক, জ্ঞানসূচক।  
Augury, *n. s.* লক্ষণ বা চিহ্নদ্বারা ভাবিশুভাশুভ কথ্য, ভবিষ্যদ্বাক্য,  
ভাবি বিষয়ক লক্ষণ বা চিহ্ন, গণকতা, জ্ঞানামি।  
August, *n. s.* ইউরোপীয় বৎসরের অষ্টমমাস, ১৭ শ্রাবণাবধি  
১৮ ভাদ্রপূর্ণ্যাস্ত্রকাল। জানুয়ারি মাসাবধি আগস্টনামক ইউরো  
পীয় অষ্টমমাসের শেষপূর্ণ্যাস্ত্রকাল আগস্টস্কাইসর নামে সমু  
টের প্রশংসার্থে তন্নামে প্রসিদ্ধ আছে।  
August, *a.* মহা, মহামহিম, প্রগল্ভ, প্রচণ্ড, অতিসম্মান, মহাপ্রতা  
পান্ডিত, প্রধান, মহৎ, শ্রীযুক্ত, রাজবংশীয়, বাহাদুর।  
Augustness, *n. s.* মহত্ত্ব, প্রগল্ভত্ব, মহামহিমত্ব, প্রচণ্ডত্ব, প্রতা  
প, মহাপ্রতাপ, মর্যাদা, সম্মান, রাজশ্রী।  
Aviary, *n. s.* Lat. পক্ষাগার, চিড়িয়াখানা, কোন দু'ব্যদ্বারা বেষ্টিত  
পক্ষী রাখিবার বা থাকিবার স্থান, বড়পিঁজুর।  
Avidiously, *ad.* Lat. অতিশয়েচ্ছাপূর্নক, বৃহৎকাঙ্ক্ষাপূর্নক, অতিশ  
য়ক্ষুধাপূর্নক, অতিশয় লালচপূর্নক, বড়খাইপূর্নক, অপরিভূর্তী  
বাঞ্ছাক্রমে, উচ্চাকাঙ্ক্ষাপূর্নক, অতিযত্ন বা চেষ্টিপূর্নক, ব্যগুতাক  
পে।  
Avidity, *n. s.* অতিশয়েচ্ছা, অতিশয়ক্ষুধা, বৃহৎকাঙ্ক্ষা, অতিশয়লা  
লচ, বড় খাই, অপরিমিতবাঞ্ছা, অতিশয়াকাঙ্ক্ষা।  
To Avile, *v. a.* Fr. দু'নাম-দা, সমুদ্রহ্রাস-কৃ, সদৌষ-কৃ, অমর্যাদা

-কৃ, খর্দ-কৃ, খাট-কৃ, সকলহ-কৃ, দোস-দা, অগমতা-কৃ, বদনাম  
-কৃ, ভরমৎ-লও।  
To Avise, *v. n.* Fr. বিবেচক-হ, অনুধাবন-কৃ, বিচার-কৃ। Avizo  
শব্দ দেখ।  
Avise বা Aviso, *n. s.* Fr. সম্মাদ, সমাচার, খবর।  
Avisement, *n. s.* Fr. পরামর্শ, যুক্তি, সম্মাদ, সমাচার।  
Avitons, *a.* Lat. প্রাচীন, পূর্বকালীন।  
To Avize, *v. a.* পরামর্শ-কৃ, যুক্তি-দা, অনুধাবন-কৃ, বিবেচনা-কৃ,  
বিচার-কৃ, মন্তব্য-কৃ বা -দা।  
Auk, *n. s.* Isl. সমুদ্রীয় বা সমুদ্রস্থ পক্ষিবিশেষ।  
Aukward, Aukward শব্দ দেখ।  
Aularain, *n. s.* Lat. অল্পফলনামক পাঠশালাস্থ পড়ুয়া বা ছাত্রপ  
দ্বিশেষ, পাঠশালার উপপদস্থ বিশেষ।  
Auld, *a.* Sax. পুরাতন, প্রাচীন, পুরাণ।  
Auletick, *a.* Gr. প্রণালীসম্বন্ধীয় নলীবিষয়ক।  
Aulick, *a.* Lat. ব্যবস্থানবিষয়ক বিচারগৃহসম্বন্ধীয় কাছারীবিষ  
য়ক।  
Aulu, *n. s.* ফ্রান্সীয় পরিমাণবিশেষ; চারি হাত পরিমাণ মাপবি  
শেষ।  
To Aumail, *v. a.* Fr. চিত্র-কৃ ভূষণ-কৃ। Amelled শব্দ দেখ।  
Aumbry, Ambry দেখ।  
Aunt, *n. s.* Fr. পিতার বা মাতার ভগিনী পিতৃস্বসা, মাতৃস্বসা পি  
তৃস্বস্বী মাতৃলানী, খুড়ী, জেটাই, পিসি, মাসি, মামি।  
Aunter, *n. s.* Adventure শব্দ পরিবর্তে ব্যবহায্য প্রাচীনকালীন  
শব্দ।  
Avocado, *n. s.* Span. আমেরিকা দেশস্থ ম্লানীর অধিকারে জাত  
বৃক্ষ বিশেষ।  
To Avocate, *v. a.* Lat. কোন কার্য্যই হইতে ডাকিয়া লও কোন কা  
র্য্য হাতছাড়া-কৃ, নিবৃত্ত-কৃ (ঞ), ক্রান্ত-কৃ (ঞ), অনুরোধ-কৃ  
(ঞ)।  
Avocation, *n. s.* কন্ম, কার্য্য, কোন কার্য্যই হইতে ডাকিয়া লওন,  
নিভূতে ডাকিয়া লওন নিভূতে আত্মান যে কার্য্য কাহাকে আ  
পন কার্য্যই হইতে লওয়ায়, অনুরোধ, কন্মানুরোধ, অবকাশ, অ  
বসর।  
Avocative, *n. s.* কোন কার্য্যই হইতে ডাকিয়া লয় বা আত্মান করে  
যাহা, কার্য্য হাত ছাড়া করে যে, পরামর্শ, উপদেশ।  
To Avoid, *v. a.* Fr. ভাড়িয়া-যা এক পার্শ্বে হইয়া-গমন, ভাড়িয়া  
যাওনে চেষ্টি-পা, ত্যাগ-কৃ, পলাইয়া-সা, দূরপরিহার-কৃ, ত্যা  
গার্থে চেষ্টি-কৃ, ভাড়িয়া-যা বা-দা, এড়িয়া-দা বা-যা, নির্গত-কৃ  
নির্গম-কৃ (ঞ), নিষ্কম-কৃ, নিঃক্ষেপ-কৃ, প্রক্ষেপ-কৃ, বাধা-জন  
(ঞ), নিবারণ-কৃ, প্রতিবাদ-কৃ, লোপ-কৃ, নিরর্থক-কৃ, বাতিল-  
কৃ, বদ-কৃ, ব্যর্থ-কৃ।  
To Avoid, *v. n.* ছাড়িয়া-যা, উত্তরিয়া-যা, শূন্য-হ, অতীত-হ অ  
তীতেপ্রায়-হ, নিরর্থক-হ, ব্যর্থ-হ, লোপ-হ, বাদ-হ, বাতিল  
-হ।  
Avoidable, *a.* ত্যাজ্য, পরিত্যাগকরণীয়, উত্তরণসাপ্য, ছাড়িয়া  
যাওনে সমর্থ, এড়িয়া যাওনসাপ্য, নিরর্থক হওনসমর্থ, ব্যর্থকর  
ণীয়, লোপনীয়।  
Avoidance, *n. s.* ত্যাগ, পরিত্যাগ, ভাড়িয়া যাওন, ছাড়িয়া যাও  
ন, একপার্শ্বে হইয়া যাওন, উত্তীর্ণহওন, যৎপথ বা যদুপায়দ্বারা  
কোন কিছ স্বস্থানই হইতে অন্যত্র চালিত হয়, স্থানান্তরহওন, 'ন  
রর্থকহওন, ব্যর্থহওন, অপ্ৰামাণ্যহওন, লোপ বা বাতিল বা  
বদ হওন।

**Avoider, n. s.** পরিত্যাগকর্তা, ভাড়িয়া বা এড়িয়া যায় যে, এক পার্শ্ব গমনকর্তা, স্থানান্তরকর্তা, অন্যত্র চালনকর্তা ।

**Avoidless, a.** পরিত্যাগাসাধ্য, এড়িয়া বা ছাড়িয়া বা ভাড়িয়া যা ওন, অসাপ্য, নিশ্চয়াই, স্থিরীভবনীয় ।

**Avoldupois, n. s.** Fr. পরিমাণ বা বাটখারা বিশেষ । তন্মাত্রক পরিমাণদ্বারা ভারি দুব্যাদি ভৌল হয় ।

**To Avoke, v. a.** Lat. পুনরাহ্বান-কৃ, উল্টিয়া-ডাক, ফিরিয়া-ডাক ।

**Avolation, n. s.** Lat. পলাওন, পলাইয়া যাওন, মুক্তহওন, নিষ্কার হওন, ছুটিয়া যাওন, এড়িয়া যাওন ।

**To Avouch, v. a.** Fr. প্রমাণ-দা, প্রামাণ্য-কৃ, নিশ্চয়-কৃ, স্থির-কৃ, শপথদ্বারা বা দিব্যদ্বারা স্থির-কৃ, নিষ্ঠাবাক্য-কৃ, স্বপক্ষ-স্বা(ক্রি), অন্যপক্ষে প্রদর্শন-কৃ, যথার্থবাদ-কৃ, কোন কাহার পক্ষে সাক্ষী-দা, নিদোষতা প্রকাশ বা জ্ঞাপন-কৃ ।

**Avouch, n. s.** প্রকাশমান বাক্য, প্রদর্শন, কথন, বাক্য, সাক্ষী, প্রমাণ ।

**Avouchable, a.** প্রদর্শনীয়, প্রমাণযোগ্য, সাক্ষ্যসাধ্য, স্থিরকথনীয়, নিশ্চয়প্রদর্শনীয়, স্থিরজ্ঞাপনীয় ।

**Avoucher, n. s.** প্রদর্শক, প্রমাণদাতা, সাক্ষ্যদাতা, স্ববচনদৃঢ়কর্তা, স্ববাক্যস্থিরকর্তা, নিশ্চয়কর্তা ।

**Avouchment, n. s.** প্রদর্শন, প্রমাণ, নিষ্ঠাবাদ, প্রকাশবাক্য, নিশ্চয় কথন, দৃঢ় বচন ।

**To Avow, v. a.** Fr. অঙ্গীকার-কৃ, নিঃসন্দেহ পূর্বক-কথন, নিষ্ঠাবাদ-কৃ, নিঃসন্দেহরূপে বাক্য-কৃ, মান, মানত-কৃ ।

**Avow, n. s.** নিশ্চয়, দৃঢ়বাক্য, মনেতে স্থিরীকৃত যাহা, নিঃসন্দেহ কৃত, নিষ্ঠাবচন, মানস, মানত ।

**Avowable, a.** নিঃসন্দেহে বক্তব্য, অপ্রতিবাদে কথনীয়, প্রকাশরূপে কথনযোগ্য, দিনালঙ্কাতে বচনীয়, প্রকাশমান কথনিতব্য ।

**Avowal, n. s.** প্রকাশমানবাক্য, নিষ্ঠাবাদ, নিঃসন্দেহবাক্য, যথার্থবাদ, প্রমাণবাক্য, নিশ্চয়বচন ।

**Avowedly, ad.** প্রকাশমানরূপে, প্রসিদ্ধরূপে, ব্যক্তরূপে, প্রকাশমানপূর্বক, নিশ্চয়রূপে, স্ববচনপূর্বক ।

**Avowee, n. s.** অপিকারদানস্বত্বপারী, ধর্ম্মশালা বা কোন উপাদি দানশক্তি আছে যাচার ।

**Avower, n. s.** নিশ্চয়কর্তা, স্বযথার্থ্য প্রকাশ করে যে, স্বপক্ষপাতিত্ব নিশ্চয় বা স্থির করে যে, প্রমাণদাতা, স্ববাক্যদৃঢ়কর্তা ।

**Avowry, n. s.** [In Law.] সৎ জ্ঞানবিশেষ । রাজার নিমিত্তে বা কারার্থে কোন দুব্য আটক হইলে তদ্ব্যবস্থাপক দেওনশক্তিপ্রার্থনা ।

**Avowsal, n. s.** অঙ্গীকার, স্বীকার, কবুল, মঞ্জুর ।

**Avowtry, n. s.** Advowtry শব্দ দেখ ।

**Aurate, n. s.** ফলবিশেষ ।

**Aureat, a.** Lat. স্বর্ণময়, সুবর্ণবিশিষ্ট, সোণালা ।

**Aurelia, n. s.** Lat. গুটিপোকা, কাঁটশাবকের পুথমরূপ পরিবর্তন ।

**Auricle, n. s.** Lat. কর্ণের বহিরংশ, হৃৎকোস, কর্ণের বহিরংশবৎ, হৃদযন্ত্রকোষদ্বয় ।

**Auricula, n. s.** পুষ্পবিশেষ ।

**Auricular, a.** কর্ণগোচর, শ্রবণসাধ্য, শ্রবণেন্দ্রিয়বোধক, শ্রবণসম্বন্ধি, কর্ণে কথনীয়, অতিগুপ্ত, কর্ণে কথনাই, গোপনে কর্ণে কথিত, পরম্পরাক্রম ।

**Auricularly, ad.** কাণে, গোপনরূপে, চুপচাপে, গুপ্তভাবে ।

**Auriferous, a.** Lat. স্বর্ণোৎপাদক, সুবর্ণজনক ।

**Aurigation, n. s.** Lat. রথইতাদি চালন ব্যবহার, শকটপ্রচালন ।

**Auripigmentum, Orpiment** শব্দ দেখ ।

**Aurist, n. s.** Lat. কর্ণরোগচিকিৎসক ।

**Aurora, n. s.** Lat. পুষ্পবিশেষ, অরুণোদয়, দিনদ্বারপাল দেবী বিশেষ । [In Poetry.] প্রত্যঃকাল, প্রত্যাস, রক্তিমাবর্ণ বনাত বিশেষ ।

**Aurora Borealis, Lat.** উত্তরকেন্দ্রাবসি আলোর প্রকাশ ।

**Aurum Fulmians, Lat.** গন্ধকজ্বলেতে স্বর্ণকারণ করিয়া মদি রাজ্য লবণ সহিত মিশ্রিত করণেতে উৎপন্নোষধ । ঐ ঔষধের অত্যল্প পরিমাণ লইয়া ঘুটিলে বন্দুকের মত শব্দ হয় ।

**Auscultation, n. s.** Lat. অবধান, কণ্ঠদেওন, কানপাতন, শ্রবণ, মনোযোগদেওন, নির্বিষ্ট হইয়া শ্রবণ ।

**To Auspicate, v. a.** পূঙ্গপ্রদর্শন-কৃ, কাঁচারস্ব-কৃ ।

**Auspice, n. s.** Lat. পক্ষির উড়ন বা গতিদ্বারা লক্ষ বা অনুমানকরণ, ভারি কক্ষের মঙ্গলামঙ্গল, ভারি কক্ষের শুভাশুভলক্ষণ, কল্যাণকল্যাণ বা কুশলাকুশলচিহ্ন, আশয়, আশ্রয়দান, রূপাদর্শন, প্রতাপ, মহিমা, ক্রমতা, তেজঃ, শক্তি ।

**Auspicial, a.** লক্ষণবিসয়ক, চিহ্নসম্বন্ধীয়, শুভাশুভলক্ষণসূচক ।

**Auspicious, a.** মঙ্গলামঙ্গলসূচক, সৌভাগ্যমান, ক্রমসূচক, কুশলযুক্ত, শ্রীযুক্ত, কল্যাণবিশিষ্ট, মঙ্গল, প্রতাপাশ্রিত, ভাগ্যমান, সুখী, কল্যাণবিশিষ্ট, উদ্ভজনক ।

**Auspiciously, ad.** সৌভাগ্যপূর্বক, শ্রীপূর্বক, কৌশল্যরূপে, মঙ্গলপূর্বক, প্রতাপপূর্বক, সুখীরূপে, কল্যাণে, কুশলে, কল্যাণপূর্বক, শুভক্রমে, সুমঙ্গলে, উদ্ভূতাপূর্বক ।

**Auspiciousness, n. s.** শ্রী, মঙ্গল, কল্যাণ, কুশল, শুভ, কল্যাণ বা মঙ্গল লক্ষণ, সৌভাগ্য, ভাগ্য ।

**Austere, a.** Lat. কঠিন, শক্ত, কটু, ককশ, দারুণ, কটুমতি, নিদয়, নিষ্ঠুর, অস্বাস্বাদয়ক ।

**Austerely, ad.** কঠিনরূপে, নিষ্ঠুরতাপূর্বক, কটুত্বরূপে, কঠোর ব্যবহারপূর্বক, নিদয়রূপে, দারুণ চরিত্রক্রমে ।

**Austereness, n. s.** কঠিনত্ব, নিষ্ঠুরত্ব, কটুত্ব, কঠোরব্যবহার, নিদয়তা, শক্ত ব্যবহার, দারুণ রীতি বা আচার ।

**Austerity, n. s.** তথা । কঠোরব্যবহার বা তপস্যা, নিদয়ত্ব, নিষ্ঠুরত্ব, শক্তাই, দারুণাচার, কঠোরত্ব, ককশত্ব ।

**Austral, a.** দক্ষিণস্থ, দক্ষিণকেন্দ্রীয়, দক্ষিণবিশয়ক, দক্ষিণদিক সম্বন্ধীয় ।

**To Australize, v. n.** Lat. দক্ষিণদিকস্থ-হ, দক্ষিণদিগগমনশীল-হ ।

**Austrine, a.** দক্ষিণদিকস্থ, দক্ষিণদিগগতিশীল, দক্ষিণকেন্দ্র সম্বন্ধীয় ।

**Authentic, a.** অকল্পিত, অকৃত্রিম, প্রমাণ, অশঙ্কপ্রমাণ, মূল, আসল ।

**Authentically, ad.** অকল্পিতরূপে, অকৃত্রিমরূপে, প্রমাণক্রমে, প্রমাণপূর্বক, যথার্থ্যরূপে, নিবরণসম্বলিতে, অশঙ্কপ্রমাণপূর্বক, আসলে ।

**Authenticity, n. s.** অকল্পিতত্ব, অকৃত্রিমত্ব, মূলত্ব, স্বলত্ব, প্রামাণ্য, অশঙ্কপ্রমাণত্ব, স্থিরত্ব, অমিশ্রিতত্ব, অনিবারণ্যপ্রামাণ্যত্ব, যথার্থ্য, নির্ভীক, টিক, মূল, আসল ।

**To Authenticate, v. a.** প্রমাণ-দা বা-কৃ, অনিবারণ্য দৃষ্টান্তদ্বারা প্রমাণ-দা, প্রমাণ স্থাপন-কৃ, দৃঢ়রূপে স্থির-কৃ, টিক-কৃ, সর্হি-কৃ, সাভ্যস্ত-কৃ, স্বাক্ষরদ্বারা প্রামাণ্য-কৃ ।

**Authenticity, n. s.** প্রমাণত্ব, কারণ বা কাঁচারপ্রদর্শন, প্রমাণত্ব, প্রামাণ্য, অকৃত্রিমতা, মূলভাবিত্ব, সাভ্যস্ততা, সাবৃদ, সর্হি ।

**Authentic**, *a. Lat.* প্রমাণ, প্রমাণবিশিষ্ট, প্রমাণসিদ্ধ, যথার্থ, অকল্পিত, মূল, স্বল, গোড়া, আসল।  
**Authenticly**, *ad.* প্রমাণপূর্নক, প্রামাণ্যরূপে, মূলক্রমে, আসলমাকিক।  
**Authenticness**, *n. s.* প্রমাণত্ব, প্রামাণ্য, অকল্পিতত্ব, প্রমাণসিদ্ধত্ব।  
**Author**, *n. s. Lat.* কর্তা, কারক, সৃষ্টা, সঙ্জনকর্তা, মূলকর্তা, মূলচালক, প্রথমারম্ভকর্তা, প্রথম চালনকর্তা, মূলপ্রকাশক, মূলরচনাকর্তা, গুণকর্তা, সংগৃহকর্তা, বাণীকর।  
**To Author**, *v. a.* কার্য-ক, সন্মত-ক, সিদ্ধি-ক, নিষ্পন্ন-ক, কোন বিষয়ে কারণ বা কর্তা-হ।  
**Authoress**, *n. s.* সঙ্জনকারিণী, মূলচালনকর্তা, কর্তা, গুণকারিকা।  
**Authoritative**, *a.* কর্তৃত্ববিশিষ্ট, শাসনসূচক, প্রভুত্বপারী, প্রমাণবিশিষ্ট, শক্তিপারী।  
**Authoritatively**, *ad.* কর্তৃত্বপূর্নক, শাসকত্বরূপে, শাসনপূর্নক, প্রমাণরূপে, সপ্রমাণে, দৃষ্টান্তপূর্নক, ক্রমতাপন্নরূপে।  
**Authoritativeness**, *n. s.* শক্তি, ক্রমতা, কর্তৃত্ব, শাসকত্ব, প্রমাণবিশিষ্টত্ব, প্রামাণ্য।  
**Authority**, *n. s. Lat.* ক্রমতা, শক্তি, পরাক্রম, প্রভুত্ব, কর্তৃত্ব, শাসন, আজ্ঞা, হুকুম, দলিল, উপকার, প্রতিকার, প্রমাণ, সৈধ্যা, স্থিরত্ব, প্রত্যয়, বিশ্বাস, ডেরোসা, আশা।  
**Authorization**, *n. s.* শাসনপূর্নক স্থির বা নিশ্চয় করণ, প্রভুত্ব বা কর্তৃত্বপারী সংস্থাপন, মূলরূপে স্থির করণ, ব্যবস্থানুসারে সাভাস্ত করণ, ব্যবস্থাপূর্নক নিশ্চয়করণ, ক্রমতাপূর্নক স্থিরকরণ, সনন্দ।  
**To Authorize**, *v. a.* প্রভুত্ব-দা, ক্রমতা বা শক্তি-প্রদা, কর্তৃত্বপদ-প্রদা বা অর্পণ-ক, ভার-দা, অনুমতি-দা, শাসনপূর্নক স্থির-ক, প্রমাণসিদ্ধ-ক, প্রামাণ্য-ক, যথার্থ্য-ক, সাভাস্ত-ক, প্রত্যয়-ক, বিশ্বাস-ক, ফরমান বা সনন্দ করিয়া স্থির-ক, হুকুম-দা, সহি-ক।  
**Authorless**, *a.* কর্তৃত্বহিত, মূলরহিত, অমূলক, অপ্রমাণিক, প্রমাণহীন, অসাভাস্ত, অসিদ্ধান্ত, জড়রহিত।  
**Authorship**, *n. s.* কর্তৃত্বপদ, গুণরচনাকর্তার কার্য বা পদ, কর্তার কর্তৃত্ব, প্রভুত্ব, গুণকর্তৃত্ব।  
**Autocracy**, *n. s. Gr.* স্বাধীনপ্রভুত্ব, স্বাতন্ত্র্য, স্বাপিকার, শ্রেষ্ঠত্ব, প্রাধান্য, স্বচ্ছন্দতা, স্বাধীনত্ব।  
**Autocratical** বা **Autocratical**, *a.* স্বতন্ত্র, স্বাধীন, স্বচ্ছন্দ, স্বতন্ত্রপারী, স্বাপিকারী, শ্রেষ্ঠ, প্রধান।  
**Autograph**, *n. s. Fr.* স্বহস্ত লিখন, স্বহস্তাক্ষর, আপনার লেখা, আদর্শ, মূল, আসল।  
**Autographical**, *a.* কোন লোকের স্বহস্তাক্ষরবিসয়ক, আত্মহস্তলিখনসম্বন্ধীয়, আদর্শসম্বন্ধীয়, মূলবিসয়ক।  
**Autographically**, *a.* তথা। এবং স্বহস্তাক্ষরীয়, আপন লেখাবিসয়ক।  
**Autography**, *n. s.* স্বহস্তাক্ষর, আপনার হাতের লেখন, স্বাক্ষর, অনুরূপ লিখন নহে অর্থাৎ মূল, মূললিখন, আসল, নকল নয় যাহ।  
**Automatical**, *a.* স্বয়ংগতিবিশিষ্টযন্ত্রবিসয়ক, স্বত্চাল কলসম্বন্ধীয়, অনধীন গতিবিশিষ্ট।  
**Automaton**, *n. s. Gr.* স্বয়ংই গতিবিশিষ্ট কল, আপনাকে চালাইতে পারে এমনত যন্ত্র, স্বত্চালিযন্ত্র।  
**Automatous**, *a.* স্বয়ংচালনশীল, আপনাকে গতিশক্তিধারী, স্বত্চালী।

**Autonomy**, *n. s. Gr.* স্বাধীনচরণ, স্বতন্ত্রাচার, স্বয়ংচালনশক্তি বা ব্যবহার, স্বত্চালিত্ব।  
**Autopsy**, *n. s. Gr.* প্রত্যক্ষপ্রমাণ, প্রত্যক্ষসাক্ষী, স্বচক্ষুঃপ্রমাণ, দৃশ্য প্রমাণ, দেখা যায় এমন সাক্ষী।  
**Autoptical**, *a.* প্রত্যক্ষ, স্বচক্ষুদৃশ্য, দৃষ্টপ্রমাণসূচক, সাক্ষাৎকারী।  
**Autoptically**, *ad.* প্রত্যক্ষরূপে, স্বচক্ষুদৃষ্টিপূর্নক, দৃষ্টপ্রমাণপূর্নক।  
**Autoschediastical**, *a. Gr.* ঝটিতি, ইটাং, হরাং, উপরিংকৃত, ইংসং।  
**Autumn**, *n. s. Lat.* শরৎকাল অর্থাৎ ১৭ শ্রাবণাবদি ১৬ কাৰ্ত্তিকপর্য্যন্ত কাল, গুণ্যোত্তর শীতপ্রাক্কাল অর্থাৎ আগস্টমাসাবদি আক্টোবর মাসপর্য্যন্তকাল।  
**Autumnal**, *a.* শরৎকালসম্বন্ধীয়, তৎকালবিসয়ক।  
**Autumny**, *n. s.* শরৎকাল।  
**Avulsed**, *part. a. Lat.* খেঁচা, টানা, অন্যহইতে ত্তনকীকৃত, অস্থরীকৃত, অন্তরীভূত, স্থানান্তরে চালিত, উপড়িয়া আনা, উৎপাটনকৃত বা আনীত।  
**Avulsion**, *n. s.* চেলা, খেঁচন, টানন, এক দূব্য অন্যহইতে স্বতন্ত্র করণ, তফাওত করণ, অন্তর করণ, স্থানান্তর চালন।  
**Auxesis**, *n. s. Lat.* বর্দ্ধন, বাড়ান, ভূষণ, অলঙ্কার করণ।  
**Auxiliar** বা **Auxiliary**, *a.* সহায়, সহকারী, উপকারী, অনুকূল, পৌক্ষিক, সঙ্গী, সাথী, উত্তরসাপক।  
**Auxiliary Verb**, গৌণক্রিয়া, অন্তর্ভূত ক্রিয়া, যথা আছি, আছে।  
**Auxiliar** বা **Auxiliary**, *n. s.* সহকার বা উপকার করে যে, আনুকূল্যকর্তা, সাথী, এক সঙ্গী, সঙ্গীকৃত কার্য বা লোক।  
**Auxiliation**, *n. s.* সহায়তা, উপকার, আনুকূল্য, ঐক্য, মিল।  
**Auxiliary**, *a.* উপকারক, সহায়তাকারী, অনুকূল, উপকারী, প্রতীকারী, অন্যের গুণকারী।  
**To Await**, *v. a.* অপেক্ষা-ক, আশা করিয়া-থাক, অবধান-ক, মনোযোগ-দা, ফল-দৃশ, মুখ চাহিয়া-দৃশ।  
**Await**, *n. s.* ওৎ, ওতে থাকন, লুকাগিত থাকন, গোপনে অপেক্ষা করণ, মুখ চাহিয়া থাকন।  
**To Awake**, *v. a. Sax.* জাগুৎ-ক, জাগরণ-ক, চেতন-ক নিদ্রাভঙ্গ-ক, সজাগ-ক, কোন অসাবধানাবস্থাহইতে চেতন-ক, নতন কার্যে প্রবৃত্ত-ক, নতন কথো হাত-লাগ বা -দা।  
**To Awake**, *v. n.* নিদ্রাভঙ্গ-হ, জাগুত-হ, চেতন-হ, সজাগ বা সচেতন-হ।  
**Awake**, *a.* অনিদ্রিত, অনিদ্রাশ্রিত, সজাগ, সচেত।  
**To Awaken**, *v. a. and v. n.* Awake শব্দ দেখ।  
**Awakener**, *n. s.* নিদ্রাভঙ্গন করে যে, চেতনকর্তা, জাগরণকর্তা।  
**Awakening**, *n. s.* চেতনকারী, নিদ্রাভঙ্গক, চেতনকর্তা, নিদ্রাভঙ্গনকর্তা, সজাগ বা সচেত করে যে।  
**To Award**, *v. a. Fr.* ফল-দা, দণ্ড-দা, প্রতিফল-দা, ব্যবস্থা-দা, বিচারানন্তর মীমাংসাপত্র-দা, সমাধান-ক, নিষ্পত্তি করিয়া-দা।  
**To Award**, *v. n.* বিচার্য-হ, ফলপ্রাপ্ত-হ।  
**Award**, *n. s.* বিচার, নিষ্পত্তি, বিবেচনা, মীমাংসাপত্র, সমাধান, ফল, প্রতিফল, দণ্ড, হুকুম, আজ্ঞা, ব্যবস্থা।  
**Awarder**, *n. s.* বিচারকর্তা, বিচারনিষ্পন্নকর্তা, ব্যবস্থাদাতা, ফল বা প্রতিফলদাতা, দণ্ডকর্তা।  
**Aware**, *ad.* সচেতনপূর্নক, সজাগক্রমে, সাবধানরূপে, অবগতরূপে।  
**To Aware**, *v. n.* অবগত-হ, সচেত-হ, সাবধান-হ, সজাগ-হ।  
**To Awarn**, *v. a.* সাবধান-ক, অবগত-ক, চেতিয়া-দা, জ্ঞান-জন (ঞ)।

**Away, ad. Sax.** স্থানান্তরে, অবর্তমানাবস্থাতে, দূরে, অন্তরে, অবিদ্যমানস্থানে, অপ্রত্যক্ষে, বাহিরে। দূরকরণ প্রয়োজক অব্যয় শব্দ যথা। চলিয়া যাও, চলিয়া আইস, লইয়া যাও, ফেলিয়া দেও, এবৎ যাও, যাও, সর, হাতছাড়া, পথে, ধৈর্য্যে, সহনে ইত্যাদি অর্থ হয়।

**Awayward, ad. Sax.** একপার্শ্বে, পার্শ্বকূটরূপে, পথবহির্ভূতরূপে, একদিকপূর্নক, একতরূপে।

**Awe, n. s. Sax.** সম্মুখকর্ষক ভয়, মর্যাদাপূর্নক ভয়, আদরসম্বন্ধীয় ভ্রাস, ভ্রাস, আতঙ্ক, বিস্ময়, ভক্তিভয়, পরকালবিষয়ক ভয়।

**To Awe, v. a.** ভয়-দৃশ (ঞি), মর্যাদাপূর্নক আতঙ্কযুক্ত-ক, স ভয়-ক, বিস্ময়াপন্ন-ক, ভক্তিভয়-দা, ভীত-ক, সাতঙ্ক-ক।

**Aweary, a.** শ্রান্ত, শ্রমযুক্ত, কাহিলী।

**Awe-band, n. s.** আটক, বাধা, নিবারণকথা।

**Awe-commanding, a.** ভয়জনক, ভ্রাসকারী, আতঙ্কবিশিষ্টকারী, মর্যাদাপূর্নক ভয়জননশীল।

**Awe-struck, part. a.** ভয়যুক্ত, ভ্রম, ভীত, আতঙ্কান্বিত, ভয়প্রাপ্ত।

**Awful, a.** ভয়জনক, ভ্রাসকারী, ভয়ঙ্কর, ভয়ানক, দুজন, ভীতকারী, মর্যাদাজনক, সম্মুখজননশীল, আদরসূচক।

**Awfully, ad.** ভয়ঙ্কররূপে, ভ্রাসপূর্নক, বিস্ময়পূর্নক, দুজনরূপে, মর্যাদাপূর্নক, সম্মুখরূপে, পূজ্যরূপে, আদরক্রমে।

**Awful-eyed, a.** ভয়ঙ্করচক্ৰবিশিষ্ট, বিকটনয়নপারী, দুজনচক্ৰযুক্ত।

**Awfulness, n. s.** ভয়ঙ্করতা, ভ্রাসজনকতা, ভ্রমাবস্থা, গাঢ়ার্থ্য, আদরজনকত্ব, সমাদরকারিত্ব।

**To Awhipe, v. a.** আসাত-ক, স্তম্ভ-ক, হতবুদ্ধি-ক, হতজ্ঞান-ক।

**Awheels, ad.** চক্রপূর্নক, চক্রোপরি, চাকার উপরি, চাকাতে।

**Awhile, ad.** ক্ষণক, কতককাল, কিছুকাল, অল্পকাল, অন্তরালকাল, অল্পসময়, কিঞ্চিৎকাল, যৎকিঞ্চিৎসময়।

**Awhit, ad. Sax.** একবিন্দু, একটিনকা, একতিল, একদানা, একবিসগ।

**Awk, a. Goth.** রিয়োড়, অযুগু, অশুভল, অব্যবস্থ।

**Awkward, a. Sax.** অপটু, অসভ্য, অসুন্দর, অবিদ্ব, অসুবিধ, অশিষ্ট, অক্ষিপু, অদক্ষ, মর্খ, জড়, কদর্য্য, অপরিপাটি, কার্য্যে অপারক, চাষা, পাড়াগাঁইয়া, আনাড়ী।

**Awkwardly, ad.** অপটুতাপূর্নক, অসভ্যরূপে, অশিষ্টতাপূর্নক, মর্খতাপূর্নক, আনাড়ীমাক্ষিক।

**Awkwardness, n. s.** অপটুতা, অশিষ্টতা, অন্তঃত্ব, অসভ্যতা, অপরিচ্ছন্নতা, মর্খতা, অসুন্দরত্ব, অপরিপাটিত্ব, কার্য্যে আনাড়ী, চাষামী।

**Awl, n. s. Goth.** রন্ধকারকাষ, ত্বরপানবিশেষ, ফোড়।

**Awless, a.** মর্যাদাহীন, সম্মুখজনকশক্তিহীন, ভয়পূর্নকমর্যাদা দাব্যতিরিক্ত, নির্ভয়, শঙ্কারহীন, অমানক।

**Awme বা Aume, n. s.** ইলৎ দেশীয় পরিমাণবিশেষ।

**Awn, n. s. Goth.** শুভা, শস্যের শুভা।

**Awning, n. s.** চক্রাতপ, চাদওয়া, বিতান, চান্দনী, পরদা, ছত্রী, আচ্ছাদন।

**Awoke, Awake** ক্রিয়ার ভূতকাল বাচক শব্দ, যথা, জাগিয়াছিলাম।

**Awork, ad.** কার্য্যেতে, কৰ্ম্মে, ব্যবসায়ে।

**Aworking, a.** ক্রিয়মাণ, কর্ম্মযুক্ত, কার্য্যে নিযুক্ত, কর্ম্মবান, ক্রিয়াবান, কর্ম্মকরণবস্থিত, ব্যবসায়ে নিবন্ধিত।

**Awry, ad. Sax.** অসরলরূপে, তেচরূপে, টেড়ামতে, বক্ররূপে, কুঁচো, অনুজপূর্নক, অসমানরূপে, বিপরীতরূপে, দুষ্টরূপে।

**Axe, n. s. Sax.** কুচার, পরশু, টাঙ্গি, কুঢ়ালি, দাও।

**Axhead, n. s.** পরশুর অগ্র, কুচারমস্তক, কুঢ়ালের মাথা।

**Axilla, n. s. Lat.** কক্ষ, বাহুমূল, বগল।

**Axillar বা Axillary, a.** বাহুমূলবিসয়ক, কক্ষসম্বন্ধীয়, কক্ষদেশ সম্বন্ধীয়, পত্রমূলস্থ, পাতার মূলস্থিত।

**Axiom, n. s. Gr.** সূত্র, স্থিরীকৃত মত বা ধারা, সিদ্ধান্ত।

**Axiomatical, a.** সূত্রবিসয়ক, সূত্রসম্বন্ধীয়।

**Axis, n. s. Lat.** অক্ষ, মেরু, মধ্যগ রেখা, আল।

**Axle বা Axle-tree, n. s.** অক্ষদণ্ড, লিগা, মেরুদণ্ড, তসলা, গাড়ির চাকার আল।

**Ay, ad. Sax.** হাঁ, হাঁহাঁ, হু, অয়, হঁ, বটে, সত্য, অবশ্য, নিশ্চয়।

**Ayme, interj. Gr.** শোকস্বাপক অব্যয়শব্দ, যথা, হায়, হায় মোরে, হায় আমারে, বাপরে।

**Aye, ad. Sax.** সর্দদা, সদা, বটে।

**Agreen, n. s.** বৃক্ষবিশেষ।

**Ayry, n. s. Sax.** বাজের বাসা, শোনপক্ষির বাসা।

**Azerole, n. s. Fr.** বৃক্ষবিশেষ।

**Azimuth, n. s. [In Astronomy.]** কল্পিত চক্রবিশেষ, *Azimuth of the Sun*, সূর্য্য বা নক্ষত্র স্থল নিশ্চয়কারী কল্পিত চক্রবিশেষ, *Azimuth compass*, জ্যোতির্বিদ্যোপকারক কলবিশেষ, *Azimuth dial*, ছায়া, ঘড়ীবিশেষ।

**Azure, a. Fr.** নীলা, আকাশবর্ণ, অল্পনীলবর্ণ, আসমানীরঙ্গ।

**To Azure, v. a.** নীলবর্ণ-ক, আকাশবর্ণ-ক।

**Azured, a.** নীলা, আকাশবর্ণবিশিষ্ট।

**Azurn, a.** তথা, এবৎ ঘোরনীলবর্ণ।

**Azyme, n. s. Fr.** বেগমিরকুটি বা পিষ্টক।

## B.

**B,** ইউরোপীয় বর্ণমালার দ্বিতীয়াক্ষর। ইহার উচ্চারণ বা অক্ষরবৎ, যথা ball, এবৎ বর্ণমালার প্রথম ব্যঞ্জন জানিবেন।

**Baa, n. s.** ভাভ্যাশব্দ, মেঘের ডাক, ভেড়ার শব্দ।

**To Baa, v. n. Lat.** মেঘের ডাক-ডাক, ভেড়ার শব্দ-ক, ভেঁভেঁ শব্দ-ক।

**To Babble, v. n. Germ.** বালকের ন্যায় অব্যক্ত শব্দকারী-হ, অস্বষ্ট কথা-ক, নিরর্থককথা-কথ, অনর্থক বাক্যবাণী-হ, জ্ঞানশূন্য বাক্যবাদী-হ, বলভাষী-হ, বাবদ্ব-হ, নির্বোধ বাক্যবাদী-হ, অধিক কথা-কথ, জড়িয়া কথা-কথ বা -বক, গপ্পা-হ, গুপ্তবিশয় প্রকাশ-হ।

*To Babble, v. a.* বালকের মত বাক্য-কৃ, ছালিয়ার মত বকৎ বা বাক্য-কৃ, ভড়ৎ করিয়া কথা-কথ, অবিরেচনাপূর্কক ভড়ৎ বা বড় করিয়া বাক্য-কৃ, যাহা ইচ্ছা তাহা-বক।

*Babble, n. s.* বালকের মত বাক্য করণ, ছালিয়ার মত কথন, বকন, গলস্য বাক্যকরণ, গল্পকরণ, ভড়ভড়ানী, বকবকানী, বড় বড়ানী, বকনী, বা বুলিয়া বা মুজিয়া কথা কহন।

*Babblement, n. s.* মূর্খের ন্যায় বাক্যকরণ, ছালিয়ার মত গল্পকরণ, বকন, গল্প, ভড়ভড়ানী, বড়বড়ানী, বকবকানী, নিন্দোপবাক্য, নিরর্থক কথা, জ্ঞানশূন্য বাক্য, অবিরেচনা বাক্য।

*Babbler, n. s.* ছালিয়ার ন্যায় কথা কহে যে, মূর্খের ন্যায় বকে যে, গল্পকর্তা, আলস্যরূপে বা মূর্খতাপূর্কক কথা কহে যে, অবিরেচনাপূর্কক বাক্যবাদী, বড়বড়্যা, বকবক্যা, ভড়ৎ করিয়া কথা কহে যে।

*Babbling, n. s.* ছালিয়ার ন্যায় কথা কথন, মূর্খের ন্যায় বকন, গল্পকরণ, আলস্যরূপে বা মূর্খতাপূর্কক কথা কহন, বড়বড়ানী, বকবকানী, বকনী, ভড়ৎ করিয়া কথা কথন।

*Babe, n. s.* Welsh. শিশু, শাবক সন্তান, সন্ততি, স্ত্রী বা পুরুষ বা লক, বালক, বালিকা, বাচ্চা, বৎস, ছা, ছানা, ছেলিয়া, কাঁচা ছেলিয়া, চেংড়া, লড়কা, দুধপ বালক, বালকের অনুরূপ, ছেলিয়ার মূর্ত্তি।

*Babel, n. s.* Heb. গোলমাল, গণ্ডগোল, কোলাহল, উৎপাত, ছিন্নভিন্নবস্থা, ছিত্তড়বিতড়।

*Babery, n. s.* বালকসন্তোষজনক দুব্য, শিশু সন্তোষকারক কোন বিষয়, বাল্যানন্দজনক কোন দুব্য বা বস্তু বা বিষয় ইত্যাদি, খেলনা, ছেলিয়া ফুসলায় বা ডুলায় যাহা দিয়া।

*Babish, a.* বালকন্যায়, ছালিয়ার মত, ছেল্যামি, বালকবৎ, ছেলিয়াপন।

*Babishly, ad.* বালকরূপে, ছেলিয়ারূপে, বালকত্বপূর্কক, শিশুর আচরণপূর্কক, চেংড়াপনারূপে।

*Baboon, n. s.* Fr. বৃহচ্ছাতিবানরবিশেষ, কপি।

*Baby, n. s.* বালক, ছালিয়া, দুধপায়িবালক, শিশু, চেংড়া, কাঁচা ছেলিয়া, বালকের ন্যায় পুতুলিকা, খেলানা।

*Baby, a.* ছালিয়ার মত, বালকন্যায়, শিশুবৎ, কাঁচা ছালিয়ার ন্যায় ক্ষুদ্র, ছোট, খোকা।

*To Baby, v. a.* ছালিয়ার মত আচার-কৃ, বালকজ্ঞান করিয়া আচরণ-কৃ, বালকবস্তু জ্ঞান করিয়া পরসংহিত আলাপ-কৃ।

*Babyhood* বা *Babyship, n. s.* বাল্য, বালকত্ব, ছালিয়াপনা, ছেল্যামি, বাল্যাচার বা বাল্যবস্থা, ছেলিয়াবেলা।

*Babyish, a.* শিশুত্বযুক্ত, বালকত্ববিশিষ্ট, শিশুশীল, ছেলিয়াপনা, চেংড়া, চেংড়ামুখ।

*Babylonical, a.* বাবেলদেশসম্বন্ধীয়, বাবেলদেশবিষয়ক, বাবেলদেশসূচক, কোলাহলবিশিষ্ট, গোলমালযুক্ত, গড়বড়িসূচক।

*Baccated, a.* Lat. মুক্তা বা রত্নবিশিষ্ট, মুক্তাঘটিত, মুক্তাভূষিত, মুক্তাতে বা কোন প্রকার মণিতে খচিত।

*Bacchanal, a.* Lat. বাকস্নামক মদ্যপ্রিয় দেবতার রসে রত বা মোহিত, মত্ত, মোহিত, মাতাল, রসিক, মদ্যরসিক, লম্বট।

*Bacchanal, n. s.* মদ্যদেবতারসপ্রিয় উপাসক যে, মদ্যপায়ী, মদ্যপ্রিয়, মাতাল, মদ্যপ, মদ্যখোর, মদ্যবাজ, কয়েফী।

*Bacchanalian, n. s.* তথা।

*Bacchanalian, a.* বাকস্নামক মদ্যদেবতাবিষয়ক, মদ্যরসবিষয়ক, লম্বট বা লুচা আচরণসম্বন্ধীয়।

*Bacchanals, n. s.* বাকস্নামক মদ্যদেবতার পর্ক, মাতালের পর্ক, মদ্য দেবতার পূজা।

*Bacchus bole, n. s.* পৃক্ষবিশেষ।

*Bacciferous, a.* Lat. ক্ষুদ্রফলোৎপাদক, গুটি ফলজনক।

*Bacchant* বা *Bacchante, n. s.* মদ্য দেবের ন্যায় আচরণকর্তা।

*Bacchical* বা *Bacchick, a.* মদ্যদেবতার পর্কসম্বন্ধীয়, মদ্যোৎসববিষয়ক, মত্তসভাবিষয়ক।

*Baccivorous, a.* ক্ষুদ্রফলভোজী, গুটিকলখাদক।

*Bachelor, n. s.* Sax. অনূঢ়া, অবিবাহিতা স্ত্রী বা পুরুষ, পাঠশালার প্রথম পদপ্রাপ্ত যে, বিদ্যালয়ে প্রথম প্রবৃত্ত ব্যক্তি, কুলীন ক্ষুদ্র পদস্থ যে।

*Bachelorship, n. s.* অনূঢ়ত্ব, অবিবাহিতাবস্থা, অকৃতোদ্বাহিত্ব, পাঠশালার প্রথম পদে প্রবর্ত্ত যে, বিদ্যাগারস্থ প্রথম পদ।

*Back, n. s.* Sax. পৃষ্ঠ, পিঠ, পাছা, হস্তপৃষ্ঠ, শরীরের বাহ্যংশ, গাত্রের উপরিভাগ, শরীরভরণীয়াংশ, পশ্চাদ্দেশ, নিতম্ব, পশ্চাদংশ, কোন দুবোর অক্ষীংশ, অস্ত্রের পৃষ্ঠ বা পিঠ। *To turn the back, পৃষ্ঠ-ফিরা, পরাঃমুখ-হ, ত্যাগ-কৃ, অবজ্ঞা বা অবহেলা-কৃ* ইত্যর্থ। গুণিককর্তৃক ব্যবহার্য্য পাত্রবিশেষ, হোজ।

*Back, ad.* পশ্চাৎ, পশ্চাদ্দিগে, ফের, পুনর্দার, পরাঃমুখে, পাছে, পুনঃ, দ্বিতীয়বার, পুনশ্চ, প্রতি, তাক্ত, কোন স্থানের বা দুবোর প্রতি।

*To Back, v. a.* পৃষ্ঠারোহণ-কৃ, অশ্বপৃষ্ঠোপরি-উঠ, পৃষ্ঠোপরি-দা বা চড়, অশ্বদমন বা জব্দ-কৃ, ঘোড়াশিক্ষা-কৃ, উপরি-স্থা বা -রক্ষ, ঘাড়-দা বা -রক্ষ বা -চাপা, রক্ষ, প্রতিপালন-কৃ, পৌক্ষিকতা-কৃ, প্রমাণ-দা, সাক্ষী-কৃ, সহায়তা-কৃ, সহকার্য্যকারী-হ, পক্ষ-হ, হঠ, পশ্চাৎ-হঠ।

*To Backbite v. a.* অপত্যকে নিন্দা-কৃ, পরোক্ষে দুর্নাম-দা, অগোচরে পরের মন্দ-কথ বা হিংসা-কৃ, চুকলী-কৃ।

*Backbiter, n. s.* পৃষ্ঠমাংসখাদক, পরোক্ষে নিন্দক, অপত্যকে দুর্নামদাতা, পরচর্কক, চুগলখোর, চুগলবাজ, পিঠের পাছে চুকলী করে যে, নিন্দক।

*Backbiting, n. s.* পরোক্ষনিন্দা করণ, অপত্যকে দুর্নামদেওন, পরচর্ক, চুকলী করণ, পিঠের পিছে হিংসাজনক বাক্য কথন।

*Backbitingly, ad.* পরোক্ষে নিন্দাকরণপূর্কক, অপত্যকে দুর্নামদেওনরূপে, নিন্দাপূর্কক, দুর্নামরূপে, হিংসাপূর্কক।

*Backbone, n. s.* কশেরুকা, মেরুদণ্ড, ডাঁড়া, পিঠের হাড় বা ডাঁড়া বা হাড়ি, পৃষ্ঠাস্থি।

*Backcarry, পৃষ্ঠস্থিত, পৃষ্ঠোপরিবাহিত।*

*Backdoor, n. s.* গৃহপশ্চাৎস্থ দ্বার, উপদ্বার, উপপথ, খিড়কীর পথ।

*Backed, a.* পৃষ্ঠবিশিষ্ট, ডাঁড়ায়ুক্ত, পিঠওয়াল, চৌড়া।

*Backfriend, n. s.* মৌখিকসুহৃদ কিন্তু অন্তঃকরণে বৈরী যে, অন্তরে শত্রু, দুস্মন, ভিতরে দুস্মন।

*Backgammon, n. s.* Welsh. ক্রীড়াবিশেষ, পাশা।

*Backhouse, n. s.* প্রধানগৃহের পশ্চাভাগে স্থিত ক্ষুদ্র গৃহ, উপগৃহ, অন্তঃপুর, অন্দরমহল, কানাচিঘর।

*Backpiece, n. s.* পৃষ্ঠভরণ, পৃষ্ঠসজ্জা, সৎজম।

*Backreturn, n. s.* পুনঃ পর্কবর্ত্তন, পুনরাবর্ত্তন, বারম্বারফিরণ, বারম্বার ফিরিয়া আইসন।

*Backroom, n. s.* গৃহের পশ্চাভাগস্থ শালা, উপকুঠরি, গাছের ঘর।

*Backset, part. a.* পশ্চাভাগে দণ্ডায়মান, পাছে খাড়া করা।

*Backside, n. s.* নিতম্ব, পাছা, পশ্চাদ্দেশ, কোন দুবোর পশ্চাদংশ, গৃহের পশ্চাৎ উঠান, ঘরের পাছা, ঘরের কানাচি।

BAD

BAG

*To Backslide, v. n.* পশ্চাৎ-হট, উল্টাদিগে পিচ্ছিলিয়া-পড়, পথবহির্ভূত-হ, ধর্মচ্যুত-হ, ধর্মভুষ্ট-হ, পতিত-হ, কুপথে-গমন বা -চল, যথার্থ বা সরলপথ ত্যাগ-ক।

*Backslider, n. s.* পশ্চাদিগে পিচ্ছিলিয়া পড়ে যে, পিছায় যে, পশ্চাৎ হটে যে, পতিত ব্যক্তি, ধর্মচ্যুত লোক, ধর্মভুষ্ট লোক, কুপথগমনকর্তা, বিমার্গগম্য, উন্মার্গগমনকর্তা।

*Backsliding, n. s.* পশ্চাদিগে পিচ্ছিলিয়া পড়ন, পিছান, পশ্চাৎ হটন, হটিয়া যাওন, পিচ্ছিলিয়া পড়ন, পতিত হওন, ধর্মভুষ্ট হওন, বিমার্গগামি হওন, বিপথগামিহ, আজ্ঞাতিক্রম, উদ্ভাচরণত্যাগ।

*Backstaff, n. s.* সমুদ্রে সর্বোত্তম উচ্চতাপরিমাপক কল।

*Backstairs, n. s.* ঘরের পিছের শিড়ি, ঘোর শিড়ি, মফস্বলের শিড়ি, গৃহস্থ গুপ্তসোপান।

*Backstays, n. s.* [Sea Term.] লবড়ান, ফরোদী, পেটফরোদী, ঘাই, মাস্তুলদৃঢ়ার্থক মাস্তুলোত্তমপার্শ্বীয় দড়।

*Backsword, n. s.* একপারযুক্ত তলোবার, আসা বা অসিবিশেষ।

*Backward বা Backwards, ad.* পৃষ্ঠ সম্মুখে বা অগ্রে স্থিতিপূর্বক, পৃষ্ঠ দিগে, পৃষ্ঠপ্রতি, পৃষ্ঠ, পীঠে, পৃষ্ঠোপরি, পশ্চাদিগে, পশ্চাতে, উল্টদিগে; পশ্চাৎ হটনপূর্বক, পৃষ্ঠ অগু করিয়া চলনরূপে, হটিয়া যাওনক্রমে, অর্থাৎ হওনক্রমে, উদ্ভূত হইতে মন্দপ্রতি গমনক্রমে, ক্রমশঃ উত্তরীয়া যাওনরূপে, ভ্রাস হওন ক্রমে, অর্থাৎ গত কালে, অপঃপতনপূর্বক, কুপথগমনপূর্বক, বিমার্গগামিতাক্রমে, উন্মার্গগমনপূর্বক।

*Backward, a.* অসম্মত, অস্বীকৃত, সন্দেহযুক্ত, বিপরীত, পরাধম্য, অসহুর, অলস, ঢিলা, লঘুগতিবিশিষ্ট, অল্পবন্ধনশীল, দেরি বা গৌণে বা ব্যাঞ্জে হওনশীল, যথা *backward fruits* গৌণপক হওনশীল ফল, নারি ফল, শেষফল।

*Backward, n. s.* অর্থাৎকাল, গতকাল, পরাবস্থা।

*To Backward, v. a.* নিবারণ-ক, অবশেষ বা হাড়ে রাখিয়া কোন কার্য্য-ক, বাপা-ক, পশ্চাৎ-রক।

*Backwardly, ad.* অসম্মতিপূর্বক, অনিচ্ছাপূর্বক, পশ্চাৎ হটনক্রমে, পরাধম্য হইয়া গমনপূর্বক, মুখ পাছে করিয়া গমনক্রমে, বিপরীতরূপে, অতিক্রমচারপূর্বক।

*Backwardness, n. s.* স্লগ্ধ, ঢিলতা, অক্ষিপ্ৰহ, অসহুরতা, অসম্মতি, গৌণত্ব, বিলম্ব, দীর্ঘসত্রতা, চিরক্রিয়তা।

*To Backwound, v. a.* পৃষ্ঠদেশে ক্ষত-ক, পিঠে ঘা-ক, পশ্চাদঘাত-ক, মার বা আঘাত-ক, উল্টাদিগে চোট-ক বা ঘা-মার।

*Bacon, n. s.* Fr. শূকরের লোণা শুষ্কমাংস, শূকর। *To save the bacon*, কোন অন্যায় হইতে বা কোন বিপত্তি হইতে আপনাকে রক্ষা মাত্রকরণ ইত্যর্থ, বাঁচিয়ামাত্র যাওন।

*Baculometry, n. s.* Lat. and Gr. এক বা অধিক নল বা দণ্ডদ্বারা স্থানের দূরাদূর মাপ করণ।

*Bad, a.* Dutch. মন্দ, অভদ্র, কুৎসিত, কদর্য, দুষ্ক, নীচ, অকৃষ্ট, দুরাশ্রা, কদাচার, কুশীল, অপার্থিক, অভাগ্য, হিংসাজনক, অধম, অহিতকারী, পীড়িত, অসুস্থ, অমঙ্গল, অশুভ, অস্বচ্ছন্দ।

*Bad বা Bade, Bid* ক্রিয়াপদের অর্থাৎকালসূচক অনুমতি বা বিপি ইত্যর্থ যথা, কহিয়াছি, কহিয়াছিলাম, বলিয়াছিলাম, কহ, বল, কহন, কহিয়া-দিউন ইত্যাদি।

*Badge, n. s.* Lat. চিহ্ন, পদচিহ্ন, নিদর্শন, কোন বিষয়জ্ঞাপক বা কার্য্যসূচক চিহ্ন, হুদা, চাপড়াস, পাউ।

*To Badge, v. a.* চিহ্ন-দা, নিদর্শন-জানা, পদচিহ্নদ্বারা ভূষণ-ক, হুদা-দা বা-বঁধ, চাপড়াস-দা, কোন বিষয়জ্ঞাপক বা কোন কার্য্যসূচক চিহ্নদ্বারা পরিধান-ক।

*Badgeless, a.* চিহ্নহীন, পদচিহ্নরহিত, বেহুদা, চাপড়াসহীন।

*Badger, n. s.* Fr. গর্ভবাসি জন্তুবিশেষ, ভালকচ্ছাতীয় ক্ষুদ্রপশু; শস্যের ফড়িয়া।

*To Badger, v. a.* মূর্খ-ক, হতবুদ্ধি-ক, ঘাবরা, গোলমাল-ক।

*Badger-legged, a.* অসমান পাদবিশিষ্ট, ছোটবড়পাওয়াল, ছোটবড়ঠেংযুক্ত, গোড়া।

*Badger, n. s.* এক স্থানে আহার উচ্ছদুবাদি ক্রয় করিয়া অন্যত্র লইয়া যায় যে, স্থানান্তর বিক্রয়কর্তা।

*Badmage বা Badmerie, n. s.* Fr. লঘুবাফা, বালানন্দবাফা, শাসাবাফা, ছোট কণা, ভালকণা বা বিষয়।

*Badly, ad.* মন্দরূপে, অপরূপে, অভদ্ররূপে, কদর্যতাপূর্বক, অসৌন্দর্য্যপূর্বক, দুষ্কতাপূর্বক, অশুভরূপে, পীড়িতরূপে।

*Badness, n. s.* মন্দ, অভদ্রতা, দুষ্কত্ব, কদর্যত্ব, নীচত্ব, দুরাশ্রতা, অশুভত্ব, সর্বপ্রকার ভালকার্য্যের বা উদ্ভূতগের হীনতা।

*To Baffle, v. a.* Fr. ডাড়া, ঘাবরা, অগোচর-ক, উড়াইয়া-দা, হটাইয়া-দা, হারাইয়া-দা, গড়বড়-ক, বাকোতে-জন (ফি), বাকোতে-বুক (ফি), কার্য্যেতে বাপা-জন বা-লাগ (ফি), প্রতিকূল আচার ক, নিরর্থক-ক, লোপ-ক, নিরাশ-ক, পশু-ক, সকলজ-ক, দ্বন্দ্ব-দা, অপনাম-দা।

*To Baffle, v. n.* জলবাহচারী হ, ডাড়া, ঘাবরা, ঠগা, হারাইয়া বা হটাইয়া-দা, গড়বড়-লাগ, বাকোতে-ক (ফি), প্রতিকূলাচারী-হ।

*Baffle, n. s.* পরাজন, দমন, দখল, হটান, হারান, নিরাশ, লোপ, বাপা, নিবারণ, প্রতিকূলা।

*Baffle, n. s.* হটিয়া বা হারাইয়া দেয় যে, গড়বড় লাগায় বা করে যে, উৎকণ্ঠাকর্তা, জিন্জিন বা লগ্ধত্ব করে যে, বাকোতে বা কার্য্যেতে বাপাকর্তা, অপ্রতিভকর্তা, অপ্রতিভকর্তা প্রতিকূলকর্তা।

*Bag, n. s.* Sax. আপার, কোস, থৈলা, সুলি, কোলা, গাঁঠরি, বোকাচা, বোচকা, সাকালী, পুঁটিলী, গোলি, গাঁসা, বস্যা, মশক, শরী রম্ব কোন আপারস্থান বা কোস, যথা, রক্তকোস, অংকোস, গরলকোস ইত্যাদি, কেশে পরিপেয় রেশমনির্মিত আভরণবিশেষ, কবচ।

*To Bag, v. a.* থৈলাতে-দা, ছালাতে-দা বা পুর, সুলি-ক, ছালা-ক, ছালাতে-পুর, বস্যা-ভর, থৈলা-পুর, বস্যা-বাপ, সঁকালি-ভর।

*To Bag, v. n.* থৈলাবৎ পর-হ, বস্মার ন্যায়-কূলা বা-কাপ, সঁকালির ন্যায় স্ফীত হ, বস্মাবন্ধি-হ।

*To Bag, v. a.* সন্ডায়, ফাপ, কূলা।

*Bagatelle, n. s.* Fr. অল্পবিসয়, ছোটবিসয়, অল্পমলাকদু বা, সামান্য বিষয়, ক্ষুদ্রদ্রব্য, কোন ক্ষুদ্র বা অল্পমান্য দ্রব্য বা বিষয়।

*Baggage, n. s.* Fr. সৈন্যের দ্রব্যাদি, সামগ্রী, ডামটোকড়া, ফ্রেপর্গায় দ্রব্যাদি, বহনীয় দ্রব্য; *bag and baggage*, সুলিকাঁপা, পোকড়া পুকড়ি, হাড়িপাটিল, কাপড়চোপড়, পথে চলনের দ্রব্যাদি, লটবহর, সাক, আসবাব, উপযোগ, অতিসামান্যস্বা, সৈন্যের সহিত ভ্রমণকারিণী স্বী, বেশ্যাবিশেষ, অগড়বাগড়।

*Bagnio, n. s.* Ital. স্নানাগার, গাত্মাঙ্কনশালা, চাবরা বা ডািপলয় যে ঘরে, স্বেদার্থে বা স্নানার্থে তপ্তায়ুকৃৎবিশেষ, বেশ্যালয়।

*Bagpipe, n. s.* সানাইবিশেষ, সানাইর ন্যায় প্রনিকারি বাদ্যযন্ত্রবিশেষ।

*Bagpiper, n. s.* সানাইদার, বংশীবিশেষ বাদ্যকর।

*Baguette, n. s.* Fr. পিলপার বা সুষের ঢুগকামে কৃত সূক্ষ্মদড়াবিশেষ।

*To Baigne, v. a. Fr.* নির্ঝর-কৃ, করিয়া-লও বা-ফেল ডিঙ্ক, ডি  
জিয়া করকর-কৃ, জলে-চুবড়, জলে, ডিজিয়া-রুক।  
*Bail, n. s. Fr.* বন্ধকদায়ির বা জামিনদার লোকের মুক্তকরণ, উ  
দ্ধারকরণ, খালাশকরণ, লগ্নক, বন্ধন, প্রতিভূ, জামিন, হাজি  
রজামিন, উপবনাদিকারস্থ নিয়মিত স্থান।  
*To Bail, v. a.* প্রতিনিপিকৃপ-গুত বা-দা, প্রতিভূ-লও বা-দা, জা  
মিন-লও বা-দা, বন্ধক-লও বা-দা।  
*Bailable, a.* প্রতিভূ লওনযোগ্য বা দেওনযোগ্য, প্রতিভূদ্বারা  
বা বন্ধক রাখানদ্বারা মোচনাই, জামিন দেওন বা লওন উপয  
ুক্ত, জামিন দিয়া খালাশ হওনশীল।  
*Bailif, n. s. Fr.* ক্ষুদ্রপদস্থ, ব্যবস্থানাজ্ঞাহনকর্তা, কাছারির হ  
কুমে কয়েদ করে যে, দণ্ডনায়কবিশেষ, উপবনের ক্ষুদ্রপদস্থ,  
মতশীল, থানাদার, কোতোবাল, চাপড়াসি, পেয়াদা।  
*Bailiwick, n. s.* দণ্ডনায়কের পদ বা অপিকার, থানার সরহদের  
নাম ব্যবস্থানাজ্ঞাবাহকের অপিকার পদ বা কার্য।  
*Bailment, n. s.* ব্যবস্থানস্থেরদের স্থানে অর্পণ, কাছারিতে গচ্ছি  
য়া দেওন, থানাদারের স্থানে অর্পণ।  
*Baily, n. s.* দণ্ডনায়কের পদ কার্য বা অপিকার।  
*Bain, n. s. Fr.* স্নানস্থান, স্নানাগার, গোসলখানা, স্নানশালা।  
*To Bain, v. a.* স্নান-কৃ, গাভি ধোত-কৃ, গোসল-কৃ, গা-ধো।  
*Bairn* বা *Barn, n. s. Sax.* বালক, ছালিয়া।  
*To Bait, v. q. Sax.* বড়শিতে টোপ-দা, টোপ বা চার-ফেল, চার  
-দা, ফাঁদ-পাত, পেঁচ-লাগা, ভোগা-দা, ফন্দনার্থে আহারাদি  
-দা, ধরণার্থে খাওয়া-দা, শিকার-কৃ, লোভ-দৃশ (ঞ), ভূলা, প  
থশ্রান্তে আরাম-কৃ, পথগমনে আপনাকে বা আপন বাহনকে  
আহারদ্বারা পরিতোষ-কৃ বা বিশ্রান্ত-কৃ, দম-লও, জিরা, কোন  
স্থানে অবস্থিতি-কৃ, পথে খাদ্য সামগ্ৰী-যোগা।  
*To Bait, v. a. Fr.* বলপূর্কক চড়াই-কৃ, বলদ্বারা যুদ্ধ বা বাগ্য  
আরম্ভ-কৃ, অন্যের দ্বারা ব্যস্ত-কৃ, দিক-কৃ, তাড়না-কৃ, হৈরণ-কৃ,  
থানে হাল-কৃ।  
*To Bait, v. n.* উভয়মান হওনে পাখা-কাড়, ভেনা-লাড় বা -কা  
ড়, পাখা মেলিয়া পড়কড়-কৃ।  
*Bait, n. s.* মৎস্যপরগণক বা ফাঁদনার্থক আহারাদি, টোপ, চার,  
ফাঁদ, পেঁচ, পরীক্ষা, ভোগা, লোভদর্শন, ভূলা, পথগমনে  
শ্রমপারতোষণীয় আহার দুবাদি, পথের খাদ্যসামগ্ৰী, পথশ  
রচ।  
*Baize, n. s.* উর্ণানির্মিত বস্ত্র, পশমী বস্ত্রবিশেষ, মোটা বনাতবি  
শেষ।  
*To Bake, v. a. Sax.* চূলাতে কোন দ্রব্যের পাক-দা, তনুরেতে বা  
উনানে পোড়া, তনুরে পাক-দা, অধিতে সেক, আঁচ-দা, অগ্নিদ্বা  
রা শক্ত-কৃ, তাভা, তাভ-দা, তাপদ্বারা শক্ত-কৃ, ভাজ, কলসা।  
*To Bake, v. n.* পোড়, তপ্ত-হ, তাভ, তাতে শক্ত-হ, আঁচে দৃঢ়-হ,  
সেক, ভাজ, কলসা, তনুরে পাক-হ।  
*Bake-meats* বা *Baked-meats, n. s.* তনুরে পকৃ মাংস, আঁচদ্বা  
রা পকৃদ্রব্য, তাপদ্বারা পকৃসামগ্ৰী।  
*Bakehouse, n. s.* তনুরখানা, পূপাগার, তনুরদ্বারা পাক হয় যে  
গৃহে।  
*Baken, Bake* শব্দের অসমাপক ক্রিয়াপদ, তনুরে পাক করা, পূ  
পাগারে পকৃ ইত্যর্থ।  
*Baker, n. s.* রুটিওয়াল, আপূপিক, পূপকার, তনুরে বা অন্য কে  
ন স্থানে অধিতাপদ্বারা পূপ পাক করে যে।  
*Bakerfoot, n. s.* বক্রপাদ, সৎজু, সৎহতজানুক, প্রজু, পুগতজা  
নুক, খোঁড়া, খণ্ড।

*Baker-legged, a.* সৎজু, সৎহতজানুক, অম্বর দিক বক্রজানুক।  
*Balance, n. s. Fr.* কলবিদ্যাতে প্রচলিত এক প্রকার শক্তি, নি  
ক্রি, দাঁড়ী, ভোল, তরাজু, ভোলদণ্ড, পাসাণ, বাকী কৈফিয়ত।  
[Metaphorical balance.] বিবেচনা, মনোদ্বারা কোন কিছুর গু  
ণাগুণ জ্ঞাত হওন, কৈফিয়ত করিয়া দুই দ্রব্যের কমবেশ জানা,  
তুলনাকরণ, পাষণ, অপিকাংশ, বাড়তিভাগ, বাকি, ন্যূনাংশ,  
অবশিষ্ট, জমাথরচকরণ, জমাথরচ পূরণার্থক বা সমানকর  
ণার্থক হিসাবের অপিকাংশ বা ন্যূনাংশ, সমতৌল, সমভার,  
সমাংশ, যড়ীর যে অংশদ্বারা শব্দ হয়। [In Astronomy.]  
লক্ষত্রসমূহ, ভূলা।  
*To Balance, v. a.* তুল, ভোল-কৃ, পাসাণ-কৃ, তরাজু সমান-কৃ, দাঁ  
ড়ি সমান-কৃ, সমতৌল-কৃ, পাসাণ-ভাঙ্গ, বাটখারা সমান-কৃ, ন্য  
ূনাংশ বর্জন-কৃ, এবং অপিকাংশ ন্যূন-কৃ, হিসাব সমান-কৃ, জ  
মাথরচ তুল্য-কৃ, কৈফিয়ত-কাট, হিসাবের কমতিভাগ-দা বা  
বাড়তিভাগ লও, সমভার বা সমাংশ-কৃ। [Sea Term.] যা  
হাম-কৃ বা বান্ধ, মতীলা-চাপ।  
*To Balance, v. n.* সন্দেহী-হ, বিবেচনাবিশিষ্ট-হ, ইতরতম ব্যব  
হারী-হ, মন্ত্রণাশীল-হ, সাবধান-হ।  
*Balancer, n. s.* ভোলকর্তা, ভোলদার, পরিমাণকর্তা, দুই অংশ  
সমান করে যে, ওজন করে যে, সমভারকর্তা, পাষণভাঙ্গে যে।  
*Balancing, n. s.* সমতৌলহরণ, সমপরিমাণহওন, সমানকরণ, স  
মাংশ বা সমভার করণ, পাষণভাঙ্গন।  
*Balass Ruby, n. s. Fr.* যাকৃতবিশেষ।  
*To Balbucinate* বা *Balbutiate, v. n. Lat.* তোৎলা-হ।  
*Balcony, n. s. Fr.* সাজা, বারাগা, বৈঠকখানা।  
*Bald, a. Welch.* কেশহীন, টাকপড়া, লেড়া, স্বাভাবিক আচ্ছা  
দনরহিত, অচিকুর, অস্মিত, অনলঙ্কৃত, অসুন্দর, অশিষ্ট, কদ  
র্য, নীচ, নগ, নেংটা, ইউরোপীয় উদ্ভবদেশবাসি লোককর্তৃক  
এই শব্দ সাহসবান এবং বীরত্ববিশিষ্ট ইত্যাদি অর্থে ব্যব  
হার্য্য হয়।  
*Baldachin, n. s. Ital.* চাল, ছতরী, চালি, চাঁদনী, বেদ্যাচ্ছাদনবি  
শেষ।  
*Balderdash, n. s.* অবিবেচনাপূর্কক স্থাপিত কোন দ্রব্য, অশুভালা  
পূর্কক স্থাপন, অব্যবস্থাপূর্কক মিশ্রণ, গোলমালরূপে স্থিতি, অ  
শুভালা বাক্য অকথ্য কথোপকথন।  
*To Balderdash, v. a.* মিশ্রণ-কৃ, খাদি-দা -বা মিশ্র, মদেতে ভাঁজ  
-দা।  
*Baldly, ad.* কেশহীনতাপূর্কক, টাকপড়ারূপে, লেড়ারূপে, নেং  
টারূপে, নগতরূপে, কদর্য্যতাপূর্কক, নীচতারূপে।  
*Baldmony, n. s.* বৃক্ষবিশেষ, ঔষধীয় বৃক্ষ। এই শব্দ *Gentian*  
শব্দের তুল্যার্থ হয়।  
*Baldness, n. s.* কেশহীনতা, অনাবৃততা, আচ্ছাদনরাহিতা, লেড়া  
অবস্থা, নগতা, অচিকুরত্ব, কোন কিছুর শূন্যতা, কোন বিষয়ের  
বা গুণের অভাব, অসৌন্দর্য্য, লিখনের অজ্ঞতা বা কদর্য্যতা,  
অনুমত্ততা, কদর্য্যতা।  
*Baldpate, n. s.* লেড়ামাথা, টাকপড়ামাথা, ক্ষৌরীকৃত মস্তক, নগ  
মস্তক, নেংটামাথা, লেড়ামুণ্ড, মুণ্ডিতমস্তক, চক্চকীয়া মাথা।  
*Baldpate* বা *Baldpated, a.* টাকপড়া মাথায়ুক্ত, মুণ্ডিতমস্তকবিশি  
ষ্ট, লেড়ামাথায়ুক্ত, ক্ষৌরীকৃত মস্তকধারী, নেংটামাথায়ুক্ত।  
*Baldrick, n. s. Fr.* পেটী, পেটি, বন্ধন, কটিবন্ধন, দামন, কমরব  
ন্দ, লগ্ন মণ্ডল, রাশিমণ্ডল, রাশিচক্র।  
*Bale, n. s. Fr.* গাঁইট, বস্তা, মোট, বোহকা, এক যুগুমন্না, মন্না  
দ্বয়।

To Bale, *v. n.* বস্তাবন্দী-হ, গাঁইট-ক, বোচ্কা-ক বা বাঁধ, গাঁঠরি বাঁধ, বস্তা-বাঁধ, গাঁইট-বাধ।  
 To Bale, *v. a.* সিচ, কল-ফেল, সঁচ, ছেঁচ, সিঞ্চ, জলনিষ্কেপ-ক।  
 Bale, *n. s.* Sax. দুঃখ, ক্লেশ, বিপদ, আপদ, শোক।  
 Baleful, *a.* ক্লিষ্ট, দুঃখগুস্ত, বিপদগুস্ত, আপদাক্ত, শোকান্বিত, অপছন্দক, দুঃখদায়ী, চিন্তাজনক, হিংসাকারী, মন্দকারী, দুর্দশাসূচক, অশুভকারী।  
 Balefully, *ad.* ক্লেশপূর্ণক, দুঃখপূর্ণক, হিংসাপূর্ণক, শোকান্বিতরূপে, বিপৎক্রমে, আপদাক্তরূপে, অশুভপূর্ণক, দুর্দশাক্রমে।  
 Balister, *n. s.* Lat. কলধনুঃ।  
 Balk, *n. s.* Sax. ইষ্টকগৃহগুহ্মনে ব্যবহার্য্য তীর বা আড়কাটা, কড়ি, বালোক, গৃহচ্ছদিঃ আড়পাকে বা আড়বাগে রাখে যেহ কাষ্ঠ বা বাঁশ।  
 Balk, *n. s.* আলি, সীতাদ্বয়মধ্যস্থিত আলি, ফাকি ভোগা, ঠগা গি।  
 To Balk, *v. a.* ফাকি-দা, ভোগা-দা, নিরাশ-ক, বার্ণ-ক, স্বেভা-দা, অপতিভ-ক, লাক্ত-ক, প্রতারণা-ক, বাধা-জন (ঞ), বা গড়া-দা বা লাগা, বৈপরীত্য বা বিপদপস্থিত-ক, অসাফল্য-ক, ভ্যাগ-ক, ছাড়িয়া-দা, অপকর-ক, আলি-ক, আলিবৎ হওন পর্য্যন্ত উপদ্যাপরি-স্তা (ঞ)।  
 To Balk, *v. n.* ফির, একপার্শ্বস্থ-হ, পরিবর্ত-হ, উল্টারিসয় বা বিপরীত কার্য্য ব্যবসায়ী-হ, বার্ণ-হ, বাগড়া-লাগ।  
 Balkers, *n. s.* মাছ্যা বা জালিয়াবিশেষ।  
 Ball, *n. s.* Dan. বকুলাকৃতি কোন দ্রব্য, বকুল, বড়ি বটিকা, বা টুল, ভাঁটা, গোলক, গুলিভাটাজনো নিম্নিত চিকুয়ুক্ত বকুল, পৃথাকার নিদর্শক, গোলক, রাজচিকুবিশেষ, শরীরের কোন গোলাংশ, যথা অঙ্গুষ্ঠের গোলক, চক্রগোলক, কনোনিকা, চক্রস্বারা, চর্ম্ম দ্বারা মুণ্ডিত কোন গোলক, যথা ছাপার গুলি, ভাঁড়া গর্ক গুলি বা বকুল, গোলা।  
 Ball, *n. s.* Fr. পরববিশেষ, যথা নাচ, বাশ, নৃত্য কীর্তন, বাইনাচ যাত্রা ইত্যাদি ইউরোপীয় জাতিমধ্যে ব্যবহার্য্য নৃত্যক্রীড়াবিশেষ।  
 Ballad, *n. s.* Fr. কবি, গীত, উপপা, সামান্য গান বা কবিতা, কীর্তন।  
 To Ballad, *v. a.* গানরচনা-ক, কবি-গা, গীত বা গান-ক, কীর্তন-ক, সঙ্গীর্তন গান-ক, সামান্য বা ছেঁচড়া কবিতা গান-ক।  
 To Ballad, *v. n.* গানরচক-হ, কবিরচক-হ, কীর্তনসংগ্রাহক-হ।  
 Ballad-maker, *n. s.* সামান্য কবিতা বা গান রচনাকর্ত্তা।  
 Ballad-monger, *n. s.* সামান্য কবিতা বা গান ব্যবসায়কর্ত্তা।  
 Ballad-singer, *n. s.* সামান্যকবিতা বা গান গায়ক, গাথক, পথে গান করিয়া বেড়ায় যে।  
 Ballad-style, *n. s.* সামান্য কবিতা বা গানের গাথবা ধারা বা রচনা, দাঁড়া, ছেঁচড়া গীতের বা গানের রীতি।  
 Ballad-tune, *n. s.* সামান্য কবিতার বা গানের সুর।  
 Ballad-writer, *n. s.* সামান্যকবিতা বা গান রচনাকর্ত্তা।  
 Ballader, *n. s.* সামান্য কবিতা বা গান ব্যবসায়ী যে।  
 Balladry, *n. s.* সামান্য কবিতার বা গানের রীতি এবং তদ্বারা বা বিধি, সামান্যকবিতার বা গানের বিষয় বা অভিপ্রায়।  
 To Ballast, *v. a.* বাস্ত-ক, দিক্-ক, পমকা, ভাঁট, টুক।  
 Ballast, *n. s.* Dutch. জাহাজের বা নৌকার স্বেৰ্ঘ্যার্থে বা পালি সহনার্থে তলায় দেয় কোন ভারি দ্রব্য, নিলাম, কোন দ্রব্যের স্থিরতানিমিত্তে ব্যবহার্য্য কোন দ্রব্য।  
 To Ballast, *v. a.* স্বেৰ্ঘ্যার্থে বা লড়ে এই নিমিত্তে জাহাজে বা

নৌকায় কোন ভারি দ্রব্য-দা, নিলাম-দা বা বোকাই-ক, কোন দ্রব্যকে স্বেৰ্ঘ্য বা অলড়-ক।  
 Ballated, *part. a.* সামান্য গীতেতে গীত, সামান্য কবিতাতে রচিত।  
 Ballatry, *n. s.* সামান্য কবিতা বা গান, ছেঁচড়া গীত।  
 Ballet, *n. s.* Fr. কোন বিবরণ নির্ণায়ক নৃত্য, কোন আখ্যায়িকা প্রকাশকারি নাচ, বাইনাচ, যাত্রা।  
 Balliards, *n. s.* বকুলক্রীড়াবিশেষ, ভাঁটাখেলা। এগন এই শব্দকে billiards লিখে এবং উচ্চারণ করে।  
 Ballister, Baluster শব্দ দেখ।  
 Ballon বা Balloon, *n. s.* Fr. কিমিয়া বিদ্যাতে ব্যবহার্য্য শোণনপাত্র বা মুচিবিশেষ, শিক্ষাপাত্রবিশেষ, স্বেঘোপরি স্থাপিত গোলক বা বকুল, পিলপার বা খামের মস্কোকোপরিষু কোন গোলাকার গড়ন, বাক্তবাক্তিবিশেষ বিশেষতঃ যে গুলিনেতে আধুন দিলে উপর উঠিয়া তারার মত ফুটে, রেশমেতে বা অন্য কোন প্রকার বস্ত্রেতে কৃত বৃহৎ গোলক তাহাতে স্থলনীয় বায়ু পুরিলে আকাশে উঠে, গগনগ যান, ক্রীড়াবিশেষ।  
 Ballot, *n. s.* Fr. গুলিবাক্তিকার্য্যে ব্যবহার্য্য বকুল বা কোড়ি, গুলিবাক্তিবিশেষ, গুলি বাটকরণ, কোন বিষয়ে প্রবৃতি বা নিবৃতি পরীক্ষার্থে আপন অভিপ্রায় চিহ্ন অথবা দেওন।  
 To Ballot, *v. n.* গুলিবাক্তিবিশেষদ্বারা মনোনীত-ক, গোপনে মতামত-ক, গুলিবাক্তি-ক, বাট-কেন বা-পড়।  
 Ballotation, *n. s.* গুলিবাক্তিবিশেষদ্বারা কাহারো মনোনীত বা পসন্দকরণ, গুলিবাক্তিদ্বারা নিরূপণ।  
 Balm, *n. s.* Fr. ক্ষুদ্রক্ষুদ্রবিশেষের রস, বহুমূল্য কোন ঔষধ বা প্রলেপকৌষধ, বেদনা উপশমক কোন দ্রব্য, সুস্থিরকার্য্যৌষধ।  
 Balm বা Balm mint, *n. s.* পোদীনার মত ক্ষুদ্র ক্ষুদ্রবিশেষ।  
 Balm of Gilead, অগুরুক্ষুদ্রবিশেষের নির্যাস বা রস, অতিসুগন্ধি ক্র ক্ষুদ্রক্ষুদ্রবিশেষ।  
 To Balm, *v. a.* অগুরুক্ষুদ্রবিশেষের নির্যাসদ্বারা বা রসদ্বারা প্রলেপ-ক বা-দা, শামা-ক, উপশম-ক, শাস্তি-জন (ঞ), সুস্থির-ক।  
 Balm, *a.* অগুরুক্ষুদ্রবিশেষের গুণবিশিষ্ট, শামক, উপশমকারী, শাস্তিকারী, সুস্থিরকারক, সুগন্ধিকর, খোশবোওয়ালা।  
 Balneal, *a.* Lat. স্থানাগারবিসয়ক, গাত্রমাৰ্জনশালাসম্বন্ধীয়।  
 Balneary, *n. s.* স্থানাগার, স্থানকুণ্ড, গাত্রমাৰ্জনশালা, গোসলখানা, গোসলঘর, গা ধুইবার জায়গা বা পাত্র।  
 Balneation, *n. s.* স্থান, অবগাহন, গাত্র পৌতকরণ, গা পৌওন, গোসলকরণ, গাত্রমাৰ্জন, জল দিয়া গা কচলান।  
 Balneatory, *a.* স্থানাগারসম্বন্ধীয়, স্থানকুণ্ডবিসয়ক।  
 Balotade, *n. s.* শিরপা, অস্ত্রের লগুনবিশেষ, সন্মুখ পাদ উচ্চ করিয়া পশ্চাৎ পাদে নালমাত্র যখন দর্শায় ঘোড়ার এমত লগুন অর্থাৎ।  
 Balsam, *n. s.* প্রলেপকৌষধ, মরুতম, মলম, পাতলা তৈলবিশেষ, বেদনা জ্বালাইত্যাди উপশমকার্য্যৌষধ।  
 Balsam apple, *n. s.* ক্ষুদ্রক্ষুদ্রবিশেষ।  
 Balsam tree, *n. s.* সুগন্ধিকর নির্যাসজনক বৃক্ষবিশেষ।  
 Balsamation, *n. s.* বেদনা জ্বালা ইত্যাদি উপশমকারী কোন দ্রব্য, সুগন্ধিকর নির্যাসগুণবিশিষ্ট যাত্রা।  
 Balsamical বা Balsamick, *a.* জ্বালা বেদনা ইত্যাদি উপশমকারী, সুগন্ধিকরনির্যাসগুণবিশিষ্ট।  
 Balsam-sweating, *part. a.* সুগন্ধিকর নির্যাসকারক।  
 Baluster, *n. s.* Ital. চতুষ্কোণ স্তম্ভ খাম খাম্বা বা পিলপারবিশেষ,



ইষ্টকনির্মিত পর্যাশালাতে বা অন্যগৃহেতে অলঙ্কাররূপ গাঁথা চতুষ্কোণ পিলপাশিবেশ, গরাদি।

Balustered, *part. a.* চতুষ্কোণ পিলপাশারো এবং তৎপ্রকার পিলপাশেত নির্মিত, গরাদিনিশিত।

Balustrade, *n. s.* গরাদি, ছোটোই পিল্লা বা থাম বা থাম্বা।

Bam বা Beam, *Sax.* এই শব্দ কোন স্থানসংজ্ঞার আদ্যাকররূপ প্রয়োগ হইলে তৎস্থান অরণ্য বুঝায়।

Bamboo, *n. s.* বংশ, বাঁশ।

To Bamboozle, *v. a.* প্রতারণা-কৃ, ঠগা, ভাঁড়া, স্বল্প-কৃ, হতবুদ্ধি-কৃ।

Bamboozler, *n. s.* ঠগ, ঠগায় যে; প্রতারণাকর্তা, ছলকর্তা, ভোগা দেয় যে, কান্ধি দেয় যে, ভাঁড়ায় যে।

Ban, *n. s.* Teut. বিবাহসম্বন্ধ স্থির হইলে গৃহীত্বের ইচ্ছাহার প্রকাশমানরূপে আজ্ঞাপ্ত বা নিষিদ্ধ কোন বিষয়ের সম্বাদ বা সমাচার, প্রকাশমান সমাচার, সম্বাদ, ইচ্ছাহার, যোগ্যপাত্র, শাপ, অভিশাপ, পদচ্যুতকরণ, বারণ, নিষেধ, জর্মনীয় রাজপুত্রপদচ্যুতকারি প্রকাশমান দুর্নাম বা দোষ।

To Ban, *v. a.* শপ্ত-কৃ, অভিশাপ-দা, দুর্নাম-কৃ বা -দা, অপবাদ-ঘট, দুর্নাম বা দোষদ্বারা পদচ্যুত-কৃ।

To Ban, *v. n.* শপ্ত-হ, অভিশপ্ত-হ, অপবাদ-ঘট।

Banana Tree, কদলী, কলাগাছবিশেষ।

Band, *n. s.* Sax. বন্ধন, বন্ধনী, ছন্দন, ছাঁদনী, কোন জন্তু দ্বারা ইত্যাদি আটক বা বন্ধ হয় যদ্বারা, যথা, রজ্জ, ছিকলী, বেশী, শৃঙ্খল, এবং এতদর্থে এখন *bond* লিখে, কোন কিছুর চতুষ্কোণ বেড় দেওয়া যায় যদ্বারা, যথা বেড়, পটি, পেটি, দামন, গলাবন্দ, কমরবন্দ, হাসলী, বলয়, কোন কার্য সম্বন্ধার্থে এক জৌড়ত লোকসমূহ, দল, বাহ, সৈন্যসমূহ, চোরসমূহ, সম্মুদায়, সমাজ, সম্বন্ধ, সম্মক।

To Band, *v. a.* একত্রে বন্ধ-কৃ, সম্বন্ধ-কৃ, শৃঙ্খলাপূর্বক বন্ধ-কৃ, শ্রেণী বা দলরূপে বন্ধ-কৃ, বাহপূর্বক বন্ধ-কৃ, বিন্যাস-কৃ, মিল-কৃ, কোন পাট্টিদামন বন্ধন ইত্যাদিদ্বারা বন্ধ-কৃ, বেড়া-দা, পাট্টি-জড়, লপট, পেটি দিয়া লপেট। [In Heraldry.] ভিন্নবর্ণ কোন দড়া বা দামনদ্বারা বেড়-দা, তাড়িয়া-দা, খেদিয়া-দা, দেশচ্যুত-কৃ।

To Band, *v. n.* একত্র-হ, সমাজস্থ-হ, সেনার দল-বাঁধ, মিল, বাহীড়ত বা দর্শীড়ত-হ, শ্রেণী বা শৃঙ্খলাপূর্বক বন্ধ-হ।

Bandage, *n. s.* বন্ধন, তাগা, ছাঁদনী, পাট্টি, বেড়, কোন দ্রব্যের চতুর্দিকে বা উপরি লপেটী মাছা, বেটন, বেড়ি, ঘায়ের বন্ধন।

Bandbox, *n. s.* ক্রীলোকে ব্যবহৃত চুপাডিবিশেষ, হাল্কী সিন্দুক বিশেষ।

Bandelet, *n. s.* বেটন, দামন, বেড়, পাট্টি।

Bander, *n. s.* অন্যের সহিত মিলে যে, বাহকর্তা, দল করে যে, সমাজকর্তা, শৃঙ্খলাক্রমে বা শ্রেণীপূর্বক বন্ধ করে যে।

Bandit, *n. s.* Ital. ব্যবস্থানাই ব্যক্তি, লুটেরা, ডাকাইত, বম্বেটীয়া, দস্যু, চোর, বহুলো।

Banditto, *n. s.* তথা।

Bandog, *n. s.* বৃহৎকুকুরবিশেষ। এই শব্দ শুদ্ধ লিখিলে *band-dog* লিখিতে হয়।

Bundle, *n. s.* দুই ফুট অর্থাৎ বত্রিশ অঙ্গুলি পরিমাণ ইংগুণ্ডীয়মাণ বিশেষ।

Bandoleers, *n. s.* তোষদান, বন্দকের এক চোট পরিমাণ বারুদধারী ভিবিয়াবিশেষ, ছোট বারুদদান, তোড়া।

Bandon, *n. s.* Fr. দান, দানশক্তি, কোন কার্য করিবার শক্তি বা আজ্ঞা বা হুকুম বা সনন্দ।

Bandore, *n. s.* Gr. বংশীবিশেষ।

Bandrol, *n. s.* Fr. পতাকা, ছোট নিশান বা স্ফটবিশেষ।

Bandstring, *n. s.* কোন বন্ধন বা দামনবন্ধকারি রজ্জ, পাট্টির রসি, বন্দ, তাগা বাঁধা দড়ি।

Bandy, *n. s.* বক্রগতি, ক্রীড়াবিশেষ, দাঁড়া, বর্তুল বা গুলিমারা দণ্ডবিশেষ।

To Bandy, *v. a.* এদিগুওদিগ আঘাত-কৃ, ইতস্তত আঘাত-মার, এদিগুওদিগ চড়-মার, বদল-কৃ, অদলবদল-কৃ, যোলা, লাড়াচাড়া-দা।

To Bandy, *v. n.* ক্রীড়াতে যোদ্ধ-হ, ক্রীড়াবিষয়ে বিবাদী-হ।

Bandyleg, *n. s.* বক্রপাদ, কুশপাদ, খোঁড়াঠেং।

Bandylegged, *a.* বক্রপাদবিশিষ্ট, কুশপাদযুক্ত, খোঁড়া পা।

Banc, *n. s.* Sax. বিস, ভ্রহর, অশুক, নাশ করে যে, অপকারকর্তা।

To Banc, *v. a.* বিস-দা, বিস-ভঙ্গ, বিসাক্ত-কৃ, বিস-খাদ (ফ্রি)।

Baneful, *a.* বিসাক্ত, বিষযুক্ত, নাশকারী, অপকারক, ক্ষতিকারক, হানিকারী, মন্দজনক, অমঙ্গলোৎপাদক।

Banefulness, *n. s.* বিসাক্তত্ব, নাশকত্ব, অপকারকত্ব, ক্ষতিজনকত্ব, হানিজনকত্ব, মন্দজনকত্ব, অমঙ্গলোৎপাদকত্ব, বিষবিশিষ্টত্ব।

Banewort, *n. s.* ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

To Bang, *v. a.* Goth. কৌক্লা-মার, আঘাত-কৃ, চড়-মার, ঘা-মার, চড়া, কিলা, চৈত্রা, চৈত্রাচৈত্রি-কৃ, মারপীঠ-কৃ, পেটা, চক্কড় বা ছক্কড় বা থাপড়া-মার, ঘূসা-মার, চিপাং বা চুপাং করিয়া-মার বা-কিলা, নিষ্ঠুরতাপূর্বক আচার-কৃ, নির্দয়তাপূর্বক-চল।

Bang, *n. s.* আঘাত, ঘূসা, কিল, চড়, চড়ছক্কড়, ঠোকন, চড়চাপড়, চৈত্রাচৈত্রি, ঘূসামুসি, কিলাকিলি।

To Bangle, *v. a.* অল্পত্ব ক্রয়-কৃ, ক্রমেত্ব ক্রয়-প্রাপ (ফ্রি)।

To Banish, *v. a.* Fr. দেশবহির্ভূত-কৃ, দেশচ্যুত-কৃ, তাগ-কৃ, দেশান্তর-কৃ, বনবাস-দা, শহর বদল-কৃ, দেশছাড়া-কৃ, দূর-কৃ, দূর করিয়া-দা।

Banisher, *n. s.* দেশান্তরকর্তা, দেশচ্যুত করায় যে, বনবাসদাতা।

Banishment, *n. s.* দেশান্তরকরণ, দেশতাগ, বনবাস, কোন দেশ বা মত বা পন্থা চ্যুত করণ, শহরবদল।

Banister, Baluster শব্দের অপ্ৰচলিত লিখন মত এবং তচ্ছব্দ দেখ।

Bank, *n. s.* Sax. তট, কাঁদা, কল, ডীর, পার, পার, ভেড়ী, পুল, মুক্তিকার চিবি, কোন দ্রব্যের রাশি, রূপগিরিরূপমঞ্চ, দাঁড়বহনের পিড়ি বা আসন, যে স্থানে বসিয়া বা দাঁড়িয়া বৌকা খেও বাই করে, কুঠী, পনভাগার, কুঠীর কণাধ্যক্ষসমূহ, কুঠীওয়াল।

To Bank, *v. a.* পুলবন্দী-কৃ, পোস্তা-বাঁধা, সেতু-দা, ভেড়িবন্দী-কৃ, কুঠীতে টাকা-রক্ষ বা -স্থা (ফ্রি)।

Bank-bill, *n. s.* কুঠীহইতে স্থাপিত টাকাগৃহণপত্র, টীপ, বরাং, লণ্ডী।

Bank-stock, *n. s.* ইংগুণ্ডদেশে নিরূপিত এক কুঠী বা সমাজ, সাধারণ ধনভাগার, সম্ময়সংস্থান বা মূলধন ভাগার।

Banker, *n. s.* রোকড়ী বানিয়া কুঠী রাখে বা চালায় যে, পোস্তার, শেট, কুঠীওয়াল।

Bankrupt, *a.* Fr. and Ital. সর্বস্বচ্যুত, শোধনাক্রম ঋণগুস্ত, সংস্থানাতিরিক্ত ঋণী, বহুঋণবদ্ধ, দেউলিয়া, কতুয়া, কতুর।

Bankrupt, *n. s.* সর্বস্বহানি হইয়াছে যাহার, শোধনাক্রম ঋণগুস্ত ব্যক্তি, সংস্থানাসাধ্যঋণি ব্যক্তি।

To Bankrupt, *v. a.* দেউলিয়া-কৃ, সংস্থানাতিরিক্ত ঋণ-কৃ, সংস্থানরহিত-কৃ, করজদার-কৃ, কতুয়া-কৃ।

**Bankruptcy, n. s.** শোপনাক্রম স্থগিৎওন, সৎস্থানাতিরিক্ত স্থগ  
গুস্ত হওন, স্বর্দস্থহানি, কতুয়া বা দেউলিয়াহওন প্রকাশকরণ।  
**Banner, n. s.** Sued. পতাকা, প্রজ্ঞ, রণপ্রজ্ঞ, নিশান, বরশীর চা  
মর।

**Bannered, part. a.** পতাকায়ুক্ত, প্রজ্ঞবিশিষ্ট, নিশানওয়ালা।

**Banneret, n. s.** কুলীন মর্যাদাবিশেষ বিশেষতঃ রণস্থলে প্রজ্ঞা  
ছেদন করিয়া অন্য প্রজ্ঞ নির্মাণকরণরীতিক্রমে কুলীন পদে নি  
যুক্তকরণ, ক্ষুদ্র পতাকা বা প্রজ্ঞ, ছোট নিশান।

**Bannerol, n. s.** Fr. এই শব্দকে Banderol লিখে এবং ক্ষুদ্রপতা  
কা বা প্রজ্ঞ তদর্থ।

**Bannian, n. s.** অঙ্গরাখা, মেজাই, মুৎসদী, দেওয়ান, বাবু বট  
বৃক্ষ।

**Bannition, n. s.** Lat. নিক্রোপ, প্রক্রোপ, বহিস্করণ।

**Bannock, n. s.** Irish. পিষ্টক বিশেষ।

**Banquet, n. s.** Fr. ভোজ, নিমন্ত্রণ, উৎসব, পার্শ, যজ্ঞ, নেওতা।

**To Banquet, v. a.** ভোজ-ক, ভোজের ঘটনা-ক, নিমন্ত্রণ-ক, উৎ  
সব-ক, নেওতা-ক, খানা-দা বা-ক।

**To Banquet, v. n.** ভোজী-হ, নিমন্ত্রিত-হ, নেওতা-হ।

**Banqueter, n. s.** ইষ্টভোক্তা, ভোক্তা, নিমন্ত্রিত লোক, সুন্দরা  
হারী খোশখোরাকী, ভোজ করে যে, নিমন্ত্রণকর্তা।

**Banquet-house** বা **Banqueting-house, n. s.** ভোজনাগার, আ  
হারশাল, যজ্ঞশালা, উৎসবস্থান।

**Banqueting, n. s.** ভোজকরণ, উৎসবকরণ, খাওয়াদাওয়া করণ,  
আহারকরণ, খানাকরণ বা খাওন।

**Banquette, n. s.** Fr. পিড়িশেষ, বৈমনারদের গোলা বাগাদি  
স্বল্পদ্রব্যের ক্রেপাথে দুর্গানকট নির্মিত চক্র, বৃক্ষ, মুচ্চা।

**Banshee** বা **Benshi, n. s.** ঐলংগীর পরমসুন্দরী বিশেষ।

**Banstickle, n. s.** ক্ষুদ্রমৎসাদিশেষ।

**To Banter, v. a.** Fr. ক্রাঁড়া-ক, গদ্য-ক, কষ্টী-ক, বিক্রপ-ক, ব্যঙ্গ  
-ক।

**Banter, n. s.** ক্রীড়া, গদ্য, কষ্টী, ব্যঙ্গ, রঙ্গ, বিক্রপ, তামাসা, ম  
জাক, টাট্টা, ছেলিগা-গেলা।

**Banterer, n. s.** ক্রীড়াকর্তা, কষ্টী করে যে, রঙ্গদর্শনকর্তা, মজাক  
করণী।

**Bantling, n. s.** পরিহাসার্থে বালক, বালিকা, ছালিয়া, চেংড়া,  
লড়কা, লড়কী, গোঁড়মা, বাচ্চা, বৎস।

**Baptism, n. s.** খ্রীষ্টীয়ান পক্ষাবলম্বিত ওন সৎস্কার বা চিহ্ন দ্ব.  
স্থান, অবগাহন, জলে মজ্জন, পর্যাপ্তকে নিরূপিত বাক্য ব্যব  
হার পূর্বক ডুব দেওন, পক্ষপক্ষকে এই শব্দ কখনোই দুঃখ কষ্ট  
ক্লেশ ব্যামোহ ইত্যাদিতে মগ্ন বুঝায়।

**Baptismal, a.** ডুববিসয়ক, স্থানসম্বন্ধীয়।

**Baptist, n. s.** ডুবদেওয়ার যে, ডুবদাপরিত, ডুবমতাবলম্বী যে।  
এই শব্দ Anabaptist শব্দের সংস্কৃত।

**Baptistery, n. s.** ডুবিত হয় যে স্থানে, ডুবকুণ্ড, ডুবশালা।

**Baptistical, a.** ডুবসম্বন্ধীয়, ডুবমতসম্বন্ধীয়।

**To Baptize, v. a.** Gr. ডুব-দা, স্থান-ক (প্রি), জলে মগ্ন-ক, জলে  
আবৃত-ক, অবগাহন-ক, সৎস্কার-ক।

**Baptizer, n. s.** ডুবদাপক, ডুব দেওয়ার যে, জলে মগ্নকর্তা, অব  
গাহনকারিত, সৎস্কারকর্তা।

**Bar, n. s.** Fr. কোন পথের বা দ্বারের আড়পাকে রক্ষিত বা স্থা  
পিত কোন দ্রব্য, গরাদি, চড়কা, গালাম, অর্গল, ফিড়কিনি, ডি  
টকিনি, আটক, অরোপ, বেড়া, দ্বারকপাট, দরবাজা, কেওয়া  
ড়, নঙ্গরবাড়ীর বা নদীর মহনায় স্থিত কোন চড়া বা পাষাণ বা

টিপি, প্রতিবন্ধক, অরোপ, নিবারণ, ব্যবস্থানের যে স্থানে  
আসামী বা করিয়াদি দাড়ায়, শুণাপানে বা সরাইতে বা ডে  
টিয়ারা ঘরে গরাদিতে বেড়া দেওয়া যে স্থানে গহের কড়া আ  
সন করে বা বসে, আড়গড়ার গাদী বিশেষ। [In Law.] ফরি  
য়াদির দাওয়া বা বাদ যদ্বারা লোপ বা ব্যর্থ হয় আসামীর এ  
মত বাদ বা শওয়ালা, কোন কিছুর প্রত্যক্ষ বা অব্যব সরক্ষিত  
হয় যদ্বারা, অন্য কিছুর আড় স্থাপিত যাই। [In Herald  
আড়পাকে স্থিত রেখা, লৌহের পাটী বা গরাদি, কামি, রূপা  
র বাটী বা খান বা থণ্ড। [In Music.] সুরের আড় নিখিত  
রেখা, তালের চিহ্ন, ঘোড়ার কস বা মাটি বা খোঁশা।

**Bar-shot, n. s.** সমদুয়ুজে ব্যবহার্য্য শূঙ্খলা বা লৌহগরাদিয়ার  
পরস্পরযুক্তগোল, অঙ্কগোলদ্বয়, ঘোড়াগোলা।

**To Bar, v. a.** গালাম বা চড়কাদ্বারা কোন কিছুর বন্ধ-ক, গালাম  
-দা বা -লাগ, অর্গল-দা, গরাদি দা, চড়কা-দা, নিবারণ-ক,  
রোপ-ক, বাধা-ক, আটক ক, বেড়া-দা, বন্দ-ক, বন্ধ-ক, নিবন্ধ-ক,  
বহি বন্ধ-ক, কার্যে লাগনে বা কোন প্রাপ্তিরময়ে নিবারণ ক,  
বা বন্ধন-ক, নিষেধ-ক, বন্ধ, বিশেষ-ক। [In Law.] বাহির  
করিয়া-দা, রহিত বা বন্দ-ক, মকদ্দমা মুল তিরিত-রক্ষ, প্রতিপক্ষ  
ক-জন (প্রি), ব্যাঘাত-ক বা কন (প্রি), অসাপ-ক। [In Har  
riery.] রক্তপবাহ কনাই বন্ধ ক।

**Barb, n. s.** Lat. শুভ্রা, রৌয়ার নায় গাছে যাই, বরশীর  
রের আলি, শরের ছল, ঘোড়ার মাছ।

**Barb, n. s.** [Barbary.] বারবারী দেশীয় অশ্ব, বারবারীঘোড়া।

**To Barb, v. a.** ক্ষেত্রী-ক, দাঁড়ি কাম, দাঁড়িমোচ ক্ষেত্রী-ক, লো  
ম বা কেশ মগ্নন ক, অশ্বকে সজ্জাদ্বারা সজ্জ-ক, ঘোড়ার মাছ  
-দা বা -চড়া বা পরা, তাঁরের বা শরের ছলিতে আলি বা ছল  
-দা বা -গড়, কাঁড়কা কাটা-ক, ছলবাহির-ক, ছল বাহির করি  
য়া-কাটা বা-গড়।

**Barbican, n. s.** Sax. নগরসম্মুখ স্থিত দুর্গ, শহরের সম্মুখে নি  
শ্চিত বৃক্ষ, সাকোর অগ্রে বৃক্ষ, পালের সম্মুখস্থিত দুর্গ, গো  
লা বা বাণ চালনাথে দেওয়ালে বা ডিকিতে ছিদ্র বা মুত্ৰঙ্গ।

**Barbarian, n. s.** Lat. মনুষ্য ব্যবহারে অগ্ৰব্যক্তি সভ্যতাজীন লো  
ক, বিদেশী, মুচ্ছ, রাড়চোয়াড়, অজলি লোক, নির্দয়ব্যক্তি, দু  
দ্দাম্যমানুষ।

**Barbarian, a.** অত্যন্ত, নির্দয়, দুদ্দাম্য, অশিষ্ট, মট, মূর্খ, মুচ্ছ,  
মনুষ্যব্যবহারানিভজ, সভ্যতাজীন, বিদেশী, চোয়াড়, গোয়ার  
চামা।

**Barbarick, a.** তথা।

**Barbarism, n. s.** অশুদ্ধভাষা বা কাণ্ডা বা আচার, অপরিভাষা, অ  
শুদ্ধ রচনা বা রচন, চামাচিহ্না কপা, বিদ্যানিভজতা, শিল্পবিদ্যা  
জীনতা, মূর্খতা, মটতা, পাশ্চ, অসভ্যতা, মুচ্ছত্ব, নিষ্ঠুরতা, নি  
র্দয়তা, অত্যন্তত্ব, দুর্দাম্যত্ব, নিন্দোপত্ব।

**Barbarity, n. s.** তথা।

**To Barbarize, v. a.** অশুদ্ধভাষা-বিধ বা রচনা-ক, অশুদ্ধভাষা-ক  
থ, অসভ্যব্যবহার-ক, মূর্খের বা আনাড়ির নায় আচরণ-ক, চা  
বার নায়-চল, নির্দয়কার্য্য-ক, দুদ্দাম্যব্যবহার-ক, অত্যন্তত্ব  
-ক।

**To Barbarize, v. n.** মূর্খতা-দৃশ, অসভ্য-হ, অশুদ্ধ বাক্যাবদী-হ,  
পাশ্চ বদাচারী-হ, মূর্খ-হ, মট-হ, নিষ্ঠুর-হ, নির্দয়-হ, অত্যন্তত্ব  
-হ।

**Barbarous, a.** অসভ্য, আনাড়ির, আলাপরিহিত, মূর্খ, মট, মুচ্ছ,  
নির্দয়, দুদ্দাম্য, নিষ্ঠুর, বিদেশী, রীতিরহিত, নিন্দোপ, ব্যবহার  
স্তুর রাড়চোয়াড়, গোয়ার, বোকা।

Barbarously, *ad.* মূর্খরূপে, মূঢ়তাপূর্ণক, অজ্ঞানতাপূর্ণক, অসভ্যতাপূর্ণক, অশুভরূপে, বাক্যকরণ রীতিবহিঃ কখনপূর্ণক, ব্যবহার্যরীতাস্তররূপে, নিষ্ঠুররূপে, নির্দয়ব্যবহারপূর্ণক, গোঁয়ার তিমিরূপে।

Barbarousness, *n. s.* কথার অশুদ্ধতা, ভাষার বা ব্যবহারের অশুদ্ধতা, মূর্খত্ব, অশিক্ষিতা, অসভ্যত্ব, মূঢ়ত্ব, মোচ্ছত্ব, সুব্যবহারহীনতা, নিষ্ঠুরতা, নির্দয়তা, জঙ্গলি লোকের মত ব্যবহার করণ।

Barbary, *n. s.* বারবারিদেশীয় অশ্ব, এবং তীরের ফলির আলি বা হল। Barb শব্দ দেখ।

Barbated, *part. a.* খাণ্ডরাকাটা, কাঁকড়াকাটা, শুভাংশিষ্ট।

To Barbacue, *v. a.* আমেরিকাদেশস্থ ইংল্যান্ডীয় অধিকারে ব্যবহার্য বাক্য এবং শব্দর আশ্রয়পাঠকরণ উদ্বৃত্ত।

Barbed, *part. a.* খাণ্ডকাটা, শুভায়ুক্ত, ফালিযুক্ত, সজ্জাবিশিষ্ট।

Barbel, *n. s.* Fr. মৎস্যবিশেষ, অশ্বমুখমধ্যে বন্ধিত মাংসবিশেষ।

Barber, *n. s.* নরসুন্দর, নাপিত, হাজ্জাম, ক্ষৌরী করে যে, নাপিত।

To Barber, *v. a.* ক্ষৌরী-ক, চুল-বানা, মস্তক ভূষণ-ক, মস্তকে গুঁড়ান্দা।

Barber-chirurgian, *n. s.* নাপিতবৈদ্য, নাপিতকার্য এবং অস্ত্রচিকিৎসা করে যে, অস্ত্রচিকিৎসা ব্যবসায়ী বৈদ্য।

Barber-monger, *n. s.* চাট করে যে, চাটপূর্ণক চলে যে, ক্রীকর্তা।

Barberess, *n. s.* স্ত্রীনাপিত, ক্ষৌরিকারিণী।

Barberry, *n. s.* Lat. ডাট, ঘটকবিশেষ, ক্ষুদ্র বক্রবিশেষ।

Bard, *n. s.* Welsh. ডাট, কবি, শ্লোককর্তা, কবিতারচনা করে যে, কাব্যশাস্ত্র, কবিতাবিদ্যাবিৎ।

Bard, *n. s.* অশ্বের সজ্জা, গোড়ারসজ্জা।

Barded, *part. a.* সজ্জিত, অলঙ্কৃত, ভূষিত।

Bardick, *a.* কবিবিষয়ক, কাব্যশাস্ত্রসম্বন্ধীয়।

Bardish, *a.* কবিদ্বারা রচিত, কবিতাবিশিষ্ট।

Bare, *a. Sax.* নগ্ন, উলঙ্গ, নেংটা, বিবস্ত্র, আদুল, লেড়া, ঠকঠকবস্ত্রহীন, অনাবৃত, অনাচ্ছাদিত, কাঁচা, টাটকা, মর্গ্যাদা দর্শনার্থে অনাবৃত, অভূষিত, অনলঙ্কৃত, দোসে পুত, গরিব, দরিদ্র, দীনহীন, হস্তসর্ঙ্গ, কেবল, মাত্র, নিরাল, ফকৎ, খালি, thread-bare, জীর্ণ, ফেসুয়াহীন, সূত্রমাত্রদৃষ্ট, অসংলগ্ন, অসংযুক্ত।

To Bare, *v. a.* নগ্ন-ক, উলঙ্গ-ক, নেংটা-ক, বিবস্ত্র-ক, আদুল-ক, লেড়া-ক, ঠকঠক-ক, অনাবৃত-ক, অনাচ্ছাদন-ক, বস্ত্রহীন-ক, কোন প্রকার আবরণ রহিত-ক, সর্ঙ্গস্বরহিত-ক।

Barebone, *n. s.* অস্থিমাত্র বা অতিকৃশ লোক, অতিক্রীণব্যক্তি, হাড়মাত্রাবিশিষ্ট লোক, কেবল অস্থিচক্ষ্মাবিশিষ্ট লোক।

Bareboned, *part. a.* কেবল অস্থি এমতক্রীণ, হাড় মাত্রবিশিষ্ট, অস্থিমাত্রাবিশিষ্ট, অতিরোগা, অতিকৃশ, অতিক্রীণ, চর্মমাত্রাবিশিষ্ট।

Barefaced, *a.* অনাবৃতমুখ, নেংটামুখ, বেহায়া বা বেশরমমুখ, নির্লজ্জ, লজ্জাশূন্য, বেহায়া, বেশরম।

Barefacedly, *ad.* মুখ অনাবৃতরূপে, নির্লজ্জাপূর্ণক, লজ্জাশূন্যরূপে, ত্রপা রহিতরূপে, বেহায়ামাফিক।

Barefacedness, *n. s.* মুখ অনাবৃতত্ব, মুখে লজ্জাহীনতা, নির্লজ্জত্ব, লজ্জা শূন্যত্ব, খোলামুখ, বেহায়া মুখ।

Barefoot, *a. Sax.* গালিপা, খোলাপা, পাদুকাহীন, অনাবৃতপাদ, অনাচ্ছাদিতচরণ।

Barefoot, *ad.* গালিপায়ে, অনাবৃত পাদপূর্ণক, পাদুকাহীনতা পূর্ণক।

Barefooted, *a.* শূন্যপাদবিশিষ্ট, পাদুকাহীন অনাবৃতপাদবিশিষ্ট।

Baregnawn, *a.* কার্য স্বর্ষণ ইত্যাদিধারা খাদিত বা জারিত, লেড়া কৃত, আভরণ রহিত, আচ্ছাদনশূন্য।

Bareheaded, *a.* মর্গ্যাদা দর্শনার্থে অনাবৃত মস্তক, শূন্যমস্তক, খালিশিরওয়াল, খালিমাথাওয়াল, লেড়ামাথায়ুক্ত, মুখ, জান শূন্য, নির্দোষ।

Barelegged, *part. a.* চরণাবশিষ্ট অশীবৎপর্যন্ত অনাবৃত, অনাচ্ছাদিত চরণ, গালিপা, গালি চেঁচ।

Barely, *ad.* নগ্নরূপে, উলঙ্গপূর্ণক, আদুলরূপে, নেংটারূপে, অনাবৃতরূপে, অনাচ্ছাদনপূর্ণক, দীনহীনরূপে, সজ্জাহীন, দরিদ্রক্রমে, গরিবমাত্তিক, দুঃখিতাবস্থায়, অনলঙ্কৃতরূপে, অভূষণপূর্ণক, সৌন্দর্য্যবিহীনরূপে কোন প্রকার আভরণ শূন্যরূপে, সামান্যরূপে, সাদামাটীয়, ফকৎ, সুপরূপে, কবাচার, কেবল, মাত্র, নিরালারূপে, একলারূপে।

Barenecked, *part. a.* অনাবৃতগল, অনাচ্ছাদিত কণ্ঠ, খোলাগলা।

Barepicked, *part. a.* শনাহ ওয়াপর্গ্যন্তু খাদিত বা স্বর্ষিত, অস্থিশূন্যপর্গ্যন্তু খাদিত, নিম্নাংশ ও নপর্গ্যন্তু উচ্ছিত বা স্বর্ষিত বা ক্ষয়প্রাপ্ত।

Bareribbed, *part. a.* দৃষ্টপশুক, পশুকাদেশা যায় এমত ক্রীণ, পশুর বা পাঁজুর বহিস্কৃত, হাড়জরিজরিয়া রোগগ্ৰস্ত।

Bareness, *n. s.* নগ্নতা, উলঙ্গতা, অনাবৃতত্ব, অনাচ্ছাদনত্ব, অনলঙ্কৃতত্ব, অভূষিতত্ব, ক্রীণতা, ক্রীণত্ব, শাটকিয়া যাওন অবস্থা, দরিদ্রতা, দীনহীনতা, অসংমানাবস্থা, গরিব, দুঃখিপনা, মন্দবস্ত্র পরিধানত্ব, কৃৎসিত পরিচ্ছদ, শস্যহীনতা, ফলরাহিত্য, ফলশূন্যতা, বাঁজা অবস্থা বা পর্ষ।

Bartol, *a.* Bartol শব্দ দেখ।

Bargain, *n. s.* Welsh. সন্ধি, নির্বন্ধ, নিয়ম, পণ, ক্রয় বা বিক্রয়পত্র, ক্রয় বা বিক্রয়দ্রব্য, সওদা, ভাও, চুক্তি, মূল্য, দর, দাম, জিনিস, দ্রব্য, সামগ্ৰী, বিষয়, অবস্থিতি, সংস্থান।

To Bargain, *v. n.* সন্ধি-ক, নির্বন্ধ-ক, নিয়ম-ক, চুক্তি-ক, দর-ক, ভাও-ক, দাম-ক, মূল্য-ক, ক্রয় বা বিক্রয়-ক, সওদা-ক, চুক্তিয়া-দা, ক্রয়ে বা বিক্রয়ে নির্বন্ধ-ক, কুবাক্য প্রয়োজক অনিশ্চিত উত্তর।

Bargainee, *n. s.* ক্রেতা, বিক্রেতা, ক্রয় বা বিক্রয়বিষয়ে নির্বন্ধ হয় যাহার সহিত, সওদা বিক্রয় করে যে, কোন সন্ধি নির্বন্ধ নিয়মইত্যাদি স্বীকারকর্তা।

Bargainer, *n. s.* দর ভাও দাম মূল্য কিম্বৎ ইত্যাদি করে যে, খরিদার, সন্ধিনির্বন্ধ নিয়ম ইত্যাদিকর্তা, ক্রয় বা বিক্রয়বিষয়ে নিয়মকর্তা, দালাল, ঘটকবিশেষ কোন বিষয় চুকায় যে।

Barge, *n. s.* Fr. নৌকাবিশেষ যথা হাওবা খাবার নৌকা, বজরা, বাইচখেলিবার নৌকা, জাহাজকর্তার চড়িবার নৌকা, ভড়, বোঝা বা মাল চড়ায় যে নৌকাতে।

Bargeman, *n. s.* পূর্বোক্ত নৌকার অধ্যক্ষ বা চালনকর্তা, কর্ণধার, মাজি, প্রধান নাথিক, তরিবাহক।

Bargemaster, *n. s.* ভড়ের মাজি, মাল বা বোঝা চড়ায় যে নৌকাতে তাহার কর্তা বা মাজি।

Barger, *n. s.* তথা।

**Bark, n. s. Dan.** বন্ধ, বন্ধল, ঢুক, ছাল, চর্ম, ঔষধবিশেষের নাম। পিক্রদেশ ছাত বৃক্ষবিশেষের ছাল, কদু নৌকা বা জাহাজ।  
**To Bark, v. a.** বন্ধল নিস্কুলন-ক, চর্ম-উখড়, বন্ধ-ছড়া, খাল-খসা, ছাল-ফেল বা -কেল, নিষ্ক-ক।  
**To Bark, v. n. Sax.** কুক্কুরবৎ-ডাক বা শব্দ-ক, ভেউং-ক, ডুকডুক-ক, ডর্সন-ক, টেডা বাক্য-ক, যেডা, গৌগা, খেচং-ক।  
**Bark-bared, a.** ছিন্নবন্ধন, ছালছাড়া, চর্মউখড়া, ছালখসান, কেলিতকুক, কুকশ্ম্য।  
**Barker, n. s.** কুক্কুরের মত শব্দ করে যে, খেউং কর্ত্ত, ভেউং বা ডুকং করে যে, টেডা কথা কহে যে, কটু বাক্যবক্তা, দেডায় যে, ভেডায় যে, বৃক্ষের বন্ধল উখড়ায় যে, গাছের ছাল খসায় বা কেলায় যে।  
**Barky, a.** বন্ধলবিশিষ্ট, ছালযুক্ত, চর্মযুক্ত হৃদয়, খেচ খেচ নীয়, যেডানীয়, ভেডানীয়।  
**Barley, n. s.** বিলাতি যব, যব।  
**Barleybrake, n. s.** নাগরীয় ক্রীড়াবিশেষ, বেগাবেগের পরীক্ষালওয়া ক্রীড়াবিশেষ।  
**Barley-broth, n. s.** নীচ লোকের ব্যবহার্য্য কথা বা বাক্য এবং যবজ মদ্য এতদর্থ বুঝায়।  
**Barley-corn, n. s.** যবের এক দানা, এক যব পরিমাণ, যবদানার পরিমাণ, যবের এক দানার মত দীর্ঘ, বৃক্ষের তৃতীয়পত্রের একপত্র।  
**Barley-mow, n. s.** যবশস্যপত্র, যবকাটা গেলে একত্র করা যায় যে স্থানে, গোলা, ভাণ্ডার, খামার।  
**Barley-sugar, n. s.** দানায় বা রোয়ায় চিনি, যবরসদ্বারা কৃত চিনি।  
**Barm, n. s. Sax.** কারোহৃদয়, সুরামণ্ড, নৃতনসুরাতে উৎপন্নকেনা, মদ্যবিশেষে জন্মে যে ফেণা।  
**Barmy, a.** সুরামণ্ডযুক্ত, মদ্যকেনাবিশিষ্ট।  
**Barn, n. s. Sax.** গোলা, আড়ি, শস্যভাণ্ডার, গোলাঘর।  
**To Barn, v. a.** গোলার একত্র-ক, গোলা-ক, শস্যভাণ্ডারে যত্ন-ক।  
**Barn-door, n. s.** গোলাদ্বার, গোলার দরজা, শস্যভাণ্ডারদ্বার।  
**Barnacle, n. s. Sax.** লোণাকলজ ক্রুশস্ককবিশেষ, মৌকরগা ত্রজ ক্রুশস্ককবিশেষ, লোণাকীড়া, তৎসবিশেষ, অধের না সিকাআক্রমণার্থ লৌহার আকর্ষ্যবিশেষ, নাকসাঁড়াশি।  
**Barometer, n. s. Gr.** বায়ুর তৌল পরিমাপক বা ত-পরিমাণ জ্ঞাপক কলবিশেষ, তৎকলদ্বারা পদতের উচ্চতা এবং বৃষ্টি বায়ু গুণিসু শীত ইত্যাদির বৈষম্য বা পরিমাণ অনুমান হয়।  
**Barometrical, a.** বায়ুর গুরুত্ব বা লাঘববিশয়ক বা ত-পরিমাপক কলসম্বন্ধীয়, বায়ুপরিমাপককলসম্বন্ধীয়।  
**Baron, n. s. Lat.** সম্মান্য উপাধিবিশেষ, অধিপতি, কুলীনপদ বিশেষ, কুলীন, স্বামী, উভয়পার্শ্বীয় পঞ্জরসুদ্ধ গোমাণ্ড।  
**Baronage, n. s.** অধিপতি বা কুলীনপদসমূহ, কুলীনপদমর্থ্যাদা, যজ্ঞম জন্যে বারণ নামক কুলীনপদ কৃত হয় বা তাহার পদাধিপত্য।  
**Baroness, n. s.** অধিপত্যকারিণীস্ত্রী, Barn সংজ্ঞক, কুলীনপদস্ত্রী।  
**Baronet, n. s.** উপাধিবিশেষ ব্যক্তির, অধিপতিপদবিশেষ, কুলীনবিশেষপদ।  
**Baronial, a.** অধিপতিবিশেষপদসম্বন্ধীয়, কুলীনপদবিশেষসূচক।  
**Barony, n. s.** যম্ম্যাদাদ্বারা বা যদাধিপত্যদ্বারা বারণপদ কৃত হয়, ভূমীদারী।  
**Baroscope, n. s. Gr.** আকাশবায়ু পরিমাপক কলবিশেষ।

**Barracan, n. s. Fr.** মোটা বন্য-বিশেষ উর্গানিষ্ঠিত বন্যবিশেষ।  
**Barrack, n. s. Span.** সৈন্যপ্রবাসগৃহ, সৈন্যবাসঘর, কোট, সৈন্যরক্ষা স্থান, অযুদ্ধ সময়ে সৈন্য থাকে যে ঘরে, সৈন্যাগার বা গৃহ।  
**Barrack-master, n. s.** সৈন্যগৃহকর্ত্ত, সৈন্যগৃহের প্রধান, সৈন্যাগার রক্ষাকর্ত্তা, সিপাহি ঘরের দারোগা।  
**Barrator, n. s.** বিবাদকর্ত্তা, বিরোধ জন্মায় যে, অভিযোক্তা, অদালতে মোকদ্দমাতে অনুরাগ জন্মায় যে, ফরিদাদ বা বালিশ বাড়ায় যে, মোকদ্দমার দালাল।  
**Barratry, n. s.** ব্যবস্থানে প্রতারণা, অদালতে প্রবঞ্চনা, মিথ্যাগু করণ, বহুলিয়ামি।  
**Barrel, n. s. Welsh.** দীর্ঘগোল কোন পাত্র, পিপা, পরিমাণবিশেষ, দীর্ঘগোল অথচ কাপা কোন দুবা, প্রণালী, নলা, চুম্বী, অনুরশ্মা শলাকা, কর্ণরক্ষক চক্কানামক কুক পশ্চাত্তাগে স্থিত স্থান বিশেষ, নাদাপেটা, জুটে, প্রকাণ্ডপেট, বড় কুম্ভ বা জুড়ি।  
**To Barrel, v. a.** পিপা-পুর, পিপাতে-ডর বা -সাক্ক।  
**Barrel-bellied, a.** পিপাবৎ পেটবিশিষ্ট, প্রকাণ্ড পেটযুক্ত, ভারিকুম্ভ বা জুড়িবিশিষ্ট, কুম্ভিল, মোটা বা ভারিপেটওয়াল, জুড়িয়া।  
**Barren, a. Fr.** বন্ধা, অফলা, রাড়া, বাকা, বহুপ্রকারহিত, শাবকশূন্য, বহুবৃদ্ধিশীল, অনর্থক, অর্থ বা ডাবরহিত।  
**Barrenly, ad.** বন্ধাকারে, অফলাকারে, অফলতাপূর্বক।  
**Barrenness, n. s.** প্রজারাহিত্য, সম্মানহীনতা, শাবকশূন্যতা, বন্ধায়, অফলকর, বৃদ্ধিশীলতা, জ্ঞানরাহিত্য, বৃদ্ধির অসরণ। [In Theology.] শূন্য, শূন্যতা, হীনতা।  
**Barren-sighted, part. a.** ক্রুদুবৃদ্ধি, নীচজ্ঞানবিশিষ্ট, অল্পমাহিমযুক্ত।  
**Barren-wort, n. s.** বৃক্ষবিশেষ।  
**Barrel, a.** পূর্ণপ্রতিবন্ধক, বাপাপূর্ণ, অবরোধময়, আটকডরা।  
**Barricade, n. s. Fr.** মৃত্তিকা বা বৃক্ষের ডালপালা ইত্যাদিদ্বারা নির্মিত দুর্গ, কোন প্রকার আটক বা অবরোধ, মৃত্তাবদির দ্বারা পথরোধ, বেড়া, ঘেরা, প্রাচীর, দেওয়াল।  
**To Barricade, v. a.** পথারোধ-ক, পথবন্ধ-ক, পথনিবারণ-ক, আটক-ক, বেড়া বা ঘেরা বা প্রাচীরদ্বারা বন্ধ-ক।  
**Barricado, n. s. Span.** দুর্গ, মৃত্তাবিশেষ, গড়কুবন্দ, আটক, পথনিবারণ, বেড়া বা ঘেরা বা প্রাচীরবৎ কোন অবরোধ।  
**To Barricado, v. a.** দুর্গ নির্মাণ-ক, মৃত্তাবন্দ-ক, বেড়া-দা, মৃত্তাবাদি আটক-ক, পথবন্দ-ক, অবরোধ-ক, বেড়া বা ঘেরা বা প্রাচীর বা কোন দুব্যদ্বারা পথরোধ বা বন্ধ-ক।  
**Barrier, n. s. Fr.** বেড়া, ঘেরা, আটক, অবরোধ, বাপা, নিবারণ, প্রতিবন্ধ, দুর্গ, মৃত্তা, সরহদের অঙ্ক, সীমাচিহ্ন।  
**Barring-out, n. s.** বাহিরে বন্ধ করিয়া রাখণ বা দেওন, কোন স্থানহইতে কোন দুবা বিষয় লোক ইত্যাদি বাহির করিয়া রাখণ, কোন ব্যক্তিকে বহিস্করণ, বহিস্করণ, ছেলিয়া ক্রীড়া বিশেষ।  
**Barrister, n. s.** পরার্থী, ব্যবস্থানে পরার্থে বাদানুবাদকর্ত্তা, অদালতে শওয়াল জওয়ার করে যে, পীসচিব, উকীল।  
**Barrow, n. s. Fr.** হস্তদ্বারা প্রচালিত কোন প্রকার যান বা বাহন, হাতগাড়ি, হস্তচালিত রথ।  
**Barrow, n. s. Sax.** শূকর।  
**Barrow, এই শব্দ স্থানবাচক সংজ্ঞার আদিতে বা অন্তে প্রয়োগ করিলে বৃক্ষপংক্তি বুঝায়, প্রাচীনকার্য্য কবরটীপি, মৃত্তকার রাশি।**

*To Barter, v. n. Fr.* পরিবর্তন-হ, নৈমেয়-হ, অদলবদল-হ, এক দ্রব্য দিয়া অন্য দ্রব্য-প্রাপ বা -লও, দ্রব্য অদলবদলকরণদ্বারা ব্যবসায়ী-হ ।

*To Barter, v. a.* পরিদান-কৃ, বিনিময়-কৃ, অদলবদল-কৃ, একদ্রব্য দিয়া অন্যদ্রব্য-লও বা ক্রয়-কৃ, দ্রব্য অদলবদলদ্বারা ব্যবসায়ী-কৃ, আদানপ্রদান-কৃ, মাড়চা-কৃ, অদলবদলদ্বারা তেজারৎ-কৃ ।

*Barter, n. s.* পরিদান, পরিবর্তন, নৈমেয়, বিময়, বিনিময়, অদলবদল, আদানপ্রদান, তেজারৎ, মাড়চা ।

*Barterer, n. s.* পরিদানকর্তা, নৈমেয়কর্তা, দ্রব্য অদলবদলদ্বারা বাণিজ্য করে যে, আদানপ্রদানদ্বারা ব্যবসায়কর্তা, অদলবদল করে যে, একদ্রব্য দিয়া অন্য দ্রব্য লয় বা গৃহণ করে যে, তেজারৎওয়ালা মাড়চাদার, এক শওদার জন্যে অন্য শওদা দেয় যে ।

*Bartery, n. s.* পরিদান, অদলবদল, দ্রব্যাদানপ্রদান, তেজারৎ, মাড়চা ।

*Bartholomew-tide, n. s.* বার্তোলমিনামক পর্নদিবস ।

*Barton, n. s. Sax.* প্রাচীনকালাবধি অপিকৃতভূমি, এবং তন্মুখস্থ গৃহ উপগৃহ কুঁড়িয়া ইত্যাদি ।

*Bartram, n. s.* বৃক্ষবিশেষ ।

*Basalt, n. s.* অতিবৃক্কফবর্ণ প্রস্তরবিশেষ ।

*Basaltic, n. s.* বৃক্কফবর্ণ প্রস্তরবিশেষ ।

*Basaltic, a.* তৎপ্রস্তরবিশেষক বা তৎসম্বন্ধীয় ।

*Base, a. Fr.* ভেয়, নীচ, অপার, নীচমনাঃ, ক্ষুদ্রচিত্তবিশিষ্ট, নিম্নমুখ্য, অন্ত্যজ, জঘন্য, সচমুরহিত, মর্যাদাহীন, কুঁজড়া, পাজী, খারাব, ক্ষুদ্র বা নীচপদস্থ, ক্ষুদ্র বা নীচকুলজাত, অপবংশজ, জারজ, পরস্বীজাত, পারস্বৈগেয়, অল্পমূল্যক, খাদিবিশিষ্ট, নোড়, খোঁটা, মরা, গম্ভীর, ঘোর, ভারি, মোটা, স্থিতিবিষয়ে নীচচক্র বা নিম্নস্থ বৃত্তায় ।

*Base-born, a.* নীচজাত, অপজ, পারস্বৈগেয় পরস্বীজাত, নীচকুলজ, অপবংশ্য, অনভিজাত, জারজ উপস্বীর, সম্ভান, বর্নসঙ্কর ।

*Base-court, n. s.* অপব্যবস্থান, প্রধান ব্যবস্থানের নীচ ব্যবস্থান সামান্য মহল, পশ্চাৎমহল, কারখানার ঘর ।

*Base-minded, a.* নীচমনাঃ, ক্ষুদ্রচিত্তবিশিষ্ট, দুষ্টিমনাঃ, কুচিন্তক, ভুল্টিমনাঃ, জঘন্য, দুর্মানাঃ, বিমনাঃ, অপচিত্ত, অধমচেতক, নীচনুরাগী, নীচপ্রিয়, কুম্ভাবী কুমতিবিশিষ্ট ।

*Base-mindedness, n. s.* নীচমনস্ক, অপচিত্তত্ব, দুর্মানস্ক, কুচিন্তকত্ব, কুম্ভাবিত্ব, কুমতিবিশিষ্টত্ব, কুরীতিযুক্তত্ব ।

*Base-viol, n. s.* গম্ভীরসুরসূচক সারোন্দা বা বেয়ালা, খাদসুরবিশিষ্ট বাদ্য বা যন্ত্র, ঘোর শব্দ করে এমন বাদ্যযন্ত্রবিশেষ ।

*Base, n. s. Lat.* মন্ডন, মূল, গোড়া, তলা, তলী, বুনিয়াদ ভিত্তিমূল, খুরশী, আসন, পদাসন, কোন প্রকার অলঙ্কারের লুপ্তমানাংশ, কোন দ্রব্যের বা বিষয়ের মূল্যাংশ, চোড়া বা গোড়াভাগ, আড়া, খোড়দোড়ে নিরূপিতস্থান, গম্ভীর বা খাদসুরজনক তার বা রজ্জু, পুরুকাঁটা, ক্রীড়াবিশেষ, ক্ষুদ্রতোপ বা কামানবিশেষ ।

*To Base, v. a.* নীচ-কৃ, অপকৃষ্টি-কৃ, অধম-কৃ, ছোট-কৃ, ভুল্টি-কৃ, খোট-কৃ, অপচয়-কৃ ।

*Baseless, a.* মূলরহিত, গোড়াহীন, তলাশূন্য, প্রমাণরহিত ।

*Basely, ad.* নীচরূপে, অপরূপে, কদর্যরূপে, কুৎসিতরূপে, অধমতাপূর্ষক, জঘন্যরূপে, কুজাতরূপে, জারজত্বপূর্ষক ।

*Basement, n. s.* দীর্ঘরেখাবয়ল, দীর্ঘভিত্তিমূল, লম্বা খুরশী ।

*Baseness, n. s.* নীচত্ব, অধমত্ব, হীনত্ব, কদর্যত্ব, কুৎসিতত্ব, জারজত্ব, মল, শব্দের গভীরত্ব, খাদি ।

*Basenet, n. s. Fr.* টোপের বর্ষবিশেষ চর্মনির্মিত মস্তকাচ্ছাদন বা টুপি ।

*Basestring, n. s.* সর্দাপেছা নীচসুর, সর্দাপেছা লম্বশব্দ ।

*To Bash, v. n.* লজ্জিত-হ, মন্দাক্ষবিশিষ্ট-হ, সরমিন্দা-হ, সরম-পা ।

*Bashaw, n. s.* তুরকিদেশীয় উপাধিবিশেষ, বাদশাহ সৈন্যাধ্যক্ষ, গর্ন ।

*Bashful, a.* সবুড়ী, মুখচোরা, লাজুক, লজ্জিত, লজ্জাস্থিত, মন্দাক্ষবিশিষ্ট, বুড়াজনক, সরমিন্দা, মেয়ামুখা, মেনিমুখা ।

*Bashfully, ad.* লজ্জাপূর্ষক, লজ্জাস্থিতরূপে, মন্দাক্ষতাপূর্ষক, সবুড়রূপে ।

*Bashfulness, n. s.* লজ্জা, মুখদর্শনে লজ্জা, লাজুকতা, বুড়াস্থিততা, মুখচোরামি, শরম ।

*Basil, n. s.* তুলসী, বাবুই ।

*Basil, n. s.* ছুতারের অস্ত্রের ধার, অস্ত্রধারের শানকরা কোণ ।

*Basil, n. s.* কার্যার্থে প্রস্তুতকৃত মেসচর্ম ।

*To Basil, v. a.* কোণাকারে অস্ত্রের শান-দা ।

*Basilica, n. s. Gr.* কুলীননামক রক্তবাহক নাড়ী । তাহা বাহ্যমধ্যদেশে স্থিতি করে এবং রক্ত মোক্ষণ তাহাতে বহুব্যবহার্য হয় ।

*Basilical* বা *Basilick, a.* তন্ত্রাঙ্কুরিসম্বন্ধক ।

*Basilick, n. s. Gr.* বৃহৎ পর্ষশালা, বড় দালান, উত্তমগৃহ, মঠ ।

*Basilicon, n. s.* প্রলেপৌষধিবিশেষ, মলমবিশেষ ।

*Basilisk, n. s. Gr.* বিষপর বা সর্পবিশেষ, আঘেয়ান্ত্র বা তোপ বা কামানবিশেষ ।

*Basin, n. s. Fr.* পাত্র, বহুগুণ, চমক, কটোরা, বাটী, পেয়ালা, খুরি, খোরা, সানকি, চোকসা, ডোবা, জলাশয়, পুষ্করিণী, পুকুর, তলাউ, পর্নত বা অন্য কিছুতে বেষ্টিত জল, জলাধার চমকাকৃতি কোন স্থান, গুদী, টুপিনির্মাণ করিবার ছাচ, বস্ত্রদেশ, পাল্লা ।

*Basined, a.* চমকাকৃতি কোন স্থানেতে বেষ্টিত ।

*Basis, n. s. Lat.* আদি, মূল, গোড়া, কিছু গুপ্তিত বা স্থাপিত হয় যদুপরি এমনত চাতাল স্থান, খুরশী, আসন, বুনিয়াদ, জড়, আসল ।

*To Bask, v. a. Dutch.* তাত-লও বা -দা, রৌদ্দু-পোহা, তপ্ত-কৃ, তাপা ।

*To Bask, v. n.* তাত, পোহ, তপ্ত-হ, তাপ, তাপ-লও বা -দা, তাত-লও বা -দা, সূর্যের তেজ-পোহ ।

*Basket, n. s. Welsh.* টুকরি, চূপড়ি, ডালা চেঙ্গারী, সাজী, খঞ্চি, পেটারা, কুড়ি, কোড়া ।

*Basket-hilt, n. s.* ঝাঁজরা বা জালিকাফ্যানির্মিত অস্ত্রের বাট বা হস্তরক্ষণী, অস্ত্রের দণ্ড বা কবজা, মুট হাতসাজুয়া ।

*Basket-hilted, a.* ঝাঁজরা বা জালিকাফ্যানির্মিত হস্তরক্ষণীবিশিষ্ট ।

*Basket-woman, n. s.* কুড়িওয়ালী, সাজীবাহিনী, মেয়ামুটীয়া ।

*Basquish, a.* বিস্কি দেশভাষাসম্বন্ধীয় ।

*Bass, n. s.* বাদ্যের বামা, পর্ষশালাতে ব্যবহার্য মাদুর, সপ বা পাটীবিশেষ ।

*Bass, n. s.* মৎস্যবিশেষ ।

*To Bass, v. n.* গভীর শব্দকারী-হ, ঘোর সুরবিশিষ্ট-হ ।

*Bass, a.* গভীর, ঘোর, মোটা, ভারি ।

*Bass-relief, n. s.* খোদকারিকার্যবিশেষ, উচ্চরূপকৃত মূর্তিবিশিষ্ট তরুণ কার্য বা খোদকারি কর্ম ।

Bass-viol, Base-viol শব্দ দেখ।  
 Bassa, *n. s.* Bashaw শব্দ দেখ।  
 Basset, *n. s.* Fr. ডাসক্রীড়াবিশেষ।  
 Basso rilievo, Ital. Bass-relief শব্দ দেখ।  
 Basson বা Bassoon, *n. s.* Fr. সানাইবিশেষ।  
 Bassock, *n. s.* Bass শব্দের ভুলার্থ জানিবেন।  
 Bastard, *n. s.* Welsh. জারজ সন্তান, কৃষ্ণপঙ্কজ সন্তান. কৃণ্ড, উপস্বীজাত সন্তান, অপকৃত যাহা. মূল বা মূল বা আসল নয় যাহা. মিস্টমদ্যবিশেষ. বৌকারিশেষের পালি।  
 Bastard, *a.* জারজ, কৃষ্ণপঙ্কজ, উপস্বীজাত. কৃণ্ড, বিজ্ঞানিত. বিজ্ঞানী. অনভিজাত. অপকৃত, বেআসল. খচর।  
 To Bastard, *v. n.* উপস্বীজাত প্রসিদ্ধ-হ. কৃষ্ণপঙ্কজ প্রমাণ-হ. কৃণ্ড-হ. জারজ-হ. বিজ্ঞানী-হ. অপকৃত-হ. বেআসল-হ।  
 Bastardism, *n. s.* উপস্বী বা উপপত্তিজাতাবস্থা, জারজাবস্থা. কৃণ্ডদশ. উপস্বীজ্ঞানিত ছেসিয়ার অবস্থা।  
 To Bastardize, *v. a.* উপস্বী বা উপপত্তি জন. জারজসন্তানোৎপন্ন-কৃ. ছয়ের বৈলক্ষণ্য সাব্যস্ত-কৃ।  
 Bastardly, *a.* জারজবৎ, উপপত্তীসন্তানবৎ, বিজ্ঞানীর ন্যায়, অপকৃতরূপে, অমূলকত্বপূর্ণক।  
 Bastardly, *ad.* জারজ, বিজ্ঞানিত. উপস্বীজাত, অমূলক, অপমাণিক, অপকৃত. বেআসল।  
 Bastardy, *n. s.* উপস্বী বা উপপত্তীজাতাবস্থা. জারজাবস্থা. কৃণ্ডদশা. ছয়ের বৈলক্ষণ্য।  
 To Baste, *v. a.* Iceland. ছড়ি দিয়া-মার. লাঠি দিয়া-মার. চেষ্টা. লগুড়দ্বারা আঘাত-কৃ. আচ দেওন সময়ে মাৎসেতে সূতা ক্র-কৃ. কবার গোসেতে মাগন মাগ. অল্পশেলাক-কৃ. ফাকৎ করিয়া টাক-দা. বড় টাক করিয়া শেলাই-কৃ. তাগা-বাগ।  
 Bastile, *n. s.* Fr. দুর্গ. গড়. কিল্লা. গড়ের পরিখা ইত্যাদি।  
 Bastiment বা Bastimento, *n. s.* Fr. দুর্গ. গড়. কিল্লা. বুরুজ।  
 Bastinade বা Bastinado, *n. s.* Fr. লগুড়দ্বারা আঘাতকরণ, লাঠি দিয়া চেষ্টান. লাদনা দিয়া মারণ, পায়ের তলায় প্রহার।  
 To Bastinade বা Bastinado, *v. a.* পাদতলায় প্রহার-কৃ. লগুড়দ্বারা আঘাত-কৃ. লাঠি-মার. লাদনা দিয়া চেষ্টা. খেটিয়া বা খেটিয়া দিয়া-মার. যমিদ্বারা প্রহার-কৃ।  
 Basting, *n. s.* প্রহারকরণ ছড়িমারণ. লাঠিমারণ. চেষ্টান. লাদনা দিয়া চেষ্টান. খেটিয়া দেওন।  
 Bastion, *n. s.* Fr. বুরুজ. মূর্চা. কিল্লার বা দুর্গেরবহিঃপার্শ্বে কৃত মৃত্তিকার গড় বা চিপি. রেউগ।  
 Bat, *n. s.* Sax. লাঠি. লগুড়. লাদনা. দণ্ড. সোঁটা. খেটিয়া. খেটিয়া. গদা।  
 Bat. *n. s.* চামচিকা. বাদুড়।  
 Batfowler, *n. s.* বাদুড়মারী, বাদুড়শিকারী, চামচিকামারী ব্যাপ।  
 Batfowling, *n. s.* রাজিকালে ব্যাপব্যবসায়, রাজিকালে পাখিশিকার, রাজিকালে জাল ইত্যাদি দ্বারা পক্ষি পরা।  
 Batable, *a.* Fr. বাদানুবাদযোগ্য, বা প্রাক্কশীল. বিবাদনীয়।  
 Batch, *n. s.* এককালীন যত কুটি বা পিস্টক পকৃ হয়. এক কোলা. এক পালা. এক বোকা. এক টিবি. এক রাশি. এক খাপলা. এক মাড় বা ভারা ইত্যাদিার্থ।  
 Batchelor, Bachelor শব্দ দেখ।  
 Bate, *n. s.* Sax. বিরোধ. বিবাদ. কন্দল. ককড়া. কাজিয়া।  
 Bate-breeding, *part. a.* বিরোধজনক, বিবাদজননীয়, কন্দলোৎপাদক, ককড়া বা কাজিয়া উঠানশীল।  
 To Bate, *v. a.* নুন-কৃ. হুস-কৃ. অল্প-কৃ. কম-কৃ. কমতি-কৃ. খাটি

-কৃ. দর অল্প-কৃ. মূল্য কম-কৃ. প্রয়োজননান-কৃ. রেয়াত-কৃ. ছেদ-কৃ. কাটিয়া-ফেল. অন্যকে-দা বা অন্যের নিকটে প্রেরণ-কৃ বা অর্পণ-কৃ।  
 To Bate, *as a hawk.* Bait শব্দ দেখ।  
 Bateful, *a.* বিরোধশীল. বিবাদসচক. কটিকটীয়ামনাঃ, কন্দলে কৃক. ককড়াটিয়া. কাজিয়াগোর।  
 Bateless, *a.* অহুসনীয়. নানাভবনীয়. অনল্পনীয়. বেয়েয়াতওয়ালা।  
 Batement, *n. s.* হুস-কৃ. নানতা. অল্পতা. কমতি. খাটি. রেয়াত।  
 Bateful, *a.* To Battel শব্দ দেখ।  
 Bath, *n. s.* Sax. স্নানকুণ্ড. স্নানাগার. স্নানশালা. গোসল ঘর. গাত্র সূঁসবার পাত্র. গায়ে দেয় বা গুহনীয় বাহ্যতাপ. স্নান করিবার বা কোন দ্রব্য জ্বিয়া রাগিবার হিম বা তপ্ত জলবিশিষ্ট অন্য পাত্র. কোন দ্রব্য বিশেষরূপে পাকার্থে বা আচ দেওনার্থে জল বা বায়ুকাপূর্ণপাত্র এবং পচনীয়দ্রব্য তকল বা বায়ুকাম ধোয়া পাক হয়। এদ্রব্য ভাষায় এই শব্দ পরিমাণবিশেষ অর্থ জানিবেন।  
 To Bathe, *v. a.* স্নান-কৃ. অবগাহন-কৃ. পোত-কৃ. কলাস্ত-কৃ. জলে-চুবড়া. প্রক্ষালন-কৃ. পুইয়া ফেল. জলে চুবড়া-রক্ষ. জলস্নান রম বা দুব-কৃ।  
 To Bathe, *v. n.* ডিঙ্গা. স্নাত-হ. অবগাহিত-হ. পোত-হ. কলাস্ত-হ. কলে-ডুব. ডিঙ্গা-হ।  
 Bathing, *n. s.* স্নানকরণ. গাত্রপোতকরণ. প্রক্ষালন. কলাস্তকরণ।  
 Bathos, *n. s.* Gr. কবিতা রচনারিসয়ে শোভার্থে একসৌন্দর্যীকৃত সবিদ্যা. প্রগল্ববচনের স্থানে নীচবচনব্যবহার।  
 Bating বা Abating, *prep.* অপিকৃত. এতদ্ভিন্ন. তাহা ছাড়া. শেও যায়।  
 Batlet, *n. s.* কাপড় কুন্দি করিবার কাষ্ঠমুষ্করিশেষ. কুন্দি. চকু স্কোণবিশিষ্ট কাষ্ঠ বা মুষ্কর।  
 Battoon, *n. s.* Fr. দণ্ড. লাঠি. লগুড়. লাদনা. পদযুগ্মের পদচিহ্ন সূচক আসাবিশেষ। [In Herald.] এই শব্দ পদযুগ্মের পদ চিহ্নে চিত্রকরিলে তদ্বিহীন ব্যক্তি যে উপপত্তী জাত ইহা বুঝায়।  
 Battable, *a.* কুমারী কর্মণীয়. চামযোগ্য. ক্ষেত্রোপায়ক।  
 Battailant, *n. s.* যোদ্ধা. রণকর্তা. সংগ্রামকর্তা. বিপক্ষযোদ্ধা।  
 Pattailous, *a.* যুদ্ধশীল. সংগ্রামসচক. রণকর্তা. যোদ্ধা।  
 Battalia, *n. s.* Ital. সংগ্রামশ্রেণী. বাহ. সৈন্যের মধ্যাংশ. সৈন্যের মধ্যদল বা প্রপাশাংশ।  
 Battalion, *n. s.* Fr. মূলসৈন্যের এক দল. বাহ. সৈন্যের একাংশ বা একভাগ. বাহিনী. গুন্ড. গণ. চম।  
 To Battel বা Battil, *v. a.* উর্দুরা-কৃ. শস্যোৎ-কৃ. শস্যশীল-কৃ. ফলবান-কৃ. পান্যশালী-কৃ।  
 To Battel, *v. n.* উর্দুরা-হ. শস্যোৎ-হ. ফলবান-হ. পান্যশালী হ. পুষ্ট-হ. খাদ্যদ্রব্য ইত্যাদির নিমিত্তে আক্রমণ বিদ্যাশালায় পড়ুয়ারদের শ্রী-হ। কামবুদ্ধি বিদ্যাশালায় এতদর্থে size শব্দ ব্যবহার হয়। এবং আক্রমণ বিদ্যাশালায় এক ছাত্র *batteler* বা *battler* নামক এবং কামবুদ্ধি বিদ্যাশালায় এক জন *sizer* নামক পদে নিযুক্ত হয়।  
 Battel বা Battle, *a.* ফলবান. উর্দুরা. শস্যোৎ. পান্যশালী।  
 Battel, *n. s.* Sax. আক্রমণনামক বিদ্যাশালাতে পড়ুয়ারদের খাওয়াওয়ায় হিসাব।

BAW

Batteller বা Battler, *n. s.* আক্সফোর্ডনামক বিদ্যালয়লাস্থ পড়ুয়া  
র বা ছাত্রের পদবিশেষ।  
To Batten, *v. a.* Goth. পুষ্ট-কৃ, তাজা-কৃ, মোটা-কৃ, উর্ধ্বা-কৃ,  
শস্যোচ-কৃ, পান্যশালী-কৃ।  
To Batten, *v. n.* ভুড়ে-হ, পুষ্ট-হ, মোটা-হ, উর্ধ্বা-হ, শস্যোচ-হ,  
পান্য শালী-হ, শস্যশালী বা ফলস্থান-হ।  
Batten, *n. s.* বাতা, ছেচাপড়া কাঠ, বাথারি।  
To Batter, *v. a.* Fr. মার, আঘাতদ্বারা ভঞ্জন-কৃ, গুঁড়িয়া-ভাঙ্গ,  
বারম্বার আঘাতদ্বারা ভাঙ্গিয়া-ফেল, চোটিয়া-ভাঙ্গ, আঘাত  
দ্বারা ক্ষয়-কৃ, কার্য্য দ্বারা ধরা-কৃ।  
To Batter, *v. n.* ফুলিয়া বাহির-হ, উচ্চ হইয়া বাহির-হ, চেলি  
য়া বাহির-হ, মথা দেওয়ালের বা গৃহের পার্শ্ব।  
Batter, *n. s.* অনেক দুব্য একত্রে মিশ্রিত কোন দুব্য, গিচড়ি।  
Batterer, *n. s.* মিশ্রকর্তা, অনেক দুব্য একত্রে মিলায় যে।  
Battering-ram, *n. s.* দুর্গাভিঙ্গি ইত্যাদি ভঞ্জনার্থক প্রাচীনকালীন  
যুদ্ধ বিষয়ে ব্যবহার্য্য শস্ত্রবিশিষ্ট মেসমস্রকাকারীগু এক বৃহৎ  
ধরুপ কল বা যন্ত্র বিশেষ, ভঞ্জনার্থক বা গুতাভিবার কল, ঢেকি  
কল।  
Battery, *n. s.* গুতান, দুসান, চিশান ভাঙ্গিয়া ফেলন, কলবিশেষ  
দ্বারা আঘাতকরণ, চোপশ্রেণী, কামানসারি, বুরুজ, মর্চা, ভো  
পয়দুপরি শ্রেণীপূর্নক রাখা যায় এমন উচ্চাকৃত স্থান। [In  
Law.] মনুষ্যের আঁতশয় আঘাত বা প্রহার করণ।  
Battish, *a.* চামচিকার ন্যায়, বাদৃভবৎ।  
Battle, *n. s.* Fr. যুদ্ধ, রণ, সংগ্রাম, সমর, লড়াই, সৈন্য্যংশ,  
সৈন্য্য প্রধানাংশ, সেনামুখ, সেনার প্রধানবাহ।  
To Battle, *v. n.* যুদ্ধে প্রবৃত্ত-হ, সংগ্রামে উপস্থিত-হ, রণার  
-হ, যুদ্ধে-ভিড়, যুদ্ধে সম্মুখ-হ।  
Battle-array, *n. s.* সংগ্রামশ্রেণী, বাহুপূর্নকস্থিতি, রণার্থে প  
ক্তি, সমর শ্রেণী, যুদ্ধশৃঙ্খলা।  
Battle-axe, *n. s.* কুঠার, পরশু, যুদ্ধাস্ত্র।  
Battledoor, *n. s.* বর্জুলকীড়াই বা বাঁটুল খেলাতে ব্যবহার্য্য দণ্ড  
বিশেষ, বালকের আদিপাঠপুস্তকবিশেষ।  
Battlement, *n. s.* মুচ্চাবিশেষ, গোলা বা বাণ চালনার্থে ছিদ্রবি  
শিষ্ট দেওয়াল বা ভিত্তিবিশেষ।  
Battlemented, *part. a.* মুচ্চাদ্বারা সুরক্ষিত, দুর্গদ্বারা সুব্যবস্থিত।  
Battling, *n. s.* সংগ্রাম, যুদ্ধ, রণ, লড়াই।  
Battologist, *n. s.* বাকোতে বা কথোপকথনে এক বিষয় পুনঃ  
উক্তি করে যে, পুনঃ বাচক, পুনরুক্তিকর্তা।  
To Battologize, *v. a.* নিরর্থক পুনরুক্তি-কৃ, বহ্নারোক্তি-কৃ অ  
ব্যর্থ এক বাক্য পুনঃ কথ।  
Battology, *n. s.* Fr. একই বিষয়ে পুনঃ উক্তিকরণ, পুনরুচ্চারণ।  
Batty, *a.* চামচিকাবিষয়ক, বাদৃভবস্বকীয়।  
Bavarois, *n. s.* Fr. অঙ্গরাখাবিশেষ।  
Baubee, *n. s.* Fr. অর্ধপয়সামূল্যক পয়সাবিশেষ।  
Bauble, Bawble, শব্দ দেখ।  
Bavin, *n. s.* কাঠ, সামান্যকাঠ, ছালানার্থক আঁটবাঁপা কাট।  
To Baulk, Balk শব্দ দেখ।  
Bawble, *n. s.* খেলনা, বাল্যানন্দ কোন বিষয় বা দুব্য, অল্প মূ  
ল্যক কোন কিছু, ফল্পমানিদুব্য, দৃষ্টিগোচরমাত্র শোভাবিশিষ্ট  
অপুয়োজন্যই কোন দুব্য বা বিষয়, অল্পবিষয়, সামান্যবিষয়,  
ফচ্কা বিষয়।  
Bawbling, *a.* অল্পমূল্যক, ক্ষুদ্রবিষয়ক, ভুলবিষয়ক, সামান্য, বা  
ল্যানন্দকারী, ছেলিয়া ফুলানীয়, ফচ্কা।

BUA

Bawcock, *n. s.* মুলোক, ভালোমানুষ, সুপুরুষ, মনোহরব্যক্তি,  
সুন্দরলোক ইত্যাদি এতদর্থক শব্দ।  
Bawd, *n. s.* Fr. কোটনা, কুটনী, সঙ্ঘটিকা, ঘটক, যুটিয়া দেয় যে।  
To Bawd, *v. a.* অপরিষ্কার-কৃ, সমল-কৃ, সকলকৃ-কৃ, নীচাচারযু  
ক্ত-কৃ, লম্বটম্বভাবী-কৃ।  
To Bawd, *v. n.* সম্বলী, বিভাবরী দৃষ্টি, কুটনী-হ, কোটনা-হ, ঘ  
টক-হ, স্ত্রীলোকের সহিত যুটিয়া-দা, রাঁড় যুগিয়া-দা, যোত  
-কৃ।  
Bawdborn, *part. a.* কুটনীজ, বেশ্যাজনিত, কশবির পেটে জাত।  
Bawdily, *ad.* দুষ্টিয়াপূর্নক, অপমাচারপূর্নক, বেশ্যাগামিভূরুপে,  
লম্বটতাপূর্নক, লুচ্চামিরূপে।  
Bawdiness, *n. s.* লম্বটতা, লুচ্চাপনা, দুষ্টিয়ত্ব, ভুলত্ব, অধমচ  
রণ।  
Bawdrick, *n. s.* Baldrick শব্দ দেখ। দামন, কটিবন্ধন, পেটি,  
পেটোল, বন্ধন, পরতলা, কমরবন্দ।  
Bawdry, *n. s.* কুটনীকার্য্য, কোটনার্থ্য, ঘটককার্য্য, ঘটকালী,  
কোটনামি, লোচোমী, রাঁড়বাজী, কশবিবাজী, বেশ্যাকার্য্য, বে  
শ্য কশবাঁরাঁড় রাঁড়বাজ চোর জুয়াচোর ইত্যাদি একস্থানে যুট  
য় যে, লম্বট ব্যবসায় দুষ্কর্ম বাচক শব্দ।  
Bawdy, *a.* নীচ বা অপকর্মবিশিষ্ট, লম্বটতাসূচক, লোচ্চা, রাঁড়বা  
জ, কশবিবাজ, লোটিয়া।  
Bawdy-house, *n. s.* বেশ্যালয়, কশবখানা, সর্দপুকুর লোচ্চামি  
বা লম্বটকার্য্য হয় যে ঘরে, রাঁড়বাড়ী, গণিকা গৃহ।  
To Bawl, *v. n.* Fr. চেচা, চীৎকারশব্দ-কৃ, সোর-কৃ সোরসার-কৃ,  
চেচা চেচি-কৃ, ডাকিয়া কথা-কথ, চেঁচিয়া কথা-কথ, ফুকরিয়া  
কথা-কথ, চেঁচিয়া-ডাক, সোর বা বড় করিয়া কথা-কথ, হাকিয়া  
কথা-কথ, হাক-মার।  
To Bawl, *v. a.* ডাকিয়া কথা-কথ, হাকিয়া কথা-কথ, চেচা, হাকি  
য়া ঘোষণা-কৃ, ডাকিয়া প্রচার-কৃ, চেঁড়ি-দা, চেঁড়রা-দা, উচ্চা-দা,  
চেঁড়রা-মার বা-পিট, উচ্চা-দা।  
Bawn, *n. s.* পশুরক্ষণার্থক প্রাচীর বা বেড়া বা ঘেরা, দুর্গ বা গড়।  
Bawrel, *n. s.* বাঁজপাথি বা শোনপক্ষিবিশেষ।  
Bawsin, *n. s.* জন্তুবিশেষ, উদ্ভিড়ালবিশেষ।  
Bay, *a.* Fr. কটা, গিলাগুটিকাবর্ণবিশিষ্ট, পাটকিলারৎযুক্ত।  
Bay, *n. s.* Sax. পিঙ্গল বর্ণ, খাল, ঘোল, গুপ, গোপ, ঘোপ, কো  
ল, সুমুদুর বা নদীর বা হ্রদের ঘোল গুপ বা গোপ ইত্যাদি।  
Bay, *n. s.* Fr. শত্রুদ্বারা বেষ্টিতাবস্থা, যদগ্বে যাওয়া যায় না এই  
মতস্থান, যদপিকগমনাসাধ্যস্থান।  
Bay, *n. s.* Germ. [In Archit.] কোন ইষ্টক গুণিত গৃহের বা এ  
মারতের বৃহত্ত্ব বোধার্থক শব্দ, দেওয়ালের বা ইষ্টকনির্মিত প্রা  
চীরের কোন নিম্নস্থান বা ফাঁক বা ফাটাল, গুপ, ডোবা।  
Bay Tree, দারুচিনিজাতীয় বৃক্ষবিশেষ।  
Bay, *n. s.* মর্যাদার্থক কিরীট বা টোপর বা মুকুটবিশেষ, শোভানি  
মিত্তক শিরোপা বা পুষ্পহার। রূপকবাক্যে স্বয়ং বিদ্যা বুঝায়।  
To Bay, *v. n.* কুকুরের মত-ডাক, পাছে ডাড়া কুকুরের মত  
-ডাক, ভেউং বা ভুকং বা খেউং বা ভেউং শব্দকারী-হ, অ  
ন্তরে রুদ্ধ বা বন্ধ-হ, অবরুদ্ধ-হ, আবৃত-হ, বেষ্টিত-হ।  
To Bay, *v. a.* ভুকং-কৃ, ভেউং শব্দ-কৃ, কুকুরের মত ডাক-ছাড়,  
ভেউ-কৃ।  
Bay Salt, সৈন্ধব লবণ, সমুদ্রলবণ, রৌদ্রতাপে স্বয়ং উৎপন্ন স  
মুদ্রলবণ, বসির, অক্ষী।  
Bay Window, তাক, কোলঙ্গা, ঘোলের বা কোলের ন্যায় বরকা,  
গুপের মত খিড়কি বা গবাক্স।

**Bay Yarn.** উর্গাসত্রবিশেষ।

**Bayard, n. s. Fr.** কটাবর্ণ অশ্ব রাজাসোড়া, অপরূপে পরিদর্শন কর্তা, বেহায়া ব্যক্তির মত চাহিয়া দেখে যে।

**Bayardly, a.** অক্ষরূপে, কাণার ন্যায়, বোকার মত, নির্বোধকতা পূর্নক, মর্গতাপর্নক, মূঢ়ত্বরূপে।

**Bayed, a.** ঘোষাবিশিষ্ট, গুণময়, ফাটালযুক্ত, কোলযুক্ত, ভো বায়ুক্ত। এতক্ষণের অর্থজন্যে গৃহগৃহনবিদ্যাবিশেষক bay শব্দ দেখ।

**Bayonet, n. s. Fr.** সাক্ষীন, বন্ধুকের মাথায় বা অগ্রে বন্ধ কীরীচ বা ছুরিকাবিশেষ।

**To Bayonet, v. a.** সাক্ষীন-চাল, সাক্ষীন দিয়া-মার বা হন।

**Bazar, n. s. Persian.** বাজার, হাট, হাট, টোলা, দোকান, সা এর।

**Bayze, Baize** শব্দ দেখ।

**Bdellium, n. s. Gr.** গুণ্ডুল, অগুরুবৃক্ষের নির্গম বা গোন্দ।

**To Be, v. n.** হু, কোন অবস্থায়-হ, গৌণক্রিয়াবাচক শব্দ যথা হ ওয়া, হ ওন, রহণ, রহা, ভবন, থাকন, থাকা, তিষ্ঠন, বহন। Let শব্দের আদিতে প্রয়োগ হইলে তুচ্ছার্থ এবং অনুমতার্থবাচক হয় যথা let it be so, বর্তমান ক্রিয়াপদে be শব্দের স্থানে am, are এবং is, এবং অতীত কালে been, was, and were হয়।

**Be-all, n. s.** কর্তব্য যেসমস্ত কার্য, করণীয় তাবৎ কার্য বা বিষয়।

**Beach, n. s. Goth.** সমুদ্রের তীর, কূল, তট, পার, জলের কিনারা বা পার।

**Beached, a.** তীরস্থ, কূলস্থ, তটস্থ জলপারবর্তী, চেউতে বা তীরেতে সঞ্চারিত বা ছাড়াডুপাশ।

**Beachy, a.** তটবিশিষ্ট, তীরযুক্ত, কূলময়।

**Beacon, n. s. Sax.** পথচিহ্ন, লক্ষণ, নিশান, জাহাজস্থলোক দশনার্থে উচ্চস্থানে স্থাপিত কোন চিহ্ন বা নিশান বা আলো, পথপ্রদর্শকচিহ্ন, শত্রুর আগমনসূচক উচ্চাকৃত কোন বস্তু বা চিহ্ন বা শব্দ বা সংকেত।

**To Beacon, v. a.** চিহ্ন দশ (ঞ), দর্শনার্থে কোন প্রকার নিশান দশ (ঞ), আলো দশ (ঞ)।

**Beaconage, n. s.** পথপ্রদর্শক চিহ্নদর্শনার্থক কর বা শুল্ক।

**Beaconed, a.** চিহ্নবিশিষ্ট, নিশানওয়ালা, পথপ্রদর্শক লক্ষণযুক্ত।

**Bead, n. s. Sax.** বৃত্ত, বোঁটা, মালার বর্তুল, মালার গুটিকা, গোলাকার কোন দ্রব্য, বর্তুল, বাঁটুল, গুলি, ছপমালা, কাঠমালা, গলার মালা।

**Bead Tree, নিম্ববৃক্ষ।**

**Beadle, n. s. Sax.** চৌকীদার, রাজদূত, কোন সমাজের প্রেমালোক, পারক, চার, নাগরীয় ক্ষুদ্র পদস্থ লোক, আদালতের জল্লাদ।

**Beadleship, n. s.** পেয়াদার পদ বা কার্য ক্ষুদ্রপদস্থের পদ বা কার্য।

**Beadroll, n. s.** ছপে কথয়িতব্য লোকের সংখ্যা।

**Beadsman, n. s.** অন্যের নিমিত্তে ছপকরণার্থে নিযুক্ত সে।

**Beadswoman, n. s.** অন্যের নিমিত্তে ছপকরণার্থে বা তপস্যার্থে নিযুক্তা যে স্ত্রী, স্বাস্থ্যয়নী।

**Beagle, n. s. Fr.** ক্ষুদ্র শিকারী কুকুরবিশেষ লকলকীয়াকুকুরবিশেষ, খরগোশশিকারী হিজলকুকুরবিশেষ।

**Beak, n. s. Fr.** চঞ্চু, চোট, গলভঁ চোটযুক্ত কোন দ্রব্য, চঞ্চুকারপিত্তল।

**Beaked, a.** চঞ্চুবিশিষ্ট চোটযুক্ত, গলইযুক্ত।

**Beaker, n. s. Germ.** চমক, পানপাত্র, সরক, অনুতম, পানার্থক পাত্র, দুবদ্রব্য দেয় কোন আহার, চোটওয়ালা বাসন বা পাত্র।

**Beal, n. s. Goth.** ফোড়া, ফুসুড়ী।

**To Beal, v. a.** পাক-পা, ফোড়ার ন্যায়-পাক, পুঁজ-হ, ঘায়ের মত পাক-পা বা পগলিয়া বা গলিয়া-মা, পিপ-হ।

**Beam, n. s. Sax.** তীর, বা লোক, কড়িকাট, আড়কাটা, আড়পা কে রাখা যায় এমন কোন বৃহৎকাঠ, দাঁড়ি, কাটা, মগশঙ্ক, তিরিণের শিঙ, ধুঁ ধুরা, রথ বা যান সম্মুখ দণ্ড, পাঠানরাক, রশ্মী, কিরণ।

**To Beam, v. a.** নিগত-ক, নিষ্কৃমণ-ক, রশ্মিত্যাগ-ক, কিরণনির্গত-ক।

**To Beam, v. n. Sax.** রশ্মি নিগত-হ, কিরণত্যাগ-হ।

**Beam Tree, বৃক্ষবিশেষ।**

**Beamless, a.** কিরণরহিত, রশ্মিহীন, তেজঃশূন্য।

**Beamy, a.** কিরণবিশিষ্ট, রশ্মিযুক্ত, কড়িকাঠের ন্যায় ভারি বা বৃহৎ, শব্দবিশিষ্ট, করযুক্ত।

**Bean, n. s. Sax.** শিম, বরবটীবিশেষ।

**Bean Caper, বৃক্ষবিশেষ।**

**Bean Tressel, তৃণবিশেষ।**

**Beantled, part. a.** শিমিতে প্রতিপালিত, কলাইতে পাক্ত।

**To Bear, v. a. Sax.** বহন, ভার-বহন, উঠা, উঠিয়া লইয়া-মা, চালান ক, পারণ-ক, অবপারণ-ক, কোন চিহ্নস্বরূপ অবপারণ-ক বা বহিয়া-বেড়া তামাসার ন্যায় বহিয়া লইয়া-বেড়া বা -কির, বিশ্বাসপকক কোন দ্রব্য বা বিষয়-বহন বা -বহন, ঘাড়ে-ক (ঞ), কৃকি-লগ, ভার-গুজ বা -বহন, উঠিয়া বা তুলিয়া-প, গুটি বা উঠানি দিয়া কোন কিছু উর্ধ্বাভিত্তরূপে-রক্ষ, প্রজা বা গাছা বা অন্য কোন দ্রব্য দিয়া কোন কিছু তুলিয়া-রক্ষ, ভাসমানরূপে-রক্ষ, বলদ্বারা বা অন্য কোন স্বত্বদ্বারা কোন কিছু স্বভাবে বা বজায়-রক্ষ, মান বা মর্যাদা-রক্ষ, মনে-রক্ষ, মনে সংস্কার-জন (ঞ), অস্বত্বকরণে তুলিয়া-রক্ষ, স্বরণে-রক্ষ, স্নেহপূর্নক বা স্নেহসপূর্নক বা আশাপূর্নক মনে রক্ষ বা অবপারণ ক, সহ্য-ক, সহ্যপৈর্নক, কোন বেদনা বা পীড়া বা দুঃখ সহ্য-ক, ভোগ-ক, ফল ভোগ-ক, ফল বা দ্রব্য সহ্য-ক, অনুমতি-দা, আজ্ঞা-দা, পারকতা-ক, ক্ষমতাবান-ক, উপাদান-ক, কলবান-ক, ফলাটা-ক, স্বানোৎপত্তি-ক, প্রসব-ক, জন্ম-দা, কোন স্বত্ব গুণ ইত্যাদিবৎ অধিকার-ক, লাভ-ক, উন্নতি-ক, প্রাপ্য, প্রাপ্তি-ক, প্রতিপালন-ক, পস, সুরক্ষা-ক, কোন ভালমন্দের সাতায়া বা উপকার-ক, দেখা, জানা, প্রসন্ন-ক, দৃশ (ঞ), প্রকাশমান-ক, প্রত্যক্ষ-ক, কোন বিষয়ের বা কার্যের নিশা বা দাওয়া-ক, কোন বিষয়ের বা কার্যের অবপারণ বা অবলম্বনস্থান-ক স্নেহের বা স্নেহের বা বিশ্বাসের পাত্র-ক, ব্যবহার-ক, আচরণ-ক বা দৃশ (ঞ), কোন বেশ পারণ-ক, প, পাকড়, আসেধ-ক, আটক-ক, পরিয়া-রক্ষ, নির্যারণ-ক, নিষেধ-ক, কোন কার্য বা বিষয় চাল বা ত্বর-ক, যোগা, নির্যাহ-ক, নিষ্কার-ক, চাপিয়া-প, দাবিয়া-প, জয় বা দমন করিয়া রক্ষ, উদ্যোগ বা প্রবৃত্তি জন (ঞ), সচেত-ক, হোশ-দা, জ্ঞান-দা, উৎসাহ জন-ঞ), যোগ্য-ক, গৃহণোপায়-ক, to bear date, শক বা তারিখ-দা, তারিখ বা সময়নির্দেশ-ক, to bear a price, মূল্য-ক, নিরূপিত মূল্য-ক, দাম বা দর-ক, to bear in hand or in mind, হাতে-ক, মনে-রক্ষ, হাতে-রক্ষ, তুলি, চণা, ছলদ্বারা তুল-ঞ), প্রতারণ দ্বারা দ্রবলিয়া-রক্ষ বা ভোগা-দা, অপেক্ষায়-রক্ষ, to bear up, স্থাপন-ক, স্থির-ক, মনে নিঃসন্দেহ-ক, চড়িয়া আস বা উঠ, to bear off, হাত দিয়া সা



Climacterick বা Climacterical, *n. s.* কতক বৎসর, অনেক বৎসর, ক্রিয়ৎ বৎসর, বহুকাল, বয়ঃ যাহাতে শরীরের বৈলক্ষণ্য বা ভাবান্তর হয়।

Climate, *n. s. Gr.* দেশ, মূলুক, অঞ্চল, স্থান, রেখাভূমিহইতে কেন্দ্রপর্যায় মধ্যবর্তী কোন দেশ বা স্থান, কালের ও সূর্যের গতির ইতর বিশেষ হয় যে স্থানে বা দেশে যেখানে অন্যস্থান হইতে বায়ুর ইতর বিশেষ গুণ বা ভাব জন্মে, আব হাওয়া, জল বায়ু।

To Climate, *v. n.* বাস-কৃ, স্থা, থাক, স্থিতি-হ।

Climature, *n. s.* Climate শব্দের অর্থবৎ জানিবেন।

Climax, *n. s.* ক্রমশঃ, পরল্পরা, পদপদ, সিঁড়ি, উর্দ্ধগমন, চড়া উ, উঠন, উত্তরোত্তর বৃদ্ধি, শৃঙ্খল, ক্রমাগত উচ্চ।

To Climb, *v. n. Sax.* আয়াস কর্তৃক-উঠ, উর্দ্ধগম-কৃ, উল্লম, চড়, উঠ, চড়িয়া-বৈস।

To Climb, *v. a.* চড়, আরোহণ-কৃ, উপরে-উঠ।

Climable, *a.* আরোহণীয় চড়নীয়, উল্লমনীয়, উল্লমা, উঠনীয়, চড়া যায় যাহার উপর, উঠা যায় যাহাতে বা যাহার উপর।

Climber, *n. s.* চড়াক, আরোহণকর্তা, উল্লমনকর্তা, উল্লামী, চড়ে যে, উঠে যে, লতাবৃক্ষ, লতাইয়া বেড়ায় বা হয় যে, বৃক্ষবিশেষের নাম।

To Climper, *v. n.* কৃচ্ছ বা আয়াস পূর্বক চড় বা আরোহণ-কৃ।

Climbing, *n. s.* কোন স্থানে উঠন বা চড়ন, উর্দ্ধগমন।

Clime, *n. s.* দেশ, স্থান, মূলুক, অঞ্চল।

To Clinch, *v. a. Swed.* ধৃ, মুষ্টি-কৃ, মুষ্টি বন্ধ-কৃ, মুষ্টি বান্ধিয়া-ধৃ, মুষ্টি করিয়া-ধৃ, অঙ্গুলি-মুড়, আকড়া (ফি), বক্র-কৃ, বঁকা (ফি), নখ বক্র-কৃ, বঁকা (ফি), প্রমাণ-কৃ, সত্যস্ত-কৃ, স্বীকার-কৃ, মঞ্জুর-কৃ, স্থির-কৃ, দৃঢ়-কৃ।

To Clinch, *v. n.* দৃঢ় করিয়া-ধৃ, ধৃত-হ, লাগ, লাগিয়া, গম, লাগিয়া-বৈস।

**Clinch**, *n. s.* দ্ব্যর্থ শব্দ, দুই অর্থ হয় যে শব্দের, দুই অর্থকরে যে শব্দ, ব্যঞ্জাক্তি, অল্পষ্ট অর্থ, হামারের এক প্রদেশ [Sea Trem.] মানিয়া।

**Clincher**, *n. s.* আঁকড়া বন্ধ বা দৃঢ় কারক দ্রব্য, পতর, বন্ধনী।

**To Cling**, *v. n.* Dan. কুলে-কুল, রক্তুতে-কুল বা-ধাক, আকুড়ে-ধাক, লিপ্ত-ধাক, লটকান ধাক, লটকাইয়া-পত।

**To Cling**, *v. a.* শুকু-কৃ, শুকা (ঞ), নীরস বা নিষ্কল-কৃ, দঙ্ক-কৃ, পোড় (ঞ) ক্লয়-কৃ।

**Clingy**, *a.* লিপ্তকারী, চিটে, চামড়, সৎলগ্নকারী, সৎলগ্নশীল।

**Clinical** বা **Clinick**, *a.* Gr. শয্যাগত, অতিপীড়িত, জীর্ণ, বিছা নাইতে উঠিতে পারে না যে, রোগী, মুমূর্ষু রোগী, বিজ্ঞানায় পড়িয়া থাকে যে, *A clinical lecture*, স্তব শ্রবণ, স্তব পাঠ, চর মকালে ভজন সাধনাদি করণ, মরণ কালে উপদেশ, রোগী ব্যক্তির শয্যার নিকটে কথোপকথন, কথাবর্ত্তা কথন।

**Clinick**, *n. s.* চরমকালাবস্থ ব্যক্তি, মরণশয্যাবিশিষ্ট, মৃত্যুর পূর্ষ কাল বা তদবস্থা বিশিষ্ট ব্যক্তি।

**To Clink**, *v. a.* Teut. বাজ (ঞ). কনং খনং খড়ং বা টুনং ইত্যনি শব্দ, -কৃ।

**To Clink**, *v. n.* টুনং বা খুনং শব্দ-হ।

**Clink**, *n. s.* টুনং কনং বা খনং ইত্যাদি শব্দ, চাবি ঘরা, চাবি কাটার ছিদ্র, চাবির ফোক।

**Clinquant**, *a.* Fr. কারচোবির পোশাক পরিহিত, চিত্ত্বণ জরি কর্ম বিশিষ্ট বস্ত্রাশ্রিত, জড়াউ কর্ম করিয়াছে যে, ঝড়াবর, চকমকে বা জল জলে বস্ত্র বিশিষ্ট।

**To Clip**, *v. a.* Sax. আলিঙ্গন দা, বিস্তীর্ণ হস্তদ্বারা আলিঙ্গন-কৃ, কোলে-কৃ, গলা জড়াইয়া-ধৃ, জাপটে ধৃ, কাঁচিঘারা কাটে বা-ছাটে, কর্তন-কৃ, কপচ শর্ষ-কৃ, নান-কৃ, ছোট-কৃ, ধৃ, আঠক-কৃ, বন্ধ-কৃ।

**To Clip**, *v. n.* বাজ পক্ষিঘারা শীকার করণে শব্দ বিশেষ।

**Clip**, *n. s.* আলিঙ্গন, কোলাকোলি, গলাগলি, গলা জড়াইয়া ধরণ।

**Clipper**, *n. s.* টাকা কাটিয়া লয় যে, টাকা কর্তন করণদ্বারা মেকি বা কমি করে যে, মুদ্রাহুঙ্কারক, টাকা কমিকারক, নাপিত, নর সুন্দর।

**Clipping**, *n. s.* পাশছাঁটা, কিনারা কাটা, ছাঁট, খণ্ড, টুকরা।

**To Clish-clash**, *v. n.* তরবারের ন্যায় শব্দ-হ, কচং বা করং শব্দ-হ।

**Cliver**, **Cleaver** শব্দ দেখ।

**Cloak**, *n. s.* Sax. বড় আঁঙ্গরাখা বিশেষ, পামরি বিশেষ, লবা দা, বুনি কুরতি, তাবৎ শরীরাবর্ত্তনী, লুকান, ছিপান, ঢাকন, আবর্ত্তন, আচ্ছাদন।

**To Cloak**, *v. n.* বড় আঁঙ্গরাখা পরিহিত-হ, লবাদা-পর, লুক, ছাপ, ঢাক, গোপন-হ।

**Cloakbag**, *n. s.* বস্ত্রাধার বিশেষ, পিট বোচকা, পেটেরা বা থল্যা বিশেষ যাহাতে পরিধেয় বস্ত্র রাখিয়া পৃষ্ঠে কুলাইয়া লয়।

**Clochard**, *n. s.* Fr. ঘণ্টাঘর, ঘণ্টাখান, ঘণ্টাধাকে যে স্থানে।

**Clock**, *n. s.* Welsh. বড়ঘড়ী ঘটিকা যন্ত্র, ধর্মঘড়ীর, যন্ত্র যদ্বারা কালের নিরূপণ হয়, এ শব্দ ঘটিকার্থ বা ঘটীবুঝায়, ঘটীপরিমাপক কাল এবং তৎপরিবর্ত্তে ব্যবহৃত হয়, যথা, *What is it of the clock; ten o'clock. The clock of a stocking*, মোজার কুল মোজার পার্শ্বের বুটাতোলা কর্ম, কাট বিশেষ, গোবরে পোকা, কুহুটী ন্যায় শব্দ, কুহুটীর শব্দ কুহু শব্দ।

**To Clock**, *v. a.* Sax. কুহুটী আপন শাবককে যেরূপে আকান করে তদনুরূপ ধ্বনি-কৃ।

**To Clock**, *v. n.* কুহুটীন্যায় শব্দ-হ, কুটকুট-কৃ।

**Clock-maker**, *n. s.* বড় ঘড়ী নির্মাণ কর্তা, ঘড়্যাল মেত্রী, ঘটিকা রক, ঘড়ী নির্মাণ করে যে।

**Clock-setter**, *n. s.* ঘড়ীর মেত্রী, ঘড়ী কিরায় যে, ঘড়ী ঠিক করে যে, ঘড়ী চালায় যে, ঘড়ীর কল কিরিয়া দেয় যে।

**Clockwork**, *n. s.* ঘড়ীর ন্যায় গতি, ঘড়ীর ন্যায় চলন বা গমন, ঘড়ীর কল, ঘড়ীর কর্ম।

**Clod**, *n. s.* Sax. মৃত্তিকার চাপ, ডেলা, লোষ্ট্র মাটির টিবি, মৃত্তিকার ঢেরি, রাশীকৃত বা জমা দ্রব্য, ধাতুর চাপ বা ঢেলা, কোন মন্দ বা জঘন্য বা অপকৃষ্ট দ্রব্য, আলগা বা কুড়ে ব্যক্তি।

**To Clod**, *v. n.* জমিয়া-যা, ডেলা-বন্ধ, বসিয়া-যা।

**To Clod**, *v. a.* ডেলা-মার, ডেলা-কেল, ডেলা বা চাপ ফেলিয়া-মার।

**Cloddy**, *a.* মৃত্তিকার চাপ বিশিষ্ট, ডেলা বা কুরইময়, ডেলা বিশিষ্ট, মেটে, মন্দ, খারাব, ভুঙ্ক, পাজি, জঘন্য।

**Clodhopper**, **Clodpoll** শব্দ দেখ।

**Clodpate**, *n. s.* মূর্খ, অজ্ঞান বা অবোধ ব্যক্তি।

**Clodpated**, *a.* মূক, বোবা, অবোধ, নির্বোধ, অবিবেচক, বেঅকুব।

**Clodpoll**, *n. s.* জড় বুদ্ধি, পশুবৎ মস্তক বা বুদ্ধিবিশিষ্ট ব্যক্তি, মোটা বুদ্ধিবিশিষ্ট ব্যক্তি, মাথা ভারি, মেধাহীন, বুদ্ধিহীন।

**To Clog**, *v. a.* Welsh. বোঝাই-কৃ, ভারি-কৃ, বোঝা-দা, বোঝা দারা ভারি-কৃ, ভারগুস্ত-কৃ, বাধা-জন (ঞ), ব্যাঘাত-জন (ঞ), আটক-কৃ, বারণ-কৃ, রোধ-কৃ, বন্দ-কৃ, দেক-কৃ, ব্যাজার-কৃ, অপ্ততিভ-কৃ।

**To Clog**, *v. n.* একত্র-হ, মিল, মিলিয়া-যা, যোগ-হ, চাপট, হড়িত-হ, বন্ধ-হ, ভারগুস্ত-হ।

**Clog**, *n. s.* বোক, বোকা, ভার, আটক, অবরোধন, প্রতিবন্ধক, ত্রীলোকের ব্যবহৃত কাষ্ঠপাদুকা বিশেষ, খড়ম।

**Clogginess**, *n. s.* আটকত্ব, আটকাবস্থা, বন্ধতা।

**Clogging**, *n. s.* প্রতিবন্ধক, আটক, অবরোধ, বারণ।

**Cloggy**, *a.* অবরোধ করণশীল, অবরোধ বা আটক ক্রম।

**Cloister**, *n. s.* Lat. মঠের কুঠরি, ভজন সাধনস্থান, দেবালয়, গুপ্ত ভজনাগার, সাধ্যালয়, নিভৃত স্থান বা মন্দির, যেখানে সন্ন্যাসি লোকেরা থাকে।

**To Cloister**, *v. a.* দেবালয়ে বা নিভৃত স্থানে-রক্ত বা বাস-কৃ, বনবাস-কৃ, উদাসীন-কৃ, মনুষ্যালয় ত্যাগ-কৃ, ধর্মশালার মধ্যে আটক-কৃ, বন্ধ-কৃ।

**Cloisteral**, *a.* নিভৃত, নির্জন, উদাসীন, বনবাসী, মনুষ্যালয় বা সৎসারত্যাগী।

**Cloistered**, *part. a.* কুণ্ডবাসী, নির্জন স্থানবাসী, স্তম্ভোপরি গুপ্তিত বা নির্মিত।

**Cloisterer**, *n. s.* গুপ্ত ভজনাগারসম্বন্ধীয় কিছা তৎস্থানবাসি ব্যক্তি, দেবালয়বাসী, সাধ্যালয়স্থ মনুষ্য কিছা তৎস্থান বাসী।

**Cloisteress**, *n. s.* ত্রী সন্ন্যাসিনী, ত্রীবিশেষ, যে সৎসার বা লোকালয় পরিত্যাগ করিয়া দেবালয়ে বাস করে, বুদ্ধচারিণী বুদ্ধ চর্যাশ্রমী।

**Cloke**, *n. s.* Cloak শব্দ দেখ।

**Clomb**, **Climb** ক্রিয়াপদের অতীত কালবাচক, অর্থাৎ আরোহণ করিয়াছে, উঠিয়াছে।

**Clong**, প্রাচীন ব্যবহৃত **Cling** শব্দের অসমাপক ক্রিয়াবাচক, অর্থাৎ কুলা, লুণ্ঠমান।

**To Cloom**, *v. a.* Sax. আটা দিয়া বন্ধ-কৃ, যোড়া-দা।



To Close, *v. a.* Lat. বন্দ-কৃ, বন্ধ-কৃ, আটক-কৃ, মুদ, মোড়, ঘের, যোড়া-লাগ (ঞ), সল্গ-কৃ, যোড়া-দা, শেষ-কৃ, ইতি-কৃ. সম্পূর্ণ-কৃ, সমাপ্ত-কৃ, তামাম-কৃ।

To Close, *v. n.* মিল, যোড়, যোড়-লাগ, সল্গ-কৃ. To close upon, সম্মত-হ, স্বীকৃত-হ, রাজী-হ. To close with, বা To close in with, রক্ষা-কৃ, মিল-কৃ, বন্দোবস্ত-কৃ, বাহ্যুচ্ছে হাত কাড়াকাড়ি-কৃ।

Close, *n. s.* বন্দ বা বন্ধ দ্রব্য, মুদ্রিত বন্ধ, আটক বা ঘেরা বন্ধ, ঘেরা ভূমি, বেড়া বা ঘেরা ক্ষেত্র বিশেষ, বন্ধকরণের রীতি বা প্রকরণ, মারাত্মক হওন বা করণ, অবসানকাল, শেষ কাল, কুন্তি করণ, হাতকাড়াকাড়ি করণ, বিরাম, কামাই, জিরাণ, ভ্যাগ, ক্রান্তি, সমাপন, সম্পূর্ণ, শেষ, অন্ত।

Close, *a.* বন্ধ, মুদ্রিত, সন্ধিহীন, দৃঢ়রূপে বন্ধ, আটকা, নিরেট, আঁটা, সারাল, ঘন, সঙ্কোচ, সল্গ, লাগালাগি, নিকটবর্তী, নিকটানিকটি, কাছাকাছি, সুড়ি, ঋক, অপকাশ, গুপ্ত, লুকান, গুহা, অব্যক্ত, প্রত্যয়িতব্য, অন্ধকার, ঘোর, নির্গম, স্থির, অচঞ্চল, শীত, মনোযোগী, নির্জন।

Close, *ad.* Close শব্দের অর্থ জানিবেন।

Close-banded, *a.* ঘন, শ্রেণীক্রম বিশিষ্ট, কাছাকাছি, পংক্তি বিশিষ্ট, সারি বিশিষ্ট, মিল মাফিক।

Close-bodied, *a.* ঘন, সঙ্কোচ, মিলকৃত, মিলিত, যোড়িত বা যোড় কৃত, ঠিক।

Close-compacted, *a.* ঘন ঘন, ঘন, কাছাকাছি, চেঁচাঠেসী, ব্যতিক্রমবিশিষ্ট।

Close-couched, *a.* গুপ্ত, গোপনকৃত, লুক্কায়িত।

Close-curtained, *a.* ঘেরা, ঘেরিত, মশারি বা কানাত দ্বারা ঘেরিত বা আবৃত।

Close-fisted, *a.* মুদ্রিতহস্ত বিশিষ্ট, আঁটা মুষ্টি যাহার অর্থাৎ রূপণ বা সুম বুঝায়।

Close-handed, *a.* রূপণ, বখিল, সুম, লোভী, লালচী, আকাঙ্ক্ষী, পরধনেচ্ছ।

Close-handedness, *n. s.* রূপণতা, সুমত্ব।

Close-pent, *a.* নিরেট, নির্গম, বন্ধ, শক্ত।

Close-tongued, *a.* সাবধান, সাবধানে কথা কহে যে, ভাবিয়া বা ঋবরদার হইয়া কথক, বাক্য ব্যয়ে কুণ্ঠিত যে, অল্প কথা কহে যে।

Closely, *ad.* কাছাকাছি, নিকটানিকটি, বন্ধন বা সন্ধিরাহিত্য পূর্ষক, আঁটারূপে, আঁটপূর্ষক, নৈকটারূপে, মনোযোগপূর্ষক, কসাকসরূপে, সাবধানে, অপকাশে, গুপ্তভাবে, গোপনপূর্ষক, ঠিকপূর্ষক, যাথার্থ্যরূপে।

Closeness, *n. s.* বন্ধাবস্থা, বন্ধত্ব, আটকত্ব, আটকাবস্থা, ঋকত্ব, সঙ্কোচত্ব, আঁটাবস্থা, টিমাভাব, নির্ধাতত্ব, নিরেটত্ব, বায়ুর গমনাগমন রাহিত্য, আঁটাউ, কসাকসি ভাব বা অবস্থা, নির্জনত্ব, গোপনত্ব, গুপ্তত্ব, গুহ্যত্ব, অপকাশত্ব, লোভ সল্গত্ব।

Closer, *n. s.* সমাপন করে যে, সম্বন্ধকর্তা, তামাম করে যে, জুরায় যে, শেষ কারক, ইতি কর্তা।

Closestool, *n. s.* মূত্র পরীষাধার পাত্র বিশেষ, যাহাতে বিষ্ঠা মূত্র ভ্যাগ করে, হাগিবার হাঁড়ি, বাহ্য জিয়ারপাত্র, কেদেরো বিশেষ যাহার উপর উপবিষ্ট হইয়া বাহ্যক্রিয়া করে।

Closet, *n. s.* কুঠরি গুপ্তস্থান, নিভৃত স্থান, খেলাংখানা, আশ্চর্য্য দ্রুমূল্য বা অপ্রাপণীয় দ্রব্যাগার বিশেষ, ছোট কামরা, কুদুঘর, গোপনাগার, গোপনস্থান।

To Closet, *v. a.* ঘরে বন্ধ-কৃ, কুঠরী-মুদ, ঘরে-ডরা, কুঠরীতে বন্ধ

করিয়া-রক্ষ, নির্জনে লইয়া-রক্ষ, নিভূতে-রক্ষ, কোন গুপ্ত কর্তৃ সম্বন্ধার্থে গৃহ মধ্যে-লইয়া-গম, কামরায়-ডর বা -রক্ষ, গোপন-কৃ, নির্জনে লইয়া-গম বা -রক্ষ, পরামর্শার্থে নির্জনে লইয়া বৈস।

Closet-sin, *n. s.* পাপ, গুপ্তপাপ, গোপনে কৃত পাপ, গোপনে দুষ্কর্ম।

Closh, *n. s.* পশ্বাদির পাদরোগ বিশেষ, গবাদি জন্তুর ব্যাধি বিশেষ।

Closing, *n. s.* কাল, সময়, সম্বন্ধ, সম্বন্ধ করণ, অন্ত করণ, অন্ত, শেষ।

Closure, *n. s.* বন্ধ করণ, ঘেরণ, মুদন, লুকান, ঢাকন, বেটন করণ বাধা বা আটক যদ্বারা হয় বা করা যায়, বেড়া, ঘেরা, শেষ, অন্ত, আশেধ, অবসান, বিরাম।

Clot, *n. s.* Dutch. জমাট, জমন, বসন, ডেলা হওন, ঘন হওন, তাল বান্ধন, জড় বা টিলা ব্যক্তি, নিষেধ বা মূর্খ ব্যক্তি।

To Clot, *v. a.* ডেলা-কৃ, লোষ্ট্রবদাকার-কৃ, চাপবন্ধ-কৃ, ভ্রম (ঞ), বস (ঞ), মোটা-কৃ, মূর্খ-কৃ, জড়-কৃ।

Clothbird, *n. s.* পক্ষিবি

Cloth, *n. s.* Sax. বস্ত্র, কাপড়, পোশাক, পরিধেয় বস্ত্র, পরিচ্ছদ, পরিধান করা যায় যাহা, শরীরানৃত করা যায় যদ্বারা, মেজ-টা কা কাপড়, মেজের চাদর, আঁজাড় বা শণের বস্ত্র, চিত্র করা যায় যাহার উপর, বুনট পশম, পশম নির্মিত বস্ত্র, পশমী কাপড়, শয্যাবরণ, বিছানার চাদর, বিছানা ঢাকন, পালঙ্গপোশ বিশেষ।

To Clothe, *v. a.* বস্ত্র পরিধান-কৃ, বস্ত্রাধিত-কৃ, বস্ত্রপরিধান-কৃ (ঞ), বস্ত্রে-ঢাক, পোশাক পরিধান-কৃ (ঞ), পোশাকে-ঢাক, পরিচ্ছদেতে শোভিত-কৃ, বস্ত্রদ্বারা বেশ-কৃ, বস্ত্র-দা, বস্ত্রবিশিষ্ট-কৃ, ঢাক, মোড়।

To Clothe, *v. n.* বস্ত্রাধিত-হ, পরিহিত-হ, পোশাক-পর, কাপড়-পর।

Clothier, *n. s.* জোলা, তাঁতি, কাপড়্যা, বস্ত্র নির্মাণকর্তা, কাপড় বুন বা বেচে যে, বস্ত্র বিক্রেতা, বস্ত্র ব্যবসায়।

Clothing, *n. s.* পরিচ্ছদ, পোশাক, বস্ত্র, কাপড়।

Clothshearer, *n. s.* কাপড় কুন্দি করে যে, কাপড় কুঞ্জন করে যে, বস্ত্র কুঞ্জনকার, ইত্রীওয়ালাবিশেষ।

Clothworker, *n. s.* কাপড় বুন বা নির্মাণ করে যে, কাপড়্যা, তাঁতি, জোলা।

Clotpoll, *n. s.* মূর্খ, বর্ধর, জড়, পশু, মাখা ভারি, ঘৃণার্থে মন্তক বা বৃদ্ধি বুঝায়।

To Clotter, *v. n.* জমিয়া-যা, জম, বস, ডেলা-বন্ধ, ঘন-হ।

Clotty, *a.* জমা, বসা, ডেলা, ঘন, ঘনীভূত।

Cloud, *n. s.* মেঘ, জলধর, বারিদ, পাখোদ, বাদল, ঘোর বা অন্ধকার কাল, প্রস্তরের গুহ, প্রস্তরের বা অন্য দ্রব্যের পল, অন্ধকারত্ব, ঘোরত্ব, ভিড়, গোলমাল।

To Cloud, *v. a.* মেঘাচ্ছন্ন-কৃ, অন্ধকার-কৃ, বাদলা-কৃ, অন্ধকৃ-কৃ, ঘোর-কৃ, আঁধারমূখ-কৃ, মলিনআভা-কৃ, উদ্ভিগ্ধভাব-কৃ, নিরানন্দভাব দৃশ্ (ঞ), শিরা বিশিষ্ট-কৃ, শিরময়-কৃ, গুহি-পূর্ণ-কৃ, সমল-কৃ, ময়লা-কৃ, সকলকৃ-কৃ, নিন্দা-কৃ, অপবাদ-কৃ, বদনাম-কৃ, কলঙ্ক-দা, দুর্নাম-দা, অপযশ-কৃ।

To Cloud, *v. n.* মেঘাচ্ছন্ন-হ, মেঘাবৃত-হ, মেঘ-কৃ, অন্ধকার-হ, ঘোর-হ।

Cloudberry, *n. s.* বৃক্ষ বিশেষ।

Cloudascending, *a.* মেঘারোহী, মেঘবাহনকারী, মেঘোপরিষ্ক, মেঘদেশস্থিত।

Cloudborn, *a.* মেঘজ, মেঘজাত, মেঘোৎপন্ন।  
 Cloudcapt, *a.* মেঘাশ্রিত, মেঘাচ্ছন্ন, মেঘাবৃত, মেঘ উপরে স্থিতি  
 যাহার।  
 Cloudcompelling, *a.* বৃহন্নতির বিশেষণ বাচক শব্দ, মেঘাধ্যক্ষ,  
 মেঘরাজ, মেঘ বা বৃষ্টি হয় যদ্বারা মেঘ সমূহ বিশিষ্ট।  
 Cloudcovered, *a.* মেঘাবৃত, মেঘাচ্ছন্ন, মেঘেতে ঢাকা।  
 Cloudeclipsed, *a.* মেঘাচ্ছন্ন, মেঘাবৃত, মেঘে ঢাকা।  
 Clouddispelling, *a.* মেঘাচ্ছন্নদূরকারী, মেঘচালক, মেঘ ইতস্ততঃ  
 করণ ক্রম।  
 Cloudkissing, *a.* মেঘে সৎস্পর্শ, মেঘে সৎলগ্ন, মেঘের নিকট  
 হু, অভ্যাস, মেঘদেশস্থিত।  
 Cloudtopt, *a.* মেঘে ঢাকা যাহা, মেঘের উপরস্থিত যাহা, মেঘ  
 আছে মস্তকোপরি যাহার, মেঘাবৃত, মেঘাচ্ছন্ন।  
 Cloudtouching, *a.* মেঘে সৎস্পর্শ, মেঘস্পর্শকারী, উর্ধ্বে গমন  
 শীল, মেঘ দেশগামী, উর্ধ্বগামী।  
 Cloudily, *ad.* মেঘাচ্ছন্নত্বপূর্বক, অন্ধকাররূপে, ঘোরতররূপে, অ  
 স্পষ্টরূপে।  
 Cloudiness, *n. s.* মেঘাচ্ছন্নত্ব, ঘোরত্ব, অন্ধকারত্ব, অন্ধকারে হু  
 যিত্ব, অন্ধকার বিশিষ্টত্ব, তিমিরাবৃতত্ব, রশ্মি রাহিত্য, অনুজ  
 লত্ব।  
 Cloudless, *a.* মেঘশূন্য, পরিষ্কার, খোলাসা।  
 Cloudy, *a.* মেঘলা, মেঘাচ্ছন্ন, মেঘাবৃত, অন্ধকার, তিমিরাবৃত,  
 দুর্দর্শন, ঘোরতর, অনুজ্বল, দাগবিশিষ্ট, রংবিশিষ্ট।  
 Clove, Cleave ক্রিয়াপদের অতীত কালবাচক, যথা, কাটিয়াছে,  
 ফাড়িয়াছে ইত্যাদি।  
 Clove, *n. s.* Sax. লবঙ্গ, রসুনের খোসা যদ্বারা কোয়াবদ্ধ থাকে,  
 রসুনের মল।  
 Clove-gillyflower, *n. s.* ফল বিশেষ।  
 Cloven, Cleave ক্রিয়ার বিশেষণ বাচক শব্দ, যথা কাটা, কাটা,  
 ফাড়া, বিভিন্ন পৃথককৃত ইত্যাদি জানিবেন।  
 Cloven-foot, *a.* বিভক্ত খনবিষয়ক বা তৎসম্বন্ধীয়।  
 Cloven-footed বা Cloven-hoofed, *a.* দ্বিখুর বিশিষ্ট, বিভক্ত খুর  
 বিশিষ্ট, কাটা খুর, বিভক্ত খুর বা কাটা খুর আছে যে পশুর।  
 Clover বা Clover-flower বা Clover-grass, *n. s.* Sax. বৃক্ষ বি  
 শেষ। *To live in Clover*, সুখভোগ-কৃ, সুখ-স্থা, বাহুল্যরূপে  
 খাওন পরণইত্যাদি।  
 Clovered, *a.* ক্লোবর নামক বৃক্ষেতে আবৃত বা আচ্ছাদিত।  
 Clough, *n. s.* Sax. পর্বতের কুহর বা কাইট, পর্বতের ওকড়া  
 খোকড়া স্থান যাহা ধরিয়া উঠে।  
 Clough, *n. s.* ধরাট, খাস্তা, কড়তি পড়তি, করতা, খাড়া করে  
 বেয়াজ বা করতা।  
 Clout, *n. s.* Sax. নেকড়া, কানি, গামছা, তালি, বস্ত্রে লক্ষ করণ,  
 সাঁপি, গুলো, ঘা, আঘাত ঘূষা।  
 To Clout, *v. a.* বস্ত্রাঘিত-কৃ, বস্ত্রাবৃত-কৃ, বস্ত্রদ্বারা-ঢাক বা আচ্ছা  
 দন-কৃ, যোড়া-দা, সৎযোগ-কৃ, যোড়া-লাগ (ক্রি), তালি-দা।  
 To Clout, *v. a.* মার, পিট, আঘাত-কৃ, ঘা মার, বাজ (ক্রি)।  
 Clouted, *part. a.* বসা, জমা, ডেলাবান্ধা, জটাপাকা, একত্রীভূত,  
 গুটিলবান্ধা, ঘন, গাঢ়।  
 Clouterly, *a.* Teut. কুৎসিতরূপে, অসভ্যতারূপে, অবিজ্ঞত্বরূপে,  
 জড়তারূপে, কদম্ব্যরূপে, আনাড়ীর মত, অনভিজ্ঞত্বরূপে।  
 Clown, *n. s.* Sax. মূর্খ, অসভ্য, চাষা, গৌয়ার, আদগোমড়া, পা  
 ডাগাইয়া মূঢ়, আবার ইত্যাদি ব্যক্তি।  
 To Clown, *v. n.* অসভ্য-হ, আনাড়ীর মত-চল, মূর্খ বা চাষা-হ।

Clownage, *n. s.* জড় বা মূর্খব্যবহার, গৌয়ার বা চাষার ন্যায় চ  
 লন, মূর্খতা, গৌয়ারতিমি, মূঢ়ত্ব।  
 Clownery, *n. s.* অসভ্যতা, গৌয়ারতিমি, মূর্খত্ব, চাষামি, মূঢ়ত্ব।  
 Clownish, *a.* আজগব, মূর্খ, অশিষ্ট, চাষা, মূঢ়, নীচ ব্যবহার বা  
 চাইল বা রীতিতে চলে যে, গাঁইয়া, গুমা, অসভ্য।  
 Clownishly, *ad.* অধমত্বরূপে, মূর্খত্বরূপে, চাষামিরূপে।  
 Clownishness, *n. s.* অসভ্যতা, অশিষ্টতা, মূর্খত্ব, আজহ, গৌয়ার  
 তিমি, চাষামি।  
 Clown's mustard, *n. s.* কুমুদ্বৃক্ষ বিশেষ।  
 To Cloy, *v. a.* Fr. অপরিমিত আহার-কৃ, বহু ভক্ষণ-কৃ, উৎকট  
 ভোজন-কৃ, আশা-পুর(ক্রি), খাঁই-মিট (ক্রি), লোভাতিরিক্ত-কৃ,  
 বাজপক্ষির চঞ্চাঘাত-কৃ, কামানের রণক ঘর বদ্ধ-কৃ, কামানে  
 খিল মারিয়া বদ্ধ-কৃ।  
 Cloyless, *a.* লসাহারী, অলসাহারী, অভূক্ত, খাঁই মিটাইবার অনু  
 পযুক্ত, তৃপ্তিশূন্য, অপূর্ণ তৃপ্তি যাহার, দুঃস্বাপ্য, সামান্য।  
 Cloyment, *n. s.* তৃপ্তি, খাঁই পূরণ, লোভাতিরিক্ত ভোজন, সমপূর্ণা  
 হার।  
 Club, *n. s.* Welsh. লাঠি, শোটা, চেঙ্গা, খেটে, গদা, লগুড়, দণ্ড,  
 লাটনা, ভাসখেলায় সৎজাবিশেষ, অংশ, ভাগ, সভা, পত্রত,  
 সমূহ, দল, পংক্তি, যোগ, মিল, স্বীকার, আজ্ঞা, এক পরামর্শ  
 হইয়া আজ্ঞা করণ বা হুকুম দেওন।  
 To Club, *v. n.* কোন নিরূপিত কর্মে অংশী-হ, ভাগী-হ, কোন  
 কর্মসম্মুখার্থে বহুজন একত্র-হ, দলভুক্ত-হ, দলস্থ-হ, কোন কর্ম  
 সম্মুখার্থক ব্যয়করণে নিরূপিতাংশে অংশী-হ।  
 To Club, *v. a.* অংশমতে দান-দা, দান-কৃ, মাথট-দা, চান্দা-দা,  
 চান্দা-কৃ, চান্দা মতে ব্যয়-কৃ।  
 Clubbed, *a.* ভারি, স্থূল, লাঠীর ন্যায় স্থূল বা মোটা।  
 Clubber Clubbist শব্দ দেখ।  
 Clubbish, *a.* চাষ', মূর্খ গৌয়ার, অসভ্য, জড়।  
 Clubbist, *n. s.* দলভুক্ত ব্যক্তি, কোন পত্রতভুক্ত বা তদবলম্বি বা  
 ক্তি।  
 Clubfist, *n. s.* বড় মুষ্টি, ভারি মুষ্টি।  
 Clubfisted, *a.* বড় মুষ্টি আছে যাহার, বড় মুষ্টিধারী।  
 Clubfooted, *a.* ধর্ম চরণবিশিষ্ট, ভেউড়া পদ যাহার, নেণ্ডা, ব  
 ক্রচরণবিশিষ্ট, বক্র পদ আছে যাহার।  
 Clubheaded, *a.* জড়, পশু, ভারিমাথা মেধাহীন অজ্ঞান, অবো  
 ধ।  
 Clublaw, *n. s.* যুদ্ধসঙ্ঘাব্যবস্থা, যুদ্ধকর্তৃক ব্যবস্থা, লাঠির জোরে  
 রাজ নিয়ম, তলোআরের বলকর্তৃক আইন, বল বা পরাক্রম ঘা  
 রা স্থাপিত নিয়ম।  
 Clubman, *n. s.* লাঠিওয়াল, গদাধর, লাঠি রাখে বা লইয়া কিরে  
 যে।  
 Clubroom, *n. s.* বৈঠকখানা, সভাঘর, ক্রবসৎজক সভা দল বা  
 পত্রত বসে বা থাকে যে স্থানে।  
 To Cluck, *v. n.* Welsh. মুরগী-ডাক, কুঙ্কট শব্দ-কৃ, শাবক আহা  
 নার্থক কুঙ্কটীর রব-কৃ, কুটকুট-কৃ।  
 To Cluck, *v. a.* মুরগীর ডাকের ন্যায় আহ্বান-কৃ, মুরগীর স্বরে  
 -ডাক।  
 Clue, Clew শব্দবৎ অর্থ জানিবেন।  
 Clump, *n. s.* Germ. কুন্দ, কুন্দকাঠ, ডেলা, টাই, চাপ, চিবি, বন  
 জঙ্গল, বৃক্ষসমূহ, ঝোপ, ঝাড়।  
 To Clumper, *v. a.* চিবি-কৃ, চেরি-কৃ, গাদি-কৃ, যড়-কৃ, ঝোপ-কৃ,  
 ঝাড়-কৃ।

Clumps, *n. s.* কুঁদো কাঠ, অপরিষ্কৃত কাঠ খণ্ড, আকারহীন কাঠ  
কিছা দুবা, বৃক্ষের ঝোড় বা ঝোপ।

Clumsily, *ad.* জড়ের ন্যায়, মটবৎ, আনাড়ীর ন্যায়, কদর্যরূপে,  
কুৎসিতরূপে, চাষামিরূপে।

Clumsiness, *n. s.* জড়ত্ব, মূর্খত্ব, মটত্ব, কুৎসিতত্ব, অসৌন্দর্য্য, কদ-  
র্য্যত্ব, অক্ষিপ্তত্ব, অপটুত্ব, অকর্মণ্যত্ব।

Clumsy, *a.* Dutch. আনাড়ী, বেডোল, কুডোল, ঢেপসা, অপরি-  
ষ্কার, অসুন্দর, অপরিপক, মট, জড়, কুৎসিত, কাঁড়রা।

Clung, Cling শব্দের অভ্যন্তরীণবাচক, যথা কুলিয়াছে।

Clung, *a.* শুষ্ক, কৃশ, কাহিল, রোগী, শীতাকৃষ্ট, হিমাকৃষ্ট, জড়সড়।

To Clung, *v. n.* শুষ্ক-হ, নীরস-হ, সৎলঘ-হ, লাগ।

Cluniack, *n. s.* Lat. সন্ন্যাসী বা যোগিবিশেষ।

Cluniack, *a.* তদ্বর্ণ্য বিশিষ্ট, তথ্যতাবলম্বী।

Cluster, *n. s.* Sax. ঝোপ, ঝাড়, ছড়া, খোবা, গুচ্ছা, কান্দি, কাঁ-  
ক, পাল।

To Cluster, *v. n.* কাঁপ-হ, ঝাড়-হ, কান্দি-হ, খলুয়া-হ, গুচ্ছ-  
ক-হ।

To Cluster, *v. a.* একত্র-ক, বহুদুব্য বা জনসমূহ একত্র-ক, কাঁক  
বা পালবন্ধ-ক।

Cluster-grape, *n. s.* গুচ্ছাকার বিশেষ।

Clustery, *a.* ঝোপবিশিষ্ট, ঝাড়ওয়াল, কান্দিওয়াল, খলোবি-  
শিষ্ট।

To Clutch, *v. a.* Sax. ধ, হস্তগত-ক, মুক্তি-ক, হস্তধারা দৃঢ়রূপে  
-ম্ আঁকড়(ঞ), মুঠা-ক, খাবা-ক।

Clutch, *n. s.* ধরণ, মুক্তি, হস্ত, খাবা, নখ, হস্তবহিষ্করণ, অর্থাৎ অ-  
পহরণকরণ।

Clutter, *n. s.* Clatter শব্দ দেখ, সোর, হস্তাম চৌচাট্টি, হুড়ামু-  
ড়ি, ধুমধাম।

To Clutter, *v. n.* চৌচাট্টি-ক, হুড়ামুড়ি-ক, ধুমধাম-ক।

Clyster, *n. s.* Gr. পিচকারী, বস্তিকর্ম, বস্তিকর্মের ঔষধিবিশেষ  
পিচকারী দেয় যদ্বারা।

Clyster-pipe, *n. s.* নলী বা চুক্তিবিশেষ, পিচকারির নলী বা চুক্তি  
যদ্বারা বস্তিকর্ম হয় বা করা যায়, পিচকারী।

To Clysterize, *v. n.* পিচকারী-লাগ, পিচকারী-ভর, পিচকারী-  
দা, বস্তি কর্ম-ক বা -হ, বস্তি কর্মী-হ।

Clysterwise, *ad.* পিচকারির ন্যায়, পিচকারী দেওনপূর্বক, পিচ-  
কারি দেওন বা লওনপূর্বক।

To Concervate, *v. a.* Lat. রাশি-ক, স্থপ-ক, টিবি-ক, গাদি-ক, গা-  
দি-ক, উপর্যুপরি-রক্ষ, কাঁড়ি-ক।

Coacervation, *n. s.* স্থপ, রাশি, কাঁড়ি, টিবি, গাদিকরণ বা তদব-  
স্থা, উপর্যুপরিভাব, গাদ্যবস্থা, রাশ্যবস্থা।

Coach, *n. s.* Fr. চারি চক্রের গাড়ীবিশেষ, হাওদাগাড়ী, দুই দি-  
কে উপবেশনের স্থানবিশিষ্ট রথ বা গাড়ীবিশেষ।

To Coach, *v. a.* গাড়ীতে লইয়া-যা, গাড়ীধারা-গম, গাড়ী-টান,  
গাড়ী-চাল (ঞ)।

Coachbox, *n. s.* সারথির উপবেশন, গাড়ীর অগুণ্ডাগের স্থানবি-  
শেষ যেখানে সারথি বা গাড়ীওয়ান বসে।

Coachful, *n. s.* গাড়ীভরা, পূর্ণগাড়ী, একগাড়ীভরা মনুষ্য।

Coach-hire, *n. s.* গাড়ীভাড়া, কোচনামক গাড়ীর বেতন বা কে-  
রান্দা।

Coach-horse, *n. s.* কোচনামক গাড়ীর ঘোড়া, গাড়ীটানা অশ্ব।

Coach-house, *n. s.* গাড়ীখানা, গাড়ী থাকে যে স্থানে, গাড়ী রা-  
খিবার ঘর।

Coachmaker, *n. s.* গাড়ী নির্মাণকর্তা, গাড়ী নির্মাণ করে যে, গা-  
ড়ী গড়ে যে গাড়ীর মিস্ত্রী।

Coachman, *n. s.* গাড়ীর সারথি, গাড়ীওয়ান, গাড়ী হাঁকায় বা চা-  
লায় যে।

Coachmanship, *n. s.* গাড়ীওয়ানের কর্ম বা পদ, গাড়ীওয়ানের  
বিদ্যা বা পারগতা।

To Coact, *v. n.* একত্র-ক, একত্র হইয়া কর্ম-ক, একত্র মিলিয়া ক-  
র্ম-ক বা-চালা (ঞ)।

Coacted, *part. a.* Lat. জবরদস্ত, জোরকৃত, বলাকৃষ্ট, জোর ক-  
রিয়াকে যাহাকে বা যাহার উপর।

Coaction, *n. s.* জোর, জবরদস্তি।

Coactive, *a.* জোরকারী, বলবৎ, জবরদস্ত, মেলক, ঐক্যকারী, ঐ-  
ক্য হইয়া কর্মকরে যে।

Coactively, *ad.* বলবৎরূপে, প্রবলরূপে, জবরদস্তরূপে।

Coadjument, *n. s.* পরল্পর উপকার বা সাহায্য।

Coadjutant, *a.* সাহায্যকারী, উপকাৰী, উপলক্ষ, পরূপাতী, সহ-  
কারী, আশ্রয়দাতা।

Coadjutor, *n. s.* সাথী, সঙ্গী, সহায়, সাহায্যকারী, এক বিষয়ে  
উপকার বা সাহায্য করে যে, অংশী, সহবর্তী, প্রতিনিধি, পরে-  
র হইয়া কর্ম করে যে, বদলী।

Coadjutrix, *n. s.* সহকারিণী, সাহায্যকারিণী, উপকার করে যে-  
স্ত্রী, সহায়ী।

Coadjuvancy, *n. s.* Lat. উপকার, সাহায্য, সহকার, পরল্পর উ-  
পকার বা সাহায্য।

Coadunition, *n. s.* Lat. বহুদুব্য একত্রীভূত হওন বা করণ, সৎ-  
যোগ, সংঘোল, একত্র করণ বা হওন, মিশ্রণ।

Coadventurer, *n. s.* সহবর্তী, কঠিনকার্যে প্রবর্তিত হয় যে, একত্র  
হইয়া দৈব কর্মে বা কঠিন কর্মে উদ্যুক্ত হয় যে।

To Coalforest, *v. a.* বন-ক, জঙ্গল-ক, ভূমিতে জঙ্গল আবাদ-ক,  
পতিত-ক।

Congent, *n. s.* সহগন্তা, সঙ্গ বাসকর্তা, সহকর্মকর্তা, সহায়, সা-  
থী, পারিষদ, অংশী, শরিক।

To Coagment, *v. a.* Fr. একত্র-ক, জমা-ক, রাশি-ক, কাঁড়ি-ক, টি-  
বি-ক।

Coagulation, *n. s.* জমা, সংযোগ, সংগুহ, মেল, সংলঘ, একত্র  
করণ বা হওন।

Coagulable, *a.* জমিবার যোগ্য, বসিয়া বা জমিয়া যায় যে, ঘনী-  
ভূত হয় যে।

To Coagulate, *v. a.* Lat. জম (ঞ), বস (ঞ), বাঁধ (ঞ), ঘন-  
বা গাঢ়-ক।

To Coagulate, *v. n.* জমিয়া-যা, বসিয়া-যা, ঘন-হ, গাঢ়-হ।

Coagulation, *n. s.* জমন, বসন, জমাট হওন, ঘন বা গাঢ় হ-  
ওন, জমাট দুবা, বসাদুবা, ডেলা, চাপ বাঁধা বা কন্দবাঁধা দু-  
বা।

Coagulative, *a.* জমনকারী, বসনশীল, জমাটক্রম।

Coagulator, *n. s.* জমিয়া বা বসিয়া যায় যদ্বারা, জমানা।

Coak, Coke শব্দ দেখ।

Coal, *n. s.* Sax. কয়লা, মৃত্তিকাজাত কয়লা, পাথুরে কয়লা, অ-  
ঙ্গার, অধি, প্রস্থলিত হয় যে, জলে যে।

To Coal, *v. a.* কাষ্ঠ পোড়াইয়া কয়লা-ক, কয়লা পোড় (ঞ),  
অঙ্গারধারা-লিখ বা-অঙ্ক।

Coal-black, *a.* অঙ্গারবৎ কাল, ঘোর কাল, অভ্যন্ত কাল, পীস  
কুটে কাল।

Coal-box, *n. s.* অঙ্গারাদারবিশেষ, অঙ্গারের কুড়ি, পাত্রবিশেষ; যদ্বারা কয়লা পোড়াইবার কারণ লইয়া যায়।  
 Coal-fish, *n. s.* মৎস্যবিশেষ।  
 Coal-house, *n. s.* অঙ্গারাগার, কয়লা থাকে বা রাখে যে স্থানে।  
 Coal-mine, *n. s.* কয়লার খানি, পাথুরে কয়লার আকর, কয়লা উৎপন্ন হয় যে স্থানে।  
 Coal-miner, *n. s.* মজুরবিশেষ, খনন করিয়া কয়লা আনে যে।  
 Coal-pit, *n. s.* গর্ত বা হুদ যেখানে হইতে কয়লা আনে বা পায়।  
 Coal-ship, *n. s.* কয়লার জাহাজ, অঙ্গার বোঝাই হয় যে জাহাজে, কয়লা ভরা জাহাজ, জাহাজবিশেষ।  
 Coal-stone, *n. s.* পাথুরে কয়লাবিশেষ, মৃত্তিকাহইতে খনিত প্রস্তর স্বরূপ অঙ্গারবিশেষ।  
 Coal-work, *n. s.* কয়লার খানি, কয়লার আকর, কয়লা উৎপন্ন হয় যে স্থানে, কয়লার কারখানা।  
 Coalery, *n. s.* মৃত্তিকার ভিতর স্থানবিশেষ যেখানে কয়লা খনিত হয়।  
 To Coalesce, *v. n.* Lat. সংলগ্ন-হ, সংযুক্ত-হ, মিল, একত্র-হ, একত্রে উৎপন্ন-হ, একত্র বৃদ্ধি-পূর্ণ, যোড়-লাগ, মিলিয়া-গা।  
 Coalescence, *n. s.* সংযোগ, মেল, যোগ, যোড়, সংলগ্ন হওন বা করণ।  
 Coalition, *n. s.* সংযোগ, সম্মেলন, যোড়া লাগন, একত্র হওন।  
 Coaly, *a.* কয়লাবিশিষ্ট, অঙ্গারবিশিষ্ট, অঙ্গারময়।  
 Coaptation, *n. s.* Lat. বহু অংশ একত্র করণ বা মিলন, ঐক্য করণ।  
 To Coarct বা To Coarctate, *v. a.* Lat. ছোট-কৃ, ঋক্ষ-কৃ, বাদ, অল্প স্থানে বদ্ধ-কৃ, দমন-কৃ, আটক-কৃ।  
 Coarctation, *n. s.* আটক, কএদ, আটককরণ, বদ্ধকরণ, ঋক্ষকরণ, কমকরণ, দমনকরণ, ছোটকরণ, স্বাধীনত্বরহিতকরণ।  
 Coarse, *a.* মোটা, খাম, অপরিষ্কৃত, শক্ত, আছোলা, অকোমল, গোয়ার, চাষা, আনাড়ী, অসভ্য, অশিষ্ট, নীচ, পাজী, অধম, অনুস্তম, কঠিন, বদভোল, কুরূপ, মন্দ।  
 Coarsely, *ad.* অসৌন্দর্যরূপে, মোটা বা অসম্পূর্ণরূপে, সামান্যরূপে, নীচত্বরূপে, অধমত্বরূপে, চাষার ন্যায়, অপরিষ্কারত্বরূপে।  
 Coarseness, *n. s.* মোটাই, খাপদারি, অপরিষ্কারত্ব, অন্তর্দত্ব, সমলত্ব, কাঠিন্য, গোয়ারতিমি, নীচত্ব, অসভ্যত্ব, অশিষ্টত্ব, অধমত্ব, সামান্যত্ব, ঘনত্ব।  
 To Coassume, *v. a.* দর্প-কৃ, গর্ভ-কৃ, আপনার উপর ঝঁকি-লও, আপনার উপর ভার-লও, পর ধর্ম বা গুণ আপনার উপর অর্পণ-কৃ।  
 Coast, *n. s.* Lat. সমুদ্রের তীর বা ধার, সমুদ্রের কাঁপা, সমুদ্রের নিকটবর্তী দেশ বা ভূমি, ধার, কাঁধ, পাড়, তীর, ঘাট, বন্দর, কোন দেশের সরহদ্দ বা প্রান্ত ভাগ, মূলকের সীমানা। *The Coast is clear,* (রূপক কথায়) নিরুৎপাত, আর ভাবনা নাই ইত্যাদ্যর্থ জানিবেন।  
 To Coast, *v. n.* সমুদ্র তটবর্তী-হ, সমুদ্রের তট বা কিনারা দিয়া নৌকা-গম, কিনারায়-গম, ধারে-চল, নিকটবর্তী-হ, নিকটস্থ-হ, কাছে-ভিড়।  
 To Coast, *v. a.* সমুদ্রের কিনারা দিয়া নৌকা চালা(ক্রি), সমুদ্রের কিনারা দিয়া নৌকা-বাহ, কূলে-বা, নিকটে-রক্ষ, নিকটে-দৃশ, নিকটবর্তী-কৃ।  
 Coaster, *n. s.* সমুদ্রের ধারে-যায় যে, সমুদ্রের কিনারা দিয়া নৌকা চালায় যে, ভীত নাহিক।  
 Coat, *n. s.* Fr. কুর্ভি, আমা, বালকের গাত্রাবরণ বা পোশাক, বা

লকের বুকজামাবিশেষ, পদস্থ ব্যক্তির পরিধেয় বস্ত্র বেশ, পোশাক, পশাদিরলোম, যদ্বারা শরীর আবৃত হয়, পরদা, বাড়, তহ, ছাল, আবর্তনী, ঢাকে যদ্বারা, নিশান, চিহ্ন, কুলীনের চিহ্ন, ভাসবিশেষ।  
 To Coat, *v. a.* ঢাক, ছাও, আচ্ছাদন-কৃ, সজ্জিত-কৃ, বস্ত্রান্বিত-কৃ, মাথ (ক্রি), লেপন-কৃ।  
 Coat-Card, *n. s.* Courtcard শব্দের অন্তর্ভুক্ত শব্দ।  
 To Coax, *v. a.* ফুসল(ক্রি), তুল(ক্রি), চুমকুড়ি-দা, দমবাজী-কৃ, খোসামোদ-কৃ, প্রতারণা-কৃ।  
 Coax, *n. s.* অচতুর, ভোলা, প্রতারণাধীন ব্যক্তি, সহজে প্রতারণা করিতে বা ভুলাইতে পারা যায় যে ব্যক্তিকে।  
 Coaxation, *n. s.* ভুলান, ফুসলান, দমবাজী, প্রতারণা, প্রতারণাবিদ্যা, ঠকামি বিদ্যা।  
 Coaxer, *n. s.* দমবাজ, কপটী, প্রতারণক, ভুলান্যা, ফুসলান্যা, খোঁসামুদে  
 Cob, *n. s.* সমুদ্রীয় পক্ষিবিশেষ, মাকড়সা, ঘোটক, অনাক্তা, ঘোড়া, খাশী বা হইয়াছে যে ঘোড়া, টান্নন ঘোড়া, টাটুঘোড়া, মুদ্রাবিশেষ।  
 Cobalt, *n. s.* সাক্সনি দেশের ধাতুবিশেষ, আকরবিশেষ।  
 To Cobble, *v. a.* Dan. টাক, মেরামত-কৃ, তালি-লাগ (ক্রি), অপরিচ্ছন্নরূপে-সার বা মেরামত-কৃ, অপরিষ্কার কর-কৃ, অপরিচ্ছন্ন কার্য-কৃ, মোটা কর-কৃ।  
 Cobble বা Coble, *n. s.* Sax. জেলে নৌকা, মাছধরা ডিঙ্গা, জেলে ডিঙ্গা, কঙ্কর বিশেষ।  
 Cobbler, *n. s.* মুচিবিশেষ, প্রাচীন চর্মপাদুকা মেরামত করে যে, জুতা টাকে বা তালি দেয় যে, আনাড়ী কারিকর, [উপমাবাক্য] নীচ বা অধম ব্যক্তি।  
 Cobcoals, *n. s.* বড় কয়লা, মোটা কয়লা।  
 Cobirons, *n. s.* লৌহবিশেষ, অগুণ্ডাগে মণ্ডলাকারবিশিষ্ট লৌহবিশেষ, প্রেক, গুল মেথ, মেথ।  
 Cobishop, *n. s.* ধর্মাপ্যাকের পেস্কার, ধর্মাপ্যাকের সহবর্তী বা সহকারী।  
 Cobloaf, *n. s.* মোটা পোড়া অপরিষ্কার রুটিবিশেষ, অপরিচ্ছন্ন পূর্ণ।  
 Cobnut, *n. s.* বালকের ক্রীড়াবিশেষ, সুপারি জিতন বা প্রাপণ, বড় সুপারি বা নারিকেলবৎ ফল।  
 Cobob, *n. s.* Cabob শব্দ দেখে।  
 Cobstones, *n. s.* বৃহৎপ্রস্তর, স্থল প্রস্তর, বড় প্রস্তর, ডারি প্রস্তর।  
 Cobswan, *n. s.* স্থাননামক পক্ষির প্রধান বা সরদার।  
 Cobweb, *n. s.* Dutch. মাকড়সার জাল, আরসাতক, ফাঁদ, জাল, যুল।  
 Cobweb, *a.* সূক্ষ্ম, পরিষ্কার, পরিচ্ছন্ন, হালকা, ক্ষীণ, অল্প।  
 Cobwebbed, *a.* মাকড়সার জালানুত বা তজ্জালে বদ্ধ।  
 Coca, Cacao কিম্বা Cocoa শব্দ দেখে।  
 Cocciferous, *a.* Lat. যে বৃক্ষে ফলোৎপন্ন হয় তাহার বিশেষণ বাচক।  
 Coccus indicus, Lat. বিশাল বৃক্ষ বা ফল বিশেষ।  
 Coccyx, *n. s.* Lat. [In Anatomy.] কশেরুকা মূল সংলগ্ন অস্থি বিশেষ।  
 Cochineal, *n. s.* Span. কুমিমানা কীট বিশেষ যাহাতে উত্তম রক্তবর্ণ উৎপন্ন হয়।  
 Cochleary, *a.* Lat. স্ক্রু নামক পের্ণের আকারবৎ, পের্ণবিশিষ্ট।  
 Cochleated, *a.* পাকওয়লা, সুব্দাকার

**Cock, n. s.** Gr. মোরগ, কুক্কট, নর পক্ষ, ক্ষুদ্র পক্ষির পুংক্রান্তি, বন্দকের ঘোড়া কল যৎকর্তৃক অগ্নি উত্তোলন হয়, নল যদ্বারা জল নির্গত হয়, তিরের কলই, বাণের অগুভাগ, জয়কর্তা প্রধান, জয় বা ফতে করে যে, প্রভাতসূচক কুক্কটেরব, ঘাসের রূপ, তৃণের বোকা, এক প্রকার টুপি, টুপির আকার বা ছাঁচ বিশেষ, তরাজ বা নিক্তির কাঁটা। *Cock on the Hoop*, জয়বিশিষ্ট জয়ী। *Cock and a Bull*, দীর্ঘসূত্রী, ঢিলা, অলস, বহু কাল সাধ্য বিষয় বা কর্ম, অনর্থক বাক্য, অল্পকথা, বায়ু নিরূপক পতাকা বা নিশান বিশেষ।

**To Cock, v. a.** উচ্চ-কৃ, খাড়া-কৃ, মস্তকে টুপি বিশেষরূপে-দা বা -রক্ষ, টুপির ছাঁচ-গড় বা নিয়োগ-কৃ, বন্দকের কল-টান, গুলি বহিষ্করণার্থে বন্দক প্রস্তুত-কৃ, ঘাসের চিবি-কৃ।

**To Cock, v. n.** গা-ফুল, মস্তক-হেল, যুদ্ধার্থে মুরগী শিক্কা-কৃ বা প্রস্তুত-কৃ, সোহাগ-কৃ।

**Cockade, n. s.** টুপির ফুল বা ফিতা, পলটনিয়াটুপি, যুদ্ধের টুপি, বড় টুপি।

**Cockaded, a.** বড়টুপি পরিহিত।

**Cockal, n. s.** ক্রীড়াবিশেষ।

**Cockatoo, n. s.** পক্ষিবিশেষ, কাকাজুয়া।

**Cockatrice, n. s.** Fr. অজগরবিশেষ, মুরগীর অণ্ডজ সর্প।

**Cockboat, n. s.** উপনৌকা, জাহাজের ডিন্জী, নৌকা।

**Cockbrained, a.** অস্থির, চঞ্চল, মাথা পাগলা, মাথার ঠিকানা নাই যাহার, অচেতন, স্তব্ধ, সস্তুর, বাচাল, অপরিণামদর্শী, অবিবেচক, অসাবধানে কর্ম করে বা হয় যাহার বেচাওর।

**Cockbroth, n. s.** মোরগের কোল, মোরগের জ্বষ বা সুরুয়া।

**Cockerowing, n. s.** প্রভাতকাল, প্রাতঃকাল, যে সময় কুক্কট ডাকে।

**To Cocker, v. a.** সোহাগ-কৃ, ন্যাকরা-কৃ, ক্রীড়া-কৃ, ন্যাক্রাপ্যা ক্রীড়া-কৃ, নাই-দা।

**Cocker, n. s.** মোরগ লড়ায় যে, মোরগবাজ, মোরগযুদ্ধ ক্রীড়া করে যে।

**Cocker, n. s.** পাদরক্ষণীবিশেষ, মোজা বা জুতাবিশেষ।

**Cockerel, n. s.** কুক্কটশাবক, কুক্কড়ার ছানা।

**Cockering, n. s.** স্নেহ, অনুরাগ, অনুগৃহ, ক্রমা।

**Cocket, a.** চালাক, নিরালস্য, সবল, অস্থির, চঞ্চল, চেষ্টা, মগরা।

**Cocket, n. s.** হাশিলদপ্তরের রওয়ানাবিশেষ, ছাড়চিঠী বা সন্দর্ভবিশেষ, জাহাজের ক্ষুদ্র নৌকা বা ডিন্জী।

**Cockfight বা Cockfighting, n. s.** মোরগের যুদ্ধ মোরগ লড়াই, কুক্কট যুদ্ধ।

**Cockhorse, a.** আশ্বারূঢ়, ঘোটকারোহী, ঘোড়ায় চড়া, ঘোড়সওয়ার, জয়ী, জয়যুক্ত, আত্মদিত, আনন্দিত।

**Cocking, n. s.** মোরগ লড়াই, কুক্কটযুদ্ধ।

**Cockle, n. s.** Lat. শৈবালবিশেষ, ফিনুক, শমুকবিশেষ।

**Cockle-stairs, n. s.** পাকশিঁড়ি, পেঁচাউ শিঁড়ি, ঘোরশিঁড়ি।

**Cockle, n. s.** Sax. তৃণবিশেষ, ঘাস।

**To Cockle, v. a.** মুকুটী বন্ধ-কৃ, শমুকের ন্যায় মৃৎ মূদ বা -বৃজ।

**Cockled, a.** ঢাকা, আবৃত, খোসাবিশিষ্ট, গাঢ়াকা, শরীরাবৃত, ফিনুক বা শমুকের ন্যায় গাঢ়াবৃত যাহার।

**Cockler, n. s.** কাকল নামক মৎস্য বিক্রতা বা আনে যে, ফিনুক বা শমুক বিক্রয় বা আনয়ন করে যে।

**Cockloft, n. s.** গৃহের সর্বোপরিষ্ক কুঠরী বা ঘর, ঢিলে ঘরবিশেষ।

**Cockmaster, n. s.** লড়াক মোরগ পালে বা রাখে যে, যুদ্ধ কুক্কট পোষক বা পালনকর্তা।

**Cockmatch, n. s.** বাজি রাখিয়া মোরগ লড়াই, কুক্কট যুদ্ধ খেলা।

**Cockney, n. s.** (ঘণাসূচকার্থ) লণ্ডননগরীয় ব্যক্তি, লণ্ডননগরস্থ নীচ লোক, লণ্ডনীয়, ডরক, ভীত, মেয়ামুখ, অজ্ঞ, মূর্খ, নীচ, হয়ে ব্যক্তি।

**Cockneylike, a.** তদ্ধর্মক বা তৎ স্বরূপ।

**Cockpit, n. s.** মোরগযুদ্ধস্থান, কুক্কটের লড়াই হয় যেখানে, যুদ্ধ জাহাজে স্থানবিশেষ, তল্লোকায় কুঠরী বা কামরা।

**Cockroach, n. s.** তেলাপোকা, তেলচিটা।

**Cock'scomb, n. s.** বৃক্ষবিশেষ, কুক্কটশিখা, গাত্রফুলাইয়া বেড়ায় যে।

**Cock'shead, n. s.** বৃক্ষবিশেষ, কুক্কট শিখা, মোরগাবি কুল

**Cockshut, n. s.** সন্ধ্যান্ত, শেষ রাত্রি।

**Cockspur, n. s.** বৃক্ষবিশেষ।

**Cocksure, a.** নিঃসন্দেহ, নিঃসন্দিগ্ধ, বিশেষ জ্ঞাত, স্থির বিশ্বাস হয় যাহাতে বা আছে যাহার।

**Cockswain, n. s.** জাহাজে কর্মপদস্থ বিশেষ, কাক বোট সঞ্জক নৌকাধ্যক্ষ, ডিন্জিওয়াল, ইহার অণ্ডজ ভাষা। *Coxon*, জানিবেন।

**Cockweed, n. s.** বৃক্ষবিশেষ।

**Cocoa, n. s.** Span. and Port. নারিকেল বিশেষ।

**Coctile, a.** Lat. পোড়া, দগ্ধ, ইস্তকবৎ পোড়া।

**Coction, n. s.** Lat. সিদ্ধকরণ, আল দেওন, পাক করণ, পাকান।

**Cocoon, n. s.** গুটী কোয়া গুটী পোকা।

**Cod বা Codfish, n. s.** সমুদ্রের মৎস্য বিশেষ।

**Cod, n. s.** Sax. খোসা, ছাল, ছিলকা, তুষ, যাহার ভিতর বীজ বা শস্য থাকে, বালিশ, উপধান।

**To Cod, v. n.** খোসা বা ছিলকার ভিতর বন্ধ-হ, তুষবিশিষ্ট-হ।

**Codders, n. s.** শস্য কুড়ায় যে, কলাই ইত্যাদি শস্য সঞ্জুহ করে যে।

**Coddy, a.** তুষবিশিষ্ট, খোসা বা ছিলকা আছে যাহার।

**Codger, n. s.** Span. কৃপণ, সূম, বখিল, দুঃখী, কুড়াইয়া জড় করে যে, সঞ্চয়ী, অতিসঞ্চয়ী।

**Code, n. s.** Lat. পুস্তক, কেতাব, বহি, রাজনীতিশাস্ত্র বা তচ্ছাস্ত্র সঞ্জুহ, নীতিগুহ, আইন, নিয়ম, স্মৃতি শাস্ত্র সমুচ্চয়।

**Codicil, n. s.** মুম্বুপত্রে উপ লেখন, উইল সঞ্জক বা দান পত্রে পুনশ্চ বা ক্রোড় পত্র।

**Codille, n. s.** Fr. ভাস খেলায় সঞ্জাবিশেষ, মৌরস্ত।

**To Codle, v. a.** কদুম্ব-কৃ, আদসিদ্ধ-কৃ, অল্পআল-দা, ঈষদুম্ব-কৃ, মন্দপাক-কৃ, উষ্ণজলদ্বারা উত্তপ্ত-কৃ।

**To Codle, v. a.** যথেষ্টাচার-কৃ, অধিক উপার্জন-কৃ, অতিরিক্ত লাভ-কৃ।

**Codling, n. s.** ফলবিশেষ, আতাবিশেষ।

**Coefficacy, n. s.** সঞ্জযোগিতা, বায়ু শক্তি একত্রীভূত বা তদ্ধর্ম, বৃচ্ছক্তি বা ক্রমতা।

**Coefficiency, n. s.** ঐক্য, এক বাক্যতা, একচিত্ততা, মিল।

**Coefficient, n. s.** Lat. সঞ্জযোগ, সঞ্জযোগকারী, ঐক্য, মিলন, অঙ্কশাস্ত্রে সঞ্জাবিশেষ, বর্ণ।

**Coefficiently, ad.** সঞ্জযোগপূর্ষক, ঐক্যরূপে, মিলপূর্ষক।

**Coelder, n. s.** জ্যেষ্ঠপদ, পদের বা ভ্রূমের জ্যেষ্ঠ বা উৎকৃষ্ট ব্যক্তি।

**Coeliack Passion, Fr.** উদরাময় রোগবিশেষ, পেটের পীড়া।

Coemetry, Cemetery শব্দ দেখ।

Coemption, n. s. Lat. অবচ্ছেদাবচ্ছেদে ক্রয়করণ, সমুদয় ক্রয় করণ, তাবদ্বাধি করণ।

Crenoby, Cenoby শব্দ দেখ।

To Coenjoy, v. a. একত্র ভোগ-কৃ, মিলে ভোগ-কৃ।

Coequal, a. সমান, একপর্যায়, সমতুল্য, সমভাবী, সমান পদস্থ, মর্যাদায় তুল্য।

Coequality, n. s. সমানত্ব, তুল্যত্ব, সমতুল্যতা, সমানাবস্থা, সমান মর্যাদা বা পদ।

To Coerce, v. a. Lat. দমন-কৃ, আটক-কৃ, বন্দ-কৃ, শর্ক-কৃ, নূন-কৃ, জব্দ বা-কৃ খাম (ঞ), নিবারণ-কৃ।

Coercible, a. আটক করণীয়, দমনীয়, নিবারণীয়, বন্দ করণেপ যুক্ত, আটক করণার্থ, আটক বা বন্দ করণ কর্তব্য হয় যাহা কে।

Coercion, n. s. আটক, বন্দ, কয়েদ, দণ্ডকারি, কয়েদ, বাধা, যে আটকে দণ্ড দেওয়া যায়, রোধ, প্রতিরোধ, জোর, দবদবা।

Coercive, a. আটক করণশীল, প্রতিরোধক, প্রতিরোধক্রম, পরাক্রান্ত, আটকক্রম, কয়েদ করণে ক্রম বা উপযুক্ত, কয়েদ বা আটক করে যদ্বারা বা যদনুসারে।

Coessential, a. Lat. একধর্মক, একমূলক, একাভিপ্ৰায়ী, তুল্যপদার্থ বিশিষ্ট, একার্থগূহক, একভাবধারক, একধর্মাক্রান্ত।

Coessentiality, n. s. একধর্ম গূহণ বা তন্মাত্র এক মূলত্ব, একধর্মাক্রান্ততা, একার্থ গূহণ।

Coessentially, ad. একাভিপ্ৰায়রূপে, একতাৎপর্যরূপে, একধর্ম বা মূল গূহণপূর্বক।

Coestablishment, n. s. একাধিকার, তুল্যাধিকার, একত্র বসতি, সহবাস, একত্র বন্দোবস্ত বা মাহিয়ানা।

Coetanean, n. s. একবয়স্ক, সমবয়স্ক, তুল্যবয়স্ক ব্যক্তি।

Coetaneous, a. একবয়স্ক, সমবয়স্ক, সমতুল্য।

Coeternal, a. Lat. সমকালস্থায়ী, তুল্য অনন্তাবস্থা, সমানশেষ হয় যাহার, অনন্ত কালস্থায়ী।

Coeternally, ad. সমকালস্থায়িত্বরূপে, অনন্তকালস্থায়িত্বরূপে।

Coeternity, n. s. অন্যের সহিত অনন্ততা।

Coeval, a. Lat. এককালজ, এককালোৎপন্ন, সমকালজ, সমবয়স্ক।

Coeval, n. s. সমবয়সী, সমস্থায়ী বা সহজাত ব্যক্তি, অন্যের সহিত এক কালবর্তী, সমকালবর্তী ব্যক্তি।

Coevous, a. একবয়স্ক, সমবয়স্ক।

To Coexist, v. n. Lat. অন্যের সহিত সমজীবী-হ, এককালে-হ, এককালে-জু বা-হ।

Coexistence, n. s. সমকালজীবী অন্যের সহিত এককালে বর্তন বা এককাল বা তুল্য কালে স্থিতি বা বাঁচন।

Coexistent, a. অন্যের সহিত স্থিত বা এককালবর্তী, সমজীবী, সমকালস্থায়ী।

To Coextend, v. a. Lat. অন্যের সহিত সমানভাবে-ব্যাপ, অন্যের সহিত আয়ত-কৃ বা বিস্তার-কৃ বা কয়লাও-কৃ।

Coextension, n. s. অন্যের সহিত বিস্তারকরণ, অন্যের সহিত সমানরূপে বা ভাবে মিলাও হওন বা বৃদ্ধিহওন বা করণ।

Coextensive, a. সমান, প্রশস্ত, একপ্রকার কয়লাও, তুল্য দীর্ঘ বা প্রশস্ত, সমান আয়ত যাহার, সমান বিস্তারবিশিষ্ট।

Coffee, n. s. Arabick. কাওয়া, খাদ্য দ্রব্যবিশেষ।

Coffee-house, n. s. কাওয়ার দোকান, কাওয়া বিক্রয় হয় যে স্থানে জলপানের সরাই।

Coffee-man, ... কাওয়া-সামান্য নামক স্থানের কর্তা বা তদ্ব্যবস্থা রাখে যে, কাওয়া বিক্রয়, ভণ্ডিক্রয় কর্তা।

Coffee-pot, n. s. কাওয়াদান. পাত্রবিশেষ, কাওয়া সিদ্ধ করে যা হাতে, কাওয়া প্রস্তুত করে যাহাতে।

Coffer, n. s. Sax. সিন্দুক, খাজানার সিন্দুক, টাকার সিন্দুক, খাজানা, টাকা, গৃহ নির্মাণে চুনের পেটি বিশেষ, শুষ্ক খানার উপর গৃহবিশেষ।

To Coffer, v. a. মূদ. সিন্দুকে টাকা-রক্ষ, টাকা বন্ধ-কৃ, টাকা স্থাপন-কৃ।

Collerer, n. s. টাকা বন্ধ করে যে, সিন্দুকে টাকা রাখে যে, সিন্দুকে টাকা পুরে যে, রাজসরকারের অধ্যক্ষবিশেষ, খাজাঞ্চী, পদস্থ বিশেষ।

Collin, n. s. Gr. মড়ার সিন্দুক, সিন্দুক বা অন্যার্থর যাহাতে শব রাখিয়া গোর দেয় বা মৃত শরীরের সংস্কার করে, পিষ্টকের ছাঁচবিশেষ, পসারির ব্যবহৃত কাগজের ডিবিয়া বিশেষ, ঘোড়ার গুর বুসায়।

To Collin, v. a. শব সিন্দুকে ভর, মড়া, সিন্দুকে বন্ধ-কৃ, মৃত শরীর সিন্দুকে-রক্ষ, মূদ, বন্ধ-কৃ, আবৃত-কৃ, ঢাক, রক্ষ।

Collinmaker, n. s. মড়ার সিন্দুক নির্মাণ করে যে, মড়ার সিন্দুক বিক্রয় করে বা বানায় যে।

Cofounder, n. s. সমনির্মাণকর্তা, তুল্য সৃষ্টিকর্তা, সম আদিকারক।

Cog, n. s. ফাকি, প্রতারণা, প্রবঞ্চনা, জুয়াচুরি, ঠগামি।

To Cog, v. a. স্তব-কৃ, খোসামোদ-কৃ, ভুল (ঞ), ঠক (ঞ) প্রবঞ্চনা-কৃ, মিথ্যা-কৃ, সঁচা-কৃ।

To Cog, v. n. আরোপিত বাক্য-কথ, মিথ্যা-কথ, ভুল, প্রতারণিত-হ, কথায় প্রবঞ্চিত-হ।

Cog, n. s. গাড়ীর পাকি, চক্রাদির দাঁত বা পাকি।

To Cog, v. a. চরকায় বা চাকায় পাকি বন্ধ-কৃ, পাকি-ভর।

Cog, n. s. Goth. ক্ষুদ্র নৌকা বিশেষ, ডিল্লী, নৌকা, উপনৌকা।

Cogency, n. s. বল, সামর্থ্য, পরাক্রম, শক্তি, ক্রমতা, যোগ্যতা, জোর।

Cogential, a. এক স্বভাব বিশিষ্ট, স্বজাতি, স্ববর্ণ।

Cogent, a. Lat. বলবান, জোরাবর, পরাক্রান্ত, পরাক্রমী, অটল, অটল শক্তিবিশিষ্ট, শক্তিমান, আক্রমণশীল, অপ্ৰতিবাধ্য, অবাধ্য, অনিবার্য, অনিবারণীয়, অরক্ষণীয়।

Cogently, ad. বলক্রমে, জোর করিয়া, শক্তিপূর্বক, বলপূর্বক, হেমাৎ করিয়া।

Coguer, n. s. খোসামুদে, প্রতারণক, মিথ্যাপ্রশংসক।

Coguary, n. s. ঠগামি, প্রতারণা, জুয়াচুরি, চাতুরী, মিথ্যা, অসত্য।

Cogging, n. s. ঠগামি, প্রতারণা, মায়া, ছল, প্রবঞ্চনা প্রতারণা বাক্য, মিথ্যা, ধূর্ততা।

Coggestone, n. s. Ital. ক্ষুদ্র পুস্ত্রবিশেষ, কঙ্কর, লুড়ী, কুড়ই।

Cogitable, a. ভাবনীয়, জেয় বোধগম্য, বোধ্য।

To Cogitate, v. n. Lat. ভাবা, মনে-কৃ, চিন্তা-কৃ, ভাবনা-কৃ।

Cogitation, n. s. ভাবনা, জ্ঞান, বিবেচনা, ভর্ক, চিন্তা, ধ্যান, অরণ।

Cogitative, a. ভাবনাক্রম, ভাবনাকারী, ভাবনোৎপাদিত শক্তিবিশেষ, ভাবনা বা চিন্তা করা যায় যচ্ছক্তিদ্বারা।

Cognate, a. Lat. সহজাত, তুল্য, অভেদ, স্বজাতীয়, জাতিতুল্য, কুটুম্বৎ।

Cognation, n. s. জাতি, সগোত্র, একবংশ, স্বজাতি, একের সন্তান, আত্মীয়ত্ব, অন্তরঙ্গতা, কুটুম্বিতা, সঙ্গর্কীয়ত্ব।

Cognisec, n. s. দণ্ডগাহী, দণ্ডলয় যে, দণ্ডতৃপ্ত, দণ্ডপ্রাপক বা গৃহক।

**Cognisour, n. s.** ভূমি বা অন্য বস্তুতে দৃশ্য লক্ষ বা দৃশ্য লয় যে ব্যক্তি ।

**Cognition, n. s. Lat.** স্বীকার, কবুল, স্মৃতি, জ্ঞান, বোধ ।

**Cognitive, a.** বিবেচনাক্রম, বিবেচনাক্রম, জ্ঞানী, জানিতে বা বিশেষ করিতে শক্তি আছে যাহার ।

**Cognizable, a.** জ্ঞেয়, বিচার্য, বিচার্য, পরীক্ষোপযুক্ত, অদালত করণোপযুক্ত, অদালতের অধীন, বিচারাধীন, অদালতহইতে পারে যাহার ।

**Cognizance, n. s. Fr.** বিচার, তত্ত্ববিজ্ঞ, বিজ্ঞাপন, অদালত, পরীক্ষা, বিচার করণার্থে অনুসন্ধান, তলব, চিহ্ন, চাপড়াস, স্মরণ, স্মরণার্থক জ্ঞান ।

**Cognominal, a. Lat.** সমাখ্যাত, একনামক, একসংজ্ঞক, দুই ব্যক্তির এক নাম, মিত্র, মিত্রা ।

**To Cognominate, v. a.** নাম-দা, নাম-রক্ষ, নাম-কৃ, সংজ্ঞা-কৃ, উপাধি-দা, আখ্যা-দা ।

**Cognomination, n. s.** উপাধি, কৌলিকোপাধি, কোন কারণ জন্য লক্ষ নাম ।

**Cognoscence, n. s. Lat.** জ্ঞান, উদ্বোধ, উপলব্ধি, জ্ঞাপ্তি ।

**Cognoscente, n. s.** জ্ঞাত, অবগত, শিক্ষিত, সংস্কারবিশিষ্ট, পারগ, বেত্তা, কোন বিষয়েতে বিশেষ সংস্কার বা জ্ঞান আছে যাহার ।

**Cognoscibility, n. s.** শিক্ষিতত্ব, জ্ঞান পারগতা, সংস্কারবিশিষ্টত্ব ।

**Cognoscible, a.** জ্ঞাতব্য, জানিবার যোগ্য, জাননোপযুক্ত, বিচারকরণীয়, অদালত যোগ্য, বিচার্য, বিচারাধীন হওন যোগ্য ।

**Cognoscitive, a.** জানন ক্রম, জানিতে শক্তি আছে যাহার, জানিবার বা বুঝিবার শক্তিবিশিষ্ট ।

**To Cohabit, v. n. Lat.** সংসর্গ-কৃ, সঙ্গম-কৃ, সম্মোগ-কৃ, সহবাস-কৃ, একত্রে-স্বা বা বাস-কৃ, স্ত্রীপুরুষ সংসর্গ-হ ।

**Cohabitant, n. s.** এক স্থানবাসী, একস্থাননিবাসী, একস্থানে বাস কর্তা, সংসর্গ ।

**Cohabitation, n. s.** সহবাস, একত্র বাস, এক স্থানে বাস, সংসর্গ করণ, সহবাস করণ, সম্মোগ করণ ।

**Coheir, n. s. Lat.** সমোত্তরাধিকারী, ওয়ারিস, দায়াদ, সমান অংশী ।

**Coheirress, n. s.** সমোত্তরাধিকারিণী, পৈতৃক ধনাদিতে সমান স্বত্তাধিকার আছে যে স্ত্রীর ।

**To Cohere, v. n. Lat.** সংযোগ-হ, মিল, যোড়-লাগ, একত্র-হ, দৃঢ়রূপে সংযোগ-হ, যোগ্য-হ, লাগ, উপযুক্ত-হ ।

**Coherence বা Coherency, n. s.** সংযোগ, সম্মিলন, সংলগ্নত্ব, মিলন, যোড় লাগন, কথোপকথনে কথার বান্ধনী, উত্তর প্রত্যুত্তরের পরল্পের সাম্য, বিচারে পূর্ষ ও পর পক্ষের ঐক্য বা বান্ধনি ।

**Coherent, a.** সংযুক্ত, মিলিত, সংলগ্ন, সম্বন্ধীয়, সম্বন্ধবিশিষ্ট, সম্বন্ধবিশিষ্ট, যোগ্য, উপযুক্ত, স্থির ।

**Cohesion, n. s.** সংযোগ করণ, ঘটনা, লাগন, সংলগ্নকরণ, যোড় লাগন, সংযোগাবস্থা, সংলগ্নত্ব, সম্বন্ধ, সম্বন্ধ, যোগ, মিল, একতা, ঐক্য ।

**Cohesive, a.** সংযোগক্রম, সংযোগ বা মিলনকারি গুণবিশিষ্ট, সংযোজক ।

**Cohesively, ad.** সংযোগপূর্ষক, মিলনপূর্ষক, সংলগ্নরূপে ।

**Cohesiveness, n. s.** সংলগ্নত্ব, সংযুক্ততা, সংযোগক্রমতা, যোড় লাগে বা হর তচ্ছক্তি বা অবস্থাবারা ।

**To Cohibit, v. a. Lat.** নিবারণ-কৃ, প্রতিবন্ধক-কৃ, ধাম (ঞ), বাধা-দা, আটক-কৃ, থর্ক-কৃ ।

**To Cohobate, v. a.** দুইবার-চৌর (ঞ), দ্বিবার-ক্রুর, মদ্য বা অন্য পদ্বদুবোর গাদে উষ্ণ বা সিদ্ধজল দিয়া পুনর্বার পাক-কৃ, গাদ দ জাল-দা, গাদ সিদ্ধ-কৃ, গাদ-চৌর, অবশিষ্ট দ্রব্য পুনর্বার পাক-কৃ, (ঞ) ।

**Cohobation, n. s.** দ্বিবারক্রুরণ, দুইবার চৌরন, বারম্বার জ্বাল দেওন বা পাক করণ ।

**Cohort, n. s. Lat.** ক্রমীয় পক্ষশত সংখ্যক সৈন্য বা দল, যোদ্ধসমূহ, লড়াকসমূহ, রেশালা ।

**Cohortation, n. s.** ভরসা দেওন, কথায় সাহস দেওন, সাহস জন্মাওন, বাক্যেতে ভরসা জন্মাওন, প্রবোধ, দেওন, বাচনিক প্রবোধ ।

**Coif, n. s. Fr.** মস্তকভরণ বিশেষ, বিবিয়ানা টুপি ।

**To Coif, v. a.** টুপি-পর, মস্তকভরণ-কৃ, মস্তকে টুপি-রক্ষ বা স্থাপন-কৃ বা -দা ।

**Coifed, a.** কাথিক সংজ্ঞক টুপি পরিহিত, টুপিবিশিষ্ট, মস্তকভরণ সজ্জিত ।

**Coiffure, n. s.** মস্তকভরণ, মাথার টুপি বা সজ্জা, খোঁপা ।

**To Coigne বা Coiny, v. n.** তোলায় উপজীবী-হ, অন্যায়ে সংগৃহীত বিষয় ভোগ-কৃ, জবরদস্তিক্রমে বা অন্যায়ে যাক্কাপূর্ষক বিষয় ভোগী-হ ।

**Coigne, n. s. Fr.** কোণ, টের, কোণা, ছাপাওয়ালার মেক, গৌজ, কাজলাবিশেষ ।

**To Coil, v. a. Fr.** জড় (ঞ), লুটি পাক (ঞ), ভাল-পাক (ঞ), গুট, সর্পের ন্যায় কুণ্ডলী-কৃ ।

**Coil, n. s.** গুণ্ডগোল, চোঁচাচোঁচি, চীংকার, কলরব, হড়াহড়ি, সোর, গোল, রসীর লুটি, ভাল, চাকা ।

**Coin, n. s.** কোণ, কোণা, টের ।

**Coin, n. s. Fr.** তাক্কা, টাকা, মুদ্রা, পয়সা ।

**To Coin, v. a.** মুদ্রা-কৃ, টাকা নির্মাণ-কৃ, টাকা-গঠ, সিদ্ধা-মার, জরব-কৃ, সৃষ্টি-কৃ, ধানা, গঠা, নির্মাণ কৃ, কৃত্রিম-কৃ ।

**Coinage, n. s.** টাকাগড়ন, টাকানির্মাণ করণ, টাকা গড়িবার বিদ্যা বা রীতি বা ব্যবসায়, টাকা, মুদ্রা, পয়সা, টাকা গড়িবার ব্যয়, টাকা বানাউবার খরচ, নূতন সৃষ্টি, নূতন উৎপত্তি, কৃত্রিম বস্তু বা তদ্রূপ গড়ন, সৃষ্টি ।

**To Coincide, v. n. Lat.** ঐক্য-হ, সমান-হ, একচিত্ত-হ, অভিপ্রায়ের বা মনের মিল-হ, রাজী-হ, সম্মত-হ, স্বীকার-কৃ, মত-দা ।

**Coincidence, n. s.** ঐক্য, মিল একচিত্ততা, একবাক্যতা, একাভিপ্রায়, মতের একতা, স্বীকার, রাজী, সম্মতি ।

**Coincidency, n. s.** ঐক্য বা মিল প্রয়োজকত্ব, একচিত্ত বা একাভিপ্রায় হওনের প্রয়োজকত্ব ।

**Coincident, a.** অনুকূল একচিত্ত বা অভিপ্রায় হয় যে বস্তুর বা যাহার, একতা বিশিষ্ট, ঐক্যকারী, ঐক্য প্রয়োজক ।

**Coincider, n. s.** মেলক, ঐক্যকারক, যোটক, একচিত্ত বা একাভিপ্রায়করে যে বা হয় যদ্বারা ।

**Coincidence, n. s. Lat.** এক কর্মের বা বস্তুর নানাবিধ উপসর্গ বা কারণ, বহু কারণ, বহুচিহ্ন, বহুভাব ।

**Coiner, n. s.** মুদ্রানির্মাণকর্তা, টাকা গড়ে যে, টাকা বানায় যে, সিদ্ধাকরে যে ।

**To Coinquinate, v. a. Lat.** নষ্ট-কৃ, ভুট-কৃ, অশুচি-কৃ, অপবিত্র-কৃ, অশুদ্ধ-কৃ, ।

- Coinquination, n. s.** নষ্টকরণ, ভুল্করণ, অপবিত্রকরণ, অন্তর্ভুক্তকরণ, অসুচিকরণ।
- To Cojoin, v. n.** Lat. সংযোগ-হ, যোড়া-লাগ, যোড়-হ, অনেকের সহিত-মিল বা একত্র-হ।
- Coistrial, n. s.** ত্রাসযুক্ত, ত্রস্ত, ডরুক, ভীক, ভীত, সাহসরহিত, ভরসাহীন ব্যক্তি, বাজপক্ষিবিশেষ, এ শব্দ *kestrel* শব্দের অন্তর্ভুক্ত ভাষা জানিবেন।
- Coit, n. s.** Dutch. তাককরণ, লক্ষকরণ, সেন্তুকরণ, তাক, লক্ষ, সেন্তু, নিশান, উদ্দেশ্যকরণ, ক্রীড়া বিশেষ।
- To Coit, v. a.** সেন্তু করিয়া-মার, তাক করিয়া-ফেল, লক্ষ-কৃ।
- Coiting, n. s.** কাইট সংজ্ঞক ক্রীড়াতে ক্রীড়াকরণ।
- Coition, n. s.** Lat. সংসর্গ, সম্মম অঙ্গসঙ্গ, সহবাস, স্ত্রীসঙ্গ, সম্মম নোৎপাদন, দুই দ্রব্যেতে সংযোগ, স্ত্রীপুরুষের ক্রীড়া, রতি, ক্রীড়া।
- Cojuror, n. s.** Lat. সাক্ষা, প্রমাণ, সপ্রমাণকর্তা, পরের প্রত্যয় বা বিশ্বাস প্রমাণ করে বা জন্মায় যে।
- Coke, n. s.** কয়লা, অত্রার, পোড়াইবার বা জ্বালাইবার কয়লা বা অন্য দ্রব্য।
- Colander, n. s.** Lat. ঝাঁজরি, চালনি, ছাঁকে বা চালে যন্ত্র।
- Colation, n. s.** ছাঁকন, চালন।
- Colature, n. s.** ছাঁকন, ছাকা বা চালা দ্রব্য।
- Colbertine, n. s.** জরি বিশেষ, গোটা, কলাবহু, ফীতে, কালবট নাম ব্যক্তির গৃহ নির্মাণ।
- Colcothar, n. s.** কোন দ্রব্য পাকানন্তর অবশিষ্ট থাকে যাহা, শুভ্র বর্ণ দ্রব্যবিশেষ।
- Cold, a. Sax.** অতপ্ত, অনুষ্ণ, হিম, ঠাণ্ডা, শীতল, নরম, শীতজনক, শীতলকারী, শীত করে যে বা হয় যন্ত্র। বরফবৎ, শীত কর, শীতান্ত, শীতে কল্পিত, শীতে জড়সড়, শীত বা হিমকৃষ্ট, শীতলশক্তি বা গুণবিশিষ্ট, শীতপ্রধানক, নিয়োহ, জড়, অনাসক্ত মনাঃ ধীর, অচঞ্চল, অক্ষিপ্ত, অস্থির, কপট, ভারি, অতীন্দ্র, অনাহত, লাজুক, মুখচোরা, নিম্মল।
- Cold, n. s.** শীত, কফ, শীতত্ব, হিম, শীতজ্বরোগ, কফোৎপন্নরোগ।
- Cold-blooded, a.** নির্দয় নিষ্ঠুর, নিশ্চেষ্ট, স্পন্দনরহিত, অচেতন, চৈতন্যরহিত, চৈতন্য হীন।
- Cold-hearted, a.** নিষ্ঠোহ, মোহরহিত, কঠিনহৃদয়, রেহশূন্য, নিষ্ঠুর, নির্দয়, নিরুৎসুক, নীরস, নিরানন্দ, গোমড়া মুখো।
- Coldly, ad.** উষ্ণতারাহিত্যরূপে, শীতলত্বরূপে, ঠাণ্ডাইরূপে, স্নিগ্ধতাপূর্ষক, কফপূর্ষক, নিরোৎসুক্যরূপে, মনগোমড়ামভাবে, বিরসবদনে, রাগশূন্যত্বরূপে, অনাদর্য্যরূপে, অচঞ্চলত্বরূপে, মনের নিরুদ্বেকে, অনির্ভীক্যতাপূর্ষক, অনায়াসে, স্বচ্ছন্দে, নিশ্চিত্তরূপে, অপ্রিয়রূপে।
- Coldness, n. s.** অনুষ্ণত্ব, শীতলত্ব, স্নিগ্ধত্ব, ঠাণ্ডাই, কফকারিত্ব, নিশ্চিত্তত্ব, উদ্বেগশূন্যত্ব, বৈরস্য, নিরুৎসুকতা, অমনোযোগ, গাফিলি, আলস্য, নিষ্ঠোহত্ব, দয়াশূন্যত্ব, সতীত্ব।
- Cole, n. s.** Sax. কপিশাকের সাধারণ নাম।
- Coleseed, n. s.** কপির বীজ।
- Colewort, n. s.** কপিশাক বিশেষ।
- Colick, n. s.** Lat. বায়ুশূল, উদরশূল, পেটে বেদনা, উদরাময়বিশেষ।
- Colick, a.** উদরীয়, উদরের পীড়াজনক, উদরপীড়ক।
- To Coll, v. a.** Fr. আলিঙ্গন-কৃ, কোলাকোলি-কৃ, কোল-দা।
- To Collapse, v. n.** ~~Dutch~~ বসিয়া-যা, লাগিয়া-যা, পত, মিলিয়া-যা, মিল, একত্রে পতন-হ,।
- Collapsed, a.** পতিত, হ্রাসপ্রাপ্ত, ম্লান, শুষ্ক, মূর্ছিত, নষ্ট, বিনষ্ট, উচ্ছিন্ন।
- Collapsion, n. s.** পতন, সমাপ্তি, সাক্ষ, শেষ, বন্ধ করণ বা বন্ধ হওনা বন্ধ।
- Collar, n. s.** Span. হালকা, জোল, হাঁসুলি, পাটা, গেরেবান, গলাবন্দ, বা গলাচি। **To slip the collar,** মুক্ত-হ, খালাস-প্রাপ, পলায়ন-কৃ।
- Collar-bone, n. s.** গুঁবাহু, কণ্ঠাহু, কাণ্ঠার হাড়, জড়।
- To Collar, v. a.** গলার টুটি-ধ, টুটি বা গলা-ধ, ঘাড় হাত-দা, ঘাড়-ধ, গলাচি বা গেরেবান-ধ।
- Collared, a.** [In Heraldry.] হাঁসুলিবিশিষ্ট, পাটাবিশিষ্ট, পখাকারইত্যর্থে।
- To Collate, v. a.** Lat. পরস্পর-মিল (ক্রি) ঐক্য-কৃ, পুস্তক শুদ্ধ-কৃ, অনেক পুস্তক দেখিয়া ঐক্য বা শুদ্ধ-কৃ, দান-কৃ, ধর্ম্মপঞ্জীয় কোন বৃত্তি স্বরূপ কর্ম্মে নিয়োগ-কৃ।
- Collateral, a.** Lat. পরস্পর, লাগালাগি, দিগাদিগি, ঠেকাঠেকা, সমান, বরাবর, তদুপযুক্ত, একপর্যায়, তুল্য সমাবস্থ, তুল্যাবস্থ, জ্ঞাতি অক্রমাগত জ্ঞাতি, অসিধা, বক্র, অগৃহ, অসরল, ক্রমরহিত, শ্রেণীবিন্যাস, অনুপস্থিত, অবর্তমান অল্পষ্ট, একচিত্ত, একমিল।
- Collaterally, ad.** দিগেদিগে, অনিয়মক্রমে, অল্পষ্টক্রমে, অক্রমাগত সম্বন্ধরূপে, অক্রমাগত সম্বন্ধপূর্ষক।
- Collateralness, n. s.** অক্রমাগত সম্বন্ধ তদ্বার বা অবস্থা।
- Collation, n. s.** Lat. সম্মদান, প্রদান, দানকরণ, প্রদানকরণ, দেওন, মিলান, ঐক্যকরণ, শুদ্ধকরণ, [In Law.] ধর্ম্ম্যানুষ্ঠানে নিয়োগ, দানবিশেষ, ভোজন, আহার, কথোপকথন, আলাপ, বাক্যব্যয়, কথাবার্তা, সংগৃহ, জমাকরণ, একত্র করণ।
- Collatitious, a.** চান্দাঘারাকৃত, বহুজনের সহকারিরা বা দানঘারা কৃত বা সম্মম।
- Collative, n.** দানকরণক্রম, দাতাবিশেষ।
- Collator, n. s.** ঐক্যকারক, যে ব্যক্তি লিখন বা পুস্তকাদি মিলায়, শুদ্ধকারী, মোকাবিলা করে যে, মিলায় যে, কৃজু দেয় যে, দাতা, দানকর্তা, ধর্ম্ম্যানুষ্ঠানে নিয়োগ কর্তা, বৃত্তিদাতা।
- To Collaud, v. a.** Lat. একত্রে স্তব-কৃ বা প্রশংসা-কৃ।
- Colleague, n. s.** Lat. সঙ্গী, সাথী, অংশী একবিষয়ে বিষয়ী বা তদ্ব্যাপারী, এক কর্ম্মকারী, একত্র হইয়া কর্ম্ম করে যে বা যাহার সঙ্গ, সহকারী।
- To Colleague, v. a.** একত্র-কৃ, মিল (ক্রি) যোট-বান্ধ।
- Colleagueship, n. s.** সঙ্গিত্ব, সাথিত্ব, অংশিত্ব, এক বিষয় বা ব্যাপারে কর্ম্ম করণ বা তদবস্থা।
- To Collect, v. a.** Lat. একত্র-কৃ, গড়-কৃ, জমা-কৃ, সংগৃহ-কৃ, আদায়-কৃ, তহশীল-কৃ, বিবেচনা করিয়া স্থির-কৃ, কারণ অনুভব-ক, কারণ-দৃশ (ক্রি), **To collect himself,** সামলা, সম্বরণ-কৃ, ঠাওর, চটক-ভঙ্গ।
- Collect, n. s.** Lat. ক্ষুদ্রস্তববিশেষ, স্তুতি, প্রার্থনা।
- Collectaneous, a.** একত্রীকৃত, যড়করা, সংগৃহীত, একত্রীভূত।
- Collectedly, ad.** একত্র করণরূপে, সংগৃহপূর্ষক।
- Collectedness, n. s.** সামলান, সম্বরণ, ভ্রমহইতে মুক্তি, ভ্রমদূর, একত্রীভূতত্ব, একতা।
- Collectible, a.** সংগৃহণীয়, একত্র করণীয়, একত্র করণোপযুক্ত, একত্র বা সংগৃহ হইতে পারে যাহা।



- Collection, n. s.** গুচ্ছ, কাঁড়ী, একত্র করণ, জমাকরণ, সংগৃহকরণ, জমা, উসুল, তহশীল, আদায়, পূণ্যার্থে দান, ঠৈরাত্ চান্দা, কলিতার্থ নিরূপণ করণ, কারণ নিশ্চয়করণ, শেষ, বাদ, বাঁটা।
- Collectitious, a.** জমা, একত্রীভূত, একত্রীকৃত।
- Collective, a.** সংগৃহীত, একত্র কৃত, কর্তৃপদের বহুবচন কারক বা বাচক, বহুবচনান্ত কৃত পদ।
- Collectively, ad.** সর্বসাধারণে, সকলে, সমুদায়ে, সকলে মিলে, সকলে একত্র হইয়া বা করিয়া, সকলের উপর, সাকল্যে, সাকল্যরূপে।
- Collectiveness, n. s.** একত্রীভূতত্ব, সাধারণত্ব, সাধারণ্য, সকলে একত্র হওনাবস্থা, জমা।
- Collector, n. s.** সংগৃহকারী, একত্রকারী, সংগৃহী, সংগৃহক, ঘোটক, যে ব্যক্তি যত্ন করে, যোচায় যে, একত্র করে যে, তহশীলদার, আদায় কারক, খাজানা সাধে যে, আক্কফোর্দনামকনগরে বিদ্যার্থী বা বিদ্যা ব্যবসায়ির উপাধি বা নামবিশেষ।
- Collectorship, n. s.** সংগৃহ করে বা জমা করে যে তাহার কর্ম বা পদ, তহশীলদারী।
- Collegatory, n. s.** Lat. দায়ী বিশেষ, মৃত ব্যক্তিরদান অংশমতে প্রাপ্ত হয় যে, উইলনামক পত্রানুসারে দান বা অংশ পায় যে, মূমূর্ষুব্যক্তি অন্যের সহিত অংশ করিয়া ধন দেয় যাহাকে।
- College, n. s.** Lat. রাজনীতিজ্ঞ জনসমূহ, সভাবিশেষ, বিদ্যা বা ধর্ম শাস্ত্রার্থে জনসমূহ, সমূহ, বিদ্যালয়, চৌপাড়া, মদর্শা।
- College-like, a.** তদনুসারে নিয়মিত, বিদ্যালয়ের মত, চৌপাড়ীর ন্যায় কিম্বা তমত।
- Collegial, a.** বিদ্যালয় সম্বন্ধীয়, সমূহ বা চৌপাড়ীবিষয়ক।
- Collegian, n. s.** ছাত্র, বিদ্যার্থী, চৌপাড়ীনিবাসী, বিদ্যালয়ে অধ্যায়ী বা স্থায়ী বা তদংশী, মতাবলম্বি বিশেষ।
- Collegiate, a.** কালেজ সংজ্ঞক বিদ্যালয়ের রীত্যানুসারে সংস্থাপিত বা তমত, *Collegiate church*, মঠ বিশেষ, প্রধান ধর্মাদ্য ক্রের গির্জার নিকটবর্তী গির্জা বিশেষ।
- Collegiate, n. s.** ছাত্র, বিদ্যার্থী, কালেজ নামক বিদ্যালয়ের ছাত্র কিম্বা অংশী।
- Collet, n. s.** Lat. গলার আভরণবিশেষ, কণ্ঠভূষণ, গলায় থাকে যাহা, অঙ্গুরীয়কের পুস্তরোধার বা খোল, যে স্থানে পুস্তর বসান যায়।
- To Collide, v. a.** Lat. আছাড়-মার, আছাড়, চোক, ঠকঠক, যা-মার।
- Collier, n. s.** কয়লা তোলে বা খনন করে যে, কয়লার খানিতে কর্মকরে যে, অন্ধারখনক, কয়লার মহাজন, কয়লাওয়াল, কয়লাবাহক জাহাজ, কয়লা লইয়া যায় যে জাহাজে।
- Colliery, n. s.** কয়লার খানি, কয়লা তোলে বা খনন করে যে স্থানে, কয়লার বাণিজ্য, কয়লার সওদাগরি।
- Colliflower, n. s.** Sax. ফুলকোপিশাক।
- To Colligate, v. a.** Lat. বন্ধ-কৃ, একত্রেবন্ধন বা আটক-কৃ, জড় (ক্রি)।
- Colligation, n. s.** বন্ধন, বন্ধকরণ, একত্রে বন্ধন বা বন্ধ করণ, সংযুক্ত করণ।
- Collimation, n. s.** Lat. লক্ষ করণ, তাক করণ, নিশান করণ, তাক, নিশান, সেন্ত।
- Collineation, n. s.** Lat. লক্ষ করণ, তাক করণ, নিশান করণ, সেন্ত করণ।
- Colling, n. s.** আলিঙ্গন, কোলাকুণি, মুখচুম্বন, আদরকরণ, আদর, লোহাগ।
- Collapsible, a.** দুবী, দুবণীয়, গলনশীল, অনারাসে গলিয়া যায় যাহা বা গলিত।
- Colliquament, n. s.** গলনাবস্থা, দুবীভূতাবস্থা, গলিয়া বা কুটিয়া প্রাপ্ত হয় যে বা তদবস্থা, কুটে যদ্বারা, কোন দুব্য গলে বা ভঙ্গ হয় যদ্বারা।
- Colliquant, a.** গলনকারী, ভঙ্গকারী, দুবকরণক্রম, গলনক্রম, কুট বিশেষ, গলায় যে বা গলিতহয় যদ্বারা।
- To Colliquate, v. a.** Lat. গল, (ক্রি) দুব-কৃ।
- To Colliquate, v. n.** গলিত-হ, দুব-হ।
- Colliquation, n. s.** গলান, গলিতকরণ, দুবকরণ।
- Colliquative, a.** গলনশীল, গলনকারী, দুব হওনশীল।
- Colliquefaction, n. s.** গলান, গলাইয়া একত্র করণ।
- Collision, n. s.** Lat. ধাক্কা, চোকর, প্রতিঘাত, ঘসড়, ঘর্ষণ, চেস টঙ্কর, দুই দুব্য পরস্পর আঘাতদ্বারা ক্রয় হওন বা শব্দ হওন।
- To Collocate, v. a.** Lat. রক্ষ, রাখিয়া-দা, স্থিত-কৃ, স্থির-কৃ, স্থাপন-কৃ, ন্যাস-কৃ, অর্পণ-কৃ, নিযুক্ত-কৃ।
- Collocate, a.** রক্ষিত, স্থাপিত, অর্পিত, নিয়োজিত।
- Collocation, n. s.** স্থিতি, স্থাপন, স্থাপনাকরণ, নিয়োগ, অর্পণ, স্থৈর্য, স্থাপনাবস্থা, দশা, অবস্থা।
- Collocution, n. s.** Lat. আলাপন, কথাবার্তা, কথোপকথন, প্রস্তাব, পুসঙ্গ।
- Collocutor, n. s.** কথোপকথক, আলাপী, পুস্তাব করে যে, পুসঙ্গ উত্তর ক্রমে কথোপকথন করে যে, কথাবার্তা কহে যে, বহুবক্তার মধ্যে কথক।
Conquerable, *a.* পরাস্ত, জেয়, জয়যোগ্য, জয়াই, জয়করণীয়, পরাস্তবনীয়, পরাস্তবনাই, জিতিবার যোগ্য, পরাজয় করিয়া লওন যোগ্য, মারিয়া লওয়া যায় যাই।

Conquerableness, *n. s.* পরাজিতহওন যোগ্যত্ব, পরাস্তবনীয়ত্ব, পরাস্তত্ব, পরাভূতত্ব, জিতিবার যোগ্যত্ব, পরাজয়করণোপযুক্ততা।

Conqueress, *n. s.* পরাজয় করে যে স্ত্রী, জিতে যে স্ত্রী।

Conqueror, *n. s.* জয়কর্তা, জয়শীল, জয়ী, বিজয়ী, জয়কারক, মারিয়া লওয়া বা রাজ্য পরাভূত করে যে বা মারিয়া লয় যে।

Conquering, *n. s.* Sux. পরাজয়করণ, জয়করণ, পরাজিত দ্রব্য, ফ

তেকরণ, কতে হইয়া লভ যে বস্তু, মারিয়া লওন, কতে, ক্রয় বিশেষ।

Consanguineous, *a.* Lat. ঘনিষ্ঠ, জাতি, সপিগুজ, একের সন্তান, নিকট জাতি, দায়াদ, অন্তরঙ্গ, সঘোত্রজ।

Consanguinity, *n. s.* ঘনিষ্ঠতা, জাতিত্ব, ভায়াদী, একের সন্তান বা ভ্রাতা, একোৎপাদিতত্ব, একবুলোভূতত্ব, একবংশজাতত্ব, সগোত্রতা।

Consarcination, *n. s.* Lat. তালিদেওন, তালিলাগান, যোড়াদেওন।

Conscience, *n. s.* Lat. বিবেক, মন, জ্ঞান যদ্বারা স্বং দোষগুণ জানা যায়, বিচার, ধর্ম, ইমান, স্বং কর্মাদির ভাব বা অবস্থা স্বক সঙ্কার বা জ্ঞান, সত্যতা, নিষ্ঠা, প্রজ্ঞা, সাধাৰ্ণ্য, সন্দেহ, দ্বিধা, কারণ, কার্যাকার্যের আদি কারণ, অন্যের কর্মাদি ব্যাপারের জ্ঞান বা সঙ্কার।

Conscienced, *a.* বিবেচনা আছে সাহার, নিষ্ঠা বা প্রজ্ঞা আছে যা হার, স্বং দোষ গুণ জাত হে বা বিবেচনা করে যে বা আছে যা হার।

Conscient, *a.* ধর্মভীত, ধার্মিক, ধর্মে প্রজ্ঞা বা নিষ্ঠাবিশিষ্ট।

Conscientious, *a.* সন্দিক, সন্দেহবিশিষ্ট, প্রজ্ঞা, নিষ্ঠা বা ধর্ম ভয়ে নিয়মবিশিষ্ট, ধর্মভীত, স্বধর্মপরায়ণ, আপন মনে জাত, মনে দোষ গুণ বিচারক্ষম।

Conscientiously, *ad.* আপনজ্ঞানপূর্বক, স্বধর্মানুসারে কৃত বা ভূত, বিবেকপূর্বক, ধর্মভয়পূর্বক, বিবেক বা স্বধর্মপরায়ণভুক্তপে।

Conscientiousness, *n. s.* আপন জ্ঞানানুসারিত্ব, ধর্মভীতত্ব, ধর্মভয়বিশিষ্টত্ব।

Conscionable, *a.* নিষ্ঠা, ধার্মা, প্রকৃত, ন্যায্য, যথার্থ, আপন জ্ঞান বা সঙ্কারানুসারী, স্বগুণ বা দোষবিষয়ে যথার্থ সঙ্কারবিশিষ্ট, ভয়বিশিষ্ট।

Conscionableness, *n. s.* নৈতিকতা, সাধাৰ্ণ্য, প্রকৃতত্ব।

Conscionably, *ad.* নিষ্ঠারূপে, যথার্থরূপে।

Conscious, *a.* Lat. আপন কর্মভাব বা অভিপ্রায় জাত বা তদ্বিষয়ে বিবেচনাক্ষম, স্মারক, সুবোধ, সচেতন, সতর্ক।

Consciously, *ad.* স্বজ্ঞানপূর্বক, আপন জ্ঞানতরুপে, স্বজ্ঞানরূপে, আপন জ্ঞানসারে।

Consciousness, *n. s.* স্বজ্ঞানতা, সচেতনতা অনুমান, অন্তর্দৃষ্টি, অন্তর্দর্শী, চেতন, মনে আপনং পাপ বা দুকুর্ম, অনুবোধ বা সঙ্কার, নির্মলতা, নির্দোষত্ব।

Conscript, *a.* Lat. রুমীয় রাজকর্মচারীদেরদিগের ব্যবহৃত সঞ্জ্ঞা বিশেষ, তত্রস্থ ব্যক্তিদিগের বিশেষণবাচক।

Conscript, *n. s.* নূতন সিপাহী, নব্য যোদ্ধা, ফ্রান্সোশ, দেশে নূতন ভরতি হইয়াছে যে সিপাহী, নূতন নাম লিখিত হইয়াছে যা হার।

Conscription, *n. s.* গাঁধন, নতিকরণ, নতিগাঁধন, নাম লিখিয়া লওন, নাম দাখিল করণ।

To Consecrate, *v. a.* Lat. উৎসর্গ-ক্, উৎসর্গ করিয়া-দা, সঙ্কার-ক্, অভিষেক-ক্, প্রতিষ্ঠা-ক্, নিবেদন করিয়া-দা, সঙ্কল্প-ক্, সমর্পণ-ক্।

Consecrate, *a.* উৎসর্গ, প্রতিষ্ঠিত, নিবেদিত, শুদ্ধ, শুদ্ধীকৃত, পবিত্র, কৃত্যভিষেক, সমর্পিত।

Consecration, *n. s.* প্রতিষ্ঠা, অভিষেক, উৎসর্গ, সঙ্কল্প, প্রতিষ্ঠা চার, নিবেদন করিয়া মন্ত্রাদি জিয়া বা সঙ্কার কোন দ্রব্য বা ব্যক্তিকে দেবতাকে নিবেদন করণার্থক জিয়া।

Consecrator, *n. s.* উৎসর্গকারক, প্রতিষ্ঠাপক, সৎকার বা অতি  
বেক করে যে, সৎকল্পকারক।  
Consecratory, *a.* উৎসর্গক, উৎসর্গকারক, উৎসর্গকর্তা, প্রতিষ্ঠা  
পক, অভিষেকক, পবিত্রকারী।  
Consecratory, *a.* Lat. শেষ, ফল, ফলিতার্থবিশিষ্ট।  
Consecratory, *n. s.* ফলিতার্থ, ফল, শেষ, অন্ত, ফল।  
Consecution, *n. s.* Lat. ফলশ্রেণী, অর্থশ্রেণী, পরস্পর বা সিঁড়ি  
পূর্ষক অর্থভাব বা ফল।  
Consecutive, *a.* Fr. ক্রমিক, সারি গাঁথা, পরপর, পর্যায়ক্রম শে  
ষ, ফলিত।  
Consecutively, *ad.* অনুসারে, ক্রমানুসারে, শ্রেণ্যানুসারে।  
To Consecrate, *v. a.* Lat. নানাভীজ একত্র-রূপ, বহুবীজ-ছড়  
(ফ্রি), নানাধর্মকার শস্য একত্র বা একবারে-রূপ বা-ছড় (ফ্রি)।  
Consension, *n. s.* রাজী, সম্মতি, যোগ, মেল।  
Consent, *n. s.* Lat. স্বীকারকরণ, মতকরণ বা দেওন, স্বীকার, রা  
জী হওন, মানন, কবুল, যোগ, মেল, ঐক্য।  
To Consent, *v. n.* স্বীকৃত-হ, স্বীকার-ক, অনুমতি-ক, বা-না, প্রতি  
শ্রুত-হ, সম্মতি-দা, সম্মত-হ, রাজী-হ, ঐক্য-হ, একমত-হ, এক  
মতে-চল, একাভিপ্রায়ী বা একযুক্তি-হ, মিল, মেল-হ।  
Consentaneous, *a.* মেল, ঐক্য, যোগ্য, উপযুক্ত, মত, রাজীহও  
নোপযুক্ত, সম্মতহওনোপযুক্ত।  
Consentaneously, *ad.* যোগ্যত্বরূপে, উপযুক্ততারূপে, মতানুসা  
রে।  
Consentaneousness, *n. s.* মত, ঐক্য, উপযুক্ততা, যোগ্যত্ব, মেল,  
ঐক্য।  
Consenter, *n. s.* স্বীকারকর্তা, স্বীকার করে যে, স্বীকৃত হয় যে,  
রেজামন্দ, রাজী বা সম্মত হয় যে ব্যক্তি।  
Consentient, *a.* একচিত্ত, এক বাক্য, স্বীকারকারী, স্বীকার মত বা  
সম্মতিকারক।  
Consequence, *n. s.* Lat. শেষ, ফল, জনাত্ত, গুণ, অনুবৃত্ত, নিমি  
ত্তত্ব, অনুবৃত্তি, প্রতিকল, গুণাগুণ, অর্থ, কর্মফল, যোগ, অশ্রয়।  
Consequent, *a.* নিমিত্তক, শেষাত্ত, অনুবৃত্ত, কার্যের ভাব, অর্থ বা  
ফলবিশিষ্ট, পশ্চাৎকারী অনুবর্ত্তী।  
Consequent, *n. s.* শেষ, ফল, জনাত্ত, গুণ।  
Consequential, *a.* জনা, ফল, অর্থায়ত্ত, অর্থায়ীন, ফলত, প্রয়ো  
জন, চরম ফল, অন্তিম ফল, পর্যাবসিত ফল, তদ্বিবয়ক বা তৎস  
ম্বন্ধীয়, অলঙ্কার, শেষ, অন্ত, বড়, প্রধান, শ্রেষ্ঠ, গর্ভা, কিকিরমন্দ,  
চতুর, পুগলু, জীকাল, জমকাল, মহৎ।  
Consequentially, *ad.* ফলিতার্থরূপে, জনাকলপূর্ষক, অর্থায়ত্ত  
পূর্ষক, ফলত, শেষ, ফলানুসারে বা তৎপূর্ষক, শেষ ক্রমে ক্রম  
শঃ বা শ্রেণীপূর্ষক।  
Consequentialness, *n. s.* ফলিতার্থ, ফলান্তুফল।  
Consequently, *ad.* সূত্রাৎ, কায়ে কায়ে, অর্থাৎ, ফলিতার্থে, ফ  
লান্তে, শেষান্তে, জনো, নিমিত্তে, তদ্বর্থে, তজ্জনো, তৎকারণ,  
তদনুসারে, তদ্বিমিত্তে।  
Consequentness, *n. s.* পুশুর, পূর্ষাপরের ঐক্য, পূর্ষপদের ক্র  
ম বা ঐক্য।  
Consertion, *n. s.* Lat. সৎযোগ, মেল, সৎযোজনীয়ত্ব, মেলনী  
য়ত্ব, স্থলানুরূপত্ব।  
Conservable, *a.* রক্ষিতব্য, রক্ষণীয়, রক্ষণযোগ্য।  
Conservancy, *n. s.* অদ্বালতবিশেষ, লগুন নগরে পথ ঘাট ও  
তেমসনামক নদীর তীর রক্ষণার্থে কিম্বা পরিষ্কারার্থে অদ্বালত  
বা চৌকীবিশেষ, পথ ঘাট ইত্যাদি স্থান পরিষ্কারার্থে চৌকী।

Conservant, *a.* রক্ষণকর্তা, রক্ষক, রক্ষা করে যে বা হয় যদ্বারা।  
Conservation, *n. s.* রক্ষা, রক্ষাকরণ, সাবধানকরণ, কুব্যবহার  
বা কুর্কর্মহইতে রক্ষা বা নিবারণ।  
Conservative, *a.* রক্ষিত, রক্ষণকারী, রক্ষণশীল, রক্ষাকরণক্রম,  
ত্রাসনিবারণক, উৎপাত বা আঘাত বা ক্ষয়নিবারণশীল।  
Conservator, *n. s.* রক্ষাকর্তা, রক্ষা করে যে, উৎপাতনাশক, প্র  
তিবন্ধকদুরকারী, শাস্তাবিশেষ।  
Conservatory, *n. s.* রক্ষা বা সামলিয়া রাখিবার স্থান, রক্ষাস্থান  
বিশেষ, উপযুক্ত বা নিয়মিত স্থানবিশেষ।  
Conservatory, *a.* রক্ষক, রক্ষণক্রম, রক্ষাকরণ শক্তি আছে যা  
হার।  
To Conserve, *v. a.* Lat. আচার-ক, মোরঝা-ক, মিঠাই-ক, মি  
ঠাই-পচ, রক্ষা-ক।  
Conserve, *n. s.* মিঠাইবিশেষ, আচার, রক্ষাস্থান, সামলিয়া রাখি  
বার স্থান।  
Conserver, *n. s.* রক্ষক, রাখে যে, বসায় যে, উঠাইয়া রাখে যে,  
তুলিয়া রাখে যে, মোদক, মিঠাইওয়াল, আচারওয়াল, আচা  
র পুস্তত করে যে, আচার বিক্রতা।  
Consession, *n. s.* Lat. বৈঠক, সভা, মজলিস, বৈঠককরণ।  
Consessor, *n. s.* সভাসৎ, সভা করে যে, সভায় বসে যে, অন্যের  
সহিত মজলিস রাখে যে বা সেখানে বসে যে।  
To Consider, *v. a.* Lat. বিবেচনা-ক, তত্ত্ববিজ্ঞ-ক, ঠাওর, বিচার  
-ক, মনে-ক, মনে-ভাব, পরামর্শ-ক, মান, মান্য-ক, আদর-ক, স  
মাদর-ক, সম্মান-ক, অনবজ্ঞা-ক, পারিতোষিক-দা, পরিতোষ  
-ক, মজুরি-দা।  
To Consider, *v. n.* বুক, পুণিধান-ক, সুন্দররূপে বিবেচনা-ক, ম  
নে বিচার-ক, পরামর্শ-ক, সন্দেহ-ক, সন্দিগ্ধ-হ, বিচিকিৎসা-ক,  
সংশয়-ক।  
Considerable, *a.* বিবেচ্য, বিবেচনীয়, বিবেচনার্থ, বিবেচনাকরণী  
য়, বিবেচনাযোগ্য, মনোযোগকরণীয়, মনোযোগোপযুক্ত, আদ  
রণীয়, আদৃত্য, গৌরবার্থ, অনবজ্ঞেয়, অবধানীয়, প্রধান, বিশেষ  
তঃ, ভারী, অনল্প, বৃহৎ, বড়, বহুমূল্য বা বেশীকিন্মত হয় যাহার,  
মধ্যবিৎ।  
Considerableness, *n. s.* প্রধানত্ব, সম্মম, মূল্য, আদরণীয়ত্ব, অন  
ল্পতা।  
Considerably, *ad.* অবধানপূর্ষক, অল্পবিস্তরে, অনল্পে, প্রধানত্ব  
পে, আবশ্যকমতে, কমবেশরূপে, বিবেচনাপূর্ষক, অনতিশয়  
পূর্ষক, সম্মম, মান্যতা বা আদরণীয়ত্বরূপে।  
Considerance, *n. s.* বিবেচনা, ভাবনা, আদর, সম্মম, মনোযোগ,  
মনে ভাবন, সামান্য চিন্তা।  
Considerate, *a.* ভারী, গভীর, ধীর, অনুগু, অনুভলা, জানবান, বি  
জ্ঞ, প্রজ্ঞ, বিবেচক, বিবেচনাশীল, বিবেচিত, বিবেচনাধীন, বিবে  
চনাক্রম, আদরকারী, আদরবিশিষ্ট, সম্মম বা মান্যতাবিশিষ্ট,  
সামান্য, মধ্যবিৎ।  
Considerately, *ad.* নরমরূপে, গাভীর্য্যরূপে, সুস্থিরত্বপূর্ষক, প্রজ্ঞ  
তাপূর্ষক, বিবেচকতারূপে, বিজ্ঞত্বরূপে।  
Considerateness, *n. s.* বুক, বুদ্ধি, প্রজ্ঞতা, বিজ্ঞতা, বিবেচকত্ব, কি  
র-হইয়া বিবেচনা বা ভাবনাকরণ, তদ্বাব বা অবস্থা।  
Consideration, *n. s.* বিবেচনাকরণ, পরামর্শকরণ, পুণিধানকরণ,  
অনুধাবন ঠাওর, ঠাওরণ, বিশেষরূপে মনেকরণ, বা ভাবন,  
ধান, চিন্তা, শ্রয়, কিকির, প্রধানত্ব, আদর, গৌরব, গুরুতা, অ  
বধানার্থত্ব, অবধানকরণোপযুক্ততা, সমান, সমানত্ব, পারিতো  
ষিক কর্ম করণেচ্ছা তৎকরণ বা হেতু নিমিত্ত কর্তৃত্ব ক্ষমতা, পূর্ব

ক্তি. [In Law.] আশয়, অভিপ্রায়, লাভাকাঙ্ক্ষা কিম্বা তদর্শক প্রবৃত্তি।

Considerative, a. বিবেচিত, বিবেচনাকৃত, বিবেচনাকারী।

Considerator, n. s. বিবেচনা করে যে ব্যক্তি, বিবেচনাকর্তা।

Considerer, n. s. বিবেচক, বিবেচনা করে বা ভাবে যে,।

Considering, ধরিয়৷ দেওন, পারিতোষিক বেতন বা মজুরা দেওন এতদর্থ জানিবেন।

Considering, n. s. সন্দেহ, সংশয়,।

Consideringly, ad. বিবেচনাপূর্ষক, পরামর্শ বা বিজ্ঞতারূপে।

To Consign, v. a. Lat. সমর্পণ-কৃ, হাওয়ালে-কৃ, সোপর্দ-কৃ, ভা-র-দা, গছ (ক্রি), আড়তে প্রেরণ-কৃ, যোগে প্রেরণ-কৃ, চালান-দা, নিয়োগ-কৃ, নিশ্চয়-কৃ, প্রত্যয়-কৃ,।

To Consign, v. n. স্বীকৃত-হ, অন্যের সহিত রাজী-হ, বা কবুল-কৃ, অন্যের সহিত একবন্দোবস্তে কবুল-কৃ, বা মত-দা, সহী-কৃ।

Consignation, n. s. অর্পণকরণ, হাওয়ালেকরণ, ভারদেওন, আড়তে প্রেরণকরণ, সহীকরণ, রাজীহওন, কবুলকরণ।

Consignature, n. s. পূর্ণদস্তখত, সহী, নামাঙ্কিতকরণ, নামাক্ষ, স্বাক্ষর, সুন্দর বা স্নটরূপে নাম লিখন বা হস্তাক্ষরকরণ।

Consignification, n. s. একার্থ, এক প্রকার অর্থ বা ভাব, অন্যের সহিত এক অর্থকরণ।

Consignment, n. s. সোপর্দ, গছান, আড়তে পাঠান, যোগে পাঠান, চালান দেওন, সমর্পণকরণ, চালনপত্র, চালান।

Consimilar, a. Lat. তুল্য, একাবয়ব, সদৃশ, সমান।

Consimilitude, n. s. তুল্যত্ব, একাবয়ব, সদৃশ্য, তুল্যতা।

Consimilitude, n. s. সদৃশ্য, সমতা, উপমা, প্রতিমূর্তি, দৃষ্টান্ত।

To Consist, v. n. Lat. হ, বাঁচ, বর্ত, স্থা, স্থিতি-হ, গুণাইশ-হ, সামাই-হ, ধৃ, সৎগৃহীত-হ, মিল, যোগ্য-হ, উপযুক্ত-হ, অবিপরীত-হ, অপ্ৰতিবাদ-হ।

Consistence বা Consistency, n. s. ঐক্যগুমিল, অবস্থা, দশা, গতি, বস্তু, আকর, অবয়ব, ঘনতা, জমন, তদবস্থা বা ভাব, স্থায়িত্ব, টেকাউ, ঐক্য, একাবস্থা, স্থানবৃদ্ধিহীনাবস্থা বা তদ্ভাব।

Consistent, a. ঐক্য, মেল, যোগ্য, উপযুক্ত, সদৃশ, মত, তুল্য, শক্ত, দৃঢ়, স্থির, মজবুত, অদুর্বা।

Consistently, ad. উপযুক্তরূপে, অনৈক্যরূপে, অবৈপরীতারূপে, তুল্যরূপে, তুল্যত্বরূপে, সম্ভবরূপে, সামান্যরূপে।

Consistorial, a. ধর্মপঞ্জীয় বিচারদপ্তরীয়, ধর্মপঞ্জপাতীয় অদালতসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Consistorian, a. প্রাচীন ধর্মপঞ্জের মত বা ধর্মবিশেষ, কালবিনমতে ধর্ম বা পথবিশেষ।

Consistory, n. s. Lat. অদালতবিশেষ, পাপার মতাবলম্বির সভা বা পত্রত, রোমান কাতোলিক ধর্মসাধ্যকের সভা বা দল, সাত্তিক সভা দল বা জনসমূহ, বাসস্থান, বসতি।

Consociate, n. s. বন্ধু, মিত্র, অংশী, সাথী, সঙ্গী।

To Consociate, v. a. Lat. একত্র-কৃ, যোগ-কৃ, যোড়া-লাগ (ক্রি), বা -দা, সংযুক্ত-কৃ, সংলগ্ন-কৃ, মিল (ক্রি), ঐক্য-কৃ।

To Consociate, v. n. মিল, সংযুক্ত-হ, সংলগ্ন-হ, যোগ-হ, লাগ, একত্র-হ।

Consociation, n. s. প্রণয়, একবাক্যতা, ঐক্য, মেল, যোগ, মিত্রতা, সম্বন্ধ।

Consolable, a. সান্ত্বনীয়, সান্ত্বনাকরণযোগ্য, প্রবোধনীয়, প্রবোধ বা সান্ত্বনা হয় বাহার বা করা যায় বাহার, স্তোভকরণীয়, সুখজনক, সুখপ্রয়োজনক, সুখবোধক।

To Consolate, v. a. আশা-দা, ভরসা-দা, ভরসা-জন (ক্রি), আশা-ন-দা, সান্ত্বনা-কৃ, প্রবোধ-দা, দিলাশা-দা, বৃক (ক্রি)।

Consolation, n. s. ভরসা, আশ্বাস, সান্ত্বনা, বৃকন, প্রবোধ, স্তোভ,           ।

Consolator, n. s. সান্ত্বনা করে বা দেয় যে, আশাতরসা দিয়া বৃকায় যে, সান্ত্বনাকর্তা।

Consolatory, n. s. সান্ত্বনাজনক বাক্য, সান্ত্বনাকারি লিখন বা বাক্য, প্রবোধকত্ব, প্রবেধজনকতা।

Consolatory, a. সান্ত্বনাজনক, সান্ত্বনাকারী, সান্ত্বনাদাতা, ভরসা দাতা।

To Console, v. a. Lat. স্থির-কৃ, সান্ত্বনা-কৃ, সান্ত্বনা-দা মনে প্রবোধ-দা-বা জন (ক্রি), স্তোভ-দা, দিলাশা-দা, আশ্বাস বা ভরসা-জন (ক্রি), ধুসি-কৃ, স্থষ্টি-কৃ।

Console, n. s. Fr. [In Architecture.] ছালনিবিশেষ।

Consoler, n. s. সান্ত্বনাকর্তা। সান্ত্বনা দেয় যে, ভরসা দেয় যে ব্যক্তি, প্রবোধদাতা ব্যক্তি।

Consolidant, a. ক্রতসংযুক্তকরণরূম, ঔষধের বিশেষণবাচক, যোড়লাগে বাহাতে।

To Consolidate, v. a. Fr. একত্র-কৃ, জমা-কৃ, জড়-কৃ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ, ভাল-কৃ, ভাল-বান্ধ, একত্র করিয়া মোট-কৃ,।

To Consolidate, v. n. শক্ত-হ, দৃঢ়-হ, দার্ঢ্য-হ, ভাল-বন্ধ, ভাল-হ।

Consolidate, a. একত্রীকৃত বা ভূত, জমা একত্র, সংযুক্ত, যড়কৃত, দৃঢ়ীভূত বা কৃত।

Consolidation, n. s. একত্রকরণ, ভালকরণ, জমাট বান্ধন, জমাট দৃঢ় বা হওন, পার্শ্বমন্তনামক মহাসভাতে প্রার্থনাপত্র অন্যের সহিত একত্রকরণ, দুই-কিছা বহু বৃত্তি একত্র করণ।

Consolidative, a. একত্রকরণরূম, যোড়া লাগে বাহাতে বা যদ্ধারা, সংযোগকারী, ক্রত যোড়া দেয় বা লাগায় যে বা যদ্ধারা।

Consonance বা Consonancy, n. s. স্বরের বা শব্দের মিল, যোগ, ঐক্য, মিল, সৌহার্দ্য।

Consonant, a. Lat. উপযুক্ত, যোগ্য, অর্হ, মেলক, মেলকারী, ঐক্যকারী, তদুপযুক্ত, অনুসারী।

Consonant, n. s. ব্যঞ্জন বা হল অক্ষর।

Consonantly, ad. উপযুক্তরূপে, যোগ্যত্বরূপে, ঐক্যরূপে।

Consonantness, n. s. উপযুক্ততা, যোগ্যত্ব, একতা, অনুসারিত্ব।

Consonous, a. Lat. তুল্যোচ্চারিত, সমোচ্চারিত, সুশ্রাব্য স্বর, বা স্বের ঐক্য আছে বাহাতে বা বাহার।

To Consopiate, v. a. নিদ্রিত-কৃ (ক্রি), নিদ্রাকৃষ্ট-কৃ, নিদ্রাবিশিষ্ট-কৃ, নিদ্রাকর্ষণ-কৃ।

Consopiation, n. s. নিদ্রাবস্থা, নিদ্রাদশা, শয়ন, গাগড়ান, গাজপাতন, শয়নকরণ।

To Consopite, v. a. Lat. শয়ন-কৃ, গাগড়ান, গাজপাত, নিদ্রাবিশিষ্ট-কৃ, নিদ্রিত-কৃ, নিদ্রাবস্থা-কৃ।

Consopite, a. স্থির, নিশ্চন্দ, নিশ্চেষ্ট, নিদ্রাবস্থাবিশিষ্ট।

Consort, n. s. Lat. সহবাসী, সহবর্তী, অংশী, যুড়ী, সাথী অর্থাৎ স্ত্রীপুরুষ স্ত্রী বা স্বামী, প্রিয়, সভা, মজলিস, জনসমূহ কিছা তাহারদের উপবেশনস্থান, বহু যত্নের এককালীন বাস, ঐক্য, মেল, সংযোগ, সংসুব।

To Consort, v. n. সহবর্তী-হ, সহবাসী-হ, একত্র-হ।

To Consort, v. a. একত্র-কৃ, যোগ-কৃ, মেল-কৃ, সংলগ্ন-কৃ, মিলিত-কৃ, বিবাহ-কৃ, পাণিগৃহণ-কৃ, সঙ্গ-কৃ, সহবাস-কৃ, গন্ধে-গম, সন্দেহ-কৃ।

**Consortable, a.** উপমেয়, সাদৃশ্য, যোগ্য, দৃষ্টান্তোপযুক্ত, দৃষ্টান্ত  
হয় যে বা দৃষ্টান্ত দেওয়া যায় যাহাতে বা যাহাকে, উপমা দে  
ওনোপযুক্ত, যোগ্য, মত।

**Consortion, n. s.** সহবাস, সহবর্তন, সহবাসাবস্থা কিম্বা উভাব,  
সঙ্গ, একত্র থাকন।

**Consortship, n. s.** সহবাসিত্ব, সমভিব্যাহারিত্ব, সঙ্গ, সঙ্গিত্ব, অং  
শিত্ব।

**Conspicible, a.** Lat. স্বচ্ছন্দরূপে দেখা যায় যাহা, দৃশ্য, অন্য  
রাসে দৃশ্য, স্পষ্ট।

**Conspicuous, a.** Lat. প্রকাশমান, দীপ্যমান, স্পষ্ট, সুস্পষ্ট, খোলা  
সা, পরিষ্কার, করসা, বিখ্যাত, নামলব্ধ, সুখ্যাত, নামজাদা।

**Conspicuously, ad.** স্পষ্টরূপে, প্রকাশরূপে, ব্যক্তরূপে, বিখ্যাতর  
পে।

**Conspicuousness, n. s.** দীপ্তিমত্ব, সুস্পষ্টত্ব, বিখ্যাতি, প্রকাশত্ব,  
খ্যাতি, নাম, বিখ্যাতত্ব, নামলব্ধত্ব, দেদীপ্যমানতা।

**Conspiracy, n. s.** কুক্রিয়াকরণার্থে বহু জন একত্র হওন, কুক্রিয়া  
করণার্থে একবাক্যতা বা ঐক্য, সত্যরহিত কর্মকরণার্থে মন্ত্রণা,  
সাজস, কুপরামর্শ মন্দ পরামর্শ, মন্দ কর্মের বন্দোবস্ত, কোন  
কর্মকরণে একাভিপ্রায়।

**Conspirant, a.** কুপরামর্শী, সাজসী, কুক্রমে একবাক্য বা একমত,  
কুক্রিয়াকরণার্থ মন্ত্রণা করে বা দেয় যে।

**Conspiration, n. s.** একপরামর্শ, একবাক্য, একমতকরণ বা দে  
ওন বা হওন, সাজস, কুমন্ত্রণা।

**Conspirator, n. s.** সাজসকর্তা, কুক্রমে একপরামর্শ দেয় বা করে  
যে ব্যক্তি, দৃষ্টিয়াতে বহু জনের সহিত প্রবৃত্ত ব্যক্তি।

**To Conspire, v. n.** Lat. দুক্রমে প্রবৃত্ত-হ, কুক্রিয়াতে সচেষ্ট-হ,  
কিকিরী-হ, রাজদ্রোহকর্মে উদ্যুক্ত-হ, ঐক্য-হ, এক-হ, মিল,  
অনুকূল-হ।

**Conspirer, n. s.** দুক্রমে প্রবৃত্ত, দুক্রমে প্রবৃত্তি করে যে বা হয়  
যাহার, কুপরামর্শ করে যে, সাজস করে যে, রাজদ্রোহ বা  
ব্যবহার বিরুদ্ধ কর্মে প্রবৃত্ত ব্যক্তি।

**Conspiring Powers, [In Mechanicks.]** মেল, একতাব, একগ  
তি, ঐক্য, পরস্পর অবৈপরীত্য।

**Conspiringly, ad.** কুক্রমে প্রবৃত্তিরূপে, দুক্রমকারিত্বরূপে, সাজস  
পূর্বে, কুমন্ত্রণাপূর্বে, দুক্রমে একবাক্যতারূপে।

**Conspissation, n. s.** Lat. নিবিড়ত্ব, ঘনত্ব, স্থূলত্ব, গাঢ়ত্ব, ঘন বা  
মেটা বা স্থূল বা পুরুকরণ।

**To Conspurate, v. n.** Lat. ভুক্তি-হ, নষ্ট-হ, অপবিত্র-হ।

**Conspuration, n. s.** অপবিত্রতা, ভুক্ততা, নষ্টতা, ভুক্তকরণ, নষ্ট  
করণ।

**Constable, n. s.** Sax. রাজকর্ম্মাধ্যক্ষ বিশেষ, কোতোয়াল, দণ্ড  
নায়ক, চৌকীদার।

**Constableness, n. s.** কোতোয়ালী, দণ্ডনায়কের কর্ম্ম, পূর্কোক্ত  
ব্যক্তির কর্ম্ম বা পদ।

**Constablewick, n. s.** কানেকিবিলাসপুঙ্কক ব্যক্তির অধিকার বা  
আমল।

**Constancy, n. s.** ধৃতি, স্থিরতা, নিত্যতা, চিরস্থায়িত্ব, অটলত্ব, দা  
র্চ্য, অক্ষীণত্ব, যাধারণ্য, সত্যতা, অটল স্নেহ, নিশ্চয়, ঠেঁয়, যু  
ক্তি বা মতের ঠেঁয়, দৃঢ়প্রীতি, অধিপ্রাতি।

**Constant, a.** Lat. সনাতন, ধৃতিমান, নিত্য, প্রসক্ত, শক্ত, দৃঢ়,  
স্থির, নিত্য, অপরিবর্তনীয়, চিরস্থায়ী, অটল, অলভ, ঐশ্বর্যহি  
ত, স্থিরপ্রতিজ্ঞ, উপযুক্ত, সাবধান, হাঁসিয়ার, ভারী, গভীর, অ  
পরিহত, রেহবান, নিশ্চয়, নিত্য, অনুগত।

**Constantly, ad.** সর্বদা, নিরন্তর, সর্বকাল, সতত, নিত্য, অবারি  
তরূপে, একভাবে, পরিবর্তনপূর্বে, ঐশ্বর্যাবলম্বনপূর্বে, অবধান  
পূর্বে, ঠেঁয়্যরূপে, সম্বরণপূর্বে, নিশ্চয়ত্বরূপে, দার্ঢ্যরূপে।

**To Constellate, v. n.** Lat. উজ্বল-হ, দীপ্তিমান-হ, উভয় জ্যোতি  
বা রশ্মির মিলন-হ।

**To Constellate, v. a.** জ্যোতিঃ সমূহের মিলন-ক, বহুতেজস্বি দু  
বা একত্র-ক, উজ্বল-ক, আলো-ক।

**Constellation, n. s.** রাশিচক্র, রাশিনক্ষত্র, তারাসমূহ, প্রভাববি  
শিষ্ট চক্রের সমবায় উত্তমতা বা সৌন্দর্যের সমূহ।

**Consternation, n. s.** Lat. ভয়, উৎবেগবিশেষ, বিস্ময়, চমৎকার,  
ভেবাচেকা লাগন বা হওন, ভয়কর্ডক হৃদয়ত্পন বা কল্পন।

**To Constipate, v. a.** Lat. ঘন-ক, নিবিড়-ক, জমাট-ক, মুখবন্ধ  
-ক, ঠাসাঠাসি-রক্ত, গাঙ্গাগাদি-ক, ঠাসাঠাসি-ক, কোষ্ঠবন্ধ-ক,  
পেটখাঁটা-ক।

**Constipation, n. s.** ঘনহওন কিম্বা করণ, নিবিড়করণ, গাঙ্গাগা  
দিকরণ, ঠাসাঠাসিকরণ, মুখবন্ধকরণ, কোষ্ঠবন্ধকরণ, মুখ খাঁট  
ন।

**Constituent, a.** আবশ্যিক, সমূলক, মূল প্রাণধারক, আহারোপ  
যুক্ত, স্বাভাবিক।

**Constituent, n. s.** অনাহার্য্য বস্তু কিম্বা ব্যক্তি, স্বভাবতঃ অন্যথা  
নুপপত্তি, মূল্যংশ, একপর্যায়ক কিম্বা এক ধর্ম্মক বস্তু, নাএব,  
মোক্তিয়র, পার্লামেন্টনামক মহাসভাতে প্রতিনিধি বা উকীল  
যে ব্যক্তি, কোন কর্ম্মে বা বিষয়ে প্রতিনিধি পাঠায় যে বা হা  
হাকে।

**To Constitute, v. a.** Lat. যথাবিধি উৎপত্তি-ক, ব্যবহারিক আ  
চার বা ধর্ম্ম প্রাপ্ত-ক, উৎপাদন-ক, জন (ঞ), সৃষ্টি-ক, গঠন-ক,  
নির্মাণ-ক, খাড়া-ক, স্থির-ক, নিযুক্ত-ক, আরত্ব-ক, প্রতিনিধি  
-দা বা -ক, কোন কর্ম্মে অন্যকে নিযুক্ত-ক।

**Constitute, n. s.** প্রচলিত শাস্ত্র বা নিয়ম, ব্যবহারিক শাস্ত্র, নির  
পিত আইন।

**Constituter, n. s.** প্রতিনিধিত্বাতা, নিযুক্তকর্তা, নিয়োগকর্তা।

**Constitution, n. s.** দেশের মূল ব্যবস্থা, রাজ্যে রীতি বা নীতি, প্রে  
রণকরণ, নিয়োগকরণ, স্থিরকরণ, উৎপত্তিকরণ, মকরকরণ,  
বন্দোবস্ত, অবস্থা, স্থায়িত্ব, বর্তন, শরীরী বা অবয়বীবস্তু, স্বভা  
ব, ধাতু, মেজাজ, আইন, রীতি, ব্যবহার, প্রচারিত ব্যবহার।

**Constitutional, a.** জাতীয় রীতিবিশিষ্ট, দেশের মূল ব্যবস্থাজ,  
তন্ত্রাত কিম্বা তদ্বিষয়ক, প্রাচীন, স্বাভাবিক, মূলসম্বন্ধীয়, রা  
জ্যের আদি ব্যবস্থানুযায়ী।

**Constitutionalist, n. s.** দেশের মূল ব্যবস্থামতে চলে বা ব্যবহার  
করে যে বা ভদ্রবুরক্ত।

**Constitutionally, ad.** শাস্ত্রানুসারে, ব্যবস্থানুযায়ী, শাস্ত্র সম্ম  
তিপূর্বে, যাধারণ্যরূপে, দেশের আদি ব্যবস্থানুসারে।

**Constitutionist, n. s.** স্বদেশীয় ব্যবহার বা শাস্ত্র বা নিয়মে অনু  
রাগ আছে যাহার।

**Constitutive, a.** আসল, আদিকারণ, মূল, উৎপত্তিকারণ, স্থাপ  
নকরণক্ষম, স্থাপন বা নিয়োগসম্বন্ধীয়।



**To Constrain, v. a. Fr.** অনিচ্ছাতে প্রবৃত্তি-কৃ (ঞি), কোন কর্মে জোর করিয়া নিযুক্ত বা স্বীকৃত-কৃ (ঞি), বল বা জবরদস্তি-কৃ জোর-কৃ, বলদ্বারা আটক-কৃ, বন্ধ-কৃ, অধীন-কৃ, আবশ্যকতাপ্রাপ্ত-কৃ (ঞি), নষ্ট-কৃ, ভুট্ট-কৃ, মন্দ-কৃ, বলাৎকার-কৃ, আটক-কৃ অবরোধ-কৃ, ধর্ষ-কৃ, দাব (ঞি), কএদ-কৃ, স্বভাববিপরীত উৎপত্তি-কৃ ।

**Constrainable, a.** অবরোধনীয়, অবরোধ্য, আটকানযোগ্য, অধীনকরণীয়, আয়ত্তকরণীয়, অস্বতন্ত্রকরণীয়, জোর করা যায় বা হার উপর কিম্বা যাহাকে ।

**Constrainedly, ad.** জোরপূর্বক, বলপূর্বক, আটকপূর্বক, অবরোধপূর্বক, লাচারিপূর্বক ।

**Constrainer, n. s.** রোধক, আটককারক, বন্ধনকারক, জবরদস্ত, জবরদস্তী বা জোর করে যে, প্রতিবন্ধ জন্মায় যে ।

**Constraint, n. s.** জবরদস্তী, জোর, প্রতিবন্ধ, কএদ, আটক ।

**Constraintive, a.** জোরকরণক্রম, জোরকরণযোগ্য, বলকরণে শক্ত ।

**To Constrict, v. a. Lat.** বন্ধ-কৃ, খাটো-কৃ, ধর্ষ-কৃ, কুঞ্জন-কৃ, আঁটয়া-পৃ, দৃঢ়রূপে-পৃ ।

**Constriction, n. s.** চাপন বা ঠাসনদ্বারা হ্রস্বকরণ, ধর্ষহওন বা করণ, আঁকড়ান, কঁকড়ান, কুঞ্জন, যড়হওন বা করণ, হ্রাসকরণ বা হওন, হ্রাস, হ্রস্বত্ব, ধর্ষত্ব, হ্রাসপ্রাপণ, সংকোচন ।

**Constrictor, n. s.** ধর্ষকারী, হ্রস্বকারী, কুঞ্জনকারী, যড় হয় যে, কঁকড়িয়া যায় যে, পাকানীয় বা কৌকড়ানীয় বস্তু ।

**To Constrict, v. a. Lat.** ভারদ্বারা সঙ্কুচিত-কৃ, বন্ধ-কৃ, ধর্ষ-কৃ, কুন্-কৃ, সঙ্কুচিত-কৃ ।

**Constringent, a.** বন্ধকারী, বন্ধনকারী, ধর্ষকারী, কুঞ্জনকারী, হ্রস্বকারী, ছোট করে যে, কুঞ্জন করে যে, সংকোচনীয় ।

**To Construct, v. a. Lat.** নির্মাণ-কৃ, গঠন-কৃ, রচনা-কৃ, সংগৃহ-কৃ, গৃহন-কৃ, সৃষ্টি-কৃ, স্থির-কৃ ।

**Constructor, n. s.** গড়ে যে, গঠনকর্তা, নির্মাণকর্তা, নির্মাণা ।

**Construction, n. s.** সংস্থাপন গড়ন, নির্মাণ, সৃষ্টি, টাঁচা, পত্তন, ইমারতের আকার ভৌল বা নক্সাকরণ, ইমারৎ নির্মাণকরণ, গৃহনকরণ, গঠন, শব্দবিন্যাস, লিখনের ভাব অর্থ ও বিষয় প্রকাশকরণ, প্রকাশপূর্বক লিখন বা কথন, অর্থ, ভাব, বিবেচনা, মনোবৃত্তি প্রকাশ. [In Geometry.] অঙ্কব্যাখ্যা বা লিখন, অঙ্ক লিখনের রীতিবিশেষ, অঙ্কহরণের রীতিবিশেষ. [In Grammar.] সমাস ।

**Constructional, a.** অর্থবিষয়ক, অর্থসম্বন্ধীয়, ব্যাখ্যাসম্বন্ধীয় বা উদ্ভিষয়ক ।

**Constructive, a.** নির্মাণশক্ত, নির্মাণক্রম, গঠনশীল, নির্মাণকারী, নির্মাণ বা গড়ন হয় যাহাতে বা যদ্বারা উপলব্ধকীয় ।

**Constructively, ad.** গড়নপূর্বক, নির্মাণকরণরূপে ।

**Constructure, n. s.** ইমারত, গৃহ, অট্টালিকা, বাসাখানা, রাশি, চেরি বা চিবি করা বস্তু ।

**To Construe, v. a. Lat.** রীতিক্রমে শব্দবিন্যাস-কৃ, স্বাভাবিকরূপে অর্থ-সাজ (ঞি) বা -লিখ, অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ, মানে-কৃ, ভূক্তমা-কৃ, জ্ঞাপন-কৃ, বেধ-কৃ (ঞি), বা জন (ঞি), বুঝাইয়া-দা ।

**To Constuprate, v. a. Lat.** বলাৎকারে অন্তঃগমন-কৃ, নষ্ট-কৃ, ভুট্ট-কৃ, বাভিচার-কৃ ।

**Constupration, n. s.** ভুট্টকরণ বা হওন, ভুট্টত্ব, নষ্টতা, নষ্টামি, ছেনালি, বাভিচার, দুষ্কর্ম, পাপকর্ম ।

**To Consubstist, v. n.** একত্র-হু, এককালে-হু ।

**Consubstantial, a. Lat.** সজাতীয়, সর্বণ, একধর্মীক্রান্ত, এক দু [ 194 ]

ব্যোৎপন্ন, একজাত, একমূলক, একধর্মীক, একমত, একপ্রকার গঠন, প্রকার বা ধর্ম, অন্যের সহিত তুলনা হয় যাহার ।

**Consubstantialist, n. s.** লুথেরিয়ন মতাবলম্বী বিশেষ, ইশ্বর ভৌজন বিষয় মানে যে ।

**Consubstantiality, n. s.** সমমূলকতা, সজাতীয়ত্ব, সর্বণত্ব, এক ধর্মীক্রান্তত্ব, এক মূল বা দুব্য অনেক ধর্ম স্থিতি বা বহুধর্মীকত্ব ।

**To Consubstantiate, v. a.** স্বাভাবিকধর্মে-মিল (ঞি), সামান্য ধর্মে বা ভাবে সংযুক্ত-কৃ, একত্র-কৃ, একমূল-কৃ, একার্থ-কৃ, একধারে অনেক একত্র-কৃ ।

**To Consubstantiate, v. n.** একমতাবলম্বী-হ বা তদ্বতে চল ।

**Consubstantiate, a.** মিলিত, সংযুক্ত, সংসৃষ্ট, একত্রীভূত কি হু কৃত ।

**Consubstantiation, n. s.** লুথেরিয়ননামক মতে যিশুখ্রীষ্টের শরীর ইশ্বরানুশেষ মিলিতহওন ।

**Consul, n. s. Lat.** রুমীয় সর্বপ্রকার স্বল্পভুক্তকালে প্রধান ব্যক্তি বিশেষ, কোতোয়াল, আমীন, নাএব, বিদেশে সজাতীয় বাণিজ্যব্যাপার নির্বাহকরণার্থে পদস্থ ব্যক্তি বিশেষ, উকীল, গোমস্তা ।

**Consular, a.** কানসুলসংক্রমক ব্যক্তিবিসয়ক কিম্বা তৎসম্বন্ধীয়, তৎকর্মে নিযুক্ত হইয়াছে যে ।

**Consulate, n. s.** কানসুলসংক্রমক ব্যক্তির পদ কিম্বা কর্ম, আমীনী, নাএবী, গোমস্তাগিরি, ওকালতী ।

**Consulship, n. s.** কানসুলসংক্রমক ব্যক্তির কর্ম বা পদ ।

**To Consult, v. n. Lat.** একত্র পরামর্শ-হ, পরামর্শ গৃহ্য-হ, বিবেচনা-হ, মসলৎ-হ ।

**To Consult, v. a.** পরামর্শ-কৃ, পরামর্শ-নী, পরামর্শ-যাচ, পরামর্শ-দা, মসলৎ-কৃ, বিবেচনা-কৃ, ঐক্য-কৃ, নক্সা-কৃ, গড়ন-কৃ, সৃষ্টি-কৃ, টাঁচা-কৃ ।

**Consult, n. s.** পরামর্শকরণ লওন বা -দেওন, পরামর্শকরণের কল বা তদ্রূপ বা ভাব, মসলৎ, সভা, বিবেচকসমূহ, পরামর্শিগণ, পরামর্শহয় যাহার সহিত কিম্বা যে স্থানে ।

**Consultation, n. s.** পরামর্শ, মসলৎ, পরামর্শকরণ বা দেওন, গোপনে পরামর্শ, গোপনে বিবেচনা করিয়া স্থিরকরণ, সভা, পরামর্শিগণ, পরামর্শস্থান, মন্ত্রণা, সলাহ, অদালতের পরবানী বিশেষ ।

**Consultative, a.** পরামর্শকরণের অধিকার বা স্বার্থ আছে যাহার ।

**Consulter, n. s.** পরামর্শদাতা, পরামর্শগৃহী, পরামর্শ দেয় বা লয় বা করে যে ।

**Consumable, a.** নাশ্য, নষ্টকরণীয়, ধ্বংসনীয়, দাহ্য, ব্যয়িতব্য ।

**To Consume, v. a. Lat.** ক্ষয়-কৃ, নাশ-কৃ, ধ্বংস-কৃ, ব্যয়-কৃ, ধরচ-কৃ, দহ-কৃ, যক্ষ্মগুস্ত-হ বা -কৃ ।

**To Consume, v. n.** ধ্বংস-হ, নষ্ট-হ, ক্ষয়-হ, ধরচ-হ, ব্যয়-হ ।

**Consumer, n. s.** নাশক, ক্ষয়কারক, ধরচ করে যে, নাশ করে যে, ধ্বংস করে যে, দাহক, ধাদক ।

**To Consummate, v. a. Lat.** সম্পূর্ণ-কৃ, পূর্ণ-কৃ, সমাপ্ত-কৃ, সাজ-কৃ ।

**Consummate, a.** সম্পূর্ণ, পূর্ণ, পরিপূর্ণ, সমাপ্ত, সাজ ।

**Consummately, ad.** পরিপূর্ণরূপে- সম্পূর্ণত্বরূপে, প্রকৃতরূপে, সর্বতোভাবে ।

**Consummation, n. s.** উদ্যাপন, সমাপ্তি, সম্বাদন, সম্পূর্ণত্ব, শেষ, অন্ত, লয় বা ক্ষয়করণ, নাশকরণ, হ্রাসকরণ, ক্ষয়বস্থা, মরণ

বা মরণাবস্থা, ক্ষয়রোগ, যক্ষ্মা, শরীরনাশ হয় বাহাতে বা যে রোগে ।  
**Consumption, n. s.** মৃত্যু, মরণ, শরীরভ্যাগ, দেহান্তরপ্রাপ্তি, ক্ষয় করণ ।  
**Consumptive, a.** ক্ষয়কারী, নাশক, ধ্বংস বা ক্ষয়োৎপাদক, নাশকারী, ধ্বংসকারী, মৃত্যুকারী, ক্ষয়রোগী, যক্ষ্মগুণ্ড বা বিশিষ্ট ক্ষয় হয় যে রোগে বা বাহার ।  
**Consumptively, ad.** নাশকত্বরূপে, ক্ষয়িত্বরূপে, ক্ষয়শীলত্বরূপে, ক্ষয়রোগপূর্ষক ।  
**Consumptiveness, n. s.** ক্ষয়রোগ প্রয়োজকতা, ক্ষয়কারিত্ব, ক্ষয়রোগ ধর্মকত্ব ।  
**Consutile, a. Lat.** বহুকৃত, শেলাই করা, একত্র আটক করা, যোড়াদেওয়া, যোড়া ।  
**To Contabulate, v. a. Lat.** তক্তার পাটাম-কৃ, তক্তার মেজে-কৃ, তক্তাদিয়া মেজে নির্মাণ-কৃ, তক্তাদিয়া ছাউনি-কৃ ।  
**Contabulation, n. s.** তক্তাদিয়া মেজে গাঁথনি করণ বা ছাওন, তক্তার মেজে, তক্তা ছাওয়া মেজে, তক্তা পাড়া মেজে, মেজেকরণ বা নির্মাণ ।  
**Contact, n. s. Lat.** সংঘটনা, সংলগ্ন, সংলগ্নত্ব, সংযোগ, মিল, লাগাও, যোড়া, লাগালাগি বা কাছাকাছি অবস্থা বা তত্তাব, ছোঁয়াছুঁয়ি ।  
**Contactation, n. s.** যোড়ন, সংযোগকরণ, সংলগ্নকরণ, সংলগ্ন বা সংসর্গকরণ ।  
**Contagion, n. s. Lat.** সংস্রব, ছোঁয়াছি। একশরীরহইতে অন্য শরীরে ব্যাধির আক্রমণ বা উৎপাদন, সংস্রবদোষ, সংস্রবদোষজাত ব্যাধি, মারী, মারীভয় কিম্বা ক্ষতি ব্যাপন, মন্দ বা অমঙ্গল বিষয় ব্যাপ্তকরণ বা বিস্তৃতকরণ, রোগবিস্তরণ ।  
**Contagious, a.** সংস্রবক, ছোঁয়াছিজনক, সংস্রব দোষদ্বারা জাত বা আক্রমণ, লগ্নাক্রমক, মারীবিশিষ্ট, সঞ্চারিত ।  
**Contagiousness, n. s.** সংস্রবদোষজাতত্ব, লগ্নদ্বারা জাত বা আক্রমণ ব্যাধি বা ব্যক্তির ভাব বা অবস্থা ।  
**To Contain, v. a. Lat.** ধৃ, ভাং, গুণ্ডাস-কৃ, সামাই-কৃ, আঁট, স্থা, বন্ধ (ক্ৰি), ধারণ-কৃ, শামিল-কৃ, নিবারণ-কৃ, আটক-কৃ, বারণ-কৃ, ধরিয়ান-রক্ষ, বন্ধ-কৃ ।  
**To Contain, v. n.** রিপনিবারণপূর্ষক-স্থা, ইঞ্জিয়সংযমনপূর্ষক-বর্ত্ত, অন্তরবর্ত্তি-হ ।  
**Containable, a.** আঁটবার যোগ্য, ধরিবার যোগ্য, আঁটনযোগ্য, গুণ্ডাসকরণীয়, রক্ষিতহওনোপযুক্ত ।  
**To Contaminate, v. a. Lat.** নষ্ট-কৃ, ভুট-কৃ, অপবিত্র-কৃ, ময়লা-কৃ, মন্দ-কৃ, ভাঁজ মিশ্রণদ্বারা নষ্ট-কৃ, ভুট-কৃ, সকলক-কৃ ।  
**Contaminate, a.** ভুটীকৃত, নষ্টীকৃত, মন্দ, অশুচি ।  
**Contamination, n. s.** নষ্টকরণ, ভুটকরণ, অপবিত্রকরণ, ময়লাকরণ, ভুটত্ব, নষ্টত্ব, সকলকতা, অশুচিতা ।  
**Conteck, n. s.** বন্দুজ, বিবাদ, ঝগড়া, কাজিয়া ।  
**Contection, n. s. Lat.** আবরণ, ঢাকন, আচ্ছাদন ।  
**Contemerated, a. Lat.** ভুটীকৃত, নষ্টীকৃত, মন্দীকৃত, নষ্টত্বপ্রাপ্ত, ভুটতাগত ।  
**To Contemn, v. a. Lat.** অবজ্ঞা-কৃ, তুচ্ছ-কৃ, ঘৃণা-কৃ, ক্ষুদ্র-জ্ঞা, অবহেলা-কৃ, উপেক্ষা-কৃ ।  
**Contemner, n. s.** ঘৃণাকর্ত্তা, তুচ্ছকারী, তুচ্ছ বা অবহেলা করে যে, ক্ষুদ্রত্বপরঃসরে ব্যবহার করে যে ।  
**To Contemper, v. a. Lat.** নরম-কৃ, সমভাব-কৃ, তেজোহ্রাস-কৃ, ভীতত্ব উগ্ৰত্ব বা উচ্ছ্বাস-কৃ ।

**Contemporament, n. s.** গুণ, অবস্থা, ধর্ম, পরিমাণ ।  
**To Contemperate, v. a.** কোন দ্রব্যের বিপরীত ধর্মবিশিষ্ট দ্রব্য মিশ্রণদ্বারা তত্ত্বর্ম কিম্বা তদ্বর্ণের অল্পতা-কৃ, বৈলক্ষণ্য-কৃ, নরম-কৃ ।  
**Contemperation, n. s.** কোন দ্রব্য বিপরীত ধর্মবিশিষ্ট দ্রব্য মিশ্রণদ্বারা তত্ত্বর্ম কিম্বা তদ্বর্ণের অল্পতাকরণ, বৈলক্ষণ্যকরণ, সমভাকরণ, মিশ্রণদ্বারা নরমকরণ, উপযুক্ত পরিমাণে মিশ্রণ, যথাধর্ম, অংশ, হিসাব, ভাগ ।  
**To Contemplate, v. a. Lat.** ভাব, ধ্যান-কৃ, চিন্তা-কৃ, ভাবনা-কৃ, সুন্দররূপে বিবেচনা-কৃ, বিশেষ মনোযোগপূর্ষক বিবেচনা-কৃ, অভ্যাস-কৃ, পুথিধাম-কৃ ।  
**To Contemplate, v. n.** চিন্তিত-হ, ধ্যায়ী-হ, ভাবিত-হ ।  
**Contemplation, n. s.** ধ্যান, মানস, ভাবনা, চিন্তা, অরণ, মনন, অভ্যাসকরণের ক্ষমতা বা শক্তি ।  
**Contemplative, a.** ধ্যানী, ভাবিত, ধ্যাত, ধ্যায়ী, চিন্তা বা ধ্যানে মগ্ন যে, চিন্তাকারী, চিন্তিত, ধ্যানকরণক্ষম ।  
**Contemplatively, ad.** মনোযোগপূর্ষক, ধ্যানপূর্ষক, আবিষ্কারপে, মনের সহিত ।  
**Contemplator, n. s.** ধ্যানকর্ত্তা, ধ্যাতা, ধ্যায়ী, চিন্তক, ধ্যানী, নিরন্তর অভ্যাসকারী, অভ্যাস, বা চিন্তাতে মগ্ন ব্যক্তি ।  
**Contemporariness, n. s.** সমকালীনত্ব, তুল্যকালীনত্ব, সমকাল স্থিতি, সমকালস্থায়িত্ব, সমকালবর্ত্তন ।  
**Contemporary, a. Fr.** সমকালীন, এককালীন, সমকালবর্ত্তী, সমকালজ, সমসহবাসী ।  
**Contemporary, n. s.** সমকালবর্ত্তি ব্যক্তি, এককালে জন্মে বা বর্ত্তে যে ব্যক্তি, এক ব্যবসায়ী, একবিষয়ে বিষয়ি ব্যক্তি ।  
**To Contemporise, v. a.** সমকালীন-কৃ, এককালে-স্থা বা-রক্ষ, একসাময়িক-কৃ ।  
**Contempt, n. s. Lat.** তুচ্ছীকরণ, তাচ্ছলীকরণ, ঘৃণাকরণ, ঘৃণা, হতশ্রদ্ধা, অবজ্ঞা, তুচ্ছজ্ঞান, অপহেলা, হেয়জ্ঞান, তুচ্ছত্ব, হেয়ত্ব, অবজ্ঞানত্ব, ক্ষুদ্রত্ব, নীচত্ব, অপকৃষ্টত্ব, অপরাধ, তক্ষণীর ।  
**Contemptible, a.** অবজ্ঞাত, অবজ্ঞাতব্য, তুচ্ছ, তুচ্ছনীয়, তুচ্ছতা যোগ্য, ঘৃণ্য, ঘৃণোপযুক্ত, ঘৃণিত, ঘৃণাগুণ্ড, অশ্রদ্ধেয় তুচ্ছনীয়, অগণ্য ।  
**Contemptibleness, n. s.** তুচ্ছত্ব, তাচ্ছলী, ক্ষুদ্রত্ব, অপকৃষ্টত্ব, অশ্রদ্ধত্ব, দোষপূর্ণত্ব, নীচত্ব ।  
**Contemptibly, ad.** ঘৃণাপূর্ষক, নিন্দা বা অবজ্ঞাপূর্ষক, তুচ্ছতাচ্ছলী ল্যরূপে, নীচত্বরূপে, ক্ষুদ্রত্বরূপে, অতিসামান্যত্বরূপে ।  
**Contemptuous, a.** তুচ্ছকারী, ঘৃণাবিশিষ্ট, অপমানকারী, অহঙ্কারী, অনভিজ্ঞ, বেআদব, নিন্দাসম্বন্ধীয়, গর্হ্য, গোঁয়ার, অমর্যাদক ।  
**Contemptuously, ad.** তুচ্ছকারিত্বরূপে, ঘৃণাবিশিষ্টত্বপূর্ষক, অবজ্ঞারূপে, হেয়জ্ঞানপূর্ষক, অনভিজ্ঞতারূপে ।  
**Contemptuousness, n. s.** তুচ্ছকরণত্বভাব, হেয়জ্ঞানকারি স্বভাব, ঘৃণাকরণে প্রবৃত্তি ।  
**To Contend, v. n. Lat.** আপত্তি-কৃ, হক্কত বা জেদ-কৃ, যুদ্ধকারী-হ, বিবাদী-হ, হড়াহড়ী-হ, ঈর্ষাকারী-হ, অসূয়াকারী-হ ।  
**To Contend, v. a.** ঝগড়া-কৃ, বিবাদ-কৃ, আপত্তি-কৃ, বা-জন (ক্ৰি), বন্দুজ-কৃ, কলহ-কৃ, বিরোধ-কৃ, বাকহল-কৃ ।  
**Contendent, n. s.** প্রতিপক্ষ ব্যক্তি, অগ্নি, শত্রু, বিপরীত, মুজাহেদ, বিবাদকারী, বিবাদী, প্রতিবাদী ।  
**Contender, n. s.** বিবাদী, বন্দুজী, বিরোধী, ঝগড়াও, পক্ষপাতী ।

Content, *a.* Lat. তৃপ্ত, সন্তুষ্ট, স্বচ্ছন্দ, নিরন্ত, নিরাকান্ধী, নিষ্কৃৎ, শান্তিবিশিষ্ট, শান্তি হইয়াছে যাহার।

To Content, *v. a.* সন্তুষ্ট-কৃ, তৃপ্ত-কৃ, রাগি-কৃ, সন্মত-কৃ, আত্মাদিত-কৃ, পরিতোষ-কৃ, নিরাকান্ধী-কৃ, কুখানিবৃষ্টি-কৃ।

Content, *n. s.* শান্তি, শান্তিশালিত্ব, শান্তিবিশিষ্টত্ব, সামান্যসুখে মনের সুখ বা আত্মাদ, নিরাকান্ধী, সন্তোষ, তৃপ্তি, তৃপ্ততা, নিবৃষ্টি, অর্থ, বিষয়, কলিতার্থ, মুদা, মজমুন, পার্লিমেন্টনামক মহাসভায় প্রস্তুত বিষয়ে অনুকূল ব্যক্তিরদিগের পক্ষে শব্দবিশেষ।

Contentation, *n. s.* তৃপ্তি, তৃষ্টি, সুখ, আত্মাদ, সন্মতি।

Contented *part. a.* পরিতুষ্ট, সুখী, তৃপ্ত, সুস্থির, নিরাকান্ধী, তৃষ্ণাহীন, শান্ত, শান্তি হইয়াছে যাহার, তৃপ্ত হইয়াছে যে।

Contentedly, *ad.* সন্তোষপূর্বক, পরিতুষ্টরূপে, স্থির হইয়া, অনায়াসে, স্বচ্ছন্দরূপে, সন্মতিপূর্বক।

Contentedness, *n. s.* পরিতুষ্টাবস্থা, পরিতুষ্টত্ব, নিরাকান্ধিত্ব, নিরাকান্ধাবস্থা।

Contentful, *a.* পূর্ণরূপে পরিতুষ্ট, শান্তিবিশিষ্ট, নিবৃত্ত, আত্মাদ বিশিষ্ট।

Contention, *n. s.* Lat. দ্বন্দ্বজ, বিবাদ, বিরোধ, কগড়া, কলহ, কচ কচি, বচসা, ইর্ষা, ঔৎসুক্য, উৎসুকতা, অনুরাগ, আশক্তি, উগুতা, রাগ, চেষ্ঠা, কায়মনোবাক্য, ইচ্ছা, ব্যাকুলতা, ব্যগুত্ব, চেষ্টিতত্ত্ব।

Contentious, *a.* বিবাদী, কগড়াও, কন্দলিয়া, বিরোধী।

Contentious Jurisdiction, বিবাদ ভঙ্গনক্রম, বিবাদ নিষ্পত্তিকারক বা বিবেচনাকারী অদালত বিশেষ।

Contentiously, *ad.* দ্বন্দ্বজপূর্বক, কলহপূর্বক, বিবাদপূর্বক, বিরোধপূর্বক।

Contentiousness, *n. s.* কলহকারিত্বভাব, কলহশীলতা, কলহেচ্ছা, কলহপ্রবৃত্তি।

Contentless, *a.* অসন্তুষ্ট, অতৃপ্ত, অতৃষ্টি, ঋৎসুতে, তৃষ্টিরহিত, অসুখী, নিরানন্দ।

Contently, *ad.* পরিতুষ্টরূপে, সন্তোষপূর্বক, তৃপ্তিপূর্বক।

Contentment, *n. s.* পরিতোষ, নিরাকান্ধী, অলোভ, অন্মাকান্ধী, তৃপ্তি।

Contents, *n. s.* নিষ্পষ্ট, সূজি।

Contorminable, *a.* Lat. তুল্যসীমক, সমসীমক, একসীমাবর্তনক্রম, তুল্যসীমাবনক্রম।

Conterminat, *a.* তুল্যপরিমাপক, তুল্যসীমক, একসীমা বা শেষ বা অন্ত আছে যাহার।

Conterminous, *a.* Lat. ভীরত্ব, ভীরবর্তী, লাগালাগি, সন্নিহিত, কাছাকাছি, লাগাও, সঙ্গলগ, সঙ্গস্কৃ, ধারত্ব, সীমাবর্তী।

Conterranean বা Conterraneous, *a.* Lat. একদেশজ, একদেশোৎপন্ন, একভূমিজ, একপৃথ্বীজ, একমৃত্তিকাহইতে উৎপন্ন কিছাভাভ।

Contesseration, *n. s.* Lat. সমূহত্ব, দল, সমুদায়, জমা, সমাজ, সভা, সমারোহ, সমূহত্বত্ব, সভাত্বত্ব।

To Contest, *v. a.* Fr. বিবাদ-কৃ, দ্বন্দ্বজ-কৃ, কগড়া-কৃ, কলহ-কৃ, আপত্তি-কৃ, বিরোধ-কৃ।

To Contest, *v. n.* বিরোধী-হ, বিবাদী-হ, ইর্ষাকারী-হ।

Contest, *n. s.* বিবাদ, বিরোধ, দ্বন্দ্বজ, কগড়া, কলহ, আপত্তি, যুদ্ধ, অবনাও।

Contestable, *a.* বিরোধীয়, বিবদনীয়, দ্বন্দ্বজকরণীয়, অপ্ৰামাণিক, বিরোধ বা আপত্তি করা যায় যাহাতে।

Contestableness, *n. s.* বিরোধীয়ত্ব, বিবদনীয়ত্ব, দ্বন্দ্বজকরণীয়ত্ব,

আপত্তি বা বিবাদ করা যায় যাহাতে তদবস্থা বা ভাব, বিরোধের সম্ভাবনা আছে যাহাতে।

Contestation, *n. s.* নিবাদকরণ, দ্বন্দ্বজকরণ, বিরোধকরণ, বিবাদ, দ্বন্দ্বজ, বাদানুবাদ, বিচার, বচসা, বাগ্যুদ্ধ।

Contestation, *n. s.* প্রমাণ, সাক্ষ্য, প্রমাণস্থল, নিদর্শন, সাক্ষিয়ার প্রমাণ, সাক্ষী, সাক্ষ্যকরণ।

Contestingly, *ad.* বিবাদরূপে, দ্বন্দ্বজপূর্বক, বিরোধপূর্বক, আপত্তি বা বাদানুবাদকরণপূর্বক।

Contestless, *a.* বিরোধশূন্য, বিবাদরহিত, নির্বিরোধী, নিঃসন্দেহ, নিরুত্তর।

To Context, *v. a.* Lat. বপন-কৃ, বুনন-কৃ, বুনট-কৃ, গুহনকারী সঙ্গলগ-কৃ, বহু অংশ সংযোগ-কৃ।

Context, *n. s.* পাঠ, পূর্ববর্তি বা পশ্চাৎবর্তি পাঠ।

Context, *a.* বুনট, একত্রীভূত, ছিটান, সংযুক্ত, দৃঢ়, শক্ত।

To Context, *v. a.* বুনট-কৃ, বুনন-কৃ, বপন-কৃ, ছিটাইয়া সংযুক্ত-কৃ, একত্র-কৃ।

Contextural, *a.* মনুষ্য বা তদ্বিবয়ক, কায়সম্বন্ধীয়, মনুষ্যাবয়ব সম্বন্ধীয়।

Contexture, *n. s.* যমক, অনুপ্রাস, রীতি, ধারা।

Contignation, *n. s.* Lat. কড়িকাঠের টাঁচা বা গড়ন বিশেষ, গৃহ, ডালা, কাঠের গৃহ নির্মাণ, কাঠময় গৃহ।

Contiguity, *n. s.* নৈকট্য, সম্মেলন, লাগাও, ঘোড়, অস্তিকত্ব।

Contiguous, *a.* Lat. অস্তিক, নিকটবর্তি, যোড়লাগা, সন্নিহিত, সংযুক্ত, লাগালাগি, কাছাকাছি, পরস্পর, পার্শ্ববর্তী, পরস্পর ধারবর্তী।

Contiguously, *ad.* ব্যবধানশূন্যরূপে, নৈকট্যরূপে, একত্ররূপে, সম্মেলনরূপে, মধ্যে ব্যবধান নাই উদ্ভাবে, আন্তিকতারূপে।

Contiguousness, *n. s.* নৈকট্য, উদ্ভাব বা উদবস্থা, ব্যবধানরাহিত্য, সম্মেলন, সংযোগ।

Continece বা Continecy, *n. s.* পরিমিতাচার, রিপূদমন, লোভ নিবারণ, শারীরিক ভোগে বিমুখ বা বঞ্চিতত্ব, শারীরিক ভোগভ্যাগ, জিতেন্দ্রিয়ত্ব, শারীরিক ভোগবিষয়ে নিয়ম বা নিয়মাচার, সভ্যত্ব, শুদ্ধত্ব, সাত্তিকতা, সাবধানতা, বিরামরাহিত্য, ইন্দ্রিয়সংযমন।

Continent, *a.* Lat. পরিমিতাচারী, নিলোভী, জিতেন্দ্রিয়, সহিষ্ণু শারীরিক ভোগবিষয়ে নিয়ম আছে যাহার, শারীরিক ভোগভ্যাগী, সভ্য, শুদ্ধ, সাধ, অবিভ্রান্ত, একাদিক্রমবিশিষ্ট, বিরামরহিত, ব্যবধান নাই যাহার, বিপরীত, প্রতিকূল, প্রতিপক্ষ।

Continent, *n. s.* মহাদ্বীপ, অবিচ্ছিন্ন ভূমি, সাগরদ্বারা বিভক্ত নয় যে দেশ, বর্ষবিশেষ, অন্তবর্তি বস্তুর আধার।

Continental, *a.* সাগরদ্বারা অবিচ্ছিন্ন দেশ বা ভূমিসম্বন্ধীয় বা তদ্বিবয়ক, বর্ষীয়, বর্ষজ, বর্ষসম্বন্ধীয়, এ শব্দ সামান্য ইউরোপ দেশসম্বন্ধীয় বুঝায়।

Continently, *ad.* সভ্যরূপে, শুদ্ধরূপে, সদাচারপূর্বক, পরিমিতাচাররূপে।

To Continge, *v. n.* Lat. সংলগ্ন, ভূ, ঘট, উপস্থিত-হ।

Contingence বা Contingency, *n. s.* অনিশ্চয়, স্থির নাই যে বস্তুর বা বিষয়ের, নিয়ম নাই যাহার এমত বস্তুর বা কর্ম, আগতক হর যে বস্তুর, বাজে বিষয়, দৈবঘটনা, সংযোগ, প্রাপণ, পাইছন, সংলগ্নকরণ।

Contingent, *a.* আগতক, অনিশ্চিত, দৈবঘটন, আকস্মিক, বাজে।

Contingent, *n. s.* অনিশ্চিত বস্তুর বা কর্ম, দৈবঘটনা, আগতক

বন্ধ, নিশ্চিতাংশ, অংশানুসারে, অংশ বিভাগকৃত অংশ, স্ব  
 স্ব অংশ বা পরল্পর দেয় অংশ।  
 Contingently, *ad.* অনিশ্চয়ত্বরূপে, দৈবক্রমে, হঠাৎ, নিশ্চয় বা  
 নিয়ম রাহিত্যপূর্ষক।  
 Continual, *a.* অবিশ্রান্ত, অবিরত, নিয়ত. [In Law.] *Continual*  
*Claim*, সমুৎসরের মধ্যে বারম্বার দাবি করা যায় বাহ।  
 Continually, *ad.* অবিশ্রান্তে, সতত, সর্বদা, হামেশা, অবিরত বা  
 নিয়তরূপে, অবিরামে, বিরামরাহিত্যপূর্ষক।  
 Continualness, *n. s.* নিত্যতা, অবিনাশিত্ব, অক্ষয়িত্ব, নাশরা  
 হিত্য।  
 Continuance, *n. s.* অবিশ্রান্ত বা নিয়ত একাবস্থায় স্থাপন বা রক্ষ  
 ণ, একাবস্থার নিত্যতা, একাবস্থায় স্থিতি, ধারাবাহিকতা, বাস,  
 এক স্থানে স্থিতি, নিত্যতা, স্থায়িত্ব, সহন, ধৈর্য্যাবলম্বন, কালক্র  
 মে, কালের বৃদ্ধি, সম্মেল, অভেদ, অবিচ্ছিন্নত্ব।  
 To Continue, *v. a.* সলয়-কৃ, সম্মেল-কৃ, সলয়-কৃ, দৃঢ়রূপে  
 সংযোগ-কৃ,।  
 Continue, *a.* সলয়, সলয়, অবিচ্ছিন্ন, অনন্তর, অব্যবধান  
 পূর্ষক সলয়।  
 Continually, *ad.* সম্মেলপূর্ষক, লিপ্ততা বা মেলরূপে, অবিচ্ছ  
 দ বা অভেদরূপে।  
 Continuation, *n. s.* ক্রমিকতা, নিত্যতা, অবিশ্রান্তি, অবিচ্ছিন্নত্ব, অ  
 নিবারণ, অনুবৃদ্ধি, ধারাবাহিকত্ব, অবিচ্ছিন্ন কর্ম বঙ্গতি।  
 Continuative, *n. s.* নিত্যতা, স্থায়িত্ব, চিরস্থায়িত্ব, সংযোগকারি  
 ত্ব, [In Grammar.] সমাহার বাক্যশ্রেণীসূচকপদ বহা অথ অপ  
 র ইত্যাদি।  
 Continuator, *n. s.* অবিরতকারী, অবিরামে কর্ম করে যে, একাদি  
 ক্রমে চলে যে, অবিচ্ছিন্ন নিয়মে কর্ম করে বা লিখে যে।  
 To Continue, *v. n.* Lat. একাবস্থায়-স্থা বা -ত্ব, দীর্ঘকাল-স্থা বা  
 -চল বা-বর্ত, দীর্ঘকালস্থায়ী-হ, টেক, ভিত, রহ, সহিষ্ণু-হ, ধৈ  
 র্য্যাবলম্বন-কৃ, সহিষ্ণু হইয়া-স্থা।  
 To Continue, *v. a.* দীর্ঘকালস্থিতি-কৃ, একাবস্থায়-রক্ষ বা-দা, গৌ  
 ণ-কৃ, বিলম্ব-কৃ, অবিরত-কৃ, অব্যবধানে সংযোগ-কৃ, সম্মেলন  
 -কৃ,।  
 Continuedly, *ad.* অবিরামপূর্ষক, অবিচ্ছিন্নত্বরূপে, একাদিক্রম  
 পূর্ষক, বিনাবিচ্ছেদে, অবাধে, বিনাব্যাঘাতে বা ভেদে।  
 Continuer, *n. s.* ধৈর্য্যাবলম্বনশীল, সহিষ্ণুতাশীল, টেকিয়া থাকি  
 বার ক্রম, একাবস্থায় স্থায়ী, একাবস্থায় থাকে যে, অপরিবর্তিত  
 অবস্থায় চিরকাল চলে যে।  
 Continuity, *n. s.* Lat. অভেদ, অবিচ্ছেদে বা বিনাব্যবধানে সং  
 যোগ, সংমেল, ষোড়লাগন, দৃঢ়রূপে যোগ।  
 Continuous, *a.* Lat. লাগাও, অব্যবধানে মিলিত, সম্মিলিত,  
 লয়, সলয়, কাছাকাছি, লাগালাগি।  
 Contorsion, Contortion শব্দ দেখ।  
 To Contort, *v. a.* Lat. পাক(ক্রি), জড়(ক্রি), গুট, মোচড় (ক্রি),  
 পাক-দা, মোড়া-দা, অকৃষ্ণিত-কৃ।  
 Contortion, *n. s.* জড়ান, পাকান, পাকদেওন, গুটন, মোচড়দে  
 ওন, পাকলাগান, আকৃষ্ণন।  
 Contour, *n. s.* Fr. রেখাবিশেষ, টাঁচা, নক্সা, নমুনা, ভৌল, পাণ্ড  
 লেখ, গঠন।  
 Contra, লাতিন ভাষায় বিপরীতার্থবোধক উপসর্গ শব্দ বিরুদ্ধ,  
 বিপরীত।  
 Contraband, *a.* Ital. নিষিদ্ধ, বর্জিত, বারণকৃত, বেআইন, অকর্ত  
 ব্য, অনুপযুক্ত।

Contraband, *n. s.* অকর্তব্য ব্যবসায়, বেআইন, বিহিত বিয়য় বা  
 বাণিজ্য।  
 To Contraband, *v. a.* নিষিদ্ধ দ্রব্য আমদানী-কৃ, নিবারণিত বন্ধ  
 আমদানী-কৃ, মাদুল না দিয়া আনীত দ্রব্য।  
 Contrabandist, *n. s.* নিয়মের বিপরীত ব্যবসায় করে যে, অশা  
 স্ত্রীয় বাণিজ্য করে যে।  
 To Contract, *v. a.* Lat. সঙ্কোচ-কৃ, খাটো-কৃ, ধর্ম-কৃ, ছোট-কৃ,  
 অল্প স্থানে বা পরিমাণে সমাবেশ-কৃ, অল্প-কৃ, ন্যূন-কৃ, কম-কৃ,  
 একত্র-কৃ, সওদা-কৃ, বিবাহার্থে নিয়ম-কৃ, চুক্তি করিয়া-নী বা-দা,  
 কুরাইয়া-নী বা-দা, বিবাহার্থে সম্বন্ধনির্ণয়-কৃ, বিবাহার্থেবাগদান  
 -কৃ, আনয়ন-কৃ, যোট(ক্রি), আকর্ষণ-কৃ, টানিয়া-নী।  
 To Contract, *v. n.* কৃষ্ণ, কৃষ্ণচিরা ধর্ম-হ, সওদা-হ, কুরণ-হ, চ  
 ক্তি-হ, বিবাহার্থে বাগদান-হ, নিবন্ধ-হ।  
 Contract, *part. a.* বিবাহার্থে বাগদানভুক্ত বা উৎকৃত, সওদাকৃ  
 ত, চুক্তি বা কুরণ হইয়াছে যাহার।  
 Contract, *n. s.* সওদা, চুক্তি, কুরণ, উভয়সম্মতি, নিয়ম, বন্দোব  
 স্ত, বিবাহার্থে সম্বন্ধনির্ণয়, উদর্ধে বাগদান, বিবাহের সম্বন্ধ,  
 সওদাপত্র, ক্রয়বিক্রয়ার্থে পত্র বা লিখন বা নিয়ম।  
 Contractedly, *ad.* মোক্তাকুরণ, একরারনামা, চুক্তিকরণপূর্ষক,  
 সওদাকৃতত্বরূপে, বিবাহের সম্বন্ধনির্ণয়পূর্ষক, কৃষ্ণিতত্বরূপে।  
 Contractedness, *n. s.* ধর্মহওন, কৃষ্ণন, কৃষ্ণিতের ভাব বা অবস্থা।  
 Contractibility, *n. s.* কৃষ্ণনযোগ্যত্ব, ধর্মণীয়ত্ব, হ্রাসহওনযোগ্য  
 ত্ব।  
 Contractible, *a.* ধর্মণীয়, সংক্ষেপণীয়, সংক্ষিপ্য, সংক্ষেপকর  
 ণ বা হওনক্রম, কৃষ্ণনশীল, কুরণযোগ্য, কুরাইয়া বা চুক্তি ক  
 রিয়া লওয়া বা করা যায় যাহা।  
 Contractibleness, *n. s.* নম্রত্ব, নমনীয়ত্ব, নোয়ানযোগ্যত্ব, নমু  
 করণযোগ্যত্ব, ধর্ম বা হ্রাসহওনের ক্ষমতা, কৃষ্ণনশীলত্ব।  
 Contractile, *a.* ধর্মণীয়, ধর্মহওন বা করণক্রম, সংক্ষেপযোগ্য,  
 হ্রাসনীয়, কুরাইয়া দিবার যোগ্য বা উৎক্রম।  
 Contraction, *n. s.* ধর্মকরণ বা হওন, কৃষ্ণনহওন বা করণ, কৌক  
 ডাইয়াহওন, ছোটো করণ, সংক্ষেপকরণ, হ্রাসত্ব, ধর্মত্ব, ন্য  
 নহওন বা করণ, ন্যূনতা, গুড়ান, কৃষ্ণন, ধর্মত্ব, হ্রাসত্ব, ধর্মীভূত  
 ত্ব বা তদবস্থা, সংক্ষেপে, সামঞ্জস্যকরণ বা হওন, তদ্রাব বা  
 তদবস্থা, সংক্ষেপ, সংক্ষেপত্ব, সঙ্কীর্ণ, [In Grammar.] দুইবর্ন  
 বা পদের একাংশ লোপ হইয়া হ্রাসহওন, মিল।  
 Contractor, *n. s.* যে ব্যক্তি চুক্তি বা কুরণ করিয়া লয়, সওদাকা  
 রক, কুরাইয়া লয় যে, ইজারাদার, কটকিনাদার, হ্রাসকারক, ধর্ম  
 কারক, সংক্ষেপক।  
 To Contradict, *v. a.* Lat. কধা-কাট, বাক্য নয়-কৃ, উদন্যথা-কৃ,  
 বাদানবাদ-কৃ, বিতণ্ডা-কৃ, তকরার-কৃ, বিপরীত ভাব-কৃ, মুজাহে  
 মী-কৃ, প্রতিকূল-কৃ, বিরোধ-কৃ।  
 Contradictor, *n. s.* বাক্যানয়কারী, বাক্যান্যথাকারী, বিতণ্ডাকর্তা,  
 বাদী, তকরার করে যে, ঠোকপাড়া।  
 Contradiction, *n. s.* কধাকাটন, প্রতিবাদবাক্য, নয়করণ, তকরা  
 র, বিতণ্ডা, বাদব্যুত্থান, রদবদল, প্রতিকূল্য, প্রতিপক্ষতা, মুজা  
 হেমহওন বা করণ, বিপরীতার্থ, বৈপরীত্য, বিরোধ, স্ববৈপ  
 রীত্য, অর্ধের কিম্বা ভাবের বৈপরীত্য বা বৈষম্য।  
 Contradictional, *a.* বিপরীত, অসঙ্গত, অনুপযুক্ত, অনুচিত, অক  
 র্তব্য।  
 Contradictory, *a.* বিপরীত, বৈপরীতবিশিষ্ট, বৈষম্যশালী, বা  
 দানুবাদকারী, বাদানুবাদান্তিপ্রায়ী, বাদানুবাদকরণে মত বা অ  
 নুরাগ আছে যাহার।

## CON

## CON

Contradictiousness, *n. s.* বৈপরীত্য, বৈষম্য, স্বদ্বন্দ্ব, বিরোধ আ ছে যাহার বা যাহাতে তদবস্থা বা ভাব।  
 Contradictorily, *ad.* স্ববৈপরীতাপূৰ্ণক, স্বদ্বন্দ্বপূৰ্ণক।  
 Contradictoriness, *n. s.* অত্যন্ত বিপরীতাবস্থা বা তন্মত, নিতান্ত স্বদ্বন্দ্ব, মুজাহেমী, প্রতিপক্ষতা বা প্রতিকূলতা।  
 Contradictory, *a.* বিভিন্ন বিপরীত, উল্টা, মুজাহেম, প্রতিকূল।  
 Contradictory, *n. s.* ভিন্নমত, সম্পূর্ণ বিপরীতাবস্থা বা তন্মত, তাবৎ বিষয়ে প্রতিপক্ষতা, তাবৎবিষয়ে মুজাহেম করে বা হয় যাহাতে।  
 Contradistinct, *a.* বৈষম্য ভাববিশিষ্ট বা যুক্ত, বিপরীত ভাব বা ধর্ম বা গুণকর্তৃক চিহ্নিত বা অবধারিত।  
 Contradistinction, *n. s.* বিপরীত ভাব, বৈলক্ষণ্য গুণ, বিরুদ্ধ গুণ, বিরুদ্ধ গুণকর্তৃক ভেদ হইয়াছে যে বস্তু।  
 Contradistinctive, *a.* বিরোধলক্ষণকারী, গুণ ভাব বা ধর্মের বৈপরীত্যা করে যে বা হয় যাহার।  
 To Contradistinguish, *v. a.* বিপরীত গুণদ্বারা কোন দুই বস্তু ভেদ বা বিবেচনা-কৃ, অবধারণ-কৃ, পৃথক-কৃ।  
 Contradissure, *n. s.* মস্তিষ্ক ফাটা, বিদারণ, মস্তকের যে স্থানে চোট পড়িয়া তাহার অন্য দিগে ফাটা।  
 Contraindicant, *n. s.* Lat. রোগের শাস্তি, সুস্থাবস্থা, উপশম, রোগের পথ্য কিছা ঔষধের নিবারণক লক্ষণ বা আকারবিশেষ।  
 To Contraindicate, *v. a.* Lat. রোগের যে অবস্থিত ঔষধ বা পথ্য পুয়োগ-কৃ, রোগের অবস্থিত অথবা নিষিদ্ধ চিকিৎসা-কৃ, মুষ্টি যোগ-কৃ, পীড়ার বিশেষ ভাব-দৃশ (ঞ)।  
 Contraindication, *n. s.* ব্যাধির লক্ষণ বা ভাব, নিরূপিত চিকিৎসা বা ঔষধসেবনে অনাবশ্যক দর্শান তন্মতাবধারণ বা হওন বা হয় যদ্বারা ব্যাধির উপশম।  
 Contramure, *n. s.* Fr. নগরের বাহিরের প্রাচীর, নগরের প্রধান প্রাচীরের ইতস্ততো বা বহির্ভাগে দেওয়ালবিশেষ, শহরপনা।  
 Contranatural, *a.* বিপরীতধর্মক, অস্বাভাবিক, স্বভাববিরুদ্ধ, ধর্ম বিরুদ্ধ।  
 Contraniteny, *n. s.* Lat. ঘর্ষাঘর্ষি, ঘর্ষণ, প্রতিঘাত।  
 Contraposition, *n. s.* সম্মুখে রক্ষণ, উপরে রক্ষণ, মুখে রক্ষণ।  
 Contrapuntist, *n. s.* Ital. মুর বা রাগকরণক্ষম, তর্কিত্যতে পারদর্শি ব্যক্তি।  
 Contraregularity, *n. s.* নিয়মবৈপরীত্যা, নিয়ম বা ব্যবস্থায় বিরুদ্ধ কার্য, তন্মত বা তদবস্থা।  
 Contrariant, *a.* Fr. বিপরীত, বিজাতীয়, বিরুদ্ধ, বিলক্ষণ, অনুপযুক্ত, অযোগ্য, অনিচ্ছ, অসম্মত।  
 Contraries, *n. s.* [In Logic.] বিচারবিশেষ, বাধকতা, বৈপরীত্যা, ব্যাঘাতজনক বস্তু, অন্যথাকারি বস্তু, নাশক বস্তু।  
 Contrariety, *n. s.* বৈপরীত্যা, বৈলক্ষণ্য, বিরোধ, বিরুদ্ধতা, বিপর্যয়, ব্যত্যয়, প্রতিবাদ, অযোগ্যত্ব, অনিচ্ছা, অসম্মতি।  
 Contrarily, *ad.* বিপরীতভাবে, বৈপরীতাপূৰ্ণক, বিরুদ্ধ বা বৈপরীতারূপে, উল্টামতে, অন্যমতে, বিরোধপূৰ্ণক।  
 Contrariness, *n. s.* বৈপরীত্যা, বিরোধ, বিরুদ্ধতা, উল্টামত ভাব বা ধর্ম।  
 Contrarious, *a.* বিপরীত, উল্টা, বিরোধী, পরস্পর বিপরীত, অনিচ্ছ, অসম্মত।  
 Contrariously, *ad.* বিপরীতভাবে, বিরোধপূৰ্ণক, বিপরীতমতে, বৈলক্ষণ্যরূপে, অসম্মতিপূৰ্ণক।  
 Contrariwise, *ad.* বিপরীতে, উল্টামতে, বিরোধধর্মমত বা ভাবপূৰ্ণক, পরস্পর বৈলক্ষণ্যরূপে, ভিন্নতন্ত্রে।

Contrary, *ad.* Lat. উল্টা, বিপরীত, ব্যতিক্রম বা ব্যত্যয়বিশিষ্ট, অন্যথা, উল্টা, বিরুদ্ধ, বাম, বিলোম, প্রতিকূল, বিরোধী, অন্য পুকার, প্রতিবাদী, অন্যথাকারী, অযোগ্য, অনুপযুক্ত।  
 Contrary, *n. s.* বিপরীত ভাব বা লক্ষণ, বিপরীতধর্মক বস্তু বা বিষয়, বৈলক্ষণ্য, ব্যত্যয় বা ব্যতিক্রম আছে যাহাতে, To the contrary, অন্য মতলবে, ভিন্ন বা বিপরীতভাষিপ্ৰায়ে, On the contrary, অন্যপুকারে, অন্যমতে, অন্যদিগে, বিপরীতে।  
 To Contrary, *v. a.* Fr. প্রতিবাদ-কৃ, বিপরীত-কৃ, অন্যথা-কৃ, মুকাবিলা-কৃ।  
 Contrary-minded, *a.* বিপরীতমতজ্ঞ, বিপরীতমত হইয়াছে যাহার, ভিন্নমতাবলম্বী।  
 Contrast, *n. s.* Fr. বৈলক্ষণ্য, ভিন্নাভিপ্রায়, মতান্তর, অন্যপুকার, পরস্পর অনৈক্য, মিলান, তুলান, একাংশের অর্থদ্বারা অন্যাংশের ভাব বা অর্থের বৈপরীত্যা।  
 To Contrast, *v. a.* বিপরীত বা বৈলক্ষণ্যভাবে-রক্ষ, পরস্পর অনৈক্য-কৃ (ঞ), পরস্পর বৈপরীত্যা-কৃ, তুলান-দা, মিল।  
 Contratenor, *n. s.* বাদ্যশাস্ত্রে স্বরের মধ্যভাব।  
 Contravallation, *n. s.* Lat. আটক, বন্ধ, দুর্গ, বেড়া, রক্ষণ।  
 To Contravene; *v. a.* Lat. প্রতিরোধ-কৃ, প্রতিবন্ধ-জন (ঞ), ব্যাঘাত-কৃ, বাধা-জন (ঞ), উড়াইয়া বা হারাইয়া-দা, বাক্যোতে-বৃক (ঞ)।  
 Contravener, *n. s.* আটক করে যে, ব্যাঘাত বা নিষেধ করে যে বাধা জন্মায় যে, প্রতিবন্ধক, মুজাহেম।  
 Contravention, *n. s.* প্রতিবন্ধক হওন বা করণ, মুজাহেমি, আটক, বিপরীতচরণ, বাধকতা, নিষেধ, ব্যাঘাত বাধা।  
 Contraversion, *n. s.* প্রতিবন্ধকহওন, পথ আটককরণ, সম্মুখে আ ইমন, সম্মুখেহওন, পথরোধ, বাধা, উল্টাকরণ, উল্টাইয়া দেওন।  
 Contrayerva, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Contrectation, *n. s.* Lat. স্পর্শন, ছোঁওন, ধরণ, হস্তদেওন, হস্ত দ্বারা স্পর্শকরণ।  
 Contributory, *a.* করদায়ী, করদাতা, অধীন, একরাজার অধীন, একরাজাকে কর দেয় যে।  
 To Contribute, *v. a.* Lat. দা, সাহায্য-কৃ, সহায়তা-কৃ, চান্দা-দা, সরবরাহ-কৃ, কোন কার্যের নিমিত্ত ব্যয়-কৃ, অংশ-দা, আনুকূল্য-কৃ।  
 To Contribute, *v. n.* অংশী-হ, ভাগী-হ, অংশদাতা-হ, সহায়-হ।  
 Contribution, *n. s.* চান্দা অংশ, চান্দা, দান, আনুকূল্যকরণ, সাহায্যতা, সাহায্যকরণ, কোন কর্ম সম্বন্ধনামর্থে বহু জন একত্র হইয়া পর্যাবসানকরণ বা তদর্থে অংশ দেওন, সৈন্য প্রতিপালনামর্থে দান বা দেয় বস্তু।  
 Contributive, *a.* সহায়, উপকারশীল, চান্দা দেয় যে, সরবরাহ বা সাহায্য করে যে বা হয় যাহার, আনুকূল্যসম্বন্ধীয়।  
 Contributor, *n. s.* অংশী, অংশদায়ী, অংশদাতা, চান্দাদাতা, সহায়তাকারক, সহায়তা বা উপকার করে যে ব্যক্তি, সরবরাহ কর্তা, সাহায্যকর্তা, আনুকূল্যকর্তা, দাতা, কোন কর্ম সম্বন্ধনামর্থে অন্যের সহিত অংশী হয় যে বা ব্যয় করে যে।  
 Contributory, *a.* সহায়তাকারী, একাভিপ্রায় বা কর্ম সম্বন্ধনামর্থে সাহায্যকারী বা তদংশী।  
 To Contristate, *v. a.* Lat. দুঃখী-কৃ, ভাবিত-কৃ, উদ্বিগ্ন-কৃ, উৎকণ্ঠিত-কৃ, উদ্বিগ্ন বা ভাবনা-জন (ঞ)।  
 Contristation, *n. s.* দুঃখিতকরণ, ভাবিতকরণ, উদ্বিগ্নকরণ, চিন্তার উদ্বিগ্ন জন্মান, মূনিকরণ, নিরানন্দকরণ, ভারিচিন্তকরণ।

- Contrite, a. Lat.** ক্রম্মনাস, ভয়, শিথ, ক্ষরপ্রাপ্ত, অনুতাপী, অনুশোচী, ভাবনা বা মনের ক্রেশেরদ্বারা জরা বা ক্ষরপ্রাপ্ত, ভাবনা কৃষ্ট, পরামননকারী, পাপ বা অপরাধ নির্যত অরণদ্বারা পীড়িত বা আচ্ছন্ন।
- Contriteness, n. s.** অনুতাপ, শ্বেদ, চিন্তা, ক্রম্মনকৃত্য, আপশোস, পাপজন্য ভীকৃত্য, অপরাধ স্বীকার করত অনুতাপকরণ।
- Contrition, n. s.** স্বর্ষণ, গুঁড়াকরণ, ডলন, যঁতাপিষণ, মাড়ন, অনুশোচন, অনুতাপ শ্বেদ, পরামনন, আপশোস, পন্থান, পাপজন্য ভয় শ্বেদ বা ভাবনা, ইন্দ্রপক্ষে সাবধানতা প্রদা, সন্যাস, পাপভয় পণ্যে প্রবৃত্তি বা তকেট।
- Contrivable, a.** চেক্টনীয়, চেক্টাধারা স্থিরকরণীয় কিছা বিবেচনা দ্বারা সিদ্ধকরণীয়, কল্পনীয়, নক্সা বা উপায় করা যায় যাহার।
- Contrivance, n. s.** চেক্টা, উপায়, কিকির, হেকমৎ, জুগৎ, সাধন, উদ্ভ, কৌশল, শৈলী, কল্পনা, চেক্টাধারা প্রাপ্ত বস্ত্র উপায় হ ইয়াছে যাহার কিছা যাহাতে, পরামর্শ, কুমন্ত্রণা, প্রবন্ধনা, রূপ টতা, ছল, কাকী, তুলকতা, চাতুরী, চতুরালী।
- To Contrive, v. a. Fr.** চেক্টা-কৃ, কিকির-কৃ, উপায়-কৃ, নক্সা-কৃ, হেকমৎ-কৃ, জুগৎ-কৃ, কল্পনা-কৃ, মতলব-কৃ, মনসুবা-কৃ, চেক্টাধারা স্থির-কৃ, কৌশল-কৃ।
- To Contrive, v. n.** মতলব-হ, মনসুবা-হ, মনঃস্থ-হ।
- Contrivement, n. s.** হেকমত, সৃষ্টি, কিকির, মতলব, চেক্টা।
- Contriver, n. s.** চেক্টক, হেকমতী, নক্সা করে যে, কল্পনাকারক, উপায় সৃষ্টিকর্তা, মতলবকর্তা, হেকমতী, কৌশলকারী।
- Control, n. s. Fr.** রিজিক্টেরনামক বহী বিশেষ, হিসাববহী, হিসাব মিলান বা মুকাবেলা করা যায় যদ্বারা, শাসন, দবদবা, বশতা, কাব, আটক, এজিয়র, রুমতা, শক্তি, সরদারী, কর্তৃত্ব, প্রভুত্ব, স্বাধীনতা।
- To Control, v. a. Fr.** শাসন-কৃ, জব-কৃ, বশে-রক্ক, তাবে-রক্ক, তাবীয়ান-কৃ, প্রভুত্ব-কৃ, কর্তৃত্ব-কৃ, অধীন-কৃ, বশীভূত-কৃ, কাব-কৃ, হিসাব মুকাবেলা বা রজুকরণদ্বারা যথার্থ-কৃ, আটক-কৃ, আমীনী-কৃ, অপরাধী-কৃ, ভুল বা দোষ সাভ্যাস্ত-কৃ।
- Controllable, a.** শাসনীয়, পরাভব্য, কর্তৃত্বাধীনকরণীয়, আত্মাধীনকরণীয় বা যোগ্য, দম্য, বশ্য, কর্তৃত্বযোগ্য, আমীনীকরণীয়।
- Controller, n. s.** অধ্যক্ষ, আমীন, শাসনকর্তা, শাস্তা, সরদার আত্মাধীন করে যে, বশে আনে বা রাখে যে, হিসাব দেখে বা মিলায় যে, হিসাব তদারক করে যে, কর্তৃত্বাধীনবিশেষ, গৃহকর্তা কর্তা।
- Controllership, n. s.** তদ্যাক্তির কর্তব্য বা পদ, আমীনী, সরদারী।
- Controlment, n. s.** দমন, শাসন, আমীনীকরণ, প্রভুত্বকরণ, সরদারীকরণ, আটক, ব্যাঘাত, বাধা, বিপন্নতা, বৈপরীতা, মুজা হেমি, বিরোধ, জেদকরণ।
- Controversary, a.** বিচার বাদানুবাদ ঝগড়া তকরার ন্যায় বা কা জিয়াবিশিষ্ট।
- Controverse, n. s. Fr.** বাদানুবাদ, বিচার, তকরার, বাগ্গু, হন্দুজ, ন্যায় বিদ্যা বা শাস্ত্রলঙ্ঘনীয় বিরোধ, মোকদ্দমা, মুজাহেমি, বিপরীতাচার, প্রতিকলতা, শত্রুবতা, বৈরিতা।
- To Controverse, v. a.** বাগ্গু-কৃ, বিতণ্ডা-কৃ, বাদানুবাদ-কৃ, তকরার-কৃ, ন্যায়-কৃ, হন্দুজ-কৃ, বিচার-কৃ।
- Controversial, a.** বিবাদী, বিতণ্ডক, হন্দুজী, বাদানুবাদী, ন্যায়ী, কলহী, ঝগড়, ঝগড়া করে যে।
- Controversialist, n. s.** বিবাদী, শাস্ত্রে বাদানুবাদী, শাস্ত্রকলহী, শাস্ত্র বা বিদ্যা বিষয়ের কলহে নিযুক্ত যে, ঝগড়াটে, হন্দুজে।
- Controverser বা Controversor, n. s.** বাদানুবাদকর্তা, ঝগড়াকর্তা, তকরারকর্তা, কা জিয়াকর্তা।
- Controversy, n. s.** শাস্ত্রের বিরোধ, বাদানুবাদ, বিতণ্ডা, পৌড়ি, বিবাদ, লিখনদ্বারা ঝগড়া, হন্দুজ বা বিবাদ, মোকদ্দমা, কা জিয়া, প্রতিবন্ধকতা, প্রতিকলতা, বৈরিত্ব।
- Controversy-writer, n. s.** হন্দুজকারক, ঝগড়াকর্তা, কা জিয়া তকরার বা বাদানুবাদ করে যে ব্যক্তি, বাগ্গুকার্তা, কলহকারক, লিখনদ্বারা বিরোধকর্তা।
- To Controvert, v. a. Lat.** বাগ্গু-কৃ, বাদানুবাদ-কৃ, বিতণ্ডা বা পৌড়ি-কৃ, বিরোধ-কৃ, তকরার-কৃ, লিখনদ্বারা বিরোধ-কৃ, ন্যায়-কৃ, শাস্ত্রে যুদ্ধ-কৃ, বিচার-কৃ বা আপত্তি-কৃ।
- Controverter, n. s.** বিবাদ করে যে, বিবাদী, বিরোধকর্তা, হন্দুজকর্তা, ঝগড়াটে, কন্দলো।
- Controvertible, a.** বিরোধ করণীয়, বিতণ্ডনীয়, বিবাদোপযুক্ত, বাদানুবাদনীয়, ঝগড়া বা হন্দুজ করা যায় যাহাতে কিছা উদ্যোগ।
- Controvertist, n. s.** বিরোধী, বিবাদে নিযুক্ত যে, শাস্ত্র কিছা বিদ্যা বিবাদী, বাদানুবাদক, বিবাদী, তদ্বিষয়ে নিযুক্ত যে।
- Contumacious, a.** চেষ্টা, মগরা, একগুঁআ, অসৎ, বিপরীত, অসভ্য, অহঙ্কারী, ব্যলীক।
- Contumaciously, ad.** চেষ্টামিরূপে, অসভ্যরূপে, অসভ্যতাপূর্ষক, অহঙ্কারিত্বরূপে, ব্যলীকতাপরঃসরে, একগুঁআমিরূপে।
- Contumaciousness, n. s.** চেষ্টামি, একগুঁআমি, অসভ্যতা, অহঙ্কার, দুঃশীলতা, ব্যলীকতা, গৌআরতিমি, আত্মালঙ্ঘন, বৈপরীতা, রেজলামি।
- Contumacy, n. s. Lat. [In Law.]** একগুঁআমি, চেষ্টামি, অবজ্ঞা, অমানন, রাজাজালধুন, অদালতের হুকুম বা আত্মানলধুন, যথার্থবিষয়ে আত্মাতিক্রম বা অবজ্ঞাকরণ।
- Contumelious, a.** নির্লজ্জ, অল্পলজ্জ, বেহায়ী, আবানে, আলগামুখ, শ্বেচড়া, অসভ্য, গৌআর, অপবাদকখনশীল, অপমানকরণশীল, নিন্দাকরণক্রম, নিন্দাকরণশীল, নিন্দাসূচক, নিন্দনীয়, গালিসূচক, গ্লানিপ্রয়োজক, লজ্জাকর, অপমানজনক।
- Contumeliously, ad.** নিন্দাকরণশীলতাপূর্ষক, নিন্দা বা গ্লানিজনকত্বরূপে, নির্লজ্জতাপূর্ষক, অসভ্যতারূপে, কটুভাবিত্বরূপে, গৌআরতিমিরূপে, আবানে বা শ্বেচড়ামিরূপে, চাষামিরূপে।
- Contumeliousness, n. s.** নিন্দা, গ্লানি, অপমান, উৎসনা, কটুক্টি, কটুভাষা, অসভ্যতা, চাষামি, কঠিনত্ব, কর্কশত্ব।
- Contumely, n. s. Lat.** নির্লজ্জতা, নিন্দা, বেহায়ামি, গৌআরতিমি, চাষামি, কর্কশত্ব, তুল্কত্ব, অবজ্ঞেয়ত্ব, ঘৃণাইত্ব, কটুক্টি, বাকপারুষ্য, বাককটুতা, কথার তিক্ততা, গ্লানি, নিন্দা, উৎসনা, অপমান, লজ্জাদেওন।
- To Contund, v. a. Lat.** কুট, ছেঁচ, মাড়, খেঁতল, একত্র আঘাত-কৃ, চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, পিষ।
- To Contuse, v. a. Lat.** কুচা-কৃ, কুটিং-কৃ, খণ্ডং-কৃ, কালিং-কৃ, গুঁড়া-কৃ, ছেঁচ, খেঁতলা, পূর্ষবৎশব্দের অর্থ জানিবেন।
- Contusion, n. s.** কুটন, ছেঁচন, খেঁতলান, মাড়ন, মোচড়ান, আঘাত, ঘা, চোট, আঘাতদ্বারা জাত রক্ত, ছিন্নহওন, ছাড়িয়া যাওন, এতাবস্তাব কিছা অবস্থা।
To Distort, v. a. Lat. মোড়া-দা, মোচড়-দা, মিটক (ক্রি), বক্র  
-কৃ, জড় (ক্রি), মোমড় (ক্রি), ভাঙ্গিয়া বা মোচড়াইয়া বিকৃত  
কার-কৃ, বীভৎসাকার-কৃ, কিয়তকিমাকার, বিকটাকার-কৃ, বা  
ভাবিক বা নিয়মিত ভাবের বা গড়নের বৈলক্ষণ্য-কৃ বা অন্যথা  
-কৃ, যাধার্থ্য বা প্রকৃত অর্ণের নিবৃত্তি-কৃ, ব্যঙ্গ-কৃ।  
Distort, a. মোচড়ান, মোমড়ান, জড়ান, ভঙ্গ, অপকৃত, বক্রীভূত।  
Distortion, n. s. মুখের বিকটাকার, মুখজকুটি, কদাকার, বিকট  
কার বিকট ভঙ্গি বা চালিয়ারা অঙ্গের বৈলক্ষণ্য বা বিকটাকার,  
বিকৃতি, যধার্থ বা প্রকৃত অর্ণের নিবৃত্তি বা হৃগিতকরণ বা তাহা  
হইতে অন্যথাকরণ, প্রকৃতার্থের অন্যথাভাব, মোড়া, মোচড়, বা  
জ, ঘুরপাক।  
To Distract, v. a. Lat. নানাধিগে টান খেঁচ বা আকর্ষণ-কৃ, পৃথ  
ক-কৃ, জুড়া-কৃ, বিভক্ত-কৃ, ভাগ-কৃ, অংশ-কৃ, এক নিরূপিত স্থান  
বা ক্রমহইতে নানা পথে লইয়া-যা, মনের বৈলক্ষণ্য-কৃ, মনে  
বিপরীত বা বিরুদ্ধ ভাবনা বা আন্দোলন-কৃ, বিরক্ত-কৃ, ত্যক্ত  
-কৃ, ব্যজার-কৃ, উদ্ব্যস্ত-কৃ, ক্লিপ্ত-কৃ।  
Distract, part. a. ক্লিপ্ত, বিক্লিপ্ত, উদ্ব্যস্ত, পাগল, ছেপা, উদ্ভ্রান্ত,  
বাহুগুস্ত, ব্যাকুল, বিরক্ত।  
Distractedly, ad. উদ্ব্যস্তরূপে, উদ্ব্যস্তভাৱে, ক্লিপ্তপূর্বক, পাগ  
লামিরূপে, পাগলের ন্যায় হইয়া, পাগলামি করিয়া, বৈরক্ত্য  
পূর্বক, আকুলরূপে।  
Distractedness, n. s. উদ্ব্যস্ততা, ক্লিপ্ততা, পাগলামি, বাহুলতা,  
বাহুগুস্ততা।  
Distracter, n. s. আকর্ষক, আকর্ষণ করে বা টানে যে, একপার্শ্বে  
লইয়া-যায় বা আনে যে, বৈরক্ত্যজনক বা তৎকর্তা।  
Distraction, n. s. নানাপ্রকার মত চালি অভিপ্রায় বা আশয়, না  
নানিগে গতি করায় যে বা হয় যাহাহইতে জ্বলন্ত বা ভান, পা  
র্শ্বকা, ছাড়াছাড়ি, গোলমাল অনীতি বা বিশৃঙ্খল অবস্থাবি  
শেষ, যাহাতে নিরত হৃদয় মনের চাকলা হয় বা নানাপ্রকার  
বিবরে আকর্ষণ হয়, মনের ব্যাকুলতা, মনের অত্যন্ত ভঙ্গ বা অ  
স্থিরতা মোহ বা হৃৎকল্প, উদ্ব্যস্ততা, ক্লিপ্ততা, পাগলামি, ব্যাকুল  
তা, আকুলতা, দৌরাঙ্গা, কগড়া, কলহ, মারামারি, অবনতি,  
[ 289 ]

অঙ্গেল, অনৌহার্য, অপীতি, অনৈক্য, ভিন্নমত, তির্যাক্তিপ্রায়, ম  
ভের বা অভিপ্রায়ের বৈলক্ষণ্য।  
Distractive, a. উদ্ব্যস্ত বা বৈরক্ত্যজনক, দুঃখ, ক্লেশদায়ক, কষ্ট  
-কৃ বা উৎপাতজনক।  
To Distrain, v. a. Fr. ধু, আটক-কৃ, ধালিনা-কৃ, নিরোধ-কৃ, আ  
টক (ক্রি), ক্রোক-কৃ, দেবার আদায় নিমিত্তে মালামাল কএম  
-কৃ, কাড়, ছিন্দ, বিদার।  
To Distrain, v. n. আটক-হ, ক্রোক-হ, ধৃত-হ, কএম-হ।  
Distrainer, n. s. রোধক, রোধকর্তা, নিরোধকারী, ক্রোক করে  
যে আটক করে যে, দেনা আদায় নিমিত্তে মালামাল ক্রোক  
করে যে, ক্রোক-বা ধালিনাকারক।  
Distrainment, n. s. ক্রোক, কএম, আটক, রোধ, নিরোধ, মালের  
ধালিনা।  
Distracted, part. a. উদ্ব্যস্ত, ক্লিপ্ত, ভঙ্গ, আকৃষ্ট।  
To Distream, v. n. উৎসল, উৎসলিয়া-উঠ, ছাপিয়া-উঠ, কুলিয়া  
-উঠ, জলবৃষ্টি-হ।  
Distress, n. s. Fr. আদালতের নিয়মাবলীতে ক্রোককরণ, ক্রোক,  
আটক, জবরদস্তি বা বাধ্যকরণ, যাহাতে দেনাদার ব্যক্তি দেনা  
দেয় কিম্বা আদালতে হাজির হয়, আদালতের ক্রোক, বিপত্তি,  
আপন্ন, উৎপাত, দুর্গতি, দুঃখ, দুর্দশা, ক্লেশ, কষ্টদশা, দুর্ভাগ্য,  
কষ্টতা, কলহ।  
To Distress, v. a. আদালতে নালিশ করিয়া ক্রোক-কৃ, ধু-বা আ  
টক-কৃ, রোধ-কৃ, ক্লেশ-দা দুঃখ-দা পরিতাপ-জন (ক্রি), পীড়া  
-দা, জব-কৃ, ব্যতিব্যস্ত-কৃ, দুর্দশাপন্ন-কৃ, আপন্ন-কৃ, দুঃখিত  
-কৃ, ক্লিষ্ট-কৃ, কষ্ট-দা।  
Distressedness, n. s. দুঃখিতাবস্থা, দুঃখিতত্ব, ক্লেশ, ক্লিষ্টত্ব, ক  
ষ্টাবস্থা, দুর্দশা, দুর্ভাগ্য, দুঃসময়, কষ্টদশা।  
Distressful, a. দুঃখিত, দুঃখময়, দুঃখবিশিষ্ট, দুঃখময়, ক্লিষ্ট,  
দরিদ্র, বিপন্ন, বিপন্নত্ব, দুর্ভাগ্যশালী, দুর্দশাপন্ন, ব্যাসুস্ত।  
Distressfully, ad. ক্লেশপূর্বক, দুঃখ বা বিপত্তিপূর্বক, কষ্টরূপে,  
ব্যামোহপূর্বক।  
Distressing, a. ক্লেশদ, ব্যামোহদায়ক, দুঃখদায়ক, কষ্টজনক  
দুঃখ হয় যাহাতে বা দেয় যে, পীড়াদায়ক, বিরক্ত ক্লিষ্ট বা ব্য  
তিব্যস্ত করে যে, ত্যক্তকারক।  
To Distribute, v. a. Lat. দুই অপেক্ষা অধিকংশ করিয়া-দা বা  
বণ্ট, ভাগ করিয়া-দা, পরিবেশন-কৃ, বিলি-কৃ, ভাগ-কৃ, বিলি ক  
রিয়া বা বাঁটিয়া-দা, দান-কৃ, দা, অংশ-কৃ।  
Distributor, n. s. বাঁটিয়া দেয় যে, বিভাগকর্তা, বিভক্তা, বণ্টনক  
র্তা, বিস্তরণকর্তা, বিলায় যে, ভাগ করিয়া দেয় যে, বিলিকারক,  
অংশদাতা, অংশদ, দানকর্তা, পরিবেষ্টা, পরিবেশনকারী,  
অংশকারী।  
Distribution, n. s. অংশ, ভাগ, বিলি, বাঁটোওয়ারা, হিলা, অংশ  
করণ, অংশ করিয়া দেওন, বিলি করিয়া দেওন, বণ্টন, বাঁ  
টিয়া দেওন, পরিবেশন।  
Distributive, a. অংশদাতা বিলিমাকিক দেয় বা বাঁটে যে, বিলি  
করণে নিযুক্ত যে, যাহার যে অংশ সেইই ব্যক্তিকে নিরূপিত  
অংশ দেয় যে, বিভাগকর্তা বা দাতা, অংশকারী, বণ্টনকারী।  
Distributively, ad. বিলিপূর্বক, বণ্টনপূর্বক, অংশপূর্বক, বিশেষ  
বৎ করিয়া, একই করিয়া।  
Distributiveness, n. s. বিলিকরণেচ্ছা, বিলি বা ভাগ করিয়া দে  
ওনাভিপ্রায়।  
District, n. s. Lat. মণ্ডল, চাকলা, জেলা, মহল, পরগনা, সর  
হদ, দেশ, মূলক, প্রদেশ, পরী, মৌজা।

## DIS

- Distriction, n. s.** অনিশ্চিত বা হঠাৎ দৃষ্ট বস্তু বা তৎপ্রদর্শন, হঠাৎ শূন্য বা প্রকৃতি বা দৃষ্ট হয় যে বস্তু, অকর্ম্মীৎ দৃষ্ট বস্তু।
- To Distrust, v. a.** অপত্যার-কৃ, অপ্রজ্ঞা-কৃ, সন্দেহ-কৃ, গরএতবার-কৃ, অবিশ্বাস-কৃ, ওসরাস-কৃ, আন্দেহা-কৃ।
- Distrust, n. s.** অপত্যার, অবিশ্বাস, অপ্রজ্ঞা, সন্দেহ, গরএতবার, বিশ্বাস প্রজ্ঞা বা পুত্যায়ের হানি বা ক্ষয়, ওসআস।
- Distrustful, a.** অপত্যারী, অবিশ্বাসী, গরএতবারী, অপ্রজ্ঞের, বিশ্বাসহীন, বিশ্বাস বা পুত্যার নাই যাহাতে বা যাহার, ওসরাসী, সন্দেহ, আপনাআপনি, প্রজ্ঞা নাই যাহার, সন্দেহী, ব্রীড়িত, ভীত, ভীকৃ।
- Distrustfully, ad.** অপত্যারপূর্বক, অপ্রজ্ঞাপূর্বক, অনাস্থাপূর্বক, সন্দেহপূর্বক, অবিশ্বাসপূর্বক।
- Distrustfulness, n. s.** অপত্যার, পুত্যারাহিত্য, প্রজ্ঞাহীনতা।
- Distrusting, n. s.** অপত্যার, পুত্যার প্রজ্ঞা বা বিশ্বাসের অভাব বা রাহিত্য।
- Distrustless, a.** নিঃসন্দেহ, পুত্যার বা বিশ্বাসবিশিষ্ট, বিশ্বাস আছে যাহার বা যাহাতে।
- To Distune, v. a.** গোলমাল-কৃ, সুরবিগড় (ক্রি), সুর উল্টাপাল্টা-কৃ, বিগেচ বা ধারাব-কৃ, অসুর-কৃ, বেসুর-কৃ।
- To Disturb, v. a.** Lat. বিরক্ত-কৃ, ব্যস্ত-কৃ, ত্যক্ত-কৃ, অস্থির-কৃ, চঞ্চল-কৃ, সুস্থিরতা মুখ বা অনুবেগরহিত-কৃ, ঘবর (ক্রি), বাধা-জন (ক্রি), আটক-কৃ, বন্ধ-কৃ, বারণ-কৃ, প্রতিবন্ধকতা-কৃ, স্থানাঙ্কর-কৃ; কোন পথ স্থান বা গতিহইতে-কির (ক্রি)।
- Disturb, n. s.** গোলমাল, ব্যস্ততা।
- Disturbance, n. s.** বৈরক্ত্য, ত্যক্ততা, হড়বড়ি, গোলমাল, কলহ, দাঙ্গা, কগড়া, হলদুল, হজাম, লড়াই, কগড়া, শোরহজাম, বিবেচনা বা মতের বৈলক্ষণ্য বা অস্বৈর্য্য, ধকল, ধলল।
- Disturber, n. s.** ব্যস্তকারী, ত্যক্তকারী, গোলমালিয়া, সুস্থিরতা বা স্বচ্ছন্দতানাসক, শোর হজাম করে যে, লড়াই কগড়াকর্তা, মনের উবেগ জন্মায় বা করায় যে, বিরোধী, দাঙ্গাবাজ।
- To Disturn, v. a.** কির (ক্রি), উল্টাইয়া-না, স্থানান্তর-কৃ, ত্যাগ-কৃ।
- Disvaluation, n. s.** অধ্যাতি, অপ্রতিষ্ঠা, অসম্ম, অপমান, অল্প মূল্যকরণ, মান বা সম্মের লাঘব বা অল্পতা, মানহানি।
- To Disvalue, v. a.** অল্পমল্য-কৃ, কমদাম-কৃ বা ঠাওর (ক্রি), যথার্থ মূল্যের লাঘব-কৃ, অনাদর-কৃ, কৃচ্ছ-কৃ, মান ভ্রম বা মূল্যের লাঘব-কৃ।
- Disvalue, n. s.** অপ্রজ্ঞা, অপমান, মানহীন, অনাদর, অবজ্ঞা, তুচ্ছতা।
- To Disvelope, v. a.** Fr. খোল, অনাবৃত-কৃ, প্রকাশ-কৃ, খুলিয়া-দৃশ (ক্রি), খুলিয়া-কেল, বেপারদা-কৃ।
- Disuniform, a.** একপ্রকার নহে যাহা, অন্যপ্রকার, ভিন্নপ্রকার, অন্যরূপ, প্রকারান্তর, অন্যবিধ।
- Disunion, n. s.** বিচ্ছেদ, পার্থক্য, ভিন্নতা, অসংযোগ, অমিল, অনৈক্য, বিয়োগ, বিশ্লেষ।
- To Disunite, v. a.** বিচ্ছেদ-কৃ, পৃথক-কৃ, ভিন্ন-কৃ, জুড়া-কৃ, অসংযোগ-কৃ, সৌহৃদ্য বা আত্মীয়তা ভেদ বা বিচ্ছেদ-কৃ, সুহৃদের-কৃ, অন্তর-কৃ, বেসামিল-কৃ।
- To Disunite, v. n.** জুড়াই-হ, পৃথক-হ, জুড়াই-হ, ভিন্ন-হ, অন্তর-হ।
- Disuniter, n. s.** পৃথককারী, অনৈক্য অমিল বা ভেদ করে বা জন্মায় যে, পরস্পর অপ্রীতি জন্মায় যে ব্যক্তি।
- Disunity, n. s.** পার্থক্য, ভিন্নাবস্থা, জুড়াবস্থা, পৃথগবস্থা, অসংযুক্তাবস্থা, ভিন্নভাষা, একাত্ম।
- To Disvouch, v. a.** অপত্যার-কৃ, অবিশ্বাস-কৃ, সন্দেহ বা মানহীন

## DIV

- স-কৃ, বৈলক্ষণ্য-কৃ, বিরুদ্ধাচার-কৃ, অন্যথা-কৃ, অস্বীকার-কৃ, অপছন্দ-কৃ, বিশ্বাসভঙ্গ-কৃ।
- Disusage, n. s.** Fr. অব্যবহার, অন্যচার, আচার বা ব্যবহারের হ্রাস বা অল্পতা, ব্যবহার বা রীতির ক্রমে ক্ষয় বা হ্রাস।
- Disuse, n. s.** অপয়োজন, নিশ্চুরোজন, অনর্থ, নিরর্থ, অব্যবহার, আচারত্যাগ, ব্যবহার আচার বা রীতিরক্ষণ বা হ্রাস বা ত্যাগ বা বর্জন।
- To Disuse, v. a.** অব্যবহার-কৃ, ত্যাগ-কৃ, বর্জন-কৃ, অন্যথা-কৃ।
- To Diswarn, v. a.** চেতনা, জন (ক্রি), অণেজ্ঞা (ক্রি), অণে সাবধান-কৃ, অণে সমাচার-না, অণে সমাচারদ্বারা উপদেশ-জন (ক্রি) বা-না।
- Diswitted, a.** উন্মত্ত, ক্ষিপ্ত, অবোধ, পাগল, অজ্ঞান, মূঢ়, জ্ঞান বা বিবেচনারহিত।
- To Diswont, v. a.** অব্যবহার্য্য-কৃ, অব্যবহার-কৃ, হৃগিত-কৃ, ব্যবহার্য্য বিষয় বা কর্তব্য ত্যাগ-কৃ, রীতি দ্রব্বর বা ব্যবহার-ত্যাগ।
- Disworship, n. s.** অপমান, নিন্দা, অবহেলা, অবজ্ঞা, অপমান, কৃচ্ছতা, এতৎ কারণ বা বিষয়।
- Dit, n. s.** Dutch. কুদু কবিতা, কুদু গীত, শ্লোক বা গানবিশেষ, কুদু পদ, অনুরব।
- To Dit, v. a.** Sax. বন্দ-কৃ, আটক-কৃ, রুদ্ধ-কৃ, রহিত-কৃ, নিবারণ-কৃ, হৃগিত-কৃ।
- Ditation, n. s.** Lat. ধন বা ধনবান্ধকরণ, ঐশ্বর্য্যবান্ধকরণ, ধনাচ্যকরণ, বর্ধিষ্করণ, উন্নতকরণ, সম্ময়করণ, সমৃদ্ধকরণ, সমৃদ্ধিমান্ধকরণ।
- Ditch, n. s.** Sax. নালী, খানা, ডোবা, খাত, খাই, গর্ত, গড়খাই, বৈয়র্ধ্য, অকর্ম্মণ্য, কেলিয়াদেওনোপযুক্ত বস্তু।
- To Ditch, v. n.** খানা-হ, পরিখা-হ, গর্ত-হ, খাই-হ, খাত-হ।
- To Ditch, v. a.** গড়খাই-কৃ, পরিখা-কৃ, খাত বা পরিখাদ্বারা বেষ্টিত-কৃ।
- Ditch-delivered, a.** খানায় পুসবিত, খানায় বা গর্তে জনম বা পুসব হইয়াছে যে, খানায়পড়া বা হওয়া ছেলে।
- Ditcher, n. s.** খাই কাটে যে, গর্তখনক, খাতখনক, পরিখাখনক, খাত খোদে যে, খানা কাটা মজুর।
- Dithyramb, n. s.** Lat. বাকচলনামক দেবতার উদ্দেশে গীতবিশেষ।
- Dithyrambick, n. s.** তথা, এলুরামেলুয়া গীত, গান।
- Dithyrambick, a.** অসভ্য, এলুরামেলুয়া।
- Dition, n. s.** Lat. রাজ্য, দেশ, মূলুক, আধিপত্য।
- Dittander, n. s.** শস্যবিশেষ।
- Dittany, n. s.** Lat. কুদু বৃক্ষবিশেষ।
- Dittied, a.** গাথা, বাস্যবন্দোপযুক্ত বা তম্বত।
- Ditto, ad.** Ital. তথা, ঐ, সেই, উপরলিখিত, উপর কথিত, পূর্বোক্ত, ঐমত, পূর্বকথিত।
- Ditty, n. s.** Dutch. গীত, গান, কবিতা, শ্লোক।
- Divan, n. s.** দেওয়ান, মন্ত্রী, অবজ্ঞা বা বিগানার্ধে সামান্য মজলিস বৈঠক বা মন্ত্রণা, তুর্ককম্পেনের রাজসভা।
- To Divaricate, v. n.** Lat. দুই ভাগ-হ, দুই খণ্ড-হ, দুই অংশে বিভক্ত-হ, দুই হিস্সা-হ।
- To Divaricate, v. a.** দুই অংশ-কৃ, দুই ভাগ-কৃ, দুই খণ্ড-কৃ, দুই খান-কৃ, বিখা-কৃ, ব্যাংশ-কৃ, অন্তরীকৃত-কৃ।
- Divarication, n. s.** বিভাগ, দুই অংশ, দুই খণ্ড, ভিন্ন মত, ভিন্নাভিপ্রায়, মতের বা অভিপ্রায়ের বিভাগ বা স্বাতন্ত্র্য, বৃদ্ধি, উন্নতি, সমৃদ্ধি, উন্নততা, অন্তরীকরণ।
- To Dive, v. n.** Sax. ডুব-না, ডুব-মার, তলিয়া-না, গোস্তা-মার বা

-খা, জলে ডুব-মার, ডুব-খাদ, ডুবকী-বা, জলের মধ্যে কোন দু  
 ব্যান্ধেবর্ণার্থে গমন-কৃ, কোন বিষয় শাস্ত্র বা মতে মথ বা পুথি  
 -হ, বিদ্যাতে মথ-হ, নিবিক্ট-হ, কোন কল্পে বা অবস্থায়-ডুব  
 বা মথ-হ, তলিরা-বা, বৃক্ষ, লুকাইরা-হা, অল্পক্ট-হ, ডুবমারিরা  
 -বর্জ।

To Dive, v. a. ডিভরে গিরা ব্যক্ত বা পুকাশ-কৃ।

To Divel, v. a. Lat. টান, খেঁচ, আকর্ষণ-কৃ, পৃথক্-কৃ, জুমা-কৃ,  
 ছিন্ন-কৃ, ছিন্দ।

To Divellicate, v. a. Lat. খেঁচ, টান, ছিন্দ, কাড়, তকাৎ-কৃ, জু  
 দা-কৃ, কাট।

Diver, n. s. ডুবক, ডোবে যে, ধনার্থে জলের মধ্যে যায় বা কি  
 রে যে, শাস্ত্রে বা বিদ্যায় মথ বা নিবিক্ট ব্যক্তি, জলচর পক্ষিবি  
 শেব, পানকোড়ি।

Diverb, n. s. Lat. দৃষ্টান্তবাক্য, উপমাবাক্য, কথার কথা, নির্দশ  
 ন উদাহরণ, প্রহেলিকা।

To Diverge, v. n. Lat. বিস্তার-হ, এক দিগ স্থল অবস্থা বিষয় বা  
 রেখাহইতে নানাঙ্কানে-গম, বিকোঁর্ন-হ, বিনেদন বা অপনেদ  
 ন-হ।

Divergence, n. s. বিস্তারহওন, কলাউহওন, ব্যাপক বা পুসারি  
 তহওন, নানাদিগে গমন বা চালি, বিনেদন বা অপনেদন।

Divergent, a. বিতৃত, কলাউ, বিস্তোঁর্ন, বিকোঁর্ন, বিনেদন বা অপনে  
 দনকারী, বিস্তারকারী, অংশমান।

Divers, a. Lat. অনেক, বিস্তর, নানাপ্রকার, ঢের, যথেষ্ট, প্রচুর,  
 বাহুল্য, নানা, বিবিধ, একাধিক।

Divers-coloured, a. নানাপ্রকার, চিত্রবিচিত্র, নানাবর্ণবিশিষ্ট,  
 নানাপ্রকার বর্ণবিশিষ্ট, নানারংযুক্ত।

Diverse, a. অনীদৃশ, পৃথক, বিভিন্ন, ভিন্নপ্রকার, অসূচ্য, অসমা  
 ন, নানাপ্রকার, নানাভাব বা আকার বা গতি আছে যাহার বা  
 যাহাতে, অতজ্ঞপ, রিপরীত, প্রতিকূল।

To Diverse, v. n. অন্যথা-হ, ভাঙ্গ-হ, অন্যদিগে-গম, কির, প  
 ক্রান্তরে-যা, মতান্তরাবলম্বী-হ।

Diversification, n. s. অন্যপ্রকারকরণ বা হওন, পরিবর্তন, গুণ  
 বা আকারের পরিবর্তন, রূপ পরিবর্তন, বদল, নানাপ্রকারহওন  
 বা করণ, বিবিধাকার, নানাপ্রকার ভাব গতি গুণ বা অবস্থা প  
 রিবর্তন, বদলান, ভগীর, ভবদীল।

To Diversify, v. a. অন্যরূপ-কৃ, বিভিন্ন-কৃ, অসূচ্য-কৃ, অসমান  
 -কৃ, অন্যপ্রকার-কৃ, প্রকারান্তর-কৃ, ভবদীল-কৃ, রংবেরং-কৃ, প  
 রিবর্তন-কৃ, চিত্রবিচিত্র-কৃ, নানাপ্রকার-কৃ।

Diversion, n. s. ব্যতিক্রমকরণ, উল্টিয়া দেওন অন্যধাকরণ, রহি  
 তকরণ, স্কৃগতকরণ, অন্যথা করণের কারণ, স্বাভাবিক গতি চা  
 লি বা ভাবহইতে কিরাণ বা অন্যধাকরণ, মনোনিবিক্টকরণের  
 বিষয়, কেলি, কৌতুক, খেলা, বাহার, ভামাসা, জৌড়া, পরিহা  
 স, রহস্য, প্রভারণাকরণ, চাচকী লাগান, কাণীদেওন।

Diversity, n. s. ভাঙ্গ, বিভিন্নতা, বৈলক্ষণ্য, অনবরবত্ব, ভিন্নপ্র  
 কার, নানাপ্রকার, পৃথক্, চিত্রবিচিত্র বা নানাবর্ণ, অনন্যভাব,  
 সূচ্যতার অভাব।

Diversely, ad. নানাপ্রকারে, নানামতে, নানারূপে, অন্যপ্রকারে,  
 ভিন্নপ্রকারে, পৃথক্ বা অসূচ্যরূপে, বৈলক্ষণ্য বা বিভিন্নতারূপে,  
 বৈজাত্যরূপে, পৃথক্‌রূপে।

To Divert, v. a. Lat. নিবৃত্ত-কৃ, রহিত-কৃ, কির (ক্রি), মতান্তর  
 -কৃ, বিভিন্ন-কৃ, পৃথক্-কৃ, সূচ্য(ক্রি), মন আকৃষ্ট-কৃ, মনোহ্বির-কৃ,  
 বৃষ্ট-কৃ, হৃষ্ট-কৃ, ধুসী-কৃ, মোহিত-কৃ, মনোনিত পথহইতে বক্র  
 -কৃ, নাশ-কৃ, উল্টিয়া-বা।

Diverter, n. s. নিবর্তকর্তা, নিবৃত্ত করে যে, তুষ্টিজনক, তুষ্টিকার  
 ক, আক্লাদজনক, মনোনিবিক্ট হয় যাহাতে, তথ্য আয়োদী,  
 নত্বোষকারক।

Diverticle, n. s. কিরাণ, ঘূরাণ, বাঁক, কেয়, খেঁচ।

To Divertise, v. a. Fr. বৃষ্ট-কৃ, আক্লাদিত-কৃ, হৃষ্ট-কৃ, ধুসী-কৃ, ভৃ  
 ঙ্গ-কৃ।

Divertisement, n. s. আক্লাদ, তুষ্টি, নত্বোষ, আমোদ, পুসোদ,  
 আনন্দ, সুখ, গান বা সুরবিশেষ।

Divertive, a. সন্তুষ্টিজনক, ধুসি করে যে বা হয় যাহাতে, আনন্দ  
 জনক, প্রীতিজনক, কৌতুক জন্মায় যে বা হয় যাহাতে।

To Divest, v. a. Fr. রহিত-কৃ, বর্জিত-কৃ, হরণ-কৃ, উল্ল-কৃ, নথ  
 -কৃ, খালি-কৃ, খোলাসা-কৃ, কাড়িয়া-নী, ছিনিয়া-নী, অনধিকা  
 র-কৃ।

Divesture, n. s. হরণকরণ, ছিনিয়া লওন, বলাৎকারে গৃহণ, কা  
 ডিয়া লওন, অপহরণকরণ, অপহরণকরণ, রাখিয়া দেওন, ভ্যা  
 গ।

Dividable, a. বিভিন্ন, পৃথক, আলাহিদা, জুমা, ভিন্ন, অন্তর, ভ  
 কাৎ, বেলগ, ধণ্ডনীর, বিভজনীয়।

Dividant, a. ভাষা।

To Divide, v. a. Lat. ভাগ-কৃ, অংশ-কৃ, ধণ্ড-কৃ, জুমা-কৃ, পৃ  
 থক্-কৃ, বিভাগ-কৃ, অংশযুক্ত-কৃ, অবোগ-কৃ, অলম্ব-কৃ, পরিবে  
 শন-কৃ, বাঁটিয়া-বা, বিলি করিয়া-বা, হিসাৎ বা ভাগৎ ভাঙ্গিয়া  
 -বা, অংশ করিয়া-বা, সঙ্গীতশাস্ত্রে চরণেৎ বা ভালেৎ-বাদ।

To Divide, v. n. জুমা-হ, পৃথক্-হ, ভাঙ্গ-হ, সৌহার্দ ভেদ-হ,  
 আত্মীয়তা বা প্রীতির বিচ্ছেদ-হ, অভিপ্রায় বা মতের বৈলক্ষণ্য  
 -হ, অন্যমত-হ, ব্যত্যয়-হ।

Dividedly, ad. পার্ধাকরণে, জুমাইরণে, স্বাভাব্যরূপে, অংশর  
 পে, বিভিন্নতা বা বিভাগপূর্ক।

Dividend, n. s. অংশ, ভাগ, হিসা, ন্যায্য, বখরা, অঙ্ক শাস্ত্রে হা  
 য়াক, ভাষা।

Divider, n. s. অংশ করে যে ধণ্ড বা ভাগৎ বা অংশৎ করে  
 যে, বটক, অংশ বাঁটিয়া দেয় যে, প্রত্যেক ব্যক্তির ন্যায্য অংশ  
 দাতা, বখরাকর্তা, ভাগকর্তা, অসংশকারী, সূত্রধার পুস্তির  
 কোম্বাস, ভাগকারী, সূত্রমন্ডনকারী, পুগারবিশেষ, বিলিকারী।

Dividing, n. s. পার্ধক্য, জুমাই, ভিন্নকরণ, বিভিন্নতা।

Dividual, a. বিভক্ত, ভাগকৃত, অংশকৃত বিভিন্নকৃত।

Divination, n. s. Lat. ভবিষ্যৎ কখন, ভাবিবিষয়, যাক্করণ, গ  
 ননা করিয়া কখন অনুমান বা বিবেচনাঘারা ভাবি বিষয় অগুে  
 কখন, গণকতা, জানামী, জাদুগরী।

Divinator, n. s. ভবিষ্যৎকথা, ভবিষ্যৎকথক, জানামি করে যে,  
 দৈবজ্ঞ, জান, দৈববিদ্যা ব্যবসায় করে যে।

Divinatory, a. ভবিষ্যৎকখনশীল কিছা তদ্যবসায়ী, কিছা তৎপ  
 কাশক।

Divine, a. Lat. দেবাংশ, ঈশ্বরীয়, দেবস্বভাব বা ধর্মবিশিষ্ট, দৈ  
 বিক, দেবোৎপন্ন, দেবত্ব আছে যাহাতে, অসূচ্যম, ধর্মীয়, পার  
 মার্ধিক, ঈশ্বরসূচ্য, ভবিষ্যৎকখনীয়, ঐশিক, দৈব।

Divinè, n. s. ধর্মোপদেশক, মঙ্গলবাণ্যক, মঙ্গল সমাচারপুকাশ  
 ক, ধর্মবিষয়ক বিদ্যায় আচার্য্য, পুরোহিত, আচার্য্য, যাক্ক,  
 পাদরি, পারমার্ধিক, ধর্মশাস্ত্রজ্ঞ, ধর্মশাস্ত্রবিশারদ, ধর্মশাস্ত্রী।

To Divine, v. a. দেবত্ব-জন (ক্রি) বা-কৃ, দেবত্বপ্রাপ্ত-কৃ, দেবপ্রতি  
 ঠা-কৃ, দেবত্বনংস্থাপন-কৃ, দেবতা-কৃ, দেবতাবিশ্ভাব-কৃ।

To Divine, v. a. ভবিষ্যৎ-বচ, ভবিষ্যৎকতা-কৃ, ভাবি বিষয় অগুে  
 -কথ।



To Divine, *v. n.* ভবিষ্যৎকা-হ, ভবিষ্যৎকাব্যকা-হ, ভাবি বিষয়ে সৎ-ক-হ, দৈবশক্তি বোধ-ক, অনুমান-ক, বিতর্ক-ক, ঠাওর-ক, ঠাওর-হ।

Divinely, *ad.* ঈশ্বরের আদেশপূর্বক, ঈশ্বরের আবেশ শক্তি বা কার্যকারিত্বপূর্বক, দেবতার ন্যায়, দেবত্বরূপে, অত্যাশ্চর্যরূপে, সর্বশ্রেষ্ঠরূপে, দেব ধর্মাবলম্বারে, দেবত্বসূচকভাৱে, ধার্মিক রূপে।

Divineness, *n. s.* ঈশ্বরত্ব, সর্বশ্রেষ্ঠত্ব, দেবাত্ম, দেবাবেশ, দেব মাহাত্ম্য, দেবধর্ম।

Diviner, *n. s.* ভবিষ্যৎকা, দৈবজ্ঞ, ভবিষ্যৎকথক, ভাবি বিষয় ব্যক্ত করে যে, অনুমানকর্তা, বিতর্ককর্তা, জাদুগর।

Divineress, *n. s.* ভবিষ্যৎকা, ভাবি বিষয় ব্যক্ত করে যে স্ত্রী।

Divinised, *a.* দেবধর্মক, ঈশ্বরত্বপ্রাপ্ত বা তত্ত্বধর্মবিশিষ্ট।

Divinity, *n. s. Lat.* ঈশ্বরত্ব, দেবত্ব, দেবতা, ঈশ্বর, দেব, পরমেশ্বর, সর্বসুষ্ঠা, পরমবুদ্ধ, ভগবান, কারণের কারণ, জন্যের জনয়িতা যিনি, কল্পিত দেবতা, স্বর্গীয় ব্যক্তি, ধর্মশাস্ত্র, পরমার্থশাস্ত্র, ঈশ্বরবিষয়ক বিদ্যা, অদ্ভুত দ্রব্য বা বস্তু।

Divisible, *a. Lat.* বিভাগযোগ্য, বিভাগকরণীয়, বিভাগক্রম, বিভিন্ন বা পৃথগ্ভাগযুক্ত, বিভাজ্য, বিভাজনীয়, বিভাগার্হ, অংশনীয়, ভাজ্য।

Divisibility, *n. s.* পৃথক্‌হওন বা করণ ক্রমতা বা তদ্ব্যাপার, স্বাতন্ত্র্য গুণ বা ক্রমতা, অংশনীয়তা।

Divisibleness, *n. s.* অংশ, বিভক্ততা, বিভিন্নতা, পার্থক্য।

Division, *n. s. Lat.* বিভাগকরণ, দুই অংশকরণ, ভাগ২করণ, গুণ২করণ, অংশ২করণ, বিভক্ততা, বিভক্তাবস্থা, পার্থক্য, অংশ বা পৃথক্‌হয় বা করা যায় যাহার দ্বারা তদ্বস্তু, অংশ, বগরা, ভাগ, হিসু, বিভক্ত অংশ, জুদাই, অমেল, অবনাই, অপীতি, বৈষ্ণব, বৈলক্ষণ্য, বিভিন্নতা, অঙ্কহরণ, হরণকরণ, অংশাংশকরণ, ভাগের ভাগকরণ।

Divisioner, *n. s.* অংশকর্তা, ভাগকর্তা, ভাগ করে যে, হিসু করে যে।

Divisive, *a.* অংশকারী, অংশ আছে যাহাতে বা হয় যদ্বারা, বিলি বা অংশ বাঁটোয়ারা হয় যদ্বারা, পার্থক্য বা অংশকারী, অসংযোগকারী।

Divisor, *n. s. Lat.* হারক, অঙ্কহরণ হয় যে অঙ্কদ্বারা, বিভাগকর্তা, বিভাজক, অঙ্কহারক।

Divorce, *n. s. Lat.* ত্রীপুরুষে বিচ্ছেদ, পার্থক্য বা ছাড়াছাড়ি, রা জবিচারানন্তর বা শাস্ত্রানুসারে ত্রীপুরুষের পরস্পর বর্জন বা ত্যাগ, অমেল, অপীতি ব্যবস্থা কিম্বা রাজাজ্ঞাদ্বারা বিবাহের নিবর্তন কিম্বা সঙ্গত্বরূপে ছাড়াছাড়ি বা পৃথক্‌হওনের কারণ।

To Divorce, *v. a.* ত্রীপুরুষে পরস্পর ভাগ-ক, ছাড়াছাড়ি-ক, জুদাই-ক, স্বতন্ত্র-ক, ত্যাগ-ক, কাক-ক, জুদাই-ক, ছাড়িয়া-দা, কাটিয়া-দা, পরস্পর সম্বন্ধভাগ-ক, বর্জন-ক, হরণ-ক।

Divorcement, *n. s.* ছাড়াছাড়ি, ত্রীপুরুষে পৃথক্‌হওন, পরস্পর ভাগকরণ, ত্রীপুরুষাধীন সঙ্গত্বরূপে, দাম্পত্য সম্বন্ধনাশ।

Divorcer, *n. s.* ত্রীপুরুষে বিচ্ছেদ জন্মায় যে, ত্রীপুরুষের পৃথক্‌হওনের কারণ, জাতিবিশেষ বা ব্যক্তি।

Divorcive, *a.* ত্রীপুরুষের বিচ্ছেদ করণক্রম, ত্রীপুরুষে বিচ্ছেদ বা ছাড়াছাড়ি করিবার শক্তি আছে যাহার বা করে যে।

Diuretick, *a.* মূত্রোৎপাদক, মূত্রনিঃসারক, মূত্রোৎপাদক, মূত্রধারক, মূত্রবর্ধক বা উৎপাদক।

Diuretick, *n. s.* ঔষধিবিশেষ, যদ্বারা স্বচ্ছন্দরূপে মূত্র নিঃসরে, মূত্র পরিষ্কারক, বা মূত্র নিঃসরণক বস্তু।

Diurnal, *a. Lat.* দৈবনিক, দিবসনয়নীয়, দিন হয় যদ্বারা বৎকর্তৃক বা যাহাহইতে, প্রাত্যহিক, দৈনন্দিন, আল্লিক।

Diurnal, *n. s.* রোজনামা, জাফা, প্রতিদিনে হয় যাহা ভবিষয়।

Diurnalist, *n. s.* রোজনামালেখক, প্রতিদিন উপস্থিত বিষয় লিখে-বা সৎধ্যা করে যে বা তাহার হিসাব রাখে যে ব্যক্তি।

Diurnally, *ad.* প্রতিদিনে, দিন২, পুতাহ, প্রতিদিবস, রোজ২।

Diuturnal, *a. Lat.* বহুকালস্থায়ী, দীর্ঘকালস্থায়ী, বহুকালব্যাপক, চিরকালব্যাপক, চিরস্থায়ী।

Diuturnity, *n. s.* বহুকালব্যাপকতা, বহুকালস্থায়িত্ব, টেকাউ, দীর্ঘত্ব, বহুকাল, দীর্ঘকাল।

To Divulgate, *v. a. Lat.* গুপ্তবিষয় প্রচার-ক, প্রকাশ-ক, গোপন প্রকাশ-ক, গুহ্যবিষয় প্রচার-ক, খোল, রাষ্ট্র-ক, বেপরদা-ক।

Divulgate, *a.* প্রকাশিত, প্রচারিত, ব্যক্ত, বিদিত, প্রকটিত, মশহুর, গোল।

Divulgation, *n. s.* প্রকাশকরণ, বাহ্যে ব্যক্তকরণ, সর্বত্র প্রচারকরণ, বাহিরে, জানান, রাষ্ট্রকরণ, কাইসকরণ, মশহুরকরণ, গোলকরণ।

To Divulge, *v. a. Lat.* প্রকাশ-ক, খ্যাত-ক, প্রচার-ক, সর্বত্র প্রচার-ক, ব্যক্ত-ক, প্রকট-ক, ঘোষণা-দা, ইশতেহার-দা, সাধারণ বা প্রকাশদ্বারা ব্যক্ত-ক।

Divulger, *n. s.* প্রকাশক, প্রচারক, ব্যক্তকারক, ঘোষণাদাতা, প্রচারকর্তা, গুপ্ত ব্যক্তকারক।

Divulsion, *n. s. Lat.* উৎপাটন, বিদারণ, ছিন্দন, কাড়ন।

Divulsive, *a.* বিদারক, বিদারণকারী, বিদারণক্রম, ছিন্দনক্রম।

To Dizen, *v. a.* বেশ-ক, সুবেশ-ক, পরিধান-ক, অলঙ্কৃত-ক, সুন্দররূপে পরিহিত-ক, ডুবা-ক, বেশভূষায় সজ্জা-ক, শোভিত-ক, সুবিত-ক।

To Dizz, *v. a. Sax.* চমৎকৃত-ক, বিস্ময়াপন্ন-ক, বিস্মিত-ক, বিরক্ত-ক, ব্যাকুল-ক, জ্ঞানহ্রাস-ক, অবোধ-ক, চৈতন্যরহিত-ক, বেজ্ঞার-ক।

Dizzard, *n. s.* নির্দোষ, অবোধ, হোসরহিত, বেহোস, বেজ্ঞাপ, বোধশূন্য, পাগল, অচৈতন, অচেতন্য, মূঢ় ব্যক্তি।

Dizziness, *n. s.* বৈরক্ত্য, বৈকল্য, মাথা ঘূর্ণন, মাথার বেটিক, ভুগ্নি।

Dizzy, *a. Sax.* অচেতন, বেহোস, মাথার ঠিকানা নাই যাহার, মাথা ঘূরে যাহার, অজ্ঞান, জ্ঞানশূন্য, ঘূর্ণায়মান, ঘূর্ণিত ঘূর্ণনশীল।

To Dizzy, *v. a.* ঘূর্ণ (ক্রি), বেহোস-ক, অচেতন-ক, অস্থির-ক।

To Do, *v. a.* -ক, কর্ম-ক, কোন কর্ম-ক, নির্বাহ-ক, সঙ্গ-ক, কর্মসম্পাদন-ক, কর্ম সঙ্গ-ক, বিশেষ কর্ম নির্বাহ-ক, সমাধা-ক, (ক্রি), কর্ম চাল (ক্রি), কলোৎপাদন-ক, কল-দ্বন্দ্ব (ক্রি), সাধ্যানুসারে চেষ্ঠা-ক, পরের উপকার বা অপকারের নিমিত্তে কর্ম-ক, চেষ্ঠা-ক, প্রাপ্তি-ক, গুণ ভাব বা ক্রমভাৱে সফল-ক, যাহা নর তাহাই-ক, শেষ-ক, সম্পূর্ণ-ক, অন্ত-ক, সমাপ্ত-ক, রক্ষা-ক, বন্দোবস্ত-ক, রক্ষ, *What to do with*, কিকরিতে, কিনিমিত্তে, কিমর্থে, কিকারণ, কিপ্রকারে, কিকর্থে, কিজন্যে কিহেতুক।

To Do, *v. n.* ব্যবহার-ক বা-হ, চল, আচার-ক বা হ, কোনপ্রকারে চল বা ব্যবহার-ক, শেষ-হ, অন্ত-হ, সমাধা-ক, পূর্ণ-ক, সম্পূর্ণ-হ, নিঃসঙ্গ-হ, বর্ত-হ, ঘট, স্থা, মঙ্গল-হ, সফল-হ, অভিলাব পূর্ণ-হ, অভিপ্রায় সিদ্ধ-হ, এ শব্দ নানাবিধ ক্রিয়াপদের পুনরুক্তি স্থানে ব্যবহার হয়, এবং তৎ শব্দের অর্থ করে, যথা, *I shall come, but if I do not, go away. Do,* শব্দ স্তম্ভ অনুম

তি বা প্রার্থনা বুঝায়, যথা, *Help me, do ; make haste, do ; To Do*, ক্রিয়াপদের পূর্বে পাদপূরণার্থে প্রয়োগ হয়, যথা, *I love*, অথবা, *I do love, I did love*, অথবা, *I loved ;* কখনও নূরুৎ বা নিশ্চয়ার্থ বুঝায় যথা, *I do hate him, but will not wrong him ;* কখন বৈপরীত্য বা বৈলক্ষণ্য বুঝায়, যথা, *I did love him, but scorn him now ;* কখন বা নঞ অর্থ করে, যথা, *I do not know the man ;* কখন প্রশ্নার্থ হয়, যথা, *Do you not remember me ? Do*, *n. s.* *Doc*, কিছা, *Ado*, শব্দ দেখ *Do-little*, *n. s.* ঘৃণা বা বিজ্ঞপ বা গর্হণপ্ৰয়োজক শব্দবিশেষ, যে ব্যক্তি বড়কটাই বা প্রগলভতা করে তৎসম্বন্ধে প্রয়োগ হয়, যে ব্যক্তি অনেক কর্ম করে বলে কিন্তু বাস্তবিক তাহাই হইতে অত্যল্প কর্ম হয় তৎসম্বন্ধে প্রয়োজিত শব্দ।

*To Doat*, *v. n.* *Dote* শব্দ দেখ।

*Docible*, *a.* *Lat.* বশহওন বা করণ যোগ্য, আজ্ঞার বশ, ধীর, নম্র, শিষ্ট, সহজে বা অনায়াসে শিক্ষিত হয় বা শিক্ষিতে পারে যে, সুবুদ্ধি, মেধাবী, কানধড়কী, অনুশিষ্ট, প্রণেয়, সুবোধ।

*Docibility*, *n. s.* শিষ্টতা, ধীরত্ব, নম্রতা, শীঘ্র বা অনায়াসে শীঘ্র শিক্ষিতে করণেচ্ছা প্রবৃত্তি বা ঔৎসুক্য, শিক্ষিবার সত্ত্বতা, সুমেধা, সুবুদ্ধি।

*Docibleness*, *n. s.* শিক্ষণীয়ত্ব, উপদেশ্যত্ব, উপদেশযোগ্যত্ব, শিক্ষা দেওনোপযুক্ততা।

*Docile*, *a.* *Lat.* অনায়াসে বা সহজে শিক্ষাকরণীয়, অনায়াসে শিক্ষিত হয় বা করা যায় যাহাকে, আত্ম শিক্ষণীয়, আত্মপদেশ্য, অনায়াসে শিক্ষ্য।

*Docility*, *n. s.* শিক্ষাশীলত্ব, শিক্ষাকরণযোগ্যত্ব, শিক্ষিবার ঔৎসুক্য, শিক্ষা করিবার প্রবৃত্তি চেষ্টা বা ইচ্ছা, মেধা, শিষ্টতা, ধীরতা, নম্রতা।

*Dock*, *n. s.* *Sax.* বৃক্ষবিশেষ, দল বা লতা বৃক্ষবিশেষ।

*Dock*, *n. s.* *Goth.* গুদি, জাহাজের গুদি, জাহাজ নির্মাণ হয় যে স্থানে, জাহাজ মেরামত হয় যে স্থানে, জাহাজ অনায়াসে উঠান বা নামান যায় যে স্থানে, ইচ্ছাক্রমে জল আনা ও বাহির করা যায় যে স্থানে।

*Dock-yard*, *n. s.* জাহাজ বানাইবার কারখানা, জাহাজি দুব্যাগার, গুদি, জাহাজ নির্মাণের স্থান।

*Dock*, *n. s.* লাঙ্গল মূল, লাঙ্গল কর্তন করিলে অবশিষ্ট থাকে যা হা, গোড়া, বেঁচে ল্যাজ।

*To Dock*, *v. a.* লাঙ্গল ছিদ্র, লাঙ্গল-কাট, বেঁচে-ক, কোনদুবা ছোট করিয়া-কাট বা-ছাট, ছেদনদ্বারা কুণ্ড-ক, যথা কুকুরের লাঙ্গল, হিসাব বা লেখা-কাট, ন্যস্তধনাপঘাত, বা ছেদ-ক, গুদিত্তে জাহাজ-ডর বা-রক, গুদিত্তে জাহাজ মেরামত-ক।

*Docket*, *n. s.* জিনিসের বস্তানির উপর শিরনাম, দাগ বা অঙ্ক, দু ব্যাধির গাঁইট বা বস্তার উপর দাগ চিহ্ন বা বিজগ, গাঁইট বা বস্তার উপরিস্থ শিরনাম, চূষক, কলিতার্থ কুল, অধিক লিখনের কুল।

*To Docket*, *v. a.* শিরনাম-দা বা-লিখ, কাগজ বা লিখনের পৃষ্ঠে নাম-লিখ বা অঙ্কিত-ক, বিজগ-দা বা লিখ।

*Doctor*, *n. s.* *Lat.* পরমার্থ স্মৃতি বৈদ্যক বা সঙ্গীতশাস্ত্রে ক্ষমতা ব্যুৎপত্তি বা সঙ্কার হইয়াছে যাহার বা তদ্বিবয়ে চিহ্ন বা উপাধি ধারণ করিয়াছে যে ব্যক্তি, বৈদ্য, ভিবক, চিকিৎসক, ক বিদ্বান, জানী, আচার্য্য, পণ্ডিত, ব্যুৎপত্তকেশরী, মৌলবী, কাজী।

*To Doctor*, *v. a.* স্বাস্থ্য-ক, ভাল-ক, আরাম-ক, সুস্থ-ক, চান্দা-ক, রোগপ্রতীকার-ক, রোগ দূর-ক, রোগমুক্ত-ক।

*Doctoral*, *a.* ডাক্তার উপাধিসম্ভুক্ত ব্যক্তির অধ্যয়নের ক্রমবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

*Doctorally*, *ad.* পণ্ডিতের ন্যায়, পণ্ডিতের ধারাদ্বারা, পণ্ডিত্য পূর্বক, ভিবকব্যক্তির ধর্ম্য গুণ বা নিম্নমানসারে বা ডক্টরে।

*Doctorate*, *n. s.* ডাক্তারসম্ভুক্ত ব্যক্তির পদক্রম বা পায়ী বা তৎপদের চিহ্ন।

*To Doctorate*, *v. a.* পণ্ডিত-ক, ভিবক-ক, ডাক্তার-ক।

*Doctress*, *n. s.* ভিবক বা পণ্ডিত ব্যক্তির বিদ্যা ব্যুৎপত্তি বা ক্ষমতা আছে যে স্ত্রীতে বা তদ্বিহা ব্যবসায় করে যে স্ত্রী।

*Doctorly*, *a.* পণ্ডিতত্বল্য, জানবান, পণ্ডিতোপম, পণ্ডিতসমান।

*Doctors-commons*, *n. s.* লন্ডন নগরে শিবিদিরনসম্ভুক্ত রাজ ব্যাপারি লোকের বিদ্যালয় বা চৌপাত্তীবিশেষ।

*Doctorship*, *n. s.* ডাক্তারসম্ভুক্ত বা ভিবক ব্যক্তির কর্ম বা পদ বা ব্যবসায়, আচার্য্যতা, কবিরাজী।

*Doctrinal*, *a.* *Lat.* উপদেশবিশিষ্ট, ব্যবহারাদ্বারা, মত ধর্ম্য বা শিক্ষাবিবয়ক বা তদ্বিশিষ্ট, শিক্ষার উপযোগিতাসম্বন্ধীয়, শিক্ষা সম্বন্ধীয়।

*Doctrinal*, *n. s.* কোন মত বা ধর্মের একাংশ।

*Doctrinally*, *ad.* কোন ধর্ম্য বা মতপূর্বক বা তদনুসারে বা ডক্টরে, নিতান্ত অবশ্য বা নিশ্চয়পূর্বক।

*Doctrine*, *n. s.* মত, ধর্ম্য, পথ, বিদ্যা, শিক্ষা, উপদেশ।

*Document*, *n. s.* *Lat.* শিক্ষা, আদেশ, আজ্ঞা, হুকুম, উপদেশ, কু পরামর্শ দৃষ্টমত, প্রমাণ, নিদর্শন, প্রামাণ্য হয় যে কাগজ বা লিখাতে দলিল, কাগজপত্র, দলিল দস্তাবেজ।

*To Document*, *v. a.* শিক্ষা-ক (ঞ), উপদেশ-ক বা-দা, আজ্ঞা-ক, হুকুম-ক, আদেশ-ক।

*Documental*, *a.* শিক্ষাবিবয়ক, উপদেশসম্বন্ধীয়।

*Documentary*, *a.* শাস্ত্রে নিশ্চিত প্রমাণসম্বন্ধীয়, দলিল মোতাবেক কাগজ বা লিখন বা সাক্ষী, নিদর্শন পত্রসম্বন্ধীয় বা তদ্বিবয়ক কাগজপত্রসম্বন্ধীয়।

*Dodder*, *n. s.* *Dutch.* বৃক্ষবিশেষ।

*Doddered*, *a.* পূর্বেক্ত বৃক্ষময় বা তৎসম্বন্ধে পরিপূর্ণ বা অজলবিশিষ্ট।

*Dodecagon*, *n. s.* দ্বাদশ কোণবিশিষ্ট মূর্ত্তি বা আকার, বার কোণা দুবা, দ্বাদশাসু ক্ষেত্র।

*Dodecahedron*, *n. s.* *Gr.* [In Geometry.] দ্বাদশ কোণবিশিষ্ট, অঙ্ক বা মূর্ত্তিবিশেষ, দ্বাদশ কোণ বা দিগ সমান যাহার তৎমূর্ত্তি, আর ঐ মূর্ত্তির প্রত্যেক পাঁচ কোণবিশিষ্ট অংশ, সমদ্বাদশাসু।

*Dodecatemoron*, *n. s.* দ্বাদশাংশ, দ্বাদশ ভাগের একভাগ, দ্বাদশাংশের একাংশ।

*Dodecatemory*, *n. s.* রাশিচক্রের মধ্যে দ্বাদশ রাশির প্রত্যেক রাশির সঙ্জাচক শব্দ।

*To Dodge*, *v. n.* পুতারক-হ, বঞ্চক-হ, মাগিক-হ, দস্তী-হ, ছল-ক, কপটী-হ, কাকি-দা, কপট-ক, কাকি দিয়া বা পলাইয়া-কির, পিছে-লাগ।

*Dodger*, *n. s.* পুতারক, প্রবঞ্চক, জুয়াচোর, ভণ্ডক, ঠগ।

*Dodkin*, *n. s.* *Dutch.* ঘুঘুবিশেষ।

*Dodman*, *n. s.* মৎস্যবিশেষ, একপ্রকার শয়ক।

*Dodo*, *n. s.* পক্ষিবিশেষ।

*Doc*, *n. s.* *Sax.* হরিণী, মৃগী, শারঙ্গী, কুরঙ্গী, হরিণবধু।

*Doc*, *n. s.* কর্ম, কর্তব্য কার্য্য, করণোপযুক্ত বা কর্মকৃত্য।

*Doer*, *n. s.* কর্মকারী, কর্মকর্তা, কোন কর্ম করে যে, গোমাতা, কর্তা, কারক, সঙ্গাদক, নির্বাহক, চালাক, দক্ষ-কর্মী বা ক্ষিপ্ত

ব্যক্তি, শীঘ্র কর্ণা, স্বাভাবিক কর্ণ করে যে বা কর্ণ হয় বাহাই ইতে তৎব্যক্তি।  
 Does, Do, ক্রিয়াপদের বিকারিত শব্দ, যুদ্ধ অক্ষতের কর্ণ বা চো এক বচনান্ত ক্রিয়াপদ, করেন বা করে বুঝায়, এশব্দ, Doth, পদের পরিবর্তে ব্যবহার হয় জানিবে।  
 To Doff, *v. a.* বস্ত্রত্যাগ-কৃ, বিবস্ত্র-কৃ, অনাবৃত-কৃ, উলঙ্গ-কৃ, দে রি-কৃ, গৌণ-কৃ, ত্যাগ-কৃ, কাড়িয়া-কেন, দূর করিয়া-দা, ওজর করিয়া-রক্ত।  
 Dog, *n. s. Dutch.* কুকুর, কুকুর, কুস্তা, নরকত্রবিশেষ, ঘৃণাবাচক মনু ব্যের নাম বা বিশেষণ, স্বাক্ষর বা চপল বা দুরন্তব্যক্তি, কুম্ভার বিন্দু, রঞ্জিতা বাব্, *To give or to send to the dogs*, ত্যাগ-কৃ, ফেলিয়া দা, নষ্ট-কৃ, *To go to the dogs*, নষ্ট-হ, বিনাশ-হ, ব হিয়া-বা, উচ্ছিন্ন-হ, লুপ্ত-হ, পুঞ্জাতি, মর্দা, *A pair of dogs*, অগ্ন্যাধার বিশেষ, কাঠ ছালাইবার লৌহপাত্র বা কলবিশেষ, করাতির ব্যবহৃত লৌহশুণ্ডবিশেষ।  
 To Dog, *v. a.* কুকুরের ন্যায় শিকার-কৃ, পশ্চাৎ গমন-কৃ, কুকুরে র ন্যায় পশ্চাৎমামী হইয়া ধূ-বা আক্রমণ-কৃ, কুকুরের ন্যায় গুপ্ত রূপে অশ্বেষণ-কৃ।  
 Dog-sight, *n. s.* কুকুর যুক্ত, কুকুরের লড়াই।  
 Dog-fisher, *n. s.* একপ্রকার পক্ষী।  
 Dog-keeper, *n. s.* ডুবিয়া, কুকুররক্ষক।  
 Dog-latin, *n. s.* গোঁয়ার বা চোয়াড়ের লাটিন ভাষা বা জবান, মর্ধ অপরিচিত অশিক্ষিত বা অস্বস্ত লাটিন ভাষা।  
 Dogly, *a.* কুকুররৎ, কুকুরের ন্যায়, কুকুরধর্মক, পশুবৎ, পশুধর্ম ক।  
 Dog-mad, *a.* কুকুর ন্যায় পাগল, পাগলা কুকুর বা তন্ন্যায়।  
 Dog-teeth, *n. s.* পাশ্চদন্ত, মাড়িদন্তের অব্যবহিতবর্তী দন্ত।  
 Dog-trick, *n. s.* মন্দকর্ম, কুকর্ম, করুণ ব্যবহার, কুক্রিয়া, কুব্যব সায়।  
 Dogbane, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Dogberry-tree, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Dogbolt, *n. s.* মনুষ্যসম্বন্ধে ব্যবহৃত ঘৃণাবাচক শব্দবিশেষ।  
 Dogbriar, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Dogcheap, *a.* কুকুরের খাদ্যোপযুক্ত মাংসন্যায় ওয়াই বা সুল ভ।  
 Dogdays, *n. s.* সূঁইল, সূর্য্যযোগ দিন, ২৮ শ্রাবণ ও ২৮ ভাদ্র পর্য্যন্তকাল।  
 Dogdraw, *n. s.* গুপ্তারকরণ, বনে শিকারকরণ বিষয়ের নিয়ম ল লনকারী বা অপরাধি ব্যক্তিকে ধরণ বা গুপ্তারকরণ।  
 Doge, *n. s. Ital.* বেনিশ ও জিনোআ দেশে প্রধান বিচারকর্তার উপাধি।  
 Dogfish, *n. s.* একপ্রকার হাঙ্গর।  
 Dogfly, *n. s.* কুকুর মক্ষিকা, কুকুরিয়া মাছি।  
 Dogged, *a.* উদাস, নিরুৎসাহ, নিরানন্দ, বিরক্ত, কুপিত, কঠিন, নি র্দয়, নিষ্ঠুর, একগুঁঁয়া।  
 Doggedly, *ad.* উদাসরূপে, নিরানন্দ বা বৈরক্ত্যপূর্ব্বক, কোপ বা কারুণ্যরূপে, একগুঁঁয়ামিরূপে।  
 Doggedness, *n. s.* নিরানন্দ, উদাস্য, মনোদুঃখ, অনাঙ্কান্দ।  
 Dogger, *n. s.* এক মাত্তলে ক্ষুদ্র জাহাজবিশেষ।  
 Doggerel, *a.* অপরিমিতাচরণ বা পদবিশিষ্ট, মূর্খের কবিতা, বিপ রীতা চরণবিশিষ্ট ক্ষুদ্র বীচ বা নিন্দনীয় কবিতাবিশিষ্ট।  
 Doggerel, *n. s.* ক্ষুদ্র, নামান্য, অধম বা মন্দ কবিতা বা দোক, নি ন্দনীয় কবিতা বা দোক, খেঁচা কবিতা।

Dogdish, *a.* পশুধর্মক, পশুবৎ, গোঁয়ার, মূর্ধ, ক্যাঁক্যাঁকিয়া।  
 Doghearted, *a.* নিষ্ঠুর, নির্দয়, ক্রুর, হিংসু, মন্দকারী।  
 Doghole, *n. s.* অধমস্থান, অধম বাস।  
 Dogkennel, *n. s.* কুকুরাগার, কুকুরের কুঁড়ে, কুকুরালয়, কুকুরগৃহ।  
 Dogleach, *n. s.* কুকুরের বৈদ্য, কুকুরচিকিৎসক।  
 Doglouse, *n. s.* কুকুরের কীট বা উকুন।  
 Dogly, *ad.* কুকুরের ধর্ম্যানুসারে, কুকুরের ন্যায়।  
 Dogma, *n. s. Lat.* মত, ধর্ম্যবিষয়, ধর্ম্য, নিয়ম, ব্যবস্থা, শিক্ষা, উ পদেশ, কোন মতের মূলকথা।  
 Dogmatical, বা Dogmatick, *a.* ধর্ম্যশাস্ত্রের নিয়মবিশিষ্ট বা তদ অনুসারী, নিশ্চয়ত্ব ব্যক্তকারী, স্বমতাবলম্বী, স্বমতে যাথার্থ্য পুরঃ সরে ব্যক্তকারী, কোন বিষয় যাথার্থ্য পুরঃসরে ব্যক্ত করে যে, মতবিষয়ে আত্মাভিমানি জন, প্রমাণবিশিষ্ট, শক্তিবিশিষ্ট, অহ ক্তারী, গর্ভী, গর্ভিত, নিশ্চয়, সারোদ্ধার, একগুঁঁয়ে।  
 Dogmatically, *ad.* গর্ভিতত্বপূর্ব্বক, অহঙ্কারপূর্ব্বক, অহঙ্কৃতত্ব র পে, টিকরণে, নিশ্চয়ত্বরূপে, সারোদ্ধাররূপে।  
 Dogmaticalness, *n. s.* যাথার্থ্য ব্যক্তকারিত্ব, নিশ্চয়ত্ব, ধর্ম্য বা স্বী তির প্রামাণ্য ব্যক্তকারিত্ব, স্বমতাবলম্বন বা যাথার্থ্য পুরঃসরে তৎপ্রকাশ বা ব্যক্তকরণ।  
 Dogmatick, *n. s.* বৈদ্য জাতিবিশেষ একপ্রকার ভিষক্, যাহারা শাস্ত্রের নিয়ম, অনুভব বা পরীক্ষানুসারে চলে না।  
 Dogmatism, *n. s.* মত সংস্থাপনের নিশ্চয়ত্ব, মত বা অভিপ্রায়ের যাথার্থ্য নিশ্চয়করণ বা তৎপুরঃসরে ব্যক্তকরণ, কোন মতের যা থার্থ্য বা সত্যতা ব্যক্তকরণ, মতবিষয়ে আত্মাভিমান।  
 Dogmatist, *n. s.* গর্ভী বা অহঙ্কারবিশিষ্ট, উপদেশক, স্বমত যাথার্থ্য নিশ্চয় বা সত্য অথবা অন্যাপেক্ষার শ্রেষ্ঠত্বপুরঃসরে শিক্ষা করায় যে, স্বমতবাদী, আত্মধর্ম্য বা নিয়মকথক, মতবিষয়ে আত্মা ভিমানি জন।  
 To Dogmatise, *v. n.* নিশ্চয়ত্বরূপে স্বমত স্থাপন-কৃ, আপন মত ধর্ম্য বা অভিপ্রায় যাথার্থ্যপুরঃসরে ব্যক্ত-কৃ, মতবিষয়ে আত্মাভি মান-কৃ।  
 Dogmatizer, *n. s.* স্বমতস্থাপক, আপন মত ধর্ম্য বা কর্ণ যাথার্থ্য পুরঃসরে ব্যক্তকর্তা বা স্থাপক, ব্যাপকত্বরূপে উপদেশকর্তা, আ ত্মধর্ম্যসংস্থাপক।  
 Dogrose, *n. s.* হিপনামক বৃক্ষের পুষ্প, বন্য গোলাব।  
 Dogsears, *n. s.* কেতাবের কাণ চিরিলে যে ভাঁজ বা দাগ পড়ে, কেতাবের পত্র উল্টান বা কাণ চেরা ইত্যর্থ জানিবে।  
 Dogsick, *a.* কুকুরের পীড়ায় পীড়িত, কুকুরের ন্যায় পীড়িত বা ব মনকারী, কুকুরের বমনবৎ পীড়া হইয়াছে সাহার।  
 Dogskin, *a.* কুকুরের চর্মে নির্মিত, কুকুরের চর্মে গঠিত বা প্রস্তুতী কৃত।  
 Dogsleep, *n. s.* কুকুরের নিদ্রা, কুকুরের ন্যায় নিদ্রা, চক্ষুর্মুদ্রিত ক রিয়া শয়ন, কল্পিত নিদ্রা, জাগিয়া ঘুম, কৃত্রিম নিদ্রা, রূপট নি দ্রা।  
 Dogsmeat, *n. s.* কুকুরের খাদ্যোপযুক্ত মাংস, কুকুরের আহার বা ভোগ, কদম্ব বা হের দুবা, বাহা কুকুরে খায়।  
 Dogstar, *n. s.* তারাবিশেষ, সূঁইল।  
 Dogstooth, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Dogtrot, *n. s.* সহজ গমন, সূচলন, একভাবে বা ধীরে গমন, কুকু রের ন্যায় গতি বা চলন।  
 Dogweary, *a.* কুকুরের ন্যায় শ্রান্ত, কুকুরবৎ শ্রান্ত।  
 Dogwood, *n. s.* ফলবিশেষ।  
 Doily, *n. s.* পশমি কাপড়বিশেষ, তাইলোনামক ব্যক্তির দ্বারা স্ট

তত্ত্বামধারি পশমী একপ্রকার বস্ত্র, কাড়নবিশেষ, বাসনাহি পাত্ত  
পরিষ্কারকারী গামছা বা রুমাল।

Doings, n. s. কর্ম, কৃতকার্য, হইয়াছে যে কার্য, কর্মের কল বা  
শেষকার্য, বিষয় ব্যাপার, কারবার, জিন্সা, আশ্রয় বা অভূত  
কার্য, ব্যবহার চালি, গতি, বিবরণ, নিত্যব্যাপার, আলোড়ন,  
লাড়াচাড়া গোল, কলরব, কোলাহল, হুন্সাম, আফ্লাদ, ধূসী,  
মহোৎসব।

Doit, n. s. Dutch. কুহু মুদ্রাবিশেষ।

Dole, n. s. অংশ বা ভাগ করিয়া দেওরা গিয়াছে যে বস্ত্র, অংশ,  
ন্যায়াংশ, ভাগ, বিভাগ, বিলিকরণ, অংশকরণ, বণ্টন,  
অংশ করিয়া দেওন, দানকৃত, আহার দুব্য বা টাকা, ধররাতে  
বা দানকৃত ধান্য দুব্য বা টাকা, দুশা মারণ, গুণামারণ, দুঃখ,  
ভাবনা, মনের দুঃখ, ক্লেশ বা উষেগ, খেদ, শোক, কষ্টদশা, দুঃখ  
শা, দুঃখক্কা জুমির আলি, সরহদ, সীমানা, সীমা।

To Dole, v. a. অংশ-ক, ভাগ করিয়া-না, বাঁটিয়া-না, বিলি-ক,  
খেদ-ক, শোক-ক।

Dole, n. s. ক্ষেত্রের মধ্যে অপকৃষ্ট জুমি, পতিতভূমি, পতিতজুমি,  
শস্যক্ষেত্রের মধ্যে সাদা বা খালি জমি, অংশ, ভাগ, বিলি, খে  
দ, শোক।

Doleful, a. উদ্ভিগ, ভাবিত, বিষয়, স্নান, বিমর্ষ, উৎকণ্ঠিত, ক্লিষ্ট,  
শোকার্ত, খেদাঙ্কিত, শোকাঙ্কিত, উদাস, খেদজনক, শোকজন  
নক, ক্লেশদায়ক পীড়িত, ভাবনা বা উষেগবিশিষ্ট।

Dolefully, a. খেদ অনুশোচনা বা শোকপূর্বক, ভাবনা বা উষেগ  
পূর্বক।

Dolefulness, n. s. ভাবনা, উদাস্য, অনাক্লাদ উষেগ, চিন্তোচ্চা  
টন, খিটখিট, কুটকুট, উগুহভাব, স্নানি, মনোমানি।

Dolent, a. Lat. ভাবিত, উদ্ভিগ, শোকাঙ্কিত, শোকাঙ্কুল, অনাক্লাদ  
দিবিশেষ, ভাপিত, বিষয়, স্নান।

Dolesome, a. বিমর্ষ, স্নান, অনাক্লাদিত, চিন্তোচ্চাটিত, উদাস, খা  
পছাড়া, উদাস্যশালী, বিরক্ত, খেদাঙ্কিত, শোকাঙ্কিত।

Dolesomely, ad. ভাবনাপূর্বক, চিন্তারূপে, বিমর্ষ উষেগ ভাবনা  
উদাস্য বা শোক বা বিষাদপূর্বক

Dolesomeness, n. s. ভাবনা, উদাস্য, স্নানি, চিন্তোষেগ, শোক, চি  
ন্তের চাঞ্চল্য, অন্ধকার।

Doll, n. s. তোরোখি শব্দের নক্ষত্রপার্থক, পুস্তলিকা, ছেল্যার  
খেলানা, বালিকার জীড়ার্থে পুস্তলিকা, দারুক পুস্তলিকা।

Dollar, n. s. Dutch. হলও ও জরমনি দেশের রৌপ্য মুদ্রাবিশেষ,  
ডালর, টাকা।

Dolor, Dolour শব্দ দেখ।

Doloriferous, a. বেদনাদায়ক বা জনক, পীড়াদ, কষ্টদায়ক, ক্লেশ  
শব্দ, দুঃখদ, দুঃখদায়ী, দুঃখোৎপাদক।

Dolorifical, a. ভাবনাজনক, উষেগজনক, চিন্তোৎপাদক, স্নান  
ক্লেশজনক।

Dolorifick, a. ক্লেশদ, পীড়াদায়ক, দুঃখদায়ক, যাতনাদায়ী, ভা  
বনাজনক, উষেগজনক, শোকজনক, ব্যামোহজনক, খেদজনক।

Dolorous, a. খেদাঙ্কিত, খেদিত, খিদ্দমান, ভাপিত, শোকার্ত,  
শোকাঙ্কিত, উদাস, চিন্তোচ্চাটিত, ভাবিত, ব্যাধিত, বেদনাবিশি  
ষ্ট, সন্তপ্ত।

Dolorously, a. ভাবনাপূর্বক, উষেগপূর্বক, শোক উদাস্য বা ম  
নোমানিরূপে, খেদ শোক বা ভাগপূর্বক।

Dolour, n. s. Lat. খেদ, বিলাপ, পরিবেদনা, সন্তাপ, ব্যথা, শো  
ক, ভাবনা, অনুভাপ, অনুশোচনা, ক্লেশ, দুঃখ, পীড়া, ব্যামোহ,  
বেদনা, মরণ, যাতনা।

Dolphin, n. s. Lat. সমুদ্রীয় মৎস্যবিশেষ।

Dolt, n. s. Sax. মূর্খ, নির্ভোখ, অবোধ, অট্টভদ্য, গরু, মাখাত  
রী অর্থাৎ বুদ্ধির অভাব আছে যে ব্যক্তিতে, মেধাহীন।

To Dolt, v. n. মূর্খের ন্যায় চল বা ব্যবহার-ক।

Doltish, a. মূর্খ, নির্ভোখ, অবোধ, গরু, পত, আহাঙ্ক, মুঢ়, পা  
জি, ইতর, কুহু, অলস, অড়,।

Doltishness, n. s. মূর্খতা, পাগলামি, বোধহীনতা।

Dom, n. s. Sax. পরাক্রম, ক্ষমতা, যোগ্যতা, শক্তি, রাজ্য, আধি  
পত্য, দেশ, মূলক, কোনও শব্দ নির্মাণে তদন্তে ব্যবহার হয়,  
যথা, Kingdom, Dukedom, Earldom, অবস্থা, দশা, আহওয়া  
ল, যথা, Freedom.

Domable, a. পোষণীয়, বশীভবনীয়।

Domain, n. s. Fr. রাজ্য, রাজত্ব, রাজাধিকার, জুম্মাধিকার, আধি  
পত্য, দখল, অধিকার, মূলক, দেশ, অধিপত্নী বা প্রভু্যক্তির  
আলয়ের বা বাসস্থানের পার্শ্ব জুমি।

Domal, a. গণনা বা জ্যোতিষবিষয়ক, নক্ষত্র বা তারামণ্ডল সম্ব  
ন্ধীয়।

Dome, n. s. Fr. ঘর, বাড়ী, গৃহ, প্রাসাদ, গৃহস্থ, কলস, এয়ারড  
গৃহস্থ, ঘরের ছাতের বদলে ধিলান।

Domesday, Doomsday শব্দ দেখ।

Domesman, n. s. Sax. বিচারকর্তা, বিচারক, বিবেচনাকর্তা, বিচা  
রকের বিচারকর্তা, সর্ষোপরি তত্ত্ববীজ করে যে।

Domestic, বা Domestick, a. Lat. গৃহসম্বন্ধীয়, ঘরের, ঘরবিষ  
য়ক, গৃহ্য, মপঃসলের, অব্যক্ত, অপকাশ, ঘরে উৎপন্ন হইয়া  
ছে বা করিয়াছে যাহা, অসাধারণ, ঘরয়া, গৃহজাত, ঘরপোষা,  
গৃহে স্থিত, ঘর বা গৃহবাসী, বিদেশী বা ভিন্ন নহে যে, অন্তরীয়  
অন্তরস্থ, ভৃত্যাদি পরিবার, চাকর নপর, অভিন্ন, অভিন্নদেশীয়।

Domestically, a. গৃহসম্বন্ধীয়, গৃহসম্বন্ধীয় বা তদনুসারী গৃহবিষ  
য়ক, গৃহকর্ম বা ব্যাপার সম্বন্ধীয় বা তদনুসারী বা আমলা।

Domesticant, a. একপরিবারসম্বন্ধীয় তজ্জাত বা ভুক্ত, এক ঘর প  
রিবার বা বংশভুক্ত

To Domesticate, v. a. গৃহস্থ-ক, ঘরয়া-ক, গৃহোপযুক্ত-ক, আ  
জীয় বা নিকটস্থ-ক, ঘরের বা পরিবারের জুল্য-ক, অব্যক্ত অপ্র  
কাশ বা অসাধারণ-ক, গৃহজাত-ক, ঘরপোষা-ক।

Domestick, n. s. একঘরস্থায়ী একঘরে স্থিত রক্ষিত বা ভুক্ত বা  
ক্তি বা দুব্য, দাস, ভৃত্য, নপর, চাকর।

Domicile, n. s. Fr. ঘর, বাটী, গৃহ, বাস।

Domiciliary, a. পরগৃহপ্বেশক, পরের ঘরে ঢুকে যে, ভিন্ন ঘরে  
বা বাটীতে প্রবেশিত হয় যে।

To Domiciliate, v. a. ঘরয়া-ক, গৃহপালিত-ক, গৃহজাত-ক, বশী  
ভূত-ক, গৃহোপযুক্ত-ক, পুষ, গৃহবাসী-ক।

To Domify, v. a. Lat. পুষ, পাল, প্রতিপালন-ক, হাত পোষা-ক,  
পোষ-মান(ঞি)।

Dominant, a. Lat. প্রধান, প্রবল, শ্রেষ্ঠ, ব্যাপক, অগুণগ্য, অগুণ  
র, অগুণ, অগুণী, কর্তা, প্রভুত্বান, হিমাৎওয়লা।

To Dominate, v. n. প্রধান-হ, কর্তৃ-হ, ব্যাপক-হ, সর্ষাগুণগ্য-হ,  
অগুণী-হ,।

To Dominate, v. a. প্রাধান্য-ক, কর্তৃত্ব-ক, ব্যাপকতা-ক, প্রভুত্ব  
-ক, অধ্যক্ষতা ক, শাসন-ক।

Domination, n. s. পরাক্রম, যোগ্যতা, শক্তি, ক্ষমতা, প্রাধান্য,  
প্রবলতা, রাজত্ব, আধিপত্য, কর্তৃত্ব, উপদ্রব, উপসর্গ, উপদ্রব  
অভ্যাচার দৌরাত্ম্য বা উপদ্রবকারী পরাক্রম বা রাজ্য বা শাসন,  
অভিব্যক্ত পরাক্রমশালী, বা ইন্দুকুল্য প্রাধান্য আছে যাহার, ন

ধৌপরি প্রধান যে, অত্যাঁচ পদাতিবিক্র, স্বর্গীয় পুত্ৰ বা শ্রেষ্ঠ  
ব্যক্তি।

**Dominative, a.** দুর্বৃত্ত, দৌরাভ্যকারী, গর্ভীয়, মগরা, অহকৃত,  
অশিষ্ট, অপমানকারী, চেঁচা, দাত্তিক।

**Dominator, n. s. Lat.** প্রধান শক্তি ক্ষমতা বা পরাক্রম, প্রাধান্য,  
ক্ষমতা, কার্যকারিত্ব ক্ষমতা, কৃতিত্ব।

**To Domineer, v. n. Lat.** দুর্বৃত্ততা বা উপদ্রবপূর্নক শাসন বা  
রাজত্ব-হ, বা-ক, অপমান বা উগ্ৰভাবে শাসন বা কর্তৃত্ব-ক, স্ফী  
ত-হ, রাগে-ছল, রাগাধিত-হ।

**To Domineer, v. a.** শাসন-ক, রক্ষা-ক, নির্বাহ-ক।

**Dominical, a.** ইশ্বরের দিবসীয়, রবিবারবিষয়ক বা তৎসম্বন্ধীয়,  
ভগবান্ খ্রীষ্টের স্তব স্তোত্র বোধক।

**Dominical, n. s.** ইশ্বরের দিবস, দেবদিবস, রবিবার, শাবত দিন।

**Dominican, n. s.** সান্তুডামিনিক সঙ্ঘক মতাবলম্বী বা তদ্ব্যভা  
রী।

**Dominican, a.** পূর্বোক্ত মত ধর্ম বা পন্থাবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

**Domino, n. s. Ital.** ইতালিদেশে গির্জার আচার্যের টোপ বা ম  
স্তকাতরঙ্গবিশেষ, ছদ্মবেশ, সঙ্ঘাসান।

**Dominion, n. s.** রাজপরাক্রম, ক্ষমতা, শক্তি বা হুকুমত, অপর  
মিত শক্তি বা ক্ষমতা, মহাপরাক্রম, অসীমক শক্তি, স্বার্থ, ক্ষমতা,  
রাজ্য, রাজত্ব অধিকার, দেশ, মূলক, স্বাধীনত্ব, স্বাতন্ত্র্য, স্বতন্ত্রতা,  
আধিপত্য, বাসনাহি, অধিপতিত্ব, প্রভুত্ব, প্রাধান্য বশবর্তিতা,  
কর্তৃত্ব, ইশ্বরপ্রেমিত মৃত বা পরী।

**Don, n. s. Lat.** স্প্যানিয়া দেশে প্রধান বা বিশিষ্ট বা তদুলোকের  
উপাধিবিশেষ, জ্ঞানীয় পদবি অর্থাৎ মহাশয়।

**To Don, v. a.** পরিধান-ক, পরিহিত-ক, সজ্জিত-ক, বস্ত্রাধিত-ক,  
অর্পণ-ক, পরিচ্ছদ পর, পোশাক পিন্ধ।

**Donary, n. s. Lat.** ধর্মার্থে দত্ত বস্ত্র, ধর্মার্থে বা দৈব কার্যার্থে দত্ত  
দ্রব্য।

**Donation, n. s. Lat.** দান, ধয়রাৎ, বিতরণ, ভিক্ষাদান, দানকর  
ণ, ইনাম, পরকার, নজর, বংশীশ, দানকৃত বস্তু।

**Donatism, n. s.** নাস্তিকমতবিশেষ, ডানেটিষ্টসঙ্ঘক ব্যক্তির ম  
ত বা ধর্ম বা তদ্ব্যভাবলম্বন।

**Donatist, n. s.** চতুর্থ শাকে উৎপন্ন নাস্তিক মতাবলম্বিবিশেষ।

**Donatistical, a.** পূর্বোক্ত কর্ম বা মতবিষয়ক।

**Donative, n. s.** দান, ভিক্ষা, ধয়রাৎ, পারিতোষিক, বংশীশ,  
শিরোপা।

**Done, part. pass. Do.** ক্রিয়াপদের অতীতকালবাচক, বিশেষণ  
-বাচক, কৃত, হইয়াছে বা করিয়াছে যাহা, করা, হওয়া।

**Done, কার্যত্বিক ক্রিয়াপদ, ক্রিয়াপদের শব্দ, ধাতুর্ধ বা ভাব বাচ  
ক।**

**Done, ব্যক্তি প্রাপ্তি ব্যক্তকারি শব্দ, বশ, হইল, হইয়াছে, প্রতি  
জ্ঞা বা ব্যক্তি সকল উদ্বোধক শব্দ বা উদ্বোধকারি সঙ্ঘাভিশে  
ষ।**

**Donce, n. s.** দেয়ী, দানপত্র দেওয়া যায় যাহাকে, দান করা যা  
য় যাহাকে।

**Donjon, n. s.** দুর্গের মধ্যে মৃৎ বা শক্ত স্থানবিশেষ, বহুনাগার,  
কারাগার, গড়ের মধ্যস্থ কারাগার, জেল, কএছানা।

**Donnat, n. s.** কুৎ, অলস, বেঅকুপ অকর্মণ্য বা বৃথা মনুষ্য, ম  
নুষ্যাভাস।

**Donor, n. s. Lat.** দাতা, দানকর্তা, বিতরণকর্তা, দানদাতা, বদা  
না।

**Donship, n. s.** মহলোক বা বোদ্ধুলোনের গুণ মর্যাদা বা পদ।

**Donzel, n. s. Ital.** চাকর, দাস, ভূতা, লেঙগী, চেলা, নপের।

**Doodle, n. s.** কুৎ, অলস বৃথা কালক্ষেপক, গভরশোকা, অনর্ধ  
ভাবী।

**Doole, n. s. Dole** শব্দবৎ অর্ধ জানিবে, তৎ শব্দ দেখ।

**To Doom, v. a. Sax.** বিচার-ক বা তদনন্তর শাসনা-দা, দোষগুস্ত  
-ক, দণ্ড-ক, শাস্তি-ক, নতীজা-ক বা-দা, হকুম-দা, হকুম-ক, নি  
শ্চয়-ক, ক্ষমতা শক্তি বা হুদা পরসরে স্থির-ক, দুর্দশা, দুর্ভা  
গ্য অলম্বনীয় অব্যর্থ বা একাধিপত্যরূপে হকুম-ক।

**Doom, n. s. Sax.** বিচার, তজবীজ, বিচারান্তর, হকুম বা আজা,  
শেষ বিচার, দণ্ড, শাসা, অভিপ্রায়, বিধান, বিবেচনা মত বা স্থি  
রীকৃত বিষয় বা ব্যবস্থা প্রকাশ বা ব্যক্তকরণ, প্রাক্তন, কপাল,  
অন্ত, নাশ, বিনাশ, দুর্দশা।

**Doomsday, n. s.** পরলোকে বিচারের দিন, সাধারণ বিচারের দিন,  
ভাল মন্দ কর্ম্মানুসারে কলাকলপ্রাপ্তির দিন, ইশ্বর যে দিনে তা  
বৎ প্রাণির বিচার করিবেন মহাবিচারের দিন।

**Doomsday-book, n. s.** মহাপরাক্রমী জরী উইলেমনামক রাজা  
র আজানুসারে কৃত পুস্তকবিশেষ, যাহাতে তদুজ্যের হিসাব, লি  
খিত বা দাখিল হইত।

**Doomsman, Domesman** শব্দ দেখ।

**Doomful, a.** বিনাশ্য, নশ্বর, বিনাশবিশিষ্ট, বিনাশশীল, দুর্দশাপ  
ন্ন, দুঃবস্থাগুস্ত।

**Door, n. s. Sax.** দ্বার, দরওয়াজা, কপাট, কেওয়াড়ি, বাটী, গৃহ  
দ্বার, সচরাচর ভাষায় এ শব্দ বহুবচনান্ত, অথবা. *Doors*, হইলে  
বাটী বুঝায়, প্রবেশের পথ, কটক, যাতায়াতের পথ, নৈকট্য হ  
ইবার পথ, *out of door*, বা *doors*, আর নাই, এইপর্য্যন্ত, শে  
ষ হইয়াছে, কুরাইয়াছে, নাস্তি, নিঃশেষ হইয়াছে, *at the door  
of any one*, আরোপা, দণ্ডনীয়, দুষ্য, উহার দোষ বা অপরাধ,  
*next door to*, নিকট, সন্নিধি, লাগাও, অব্যবহিত নিকটস্থ।

**Doorcase, n. s.** চৌকাট, দরওয়াজা।

**Doorring, n. s.** চৌকাট, দরওয়াজার টাঁচ।

**Doorkeeper, n. s.** দৌবারিক, দ্বারপাল, দ্বাররক্ষক, দরওয়ান, পু  
তীহারী, দ্বারস্থ, দুয়ারী, দ্বারী।

**Doornail, n. s.** পূর্বকালীন দ্বারে বদ্ধ লৌহশলাকা বা শৃঙ্খলবিশে  
ষ, যাহার উপর আগত ব্যক্তি, আঘাত করিত বা বাজাইত য  
দ্বারা আগত লোকের দ্বারোপস্থিতি হওনের সঙ্ঘবাদ প্রকাশ  
হয়।

**Doorpost, n. s.** দ্বারের ধুঁটী, দ্বারস্তম্ভ, দ্বারের ধাম।

**Doorstoad, n. s.** দ্বারের পথ বা প্রবেশ।

**Doquet, n. s.** আফ্রানপত্র, তলবী চিঠী, সন্মন।

**To Dor, Dorr** শব্দ দেখ।

**Doree, n. s. Fr.** মৎস্যবিশেষ নামধেয়, পোতবর্ন।

**Dorian, a. Fr.** প্রাচীনবাদ্য বস্ত্রবিষয়ক, গৃহনির্মাণের নিরম বা পু  
কার বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

**Doricism, n. s.** তোরিকসঙ্ঘক ভাষার বাক্যবিশেষ।

**Dorick, a. Fr.** পূর্বকালের বাদ্যবস্ত্রবিশেষ, গৃহ নির্মাণের প্রকা  
র বিশেষ, ধামবিশেষ।

**Dorism, n. s.** তোরিকসঙ্ঘক ভাষা বা তদ্বাচ্য কথন বা উচ্চা  
রণ।

**Dormancy, n. s.** বিরাম, বিজ্রাম, শয়ন, আলস্যভাগ, আরাম,  
স্তিরণ, শ্রান্তিদূরকরণ।

**Dormant, a. Fr.** নিদ্রিত, ঘুমান, নিদ্রাবস্থাবিশিষ্ট, ঘুমান্ত ব্যা  
র। প্রার, গ্ৰহ্য, অপ্ৰকাশ, অব্যক্ত, লুপ্তাভিত, গুপ্ত, অপ্ৰকাশিত,  
গোপনকৃত, অপ্ৰকাশকৃত, হেলান্যা, পোরা, বৌকা।

**Dormant** বা **Dormar**, *n. s.* কড়িকাঠ, আলোচরা, ছাতের উপর জানালা, আলোর নিমিত্তে ছাতের মধ্যে গুপিত জানালা।  
**Dornitive**, *n. s.* Lat. মাদকৌষধ, অবসাদকারী ঔষধ, যে ঔষধ দ্বারা মত্ততা জন্মে।  
**Dormitory**, *n. s.* শয়নাগার, শয়নস্থান, বিশ্রামাগার, অনেক শয়া বিশিষ্ট ঘর, অনেক বিছানা আছে যে ঘরে, সমাধিস্থান, গোরস্থান, কবরস্থান, শ্মশান, শেষ, বিরামস্থান।  
**Dormouse**, *n. s.* একপ্রকার ক্ষুদ্র জন্তু বিশেষ, শীতকালে অধিক নিদ্রিত থাকে যে পশু।  
**Dorn**, *n. s.* Germ. মৎস্যনামধেয়।  
**Dornick**, *n. s.* কুটলও দেশে মেজের কর্ণে ব্যবহৃত কাপড় বিশেষ, পশমী কাপড়বিশেষ।  
**Dorp**, *n. s.* Teut. ক্ষুদ্র গ্রাম, পটী গ্রাম বা পল্লী।  
**To Dorr**, *v. a.* Teut. বধির-কৃ, কালা-কৃ, অবশেষায় হীন-কৃ, শব্দদ্বারা কাণ কালাপালা-কৃ, শুষ্ক-কৃ।  
**Dorr**, *n. s.* পতঙ্গবিশেষ, একপ্রকার ঝিঁঝি, উড্ডয়নশীল কীটবিশেষ।  
**Dorrer**, *n. s.* অকর্মণ্য মসুমকিকা, অর্থাৎ অলস বা অকর্মণ্য ব্যক্তি।  
**Dorse**, *n. s.* Fr. সামিয়ানা, পালি, চম্পাভূষণ, চামড়া, সায়মানা, বিড়ান।  
**Dorsal**, *a.* পৃষ্ঠসম্বন্ধীয়, পৃষ্ঠদেশস্থ।  
**Dorsel** বা **Dorser**, *n. s.* Lat. বলদের গোয়ারা, কীকা, ডালি, চূড়ি, পস্তুর পৃষ্ঠ বা পার্শ্বস্থিত ধল্যা, কোড়া বা দুব্যাদারবিশেষ।  
**Dorsiferous** বা **Dorsiparous**, *a.* Lat. বৃকের বিশেষণবাচক শব্দ, পৃষ্ঠে উৎপাদক, পস্তুর পৃষ্ঠে শস্য হয় সে বৃকের।  
**Dorsum**, *n. s.* Lat. পাহাড়ের উচ্চতা বা ওঁচতা বা মটকা।  
**Dorture**, *n. s.* কবরস্থান, গোরস্থান, শয়নাগার, শয়নমন্দির, শয়নস্থান।  
**Dory**, **Dorce** শব্দ দেখ।  
**Dose**, *n. s.* Gr. ঔষধের মাত্রা, মোড়ক, পুরিয়া, পান, সামান্য দুবোর মোড়ক, বমনকারী বা বমন প্রয়োজনক ঔষধ পরিমাণ, দুব্য নিশ্চিত পরিমাণ, মনুষ্যের ভাগ্যে পড়ে যত বা কপালে আছে যাহা উদ্ভব।  
**To Dose**, *v. a.* প্রত্যেক ঔষধ স্বং পরিমাণে-মিশ্র, ঔষধ-দা, ঔষধ-খাদ (ক্রি), বমনোৎপাদক ঔষধ-দা।  
**Dosis**, *n. s.* Gr. মাত্রা।  
**Dosser**, *n. s.* Fr. খুঁড়ি, কোড়া, ধল্যা, গুণ, ছালা, দুব্যাদার।  
**Dossil**, *n. s.* Fr. পটী, গদী, ক্রতোপরিষ্ক কাপড় বা ল্যাকড়া।  
**Dost**, যুদ্ধাচ্যে এক বচনান্ত কর্তৃবাচ্যে, do শব্দের বর্তমান ক্রিয়া, যথা, *thou dost*।  
**Dot**, *n. s.* বিন্দু, শূন্য, খুঁটনি, পাদপুরণ চিহ্নবিশেষ যথা (.)।  
**To Dot**, *v. a.* দাগ-দা, দাগ-কৃ, কুলির দাগ-দা, চিহ্ন-কৃ, চিহ্নিত-কৃ, নিশান-কৃ।  
**To Dot**, *v. n.* বিন্দু-হ, বৃন্দ-হ, কুলি-হ, দাগ-হ, চিহ্ন-হ।  
**Dotage**, *n. s.* জ্ঞান বা বুদ্ধিলাপ, বুদ্ধি লোপ, হতবুদ্ধি, হতজ্ঞান, বুদ্ধির ক্ষীণতা, ক্ষীণবুদ্ধি, বুদ্ধিমান বা জ্ঞানের দৌর্ভাগ্য, মনের ক্ষুদ্রতা বা ক্ষীণতা, অতিশয়েচ্ছা, অতিশয় প্রীতি, অত্যন্তানুরাগ বা স্নেহ, অত্যন্ত প্রেম।  
**Dotal**, *a.* Lat. স্ত্রীধনবিশয়ক, স্ত্রীকে দেয় বিবাহের পণ বা বৌদ্ধকবিশয়ক।  
**Dotard**, *n. s.* বকা মনুষ্য, হতবুদ্ধি বাহুগরিয়া, বার্কাকরণক বুদ্ধি বা জ্ঞানের বৈলক্ষণ্য হইয়াছে বাহার তথ্যক্তি, শেবাবহার ছাওলামী, ভীমরথী।

**Dotardly**, *a.* হতবোধপূর্ষক, জ্ঞানবৈলক্ষণ্যপূর্ষক।  
**Dotation**, *n. s.* Lat. দানকরণ, স্ত্রীধনদান, বিবাহের বৌদ্ধক দেওন, দানার্পণ, বৌদ্ধক, বৃত্তি।  
**To Dote**, *v. n.* Dutch. বয়ংকর্ষক বুদ্ধি হত-হ, স্ত্রীধনাপ্রযুক্ত বুদ্ধির লোপ-হ, প্রেমে পাগল-হ, প্রীতিতে পাগল-হ, অতিশয় প্রীতি স্নেহ বা অনুরাগদ্বারা বুদ্ধির বৈলক্ষণ্য-হ, উন্মত্ত-হ, পুলাপী-হ, প্রীতিতে মগ্ন বা মুগ্ধ-হ, ক্রান-হ, ক্রম-হ, প্রেমে-ভুব, অনন্তরূপে প্রেম-কৃ।  
**To Dote upon**, অত্যন্ত প্রীতি-কৃ, অত্যন্ত স্নেহ-কৃ, মুগ্ধ-হ বা-কৃ, মোহা কৃষ্টি-হ, মোহিত-কৃ।  
**Doted**, *a.* আহ্লাসক, বেঅকুপ, মূর্খ, নিরোধ, মুগ্ধ, বুদ্ধিহীন, নির্বুদ্ধি।  
**Doter**, *n. s.* বার্কাক্ষারী হতবুদ্ধি হইয়াছে যে ব্যক্তি, অধিকবয়ঃপ্রযুক্ত জ্ঞানের বৈলক্ষণ্য হইয়াছে বাহার, প্রীতিতে মুগ্ধ, প্রেমে মুগ্ধ মগ্ন বা ভুবিত ব্যক্তি।  
**Dotingly**, *ad.* স্নেহপূর্ষক, স্নেহ বা অনুরাগপূর্ষক, সমতাপূর্ষক।  
**Dottard**, *n. s.* ছাটাবৃক্ষ, কণচানবৃক্ষ, কাটনদ্বারা ধর্মিত বৃক্ষ, ধাট বৃক্ষ, বৃদ্ধা ক্ষয়প্রাপ্ত বা দুঃখপ্রাপ্ত বৃক্ষ, কেয়ারি করাগাছ।  
**Dotterel**, *n. s.* পক্ষিনামধেয়, পক্ষিবিশেষ, অঙ্গ দেখিয়া নকল করিতে পারে যে ব্যক্তি।  
**Douaneer**, *n. s.* Fr. মাসুলদপ্তরের কর্মকারি ব্যক্তিবিশেষ।  
**Double**, *a.* Fr. দোহার, দ্বয়, দ্বিতীয়, জোড়া, দুনা, দ্বিগুণ, দুই প্রকার, দোমড়া, দুই রকম, দ্বিগুণবিশিষ্ট, শক্তিদ্বয়বিশিষ্ট, প্রভারক, ঠগ, জুরাচোর, ভণ্ডক, প্রবঞ্চক, দোচগা, দুখেয়ে।  
**Double**, *ad.* দুইবার, দুই বারে, দুই দফায়, দ্বিগুণঃ।  
**Double**, *a.* শব্দ শব্দরচনার প্রায় সর্বদা ব্যবহার হয়, ইহার অর্থ দ্বিত্ব বৃদ্ধায়, দুইরূপ, দুইপ্রকার, দুইপথ।  
**Double-biting**, *a.* দুইদিকে দংশনকারী, কাটে যে, উভয় পক্ষে বা দিগে থাকে যে, দুইদিগের একদিকে কাটে যে।  
**Double-buttoned**, *a.* দোহারী ঘুণ্টীওয়াল, দোহারী কুকমা বা বন্ধনী আছে যাহার বা যাহাতে।  
**To Double-charge**, *v. a.* দোহারী এতবার-কৃ, দ্বিগুণ ভারার্পণ-কৃ।  
**Double-dealer**, *n. s.* প্রবঞ্চক, প্রভারক, শঠ, কাকি দেয় যে ব্যক্তি, সূঁঠ, সূঁঠা, ধড়িবাঙ্গ, নট, ভণ্ড, দোভক।  
**Double-dealing**, *n. s.* শঠতা, ধূঁঠতা, শাঠ্য, ধড়িবাঙ্গী, প্রভারণা, কারসামি, কাপটা, ঠগামী, দোভকতা, (দুঃখের), অধার্থ্য, কাম্বনিকতা।  
**To Double-die**, *v. a.* দোহারী রূপ-কৃ, দুইবার/রূপ-কৃ।  
**Double-edged**, *a.* দ্বিধার, দুইধারবিশিষ্ট, দুই টের ধার বা কিনারা আছে যাহার বা যাহাতে।  
**Double entendre**, *n. s.* Fr. দ্ব্যর্থক, দুই অর্থবিশিষ্ট, দুই ব্যাখ্যা বা অর্থ, একরার শব্দে দুই অর্থ বৃদ্ধায়।  
**Double-eyed**, *a.* প্রভারণার দৃষ্টিগোচর, প্রবঞ্চনার বা ঠকাইবার চক্ষু আছে যাহার।  
**Double-faced**, *a.* দ্বিমুখ, দুইমুখ আছে যাহার।  
**Double-formed**, *a.* দ্বিপ্রকার, দ্ব্যাকারবিশিষ্ট, মিশ্রিত বা মড়িত অকারবিশিষ্ট।  
**Double-founded**, *a.* দুইপথ, আকরবিশিষ্ট।  
**To Double-gild**, *v. a.* দোহারী হল-কৃ, দ্বিবার রূপ বা মণ্ডিত-কৃ।  
**Double-handed**, *a.* দ্বিকৃত, দ্বিবার, দুই হস্তবিশিষ্ট।  
**Double-headed**, *a.* কুলের উপর কুলবিশিষ্ট।  
**Double-hearted**, *a.* কপটমনা, কপটী, প্রভারক, সমল অত্যাকরণ যাহার, অস্তিত্ব বা কল্পিত মন বা হৃদয় আছে যাহার।

To Double-lock, *v. a.* দোহারা চাবি-দা, দোহারা চাবিবন্ধ-ক, দোহারা চাবি-লাগ(ক্র)।

Double-meaning, *a.* দ্ব্যর্থক, দুই অর্থ হয় বা করে যে বা হয় যাহা তে।

Double-minded, *a.* দ্বিমনা, অস্থির, অনিশ্চিত, অনির্গত, অনবধা রিত।

Double-mouthed, *a.* বহু আস্যবিশিষ্ট, বহুমুখ।

Double-natured, *a.* দ্বিব্যভাবক, দ্বিব্যভাববিশিষ্ট, দ্বিব্যভাবশালী।

Double-plea, *n. s.* করিয়াদীর ওজরবিশেষ।

Double-quarrel, *n.* নালিস, কোন প্রমোশে নিযুক্ত আচটবিশাপ সঙ্ঘাতক ধর্ম্মাচার্য্য ব্যক্তির নিকট নালিসবিশেষ।

To Double-shade, *v. a.* স্বাভাবিক অন্ধকার দ্বিগুণ-ক, অন্ধকারে র বৃদ্ধি-ক, অন্ধকারের উপর অন্ধকার-ক।

Double-shining, *a.* দ্বিগুণউজ্বল, দ্বিগুণ উজ্বল রশ্মি বা তেজো দ্বারা উজ্বল।

Double-tongued, *a.* প্রবঞ্চক, প্রতারণক, ঠগ, শঠ, মিথ্যাবাদী, অ সত্যবক্তা, অনৃতকথক, স্বেভাভাবক, দোমুখে।

To Double, *v. a.* দ্বিভু-ক, দ্বিগুণ-ক, দোহারা-ক, পুনঃকথ, পুনরুক্তি-ক, পুনর্বার-ক, বৃদ্ধি-ক, বাড়া(ক্র), ভাঁজ-ক, মোড়ক-ক, ত হ-ক, কিরিয়-আগম বা-গা।

To Double, *v. n.* দ্বিভু-হ, দ্বিগুণ-হ, দোহারা-হ, দ্বিগুণ বৃদ্ধি-হ, কির, কিরিয়-আগম, প্রতারণা-ক, চাতুরী-ক।

Double, *n. s.* দ্বিগুণসংখ্যা বা পরিমাণ, প্রতারণা, ঠগামি, নিদর্শন, দৃষ্টান্ত, দৃষ্টান্তস্থল, উদাহরণস্থল, প্রতিযোগী, সমযোগী।

Doubleness, *n. s.* দ্বৈগুণ্য, দ্বিভু।

Doubler, *n. s.* দ্বৈগুণ্যকারী, দ্বিগুণকারী, ভাঁজ করে যে, তহ করে যে।

Doublet, *n. s.* জামাবিশেষ, ভিতরের আঙ্গা বা জামা, দুই, যো ডা, যুগ্ম।

Doubling, *n. s.* চাতুরী, ধূর্ততা, কারশাস্তি, উপায়।

Doublon, *n. s.* ফ্রান্সের মনুদাবিশেষ।

Doubly, *ad.* দ্বৈগুণরূপে, দ্বিগুণতাপূর্বক, প্রতারণাপূর্বক, ধূর্ততা চাতুরী বা প্রবঞ্চনাপূর্বক।

To Doubt, *v. n.* Fr. সন্দেহ-হ, অপত্যয়-ক, অবিশ্বাস-হ, দ্বিধা কল্প-হ, অনিশ্চয়-হ, ভয়-ক, ভীত-হ, মন্দ বা অপত্যুলের ভাবনা-হ।

To Doubt, *v. a.* সন্দেহ-ক, ধোকা-ক, অপত্যয়-ক, অবিশ্বাস-ক, দ্বিধা-ক, অনিশ্চিত-ক বা-জা, ভয়-ক, ক্ষতি অপকার বা ব্যাঘাত-ভাব, বিপত্তি বা দুঃখ-ভাব বা বিবেচনা-ক, ওসআস-ক, শো বে-ক, ভয়-দৃশ(ক্র), ভীত-ক, ভয়ানক-ক।

Doubt, *n. s.* সন্দেহ, সন্দেহ, বৈধ, দ্বিধাকল্প, আশঙ্ক্য, মনের অস্থিরতা বা সন্দেহ, ওসআস, ওজর, আশঙ্ক্য, বিভ্রম, ধোকা, শোবে।

Doubtable, *a.* সন্দেহযোগ্য, সন্দেহ্য, সন্দেহোপযুক্ত, সন্দেহ ক রা যায় যদ্বিষয়ে, সন্দেহের বিষয় বা ভয়োধ্য।

Doubter, *n. s.* সন্দেহকর্তা, সন্দেহী, সন্দেহ করে যে, দ্বিধা করে যে, ওসআস করে যে।

Doubtful, *a.* সন্দেহ, অস্থির, উদ্বিগ্নচিত্ত, সন্দেহী, মতের স্থিরতা না ই বাহার, অল্পক, সন্দেহ আছে বাহাতে, অনিশ্চিত বিষয় বা ভাববিশিষ্ট, সন্দেহবিশিষ্ট, অবিশ্বাস, অপত্যয়ী, শঙ্ক্যবিশিষ্ট, ভয় ভাবনা ওসআস আছে বা হয় বাহাতে, নানার্থক, নানাপ্রকার, বহুর্থক, আশঙ্ক্যনীর।

Doubtfully, *ad.* সন্দেহপূর্বক, অল্পকরূপে, সন্দেহরূপে, সন্দেহ

পূর্বক, অদার্ঢ্যপূর্বক, ভীততাপূর্বক, অনবধারণরূপে, অনিশ্চয় পূর্বক, বৈধপূর্বক।

Doubtfulness, *n. s.* সন্দেহিত্ব, সন্দেহিত্ব, অনিশ্চিতত্ব, নানার্থ কত্ব, অস্থিরতা, অদার্ঢ্য।

Doubting, *n. s.* সন্দেহ, বৈধ, উদ্বিগ্ন, সন্দেহ, ওসআস, আশঙ্ক্য।

Doubtingly, *ad.* সন্দেহপূর্বক, সন্দেহিত্বরূপে, সন্দেহরূপে, অবি শ্বাসপূর্বক, অপত্যয়পূর্বক, বৈধরূপে, দ্বিধারূপে।

Doubtless, *a.* নিঃসন্দেহ, নিঃসন্দেহ, বিনাসন্দেহ, অবৈধ, বেওতো র।

Doubtlessly, *ad.* নিঃসন্দেহরূপে, বিনাওজোরে, নিঃসন্দেহরূপে, ঠিক রূপে, বিনাওসআসে।

Douced, *n. s.* Fr. বাদ্যযন্ত্রবিশেষ।

Doucet, *n. s.* Fr. কীরবিশেষ, একপ্রকার আবর্তিত দৃষ্ট।

Doucets of a deer. Dowcets শব্দ দেখ।

Douceur, *n. s.* Fr. শ্বেতাশ্রমাদ, স্তব্বাকা, মিথ্যা পুণ্যসা, কু সলান, লোভান, দম্বাজী, প্রতারণা, ইনাম, বকশিশ, ঘৃষ।

Doucker, *n. s.* পক্ষিবিশেষ।

Dove, *n. s.* Sax. ঘূষ পক্ষী, কপোতবিশেষ, বন্যকপোত।

Dovecot, *n. s.* কপোতাগার, পায়রার খোপ বা টঙ্ক বা খাঁচা।

Dovehouse, *n. s.* পায়রার বাসা, পায়রার ঘর, পায়রার খোপ বা খাঁচা, পারাবতালয়।

Dovelike, *a.* পারাবতধর্ম্মক, কপোতের ন্যায় স্বভাবশালী, পায় রার ন্যায় ধীর, নির্দোষী, পায়রার সুল্য, কপোতাকার, নমু, সু শীল।

Doveship, *n. s.* ঘূষ বা কপোতধর্ম্ম, ঘূষের স্বভাব।

Dovetail, *n. s.* কিলে, কিলে যোড় বা গুহন।

Dovetailed, *a.* কিলে, যোড়ে বদ্ধ, কিলে করা বা মাত্রা।

Dovish, *a.* ঘূষ পক্ষিবৎ শান্ত, নমু, সুশীল, অহিংসক, দোষরহি ত, নির্দোষ।

Dough, *n. s.* Sax. ধমির, গোলা ময়দা বা ভিজান ময়দা, ছানা ময়দা, *my cake is dough*, আমার কর্ম্ম ব্যর্থ বা বিফল হইয়া ছে।

Doughbaked, *a.* অসম্পূর্ণ, অদৃঢ়, অশক্ত, আধ পোড়া, অসমগু।

Doughkneaded, *a.* নরম, ছানিবার যোগ্য, ধমিরবৎ করণোপযুক্ত, তলতলে, অশক্ত, কাঁচা।

Doughtiness, *n. s.* সাহস, বীরত্ব, বিক্রম, শক্তি, বল, পরাক্রম, সাহসিকতা।

Doughty, *a.* Sax. সাহসী, বীর, পরাক্রমী, বিক্রমী, প্রতিষ্ঠাশ্রিত, খ্যাতিাপন্ন, প্রসিদ্ধ, বিখ্যাত, নিপুণ, পটু, পারগ, কৃতী, কৃতিকু শল, পরাক্রান্ত, এ শব্দ প্রায় ব্যঙ্গার্থে প্রয়োগ হয়।

Doughy, *a.* কাঁচা, অপক, নরম, অশক্ত, তলতলে, সুলভুলে, লো লা, আমা।

To Douse, *v. a.* জলে মত্তক গুঁজড়িয়া নিঃক্ষেপ-ক, জলে কাঁপ -দা।

To Douse, *v. n.* জলে-পত, জলে মগ্ন-হ, জলে প্রবিষ্ট-হ, জলে কাঁপ-দা, জলে-অবগাহ, জলে ডুব-দা।

To Douse, *v. a.* মার, আঘাত-ক, পুহার-ক, জলে কাঁপ-দা।

To Dout, *v. a.* নির্ভাণ-ক, বহিষ্কৃত, নির্গত-ক, বহিষ্কৃত-ক।

Douter, *n. s.* দীপনির্ভাণকর্তা, পদোপনির্ভাণক।

Dowable, *a.* বিভাগোপযুক্ত, বিভাজ্য, বিভাজনীয়, বিভাগকরণে পযুক্ত, বিভাগকরণক্ষম।

Dowager, *n. s.* Fr. ব্রীখনবতী বিষবা, ন্যস্তখনবিশিষ্টা অসীরা, রা

DOW

DRA

কার বা কুলীনের রঙ বা বিধবা স্ত্রী. বিধবা. বিধবার নাম।  
 Dowcets, *n. s.* মৃগমদ, মৃগনাভি, কস্তুরী।  
 Dowdy, *n. s.* কুৎসিতা কদাকারা বা কুরুপা স্ত্রী, কুৎসিতা স্ত্রী, কুশোভিতা, অপরিষ্কৃত স্ত্রী. অত্যা স্ত্রী।  
 Dowdy, *a.* অসুন্দর, অসত্য, কদম্বী, কদাকার, দৃষ্টিকরূপ, কুদৃশ্য, কুৎসিত।  
 Dower, বা Dowery, *n. s.* Fr. স্ত্রীর যৌতুক ধন. স্ত্রীধন, বিধবার ধন বা সল্লভি, বিধবা স্ত্রীর নিরক্ষাহার্ষে ধন দান, স্বামিদত্ত, স্ত্রী ধন, স্ত্রীর বৃত্তি, স্ত্রীলোকের উপজীবিকা, বিবাহের সময় কন্যাকে যাঁহা দেওয়া যায়।  
 Dowered, *a.* ন্যায্যোৎপন্নপ্রাপ্তা, যৌতুকপ্রাপ্তা, ন্যায্যোৎপন্নপ্রাপ্তা হইয়াছে যে. যৌতুক বা দান পাইয়াছে যে স্ত্রী।  
 Dowerless, *a.* অধন, ধনহীন, নিধন, সল্লভিবর্জিত, যৌতুকপ্রাপ্ত নয় যে. বিবাহকালে যৌতুক পায় নাই যে, স্ত্রীধনবর্জিত, অযৌতুক।  
 Dowle, *n. s.* পক্ষ, পালক, পাখা, তেতা।  
 Dowlas, *n. s.* বস্ত্রবিশেষ, এক প্রকার মোটা কাপড়।  
 Down, *n. s.* Dan. নরম পক্ষ, নরম পালক, নরম করে যে, ব্রিড্‌কারী, কোমলকারি বস্ত্র, নরম পশম বা লোম, নরম চুল, ভাল।  
 Down, *n. s.* Sax. মাঠ, ময়দান, প্রান্তর, জাবান্তর, পর্জতাপরিষ্কৃত মাঠ।  
 Down, *n. s.* বালির কিনারা, পাহাড়ের ধার বা নিকটস্থ স্থান, পর্জতাপরিষ্কৃত মাঠ, এ শব্দ বহুবচনান্ত হইলে জাহাজ থাকিবার স্থান বুঝায়, কেল্টনামক প্রদেশের পাহাড়ের ধার বা কিনারা।  
 Down, *a.* শোভা, শুভ, সরল, ধোলা, উদাস, উষ্ম, স্নান, শোকাঙ্কিত, বিষয়।  
 Down, *prep.* Sax. নীচে, অধঃ, গম্ভীর মোহনার দিকে।  
 Down, *ad.* অধোভে, নীচেভে, কালেং, পূর্জ কালহইতে, একাল পর্য্যন্ত, অপ্রত্যক্ষে, অসাক্ষাৎকারে, অদৃষ্টিগোচরে, আকাশ মণ্ডলের অধোভাগে, ধ্রুগোলের অধোভাগে, অধীনভে, বশে, আয়ত্তে, অপমানাবস্থায়, অধ্যাত্যবস্থায়, জুয়াপরি।  
 Down, *interj.* মৃগা বা অবজ্ঞাপূর্ব্বসরে উয়পূর্ব্বক শব্দ, বলাৎকার বা নষ্টকরণার্থ বুঝায়।  
 Down, *প্রাপ্ত-হ, শামিল-হ, নিম্ন-হ, ধারাবাহিকমতে-চল বা -আগম।*  
 To Down, *v. a.* স্বা-মার, বশীভূত-ক, পরাভূত-ক, অধীন-ক, জয়-ক, অধঃপতন-ক. নীচ-ক, অধঃ-ক।  
 Down-bed, *n. s.* নীচের বিছানা।  
 Downcast, *n. s.* বিষয়তা, বিষয়তা, স্নানি, মালিন্য, ধেম, উদাস, অনুতাপ, বৈরত্যা।  
 Downcast, *a.* বিক্লিষ্ট, অধঃপতিত, অধোগামী, অধোগত, অধঃস্থলিত, অধোমুখ, নত, লজ্জিত।  
 Downed, *a.* নরম পক্ষাভূত, নরম পাখা বা পালকের দ্বারা পূর্ণ।  
 Downfal, *n. s.* উচ্ছিন্ন, সর্জন্য, উৎফুল্লন, উৎপাটন, বিপত্তি, অপম. দুরভূট, অনিশ্চিত পতন, ধারাবি, হঠাৎ পতন, গৃহপতন, নান।  
 Downfallen, *part. a.* উচ্ছিন্ন, পতিত, বিনাশিত, ধারাবি হইয়াছে বাহার।  
 Downgyved, *a.* বেড়ির ন্যায় ধোলা।  
 Downhearted, *a.* স্নান, বিষয়, বিষয়, দুঃখিত, ধেমিত, অনাঙ্কামিত, শিথ্যমান, উৎসাহহীন, আনন্দরহিত, উৎসুক্যরহিত।  
 Downhill, *n. s.* অবতরণ, অপ্রতরণ।

Downhill, *a.* উচ্ছাদি, আবুডখাবডো, গড়ান, ঢাল।  
 Downlooked, *a.* স্নানবদন, বিষয়বদন, মলিনবদন, বিষয়।  
 Downlying, *a.* আনন্দপূর্ব্ববেদনোপক্রমা স্ত্রী, পূর্ব্ববেদনের প্রাক্কালাবস্থাপ্রাপ্তা স্ত্রী।  
 Downlying, *n. s.* শয়নকাল, বিশ্রামকাল, স্নান।  
 Downright, *a.* শোভাশোভি. আপাদমস্তক. সুল্লভরূপে. পরিষ্কারূপে, সুল্লভ বাক্যে বা রূপে. বিনা শিষ্টাচারে বা ওজোরে নম্পূর্ণরূপে. বিনা বিরামে, বিনা ব্যাঘাতে বিনা আটকে, বিদ্বান্তা যে. অবাধাতে।  
 Downright, *ad.* স্কট, ধোলা, প্রকট, ব্যক্ত, শোভা, সরল, প্রকৃত, যথার্থ, অনুপম, অশান্ত, অক্ষম, অশিষ্টাচারী, অসত্য, দুঃখীল, দুরাচার, কুব্যবহারী, কৃত্রিশীল।  
 Downrightly, *ad.* স্কট কথায়, স্কট বাক্যে, স্কটরূপে, সল্পূর্ণভাৱে. অত্যাৱূপে, ব্যক্তভাৱে।  
 Downsitting, *n. s.* আরাম, বিশ্রাম, আনন্দভোগ, স্নানি বা স্নানি দুরকরণ, জিরণ।  
 Downsteepy, *a.* অসমান, আবুডখাবুড, হেঁটাটেজরা, অবতরণস্থ বিশিষ্ট।  
 Downtrod, বা Downtrodden, *part. a.* মর্জিত, দলিত, দুঃখী, আঘাতিত, ঠাসা বা দলা হইয়াছে যাঁহা।  
 Downward, বা Downwards, *ad.* Sax. মধ্যমিকে, নীচে, অধোদিকে, উপরহইতে নীচে ক্রমাগত, স্রোণীপূর্ব্বক, আগত ধারাবাহিকতাপূর্ব্বক।  
 Downward, *a.* অধোগামী, পতিত, পতনশীল, অবতরণীয়, অসমান, নিম্ন, হেলা, ধর্ম্মিত, বিষয়, বিষয়, দুঃখীকৃত, উৎসুক্যরহিত, নিরানন্দ, নীচভাবে, অধোভাবে।  
 Downweed, *n. s.* কাপাস বৃক্ষবিশেষ।  
 Downy, *a.* কোমল, নরমকৃত, মোলায়েম, নরম পক্ষদ্বারা আবৃত বা পূর্ণ, নবীন পালক বিশিষ্ট, কোমলপক্ষনির্ম্মিত, নরম, তলতলে, পরিষ্কৃত।  
 Dowre, বা Dowry, *n. s.* Fr. যৌতুক, বিবাহকালে স্ত্রীপ্রাপ্তধন, স্ত্রীর পারিতোষিক ধন দান, দত্তধন, দত্তবস্তু, সল্লভি, বিষয়।  
 To Dowse, *v. a.* Goth. চপেটাঘাত-ক, চড়-মার, ভায়াচ-মার, আঘাত-ক।  
 Dowst, *n. s.* আঘাত. মারি, পুহার।  
 Doxological, *a.* স্তুতিরূপ, প্রশংসা বা স্তুবৎ।  
 Doxology, *n. s.* ঈশ্বরের পরাক্রম বা মাহাত্ম্য শক্তি দ্বারা পুত্তিত ব্যক্ত বা পাঠকরণ বা এতবিশিষ্ট স্তুব, ঈশ্বরের ধন্য বাহের এক প্রকার গীত।  
 Doxy, *n. s.* ভুটী, ব্যভিচারিণী, বেশ্যা, কুলটা স্ত্রী।  
 To Doze, *v. n.* Sax. নিদ্রাকৃষ্টি-হ, ডোল, কিয়, অল্প নিদ্রা-হ, ত আবিশিষ্ট-হ, অলস-হ।  
 To Doze, *v. a.* অবলাদিত-ক, অক-ক, নিদ্রিত-ক, অবসন্ন-ক, অবসন্নপ্রাপ্ত-ক।  
 Dozen, *n. s.* Fr. দ্বাদশ, দ্বাদশসংখ্যা, যাত্র।  
 Doziness, *n. s.* সুবৃত্ত্যবস্থা, নিদ্রাবস্থা, নিদ্রা, নিদ্রিতস্থ, নিদ্রাদশা, চুলন, বিষয়, আলস্য, নিদ্রাবল্য, নিদ্রাকর্ষণ।  
 Dozing, *n. s.* অলসত্ব, অত্যা, সুল্লা, নিদ্রা, আরাম।  
 Dozy, *a.* নিদ্রিত, ঘুমন্ত, ঘুমক, ডোলা, ভ্রান্তকৃষ্টি, কিমানিয়া।  
 Drab, *n. s.* Sax. বেশ্যা, ভুটী স্ত্রী, ধারাবী, ছিনাল, কদম্বী, কুলটা, ব্যভিচারিণী, পশমি বস্ত্রবিশেষ।  
 To Drab, *v.* অধঃপতন-ক, বেশ্যাসহবাসী-হ, বেশ্যাসঙ্কোচী-হ, বেশ্যাসংসর্গী-হ, ভুটীচারী-হ, কদম্বীবাস-হ।



Drabbing, *n. s.* বেশ্যাসহবাস, বেশ্যাসংসর্গ, বেশ্যাসম্বন্ধ, বেশ্যা গমন, বেশ্যাসক্তি।

Drabler, *n. s.* নারিকতাষায়, অধিক পালি পুরোহনে তথোধক শব্দ।

Drachm, *n. s.* Lat. যিহ্মি দেশীয় মদ্যবিশেষ, পরিমাণবিশেষ, ঔষসংজ্ঞক পরিমাণের অষ্টাংশ, দুস্থানায়ে পরিমাণবিশেষ।

Drad, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, ভয়জনক, ভীম, ভীষণ।

Drad, To Dread, ক্রিয়াশব্দের অতীতকাল বা বিশেষণবাচক, ভীত, ভয় করিয়াছে যে।

Dräff, *n. s.* Sax. Dutch. উচ্ছ্রিত, গদ, মল, ঋকরি, অবশিষ্ট থাকে যাহা, কেলা যায় যাহা, জঞ্জাল পাড়ন।

Drainish, *a.* অকর্মণ্য, অপয়োজনক, নিষ্কয়োজনক, অযোগ্য, ঋকরি, মন্দ।

Drally, *a.* অকর্মণ্য, উলটিয়া, মলা, হেয়াংশ, ভ্যাজ্যংশ।

Draft, Draught শব্দের অস্তিত্ব ভাব।

To Drag, *v. a.* Sax. ধেঁচ, আকৃষ, টান, ধেঁচড়, ছেঁচড়, টানিয়া-আনী, হেঁচড়িয়া বা ছেঁড়িয়া-আনী, টানিয়া-আনী।

To Drag, *v. n.* ছেঁচড়িয়া গামী-হ, মৃত্তিকাতে হুট হইয়া গামী-হ।

Drag, *n. s.* টানাজাল, হাতগাড়ী, জলের ভিতরহইতে কোন দ্রব্য তোলনার্থ জাল কাঁটা কিছা অন্যত্র, হাতগাড়ীবিশেষ।

To Dragglo, *v. a.* মাটিতে লুঠনধারা সমল-ক, কদমময়-ক, কদম লিপ্ত-ক, ময়লা-ক, মাটি কাটা-মাখ।

To Dragglo, *v. n.* মৃত্তিকাতে হেঁচড়নধারা ময়লা-হ, সমল-হ, মৃত্তিকায়ুক্ত বা ধূলিধূসর-হ, ধূলামাখা-হ।

Draggletail, *n. s.* নৌধরা জী, অপরিষ্কৃত বা অপরিচ্ছন্ন, অপরিচ্ছন্ন জী।

Dragman, *n. s.* টানাজাল, টানাজাল ব্যবহার করে যে ধীর

Dragnet, *n. s.* Sax. টানাজাল, মৃত্তিকাসংলগ্ন হইয়া টানা যায় যে জাল।

Dragoman, Druggorman শব্দ দেখ।

Dragon, *n. s.* Lat. & Fr. কাব্যগুণে প্রস্তাবিত অজগর, পক্ষবিশিষ্ট সর্প, রাশি, ভয়ানক পুরুষ কিছা জী, ব্যক্তি, ভয়ানক বা দুর্দান্ত, তারাসমূহ।

Dragon, *n. s.* বৃক্ষবিশেষ।

Dragonet, *n. s.* ক্ষুদ্র সর্পবিশেষ।

Dragonfly, *n. s.* ক্ষিপ্রসুক ভয়ানক দংশনকারী মলিকাবিশেষ, কিঞ্জি, কিঞ্জি।

Dragonish, *a.* দুগানসংজ্ঞক অজগররূপ বা তদ্ব্যাকারবিশিষ্ট।

Dragonlike, *a.* ভয়ানক, রাগাধিত, উদ্বাধিত, শঙ্কাজনক, ধর্পী, রাগাল।

Dragonsblood, *n. s.* Sax. ধূনা বা শিরীষবিশেষ।

Dragonshead, *n. s.* বৃক্ষবিশেষ।

Dragontree, *n. s.* একপ্রকার ভালবৃক্ষ।

Dragoon, *n. s.* Rom. সোয়ার, অর্ধারু সৈন্য, ঘোড়সওয়ার যোদ্ধা বা সৈন্য, তুরগসওয়ার।

To Dragoon, *v. a.* সৈন্যকরণক ওএরাণ-ক, কোন স্থান সৈন্যকর্তৃক ওএরাণ-ক, নষ্ট-ক, উচ্ছিন্ন-ক বা তদর্থে কোন স্থান ভ্যাগ-ক, কোন স্থান নিবাসার্থে ভ্যাগ করিয়া-গম।

Dragoonade, *n. s.* স্থানভ্যাগ করিয়া যাওন, ছাড়িয়া পলাওন, সৈন্যকরণক নষ্টকরণার্থে যোগকরণ।

To Drain, *v. a.* টান, ধেঁচ, আকর্ষণ-ক, টানিয়া-আনী।

[ ১০০ ]

To Drail, *v. n.* কাঁদায় ময়লা-হ, পঙ্কময়-হ, পঙ্কিল-হ, কদমময়-হ।

To Drain, *v. a.* Sax. এলুমামেলুয়া-টান, ধেঁচ বা আকর্ষণ-ক, ধালি-ক, শুষ্ক-ক, নীরস-ক, ছেঁচিয়া-কেল, উৎক্ষেপ-ক।

Drain, *n. s.* নালী, মুহুরি, নরদামা, পরনালী, পুণালী, পুণাল, নালি, করণ।

Drainable, *a.* আকৃষ্ট, আকর্ষণীয়, শুষ্ককরণীয়, উৎক্ষেপ্য, ছেঁচিয়া কেলনযোগ্য।

Drake, *n. s.* হাঁস, পাতিহাঁস, পুংহাঁস, পক্ষিবিশেষ, ক্ষুদ্রকামান বা বন্দুকবিশেষ।

Dram, *n. s.* Lat. পরিমাণবিশেষ, উপমাবাক্য সংকীর্ণ বা অত্যল্প বুঝায়। এক পলা, এক পেয়ালী বা এককালে পানোপযুক্ত মদিরা, মদ্য চৌরান বা পাককৃত মদিরা, অন্য পানীয় দ্রব্য।

To Dram, *v. n.* এক পেয়ালী পান-ক।

Dram-drinker, *n. s.* মদিরাপায়ী, পাককৃতপানীয় দ্রব্য পান করে যে।

Drama, *n. s.* কাব্যশাস্ত্র, নাটক, ভোটক, প্রহসন, পুঙ্করণ, যাত্রা বা নাটকবিষয়ক বিবরণ, যাত্রার কেতাব বা তন্ত্র।

Dramatical বা Dramatick, *a.* কাব্যশাস্ত্রীয় নাটকবিষয়ক বা তদ্বিশিষ্ট, নাটকসম্বন্ধীয়।

Dramatically, *ad.* কাব্যশাস্ত্রানুসারে, যাত্রাপূর্বক, যাত্রাকরণপূর্বক।

Dramatist, *n. s.* কাব্যশাস্ত্রজ্ঞ, কাব্যজ্ঞ, কাব্যপণ্ডিত, কাব্য বা নাটক শাস্ত্রে নিপুণ বা পণ্ডিত লে, নাটককর্তা।

Drank, To Drink, ক্রিয়াশব্দের অতীতকালবাচক শব্দ, পান করিয়াছে, পানকৃত, পীত।

To Drape, *v. n.* Fr. কাপড়-বুন, বস্ত্র-বপ, বস্ত্রনির্মাণ-হ বা-ক, ঠাট্টা-ক, নিন্দা-ক, ব্যঙ্গ-ক, বিদ্রোপ-ক, উপহাস-ক।

Draper, *n. s.* বস্ত্রবিক্রেতা, বস্ত্রবিক্রয়ক, কাপড়িয়া, কাপড়ের ব্যাপায়ী, বস্ত্রবাণিজ্যকারী, বস্ত্রবাণিজ্যিক, বস্ত্রব্যবসায়ী।

Drapery, *n. s.* Fr. বস্ত্রবুন, বস্ত্রবপন, বস্ত্রের কর্ম, কাপড়ের ব্যবসায়, বস্ত্রব্যবসায়, কাপড়বুনের ব্যবসায়, বস্ত্র, কাপড়, পশমি কাপড় বা দ্রব্য, পুস্তলিকা বা ছবির আভরণ পরিচ্ছন্ন বা বস্ত্র, পোশাক।

Drapet, *n. s.* বস্ত্র, কাপড়, পালপোষ, শয্যাচ্ছাদনী।

Drastick, *a.* পরাজাত, পরাজমী, বলবান, সবল, শক্তিমান, গুণকারী, ঔষধের বিশেষণে বলবান বা হঠাৎ বা আন্ত গুণকারী বা শক্তিকারী বুঝায়।

Drave, To Drive, ক্রিয়াশব্দের অতীত কালবাচক শব্দ, চালাইয়াছে, হাঁকাইয়াছে, লড়াইয়াছে, একথা, Drove শব্দের পরিবর্তে ব্যবহার হয়।

Draugh, *n. s.* ডালানি, কিরিপি, কাটি, ঋকরি, ঝড়ন, ওচলা, পান, ইতস্ততো বা এলোমেলো নিষ্কিপ্ত পানীয় দ্রব্য।

Draught, *n. s.* জল পানকরণ, একবারে পানোপযুক্ত মদিরা বা পানীয় দ্রব্য, পেয় বা পানীয় মদ্য, দ্রব্য দুবোর চোক, উৎসাহ বা হর্ষজনক পানীয় দ্রব্য, গাড়ি টানন হাঁকন বা চালান, নিঃসরিত স্ব, নিঃসরণের ভাব বা অবস্থা, নকশা, ছবি, প্রতিমূর্তি প্রকাশক রূপ, চিত্রকরণ, নকশাকরণ, মুশাবিহা, পাণ্ডুলেখ্য, টাঁচা, হাঁচ, জালকেলন জাল দিয়া টানিয়া বা কাটিয়া আনন, এক ছাকতে হৃত মৎস্য বা তৎপরিমাণ, খবুকচালান, তীর ছোড়ন, তীরমারণ, ক্রীড়াবিশেষ, আসলে ব্যাঘাত জন্মান বা বাধাঘেঁষন, প্রধান, শ্রেণীহইতে আনীত সৈন্য, রেশালা, হুস, ধরচহওন, বসিয়া যাওন, নৌকার গহরা, নৌকা যত জলে চলে তাহার পরিমাণ,

**DRA**

**DRE**

**Draughts**, ক্রীড়াবিশেষ, হাও, টিপ, চিটী, টাকার বরাং বা হাও।  
**To Draught, v. a.** লিখ, মুশাবিদা-কৃ, উঠ (ক্রি), উত্তোল, ডাক, আকৃষ্ট-কৃ।  
**Draught-house, n. s.** ময়লা দুব্যাগার, বিষ্ঠাদি গনিত দুব্যা থাকে বা রাখা যায় যে স্থানে বা যে গৃহে।  
**Draughtsman, n. s.** লেখক, লিখনকর্তা, নালিশ আরজী বা জবাব লিখে বা মুশাবিদা করে যে, পাণ্ডুলেখ্যকারী, চিত্রকারক, পট্টয়া, নকশাকারক, ছবি লিখে যে, চিত্রকর।  
**To Draw, v. a.** আকৃষ্ট-কৃ, টান, খেঁচ, আকর্ষণ-কৃ, কোরে টান বা টানিয়া-আনী, উঠাইয়া-কেল, উৎপাট, উপড়, জোরে আনী, ছেঁ ছাড়িয়া বা হেঁচড়াইয়া-আনী, উঠ(ক্রি), উত্তোলন-কৃ, চুষ, শোষ, খাদ, চুষ, আকৃষ, বায়ু আকর্ষণ-কৃ, নী, বাহির-কৃ, ধুলিয়া বাহির-কৃ, আঁকড়া-খোল, আঁকড়া বা ছুঁটা-খুল বা-স, পীপাহইতে নিগত-কৃ, কোন দ্রব দুবা-চাল বা-ভর, ভরবার-খোল, ধাপহইতে ভরবার বাহির-কৃ, চালিয়া-কেল, ভুসুরহইতে রটী-নী বা বাহির-কৃ, মশারিপদী বা আর্কনী ধুল বা বাহির-কৃ, মশারি ভোল বা কেল, পর্দা-কেল ভোল, কারণ বা হেতু-দৃশ (ক্রি), গোপনে বা ক্রমে লইয়া-মা বা জাপন-কৃ, গোপ-কৃ, মরজ-কৃ, বড়-কৃ, লম্বা-কৃ, মরিয়া বা অতিকর্ষে-কথ বা ব্যক্ত-কৃ, অর্প-কৃ, বাহির-কৃ, নির্যাস-কৃ, ভুল (ক্রি), আকৃষ্ট-কৃ, ভোগ-দা কারি-দা, প্রবৃত্তি-জন (ক্রি), প্রবৃত্তি-নী (ক্রি), বৃক্ষ (ক্রি), ক্ষিত ভয়-কৃ, প্রাপ্তি-কৃ, প্রাপ, নী, উঠাইয়া-নী বা-দা, মোচড়, জোর-কৃ, বলাৎকার-কৃ, জোর করিয়া-নী, লিখ, রচনা-কৃ, যুদ্ধহইতে নিবৃত্ত-কৃ, সঙ্গ্রাম-ছাড়, যুদ্ধের হারি ক্ষিত না হইতে-ছাড়, নার্দ'ভূঁড় নিগত-কৃ, আঁতড়ি বাহির-কৃ, ঘাণ লইতে-গম, গন্ধ ঔকিয়া গম বা অনুমান-কৃ, চিত্র-কৃ, মূর্তি বা অবয়ব-লিখ, **To draw in**, কৃষ্ণিত-কৃ পিছে হঠ (ক্রি), ভুল (ক্রি), প্রত্যারণ-কৃ, **To draw off**, ছাল বা পাকঘারা নিগত-কৃ, নিষ্কাষণ-কৃ, চাল, খালি-কৃ, ভ্যাগ-কৃ, **To draw**, কারণেৎপত্তি-কৃ, আকৃষ্ট-কৃ, কারণ জন (ক্রি), **To draw over**, পাকপাত্রে উপোল বা বৃদ্ধি-কৃ, প্রবৃত্তি জন (ক্রি), কলহ হস্ত বা দুর্বৃত্ততাতে প্রবৃত্তি-কৃ, কোন দল বা মজলিস ভ্যাগ-কৃ, **To draw out**, দীর্ঘ-কৃ, লম্বা-কৃ, পিটাইয়া বড়-কৃ, উঠাইয়া কেল, ধুলিয়া-কেল, সঙ্গ্রামে প্রেণীবদ্ধ-কৃ, যুদ্ধার্থে সৈন্যসাজ (ক্রি), **To draw up**, লিখ, লিখন, রচনা-কৃ।  
**To Draw, v. n.** বহনকারী-হ, ভার-হ, কৃষ্ণিত-হ, বসিয়া-য়া, অগ্নসর-হ, অগ্নে-চল-সর বা-গম, একত্র-হ, একীভূত-হ, জমা-হ, সঙ্গ্রহ-হ, যোড়-লাগ, ডাল কাটান-হ, চিত্র-হ, নিবৃত্ত-হ, ধায়া বহনকারী-হ, **To draw off**, চলিয়া-য়া, নিশ্চিন্ত-হ, ভ্যাগ করিয়া-য়া, **To draw on**, অগ্নসর-হ, নিকটবর্তী-হ, **To draw up**, প্রেণীবদ্ধ-হ।  
**Draw, n. s.** টানন, আকর্ষণ, গুলিবাঁট বা উৎপত্ত।  
**Drawable, a.** টাননীয়, টানা যায় বাহা, টাননোপযুক্ত, আকর্ষণীয়, আকৃষ্য, আকর্ষণক্ষম।  
**Drawback, n. s.** প্রতিদান, পূর্ক গৃহীতের পুনর্দান, টাকা কিরিয়া দেওন, রেয়াইৎ, ছাড়িয়া দেওন, কিরিয়া দেওরা যায় বা পাওরা যায় যে ধন বা টাকা, কেবলতা হানীল বা অন্য দেয় টাকা, নগদ বিক্রয়ে ধরাট বা ছুট দেওরা যায়।  
**Drawbridge, n. s.** তোলাসীক, খোলাসীক, কাঠনির্মিত রাস্তা, বাহা বেড়াপূর্ক তোলা ও কেলা যায়।  
**Drawee, n. s.** সাহকার, মহাতন, হুণি দেওরা যায় বা লিখা যায় বাহার উপর, টাকার বরাং বা টিপ হয় বাহার উপর।  
**Drawer, n. s.** কপহইতে মল উঠায় যে, কপহইতে মল ছুলিতে

নিবৃত্ত হয় যে বা উৎকর্ষ কর যে, পীপাহইতে শরীর বাহির করে বা চালে যে, আকর্ষণক্ষম, আকর্ষক, টানে যে, দুজ আকর্ষণক্তি আছে বাহার বা বাহাতে, উঠায় যে, উপস্থিত করে যে, উঠাইয়া দেয় যে, কোঠ, কোট, গেবি, সিদ্দকের মধ্যে উপস্থারবিশেষ, হুণি কাটে যে, হুণি বা বরাং লিখে যে, এ শব্দ বহুচনান্ত হইলে অর্থাৎ, *drawers*, জাতীয়া পরিধেয় বস্ত্র বা পা রক্ষাবিশেষ বস্ত্র, একপ্রকার প্রভিমূর্তি।  
**Drawing, n. s.** নকশা, ছবি, চিত্র, পট, ভসবির।  
**Drawingroom, n. s.** বসিবার ঘর, মজলিসঘর, সভাঘর, ঘরের মধ্যে বৈঠকখানা, দেওরানখানা, উৎস্থানে আগত বা উপস্থিত জনসমূহ, চিত্রকরণার্থে কুঠরী।  
**To Drawl, v. n.** আক্বে ধীরে শব্দ বা অল্পকালে কথাকথ, গদগদভাবে-কথ, লাল-পড় ও কথাকথ, ছেল্যার ন্যায়-কথ, গোলা ইয়া-পড়ন বা-কথন।  
**To Drawl, v. a.** লাল-পড়, লাল-কেল, লালকরণের ন্যায় কথ-কৃ।  
**Drawl, n. s.** গগান, চাঁইকরণ, ছেল্যার ন্যায় কথ।  
**Drawn, part.** সঙ্গৃহীত, টানিত, আকৃষ্ট, সমান, হুপ্রতিযোগী, খোলা, অনাবৃত, অভিপ্রেত।  
**Drawwell, n. s.** গভীরকূপ, গহেরা কথ, পাতকুয়া।  
**Dray, বা Draycart, n. s.** Sax. মদিরাবাহক গাড়ী বা শকটবিশেষ।  
**Drayhorse, n. s.** পূর্কোক্ত গাড়ীবাহক বা টানা ঘোড়া।  
**Drayman, n. s.** উল্লাড়ী চালার বা উৎসমতিবাহারে থাকে যে ব্যক্তি, গাড়োয়ান।  
**Drayplough, n. s.** লালনবিশেষ।  
**Drazil, n. s.** ক্ষুদ্র জঘন্য বা অপকৃষ্ট, নিকৃষ্ট, নীচ লোক, কুম্বুল্যাত্তী।  
**Dread, n. s.** Sax. ভয়, ভর, ভ্রাস, আশঙ্কা, স্বাভাবিক ভয়, অতিশঙ্কা, ঘোরভয়, আতঙ্ক, ভয়জনক, ভয়ন বা ভয়বিষয়, ভয়ানক ব্যক্তি বা বস্তু, ভয় হয় বাহাতে।  
**Dread, a.** ভয়ানক, ভয়ঙ্কর, ভয়জনক, পরাক্রান্ত, আতঙ্কবিশিষ্ট, অত্যন্ত মান্য, পূজ্যপাদ ভীম।  
**To Dread, v. a.** অত্যন্ত ভয়-কৃ, আতঙ্ক-কৃ, অতিশঙ্কা-কৃ, শঙ্কা-কৃ।  
**To Dread, v. n.** ভীত-হ, ভীর্ণ-হ, আতঙ্কিত-কৃ, শঙ্কামিত-হ, ভ্রত-হ, শঙ্ক-হ, ভরা।  
**Dreadable, a.** ভয়করণীয়, ভয়যোগ্য, আশঙ্কনীয়, আশঙ্কা করে যে বা হয় বাহাতে।  
**Dreador, n. s.** ভয়কারী, ভরে বা ভরে থাকে সে, নিয়ত শঙ্কা করে যে, ভীর্ণস্বভাবক, ভরক বা ভয়শীল ব্যক্তি।  
**Dreadful, a.** ভয়ানক, ভয়ঙ্কর, ভয়বিশিষ্ট, শঙ্কাবিশিষ্ট, আতঙ্কজনক, ভীম, ভৈরব, ঘোর, মান্য, পূজ্য, পূজনীয়, আদৃত্য।  
**Dreadfulness, n. s.** ভয়ানকত্ব, ভয়জনকতা, ভয়বিশিষ্টতা, ভয়ঙ্করত্ব, শঙ্কা।  
**Dreadfully, ad.** ভয়পূর্ক, শঙ্কাপূর্ক, আতঙ্ক করিয়া, ভ্রাসপূর্ক, ভয়ঙ্করভাৱে, ভীর্ণভাৱে।  
**Dreadless, a.** নিভয়, নিশঙ্ক, শঙ্কারহিত, নিসাপন্ন, নিরাভঙ্ক, অভয়যুক্ত, সাহসী, ভয় বা ভর নাই বাহার বা বাহাতে।  
**Dreadlessness, n. s.** নিভয়ত্ব, নিশঙ্কতা, নিসাপন্নত্ব, অভয়, সাহস, ভয়াভাব, অনাতঙ্ক।  
**Dream, n. s.** Dutch. স্বপ্ন, নিদ্রাবস্থায় সঙ্গ্রহ, বপুকাপীম জ্ঞান, সুপ্তাবস্থায় দেখা যায় বা মনে হয় বাহা, খোকা, কুম্ব, ধেরা, ল, ধেরাব।

## DRE

## DRI

To Dream, v. n. স্বপ্ন-দৃশ্য, স্বপ্ন-হ, মনে-ক, ধেরাল-ক, অব্যভব  
-ক, ধোকা-হ, ভ্রম-হ, অলস-হ, অজ্ঞান-হ ।

To Dream, v. a. স্বপ্নে-দৃশ্য ।

Dreamer, n. s. স্বপ্নদর্শক, স্বপ্ন দেখে যে, স্বপ্ন হয় বাহার, ধোকা  
আছে বাহার, ভ্রমাত্মক, কল্পিত সঙ্কার হইয়াছে বাহার, ত  
য্যক্তি, পূর্বে স্বপ্ন ব্যাখ্যা বা তৎকালকাল করিত যে ব্যক্তি, নিদ্  
ঘ্নী, কুড়ে বা অলস ব্যক্তি ।

Dreamful, a. স্বপ্নময়, স্বপ্নবিধিষ্ট ।

Dreamingly, ad. স্বপ্নপূর্বক, সূত্রিরূপে, বৃথা অনর্থক বা গাফিলি  
রূপে ।

Dreamless, a. নিঃস্বপ্ন, স্বপ্নশূন্য বা রহিত, স্বপ্ন না দেখে যে বা  
হয় না বাহার, নিদ্রাবস্থায় জ্ঞান হয় না বাহার ।

Drear, a. খেদজনক, তাপজনক, ভয়জনক, তাপিত, শোকাবিত,  
উদাস, নিরানন্দ, বিমর্ষ, বিষয় উষিৎ ।

Drear, n. s. ভয়, ডর, শঙ্কা, আতঙ্ক, জ্ঞান ।

Dreariness, n. s. ভয়, আতঙ্ক, উদাস, আনন্দশূন্য, নিরানন্দ ।

Drearily, ad. ভয়পূর্বক, ভয়ে, শঙ্কাপূর্বক, আতঙ্কপূর্বক, জ্ঞান  
পূরঃসরে ।

Dreariment, n. s. ভাবনা, উষেগ, উদাস, অনুঃসাহস, নিরানন্দ,  
বিবাদ, ভয়, আতঙ্ক, শঙ্কা ।

Dreariness, n. s. উদাস, নিরোঃসূকা, উঃসাহরাহিত্য, ভাবনা,  
উষেগ, ভয়, সন্তপ্তমনকতা, কিমতা, তপ্তাঃকরণতা ।

Drearly, a. Sax. খেদাভিত, শিথ, শিথামান, বিষয়, বিমর্ষ, তা  
বিত, উষিৎ, অপূর্ব, দ্বিষ্ট, সন্তাপিত, পরিতাপিত, দুঃখিত,  
উদার, ঘোর, ভয়ানক, ভয়জনক, ভয়ঙ্কর ।

Dredge, n. s. জালবিশেষ ।

To Dredge, v. a. জালদ্বারা জড় (ক্রি), একত্র-ক, জালদ্বারা-কুড়  
(ক্রি), জালদ্বারা মৎস্য-ম্ ।

Dredge, n. s. মিশ্রিত শস্য, ওটনামক যব আর সামান্য যব এক  
ত্র করিয়া রোপণ বা তৎশস্য, কস্তুরা ধরিবার জাল ।

To Dredge, v. a. মাৎস্য বা কোন দ্রব্য দৃষ্ট বা কাব্যবরণ কা  
লে তদ্রব্যের উপর ময়দা নিঃক্ষেপ-ক, ছিট (ক্রি), বা-না ।

Dredger, n. s. জাল দিয়া মৎস্য ধরে যে, জাল ফেলিয়া মৎস্য  
আহরণকর্তা, কাব্য বা দৃষ্ট দ্রব্যোপরি ময়দা ছিটার অত্রবি  
শেষ ।

To Dree, v. a. Sax. বরদাস্ত-ক, সহিষ্ণু-ক, সহ্য-ক, সহন-ক, স  
হ, সহিষ্ণু-ক ।

Dregginess, n. s. গাদ, ঠাঁকরি, ময়লা, মেড়ানি বা ভলানিবিধি  
ষ্ট বা তদ্রয়ত্ব ।

Dreggish, a. গাদময়, ঠাঁকরিময়, মেড়ানিবিধিষ্ট, ময়লা বা ভলা  
নি পড়িয়াছে বাহাতে বা বাহার ।

Dreggy, a. গাদবিধিষ্ট, ঠাঁকরিবিধিষ্ট, ময়লা, অপরিষ্কার, কা  
দাটে, ঘোলা, গাদীয়, মলময় ।

Dregs, n. s. Sax. গাদ, কাইট, ময়লা, ঠাঁকরি, পিটী, মল কাই  
ট, ভলানি, আর্জন, শেষ, অপরিষ্কারজনক বস্তু, অশুদ্ধ বা অপ  
রিষ্কার হয় বাহাতে বা যদ্বারা তদ্বস্তু, অবশিষ্ট ময়লা বা জঞ্জা  
ল, ওচলা, স্কর, অবকর ।

To Drein, v. n. ধালি-হ, শূন্য-হ, রিক্ত-হ, ধালাস-হ ।

To Drench, v. a. Sax. ধোয়, ভিজ(ক্রি), আর্দ্র-ক, সিক্ত-ক, জ্ব  
অবে-ক, জোরে জোলাপ-না নিঃ ।

Drench, n. s. জোলাপ, অর্থাৎ পত্তর জোলাপ, সিক্ত বা সিক্ত  
জোলাপ, নরদামা, জলপথ, অর্থাৎ ঔষধ, চো

Drencher, n. s. সিক্তকারী, ভিজার যে, জোলাপ দেয় যে ।

Drent, part. ধোয়া, পুঙ্কালিত, ধৌত, ভিজান, সিক্ত, আর্দ্র, ভি  
জে ।

To Dress, v. a. Fr. বস্ত্রপরিধান-ক, কাপড়, পিন্ধন-ক, পোশাক  
-ক, জুবা-ক, পরিচ্ছদ-ক, পরিহিত-ক, শোভা-ক, সাজ-ক, সৌ  
ন্দর্য-ক, স্তম্ভপরিষ্কার-ক, স্তম্ভপরিষ্কার করিয়া ঔষধ-না, পরি  
ষ্কার-ক, আচড়(ক্রি), ঘোড়া সজুত-ক, ধারার-ক, ঘোড়াকে শি  
কা-ক(ক্রি), স্তম্ভ-ক, অশুদ্ধ সার, টিক-ক, তৈয়ার-ক, গোটা-না,  
কালর-না, পাক-ক, রন্ধন-ক, অন্নব্যঞ্জন পাক-ক ।

To Dress, v. n. বেশ জুবা বিষয়ে বিশেষ মনোযোগ-ক বা-হ বা  
তৎকর্মে চেষ্টা-ক বা যত্নবান-হ ।

Dress, n. s. পোশাক, পরিচ্ছদ, বস্ত্র, বসন, বস্ত্রাচ্ছাদন, পরিধেয়  
বস্ত্র, উত্তম পোশাক বা বস্ত্র, শিষ্টাচারের অভ্যাস বা রীতি, পো  
শাক সাজান বা নির্মাণকরণে পারগতা বা সঙ্কার, আভরণ,  
বেশভূষণ, সজ্জা, খেলাৎ ।

Dresser, n. s. পোশাক পরায় যে, বস্ত্র বা ভূষণ দেয় যে, কোন ক  
র্ম নির্বাহার্থে নিযুক্ত ব্যক্তি, কর্মপরিষ্কারক, বাবুরচিখানার  
মেজ বা পাটাবিশেষ বাহার উপর মাৎস্য প্রস্তুত করে, পাচক,  
স্বতের উপর পটি বাস্ত্রিয়া দেয় যে ।

Dressing, n. s. পরিচ্ছদ, বেশ জুষণ, বস্ত্র, অলঙ্কার, স্তম্ভপরিষ্কার  
করণ, ঔষধ দেওন বা তাহার চিকিৎসা, প্রলেপ, পটী, হস্ত পা  
দাধিয়ারী মৃত্তিকাতে কর্ম বা মেহনত, পরিহিত হওন, বস্ত্রাধি  
ত হওন, পোশাকপরণ ।

Dressy, a. পোশাক বা আভরণদ্বারা সজ্জ বা ব্যক্ত হইয়াছে যে ।

Dressingroom, n. s. বস্ত্র পরিবার ঘর, আভরণ বা বস্ত্রাদি পরি  
ধান হয় বা করে যে ঘরে, ভূষণাগার, কাপড় পরিবার কুঠরী ।

Drest, part. To Dress, ক্রিয়াণদের অভ্যুতকালবাচক, পরিয়া  
ছে, পরিহিত ।

To Drib, v. a. কাট, ছেদ, ছিন্দ, ছাঁট, চির, ছেদন-ক, কর্তন-ক,  
দুইখান-ক, দুকাক-ক, ধগুন-ক, ধগুৎ-ক ।

Drib, n. s. কোটা, বঁদ, ধার, বিন্দু ।

To Dribble, v. n. কোটা বা বিন্দুক্রমে পত কর বা নির্গত-হ, জ  
র, ক্রমে বা ধীরে পত, ধীরে বা নরমে গতি-হ, চল, লাল-প  
ড়, লালাক-হ, লাল পড়িয়া সিক্ত-হ ।

To Dribble, v. a. বিন্দু বা কোটা নিঃক্ষেপ-ক, কোটাৎ কর বা  
নিঃসর, লালপড় ।

Dribbling, n. s. কোটা পড়ন, কোটা করণ, বঁদ পড়ন, বিন্দু করণ ।

Dribble, n. s. টাকার ছিট, তাক টাকা, শিকি আনা বা পাই ই  
ত্যাদি বৃষ্টি ।

Drier, n. s. শুষ্কারক, শোষক, শুষ্ককরণক্রম বা তদ্রূপ আছে বা  
হাতে ।

Drift, n. s. জোর, শক্তি, বল, অভিপ্রায়, মনস্ক, কল্পনা, বাবুদ্বারা  
রাশীকৃত বস্তু, রাশি, স্প, জলের টান, পরাক্রম, ক্রমতা, মগ্ধ  
র, মাধ্য ।

To Drift, v. a. চাল (ক্রি), গতি-ক(ক্রি), প্রবৃত্ত-ক, নিবৃত্ত-ক, জড়  
-ক, রাশি-ক, চেঁরী-ক, চেঁরী-মার বাবুবেগে-চল, বাবুদ্বারা-বহ ।

To Drift, v. a. স্তম্ভ-ক, পুঙ্কী-ক, স্প-ক, রাশি-ক, চেঁরী-ক, চে  
রী-মার ।

Drift-way, n. s. সাধারণ পথ, গবাদি জন্তুর পথ ।

Drift-wind, n. s. কাটান্যা বাতাস, যে বাতাসে সম্মুখে বাহা ধা  
কে তাহা উড়াইয়া লইয়া যায় ।

To Drill, v. a. Sax. কুরপূর্ণ-ক, ছেদ-ক, কোঁক-ক, কুট (ক্রি),  
ছেঁদা-ক, ছিঁদু-ক, গর্ত-ক, খাল-ক, খোল-ক, গৌণ-ক, ঘেরি  
-ক, গতিমসী-ক, অভ্যাস ক্রমে বা সিক্তি-টান বা আকর্ষণ-ক,

DRI

DRO

কাওয়ার-কৃ, যুদ্ধবিদ্যা শিক্ষা-কৃ(ক্রি), চাল(ক্রি), খীরেং-চল, নিরমপূর্জক খীরেং-চল।  
 To Drill, v. n. ক্রমে আন্তে বা খীরে উখল বা বৃদ্ধি-হ, সখ্যা-হ, গণতি-হ, কাওয়ারকরণার্থে সারিগাঁথা বা একত্র-হ বা জমা-হ।  
 Drill, n. s. সুরপুণবিশেষ, ছিদ্রকারি অস্ত্রবিশেষ, আবিধ, আন্ডো টনী, বরমা বানর বা বনমানুষ বিশেষ, জলের করণা বা নৌতা বিশেষ, সৈন্যের কাওয়ার।  
 To Drink, v. n. Sax. পান-কৃ, মদ্যপান-কৃ, তৃষ্ণানিবারণ-কৃ, কয়েক-কৃ, আমোদ-কৃ, মদ্যপানকারী আমোদ-কৃ, অতিপান-কৃ, মদ্যপানে শিষ্টাচার বা নমস্কার-কৃ, মদ্য পেরালা গৃহণের কালে মঙ্গলপ্রার্থনা-কৃ বা আশীর্বাদ-কৃ, মাতওয়ারা-কৃ।  
 To Drink, v. a. গৃ, গেল, গিলিয়া-কেল, গলাধঃ-কৃ, শেষ, পান-কৃ, খাদ, শ্রবণ-কৃ, দৃশ, তৃষ্ণানিবারণ-কৃ।  
 Drink, n. s. পানীয় মদ্য, কোন মদ্যিরা, মদ্যিরাবিশেষ, দুব দুবা।  
 Drinkable, a. পানোপযুক্ত, পেয়, পানযোগ্য, পানার্থ, পানীয়, পান করিতে পারা যায় যাহ।  
 Drinker, n. s. Sax. করেকী, পায়ী, পানকর্তা, পানকারক, নে শাওয়ারা, মত্ত, মাতওয়ারা।  
 Drinking, n. s. তৃষ্ণানিবারণ, তৃষ্ণানিবৃত্তিকরণ, পিপাসানিবর্তন, উৎসব, যথেষ্ট শক্ত বা উগু মদ্য অধিক পান করণ বা উৎপানে অভ্যাস বা তাহায়া।  
 Drinking-horn, n. s. Sax. পানের শূক, পানভাজন, পানপাত্র, চক, শূক যাহাতে মদ্য বা অন্য পানীয় দুবা পান করা যায়।  
 Drinking-house, n. s. Sax. পানাগার, পানগৃহ, মদ্যপান করিবার স্থান বা বাটী।  
 Drinkless, a. পানিরহিত, পানবর্জিত, পানহীন, মদ্য বা অন্য পানীয় দুবা পান করে না যে বা নাই যাহাতে বা যেখানে।  
 Drinkmoney, n. s. মদের টাকা, পানের টাকা, মদের মূল্য, মদ্য ক্রয় হয় যদ্বারা, মদ খাইবার টাকা, বকশীস।  
 To Drip, v. n. Sax. ক্ষর, সর, চৌণ্ড, ফোটাং বা বিদ্যুৎ পত বা ক্ষর বা সান্দ বা স্র বা ছ।  
 To Drip, v. a. ক্ষর(ক্রি), চৌণ্ড(ক্রি), নিঃসৃত, বিদ্যুৎ বা ফোটাং নিঃক্ষেপ-কৃ, মাৎস দগ্ধ করণকালে গলিয়া-পত, তন্মাৎস বা সৃত নির্গত-কৃ, বা-পত(ক্রি), কাবাৰি মাৎসহইতে চরবি বা সৃত গলিয়া-কেল।  
 Drip, n. s. ফোটা বা বিদ্যুৎ হইয়া পড়ে যে, যাহা ফোটাং পড়ে, ক্ষরিত বা স্রিত ফোটা, (in architecture.) ছালনির কাষবিশেষ।  
 Dripping, n. s. চরবি বা সৃত যাহা কাবাৰি মাৎসহইতে গলিয়া পড়ে মাৎস দগ্ধ করণকালে তাহাহইতে নির্গত হয় যে সৃত করণ।  
 Drippingpan, n. s. পাত্র, যাহাতে কাবাৰি মাৎসের সৃত বা চরবি ধরা বা রাখা যায় বা তদসৃত পড়ে যাহাতে।  
 Dripple, a. ক্ষীণ, দুর্বল, দুশ্পাণ্য, দুর্বল, অপ্ৰাচুর্য আছে যাহা তে বা বাহার, মেলে না বা পাওয়ার যায় না যাহ।  
 To Drive, v. a. গতি-কৃ(ক্রি), চাল(ক্রি), দৌড়(ক্রি), জোরে গতি বা আঘাত বা আলোড়নদ্বারা চাল(ক্রি), তাড়াইয়া-দা, হাঁকা ইয়া-দা, দূর-কৃ, খেদা, তাড়া, পশ্চাৎ-গম, তাড়াইয়া-দা, পশ্চাতে হাইয়া-ধু, কোনদিকে গতি-কৃ(ক্রি), গাড়ী হাক(ক্রি) বা চল(ক্রি), ধালি-কৃ, পত-হাঁক, তাড়(ক্রি) বা-চর(ক্রি), কোন স্থানে যে কিছু থাকে সরাইয়া বা দূর করিয়া পরিষ্কার-কৃ, জোর-কৃ, বল-কৃ, অবরোধ-কৃ, ক্লেম-দা, হুৎ-দা, শোকা-কৃ, জোর বা বলদ্বারা কোন কর্ম-কৃ(ক্রি), রাগ ক্ষমতা বা বলদ্বারা-চল(ক্রি),

চৌল, বহ, বলা, চৌক, Drive out, তাড়াইয়া-দা, তাঁকাইয়া-দা, খেদ(ক্রি), দূরকরিয়া-দা।  
 To Drive, v. n. চল, গতি-হ, জোরে-দৌড়, ধাব, শকটারোহী-হ বা তদ্বারা গম, ভাব-হ, গতি-হ, অভিপ্রায়-হ, মার, আঘাত-কৃ, সেত-কৃ, ডাক-কৃ, লক্ষ্য-বাধ, শক্ত-মার, হটাৎ বা জোরে আঘাত-কৃ, আটক-কৃ, বন্দ-কৃ।  
 Drive, n. s. গাড়ীর পথ বা রাস্তা, গাড়ীতে চড়ন করণ বা বেড়ান, গাড়ীর চক্র, চক্র, পাক।  
 To Drivel, v. n. লাল-পত, লাল-গল, ছেপ-কেল উদ্বৃত্ত-হ, পা গল-হ, পাগলামি-হ, অজ্ঞানতা-হ, অতিশয়প্রীতি-কৃ, মোহা গ-কৃ, বাৎসল্য-কৃ, গাচাটাচাটি-কৃ।  
 Drivel, n. s. লাল, ছেপ, মুখহইতে নির্গত লাল বা জল, ক্লেম, রস, উদ্বৃত্ত পাগল বা জিঙ, ক্লেপা ব্যক্তি, পত বা মূর্খ, লালুয়া মুখ।  
 Driveller, n. s. পাগল, উদ্বৃত্ত, জিঙ, ক্লেপা, নির্ভেদ, জড়, আহা ছক, লালপড়া।  
 Driven, To Drive, শব্দের অসমাপক ক্রিয়াপদ, চালিত, চালা।  
 Driver, n. s. হাঁকায় বা চালায় যে ব্যক্তি বা তদর্থে ব্যবহৃত অস্ত্র, চারক, রাধান, পত চরায় বা কিরায় যে, খেদানিয়া, পতচালক, গাড়ওয়ার, গাড়ী হাঁকায় বা চালায় যে, সারিবিশেষ, মাহত, কোন কর্মের কলিতার্থ অভিপ্রায় বা মূল কারণ বিবেচনা করে যে।  
 Driving, n. s. চালান, গতিকরণ, হাঁকান বা এতৎকর্ম, অতিপ্রায়।  
 To Drizzle, v. a. Germ. কুদুং কোটা পতন-কৃ, বিদ্যুৎ জল-পত(ক্রি), গুড়নি-পত বা নিঃক্ষেপ।  
 To Drizzle, v. n. গুড়নি বা বিদ্যুৎপাত-হ, বিদ্যুৎ-পত, যথা লঘু বৃষ্টি।  
 Drizzle, n. s. কুই বৃষ্টি, গুড়নি বৃষ্টি, বিদ্যুৎ বৃষ্টি বা নীর।  
 Drizzling, n. s. বিদ্যুৎ-নীর, গুড়নি, কুই, নরমও সূক্ষ জলধারা।  
 Drizzly, a. গুড়নি বৃষ্টিরিক্ষেপক বা পড়ে যাহাহইতে, গুড়নি বা বিদ্যুৎ বিশিষ্ট।  
 Droil, n. s. Icel. নীচ কর্মকারী, নীচ পেশাদার, কুদু বা নীচ কর্ম নিযুক্ত, কৌতুক করে যে ব্যক্তি, গোলাম, দাস, অগতিকদাস; অকর্মণ্য ব্যক্তি, জড়।  
 To Droil, v. n. টিলে কর্ম-হ, আন্তেং অল্পেং বা শৈথিল্যরূপে কর্ম-হ, পরিশ্রম-কৃ বা-হ, মেহরত-হ, দাসত্ব-হ।  
 Droll, n. s. Fr. তাঁড়, মজুরা, ঠাট্টাবাজ, বিদ্বাবক, বিদ্বক, নকলকারী, মজুরাম।  
 To Droll, v. n. তাঁড়-হ, মজুরা-হ, ঠাট্টাবাজ-হ, ভামাসা-হ।  
 To Droll, v. a. তাঁড়ামি-কৃ, মজুরামি-কৃ, ঠাট্টাবাজি-কৃ, ভামাসা-কৃ।  
 Droller, n. s. তাঁড়, মজুরা, ঠাট্টাবাজ, ভামাসা করে বা দেখায় যে।  
 Drollery, n. s. তাঁড়ামি, মজুরামি, ভামাসা, বিদ্বপ, রসিকতা, মজুরাম, বিদ্বকতা, বিদ্বাবকতা।  
 Drolling, n. s. ভামাসিক, হাস্যার্থ, পরিহাসক, পরিহাস করে যে, কৌতুকিয়া।  
 Drollingly, ad. পরিহাসপূর্জক, ভামাসাপূর্জক, কৌতুকরূপে, পরিহাসপূর্জক।  
 Drollish, a. ভামাসান্যায়, ভামসী, পরিহাসোপযুক্ত বা ভদ্বায়, পরিহাস্য।  
 Dromedary, n. s. Ital. উটবিশেষ, সাঁড়নী।

DRO

**Drone, n. s. Sax.** অকর্মণ্য, কুড়ে, জড়, অলস, নিষ্কর্মা, মধু-আহরণ করে না, কুড়ে মধু মক্ষিকা, অলস, নিষ্কর্মাণিত ব্যক্তি, নিষ্কর্মা ব্যক্তি, খাবার কুর্দীর, বলিয়া খায় কিম্বা কোন কর্ম করে না যে, গুণশব্দ বা উদ্ভক্তি করে যদ্বারা উদ্ভব, পুং-মধুমক্ষিকা।  
**To Drone, v. n.** আলস্যে কালক্ষেপ-কৃ, অকর্মণ্য-হ, বৃথা-হ, বপু-নৃপ, গাঁ২-কৃ, গাঁ২ শব্দ-কৃ, গৌ২ শব্দ-কৃ  
**Droning, n. s.** গৌ২ শব্দ, ভারি শব্দ।  
**Dronish, a.** অলস, কুড়ে, নিষ্কর্মা, চুপা, অসতর্ক, বেধবরদার, অচেতন, অসাবধান, অমনোযোগী।  
**To Droop, v. n. Icel.** ভাবনাধারণক ক্ষীণ বা দুর্জল-হ, মলিন-হ, মর্চ্ছিত-হ, মর্চ্ছা-বা মর্চ্ছাপন্ন-হ, মর্চ্ছা-যা, স্তান-হ, কাঁওরা, কাঁওরা, ক্ষীণ-হ, নিস্তেজ-হ, হ্রাস-হ, শোণ-হ, হেল, হেলান্যা-হ, অধঃপত, অধোগামী-হ।  
**Drop, n. s. Sax.** কোটা, বিন্দু, ছিটা, টোপ, কর্ণে পরিহিত হীরক, কর্ণে লুণ্ঠায়মান হীরক বা অলঙ্কার।  
**Drop-serene, n. s. Lat.** চক্ষুরোগবিশেষ।  
**To Drop, v. a.** বর (ক্রি), কোটা২ নিক্ষেপ-কৃ, বিন্দু২ পতন-কৃ, টোপে২-কেল বা-চাল, কোটা২ করিয়া-না, কোটা বা বিন্দু-কৃ, ছিটা-না, পড়িতে-না, পতন হইতে-না, যাইতে-না, ত্যাগ-কৃ, হস্তহইতে ত্যাগ-কৃ, ধীরে২ কথ, অল্প-কথ, অল্পকরণে-লিখ বা দাখিল-কৃ, তকাৎ করিয়া-লিখ, ফেলিয়া-না, ছাড়িয়া-না, ছাড়িয়া রাখিত-কৃ, হুগিত-কৃ, প্রভুত্যাগ-কৃ, মুদই বা সমভিব্যাহারী ছাড়িয়া-না বা ত্যাগ-কৃ, বর্জন-কৃ, দূরকরিয়া-না।  
**To Drop, v. n.** কোটা-পত, বিন্দু পতন-হ, উপর বা উচ্চ স্থান হইতে-পত, নিম্ন-হ বা পড়িয়া-না, ছড়াইয়া বা ছিডরাইয়া-পত, মৃদু-হ, সরিয়া-পত, হঠাৎ-মৃ, নিবৃত্ত-হ, বন্দ-হ, শেষ-হ, ক্ষান্ত-হ, চুপ বা অবাক হইয়া স্থা, দূর-হ, দেশান্তর-হ, বৃথা-হ, অনর্থক-হ, নিমূল-হ, হঠাৎপস্থিত বা মূট-হ, তকাৎ-হ, চিহ্ন বা লক্ষ্যহইতে অন্তর বা দূর-হ।  
**Dropping, n. s.** কোটা, বিন্দু, কোটা২ বা শিুবৎ হইয়া পড়ে যে বস্তু।  
**Droppingly, ad.** কোটা২ বা বিন্দু২ হইয়া, বিন্দু২ পতনপূর্কক।  
**Droplet, n. s.** ক্ষুদ্র বিন্দু বা কোটা, গুড়নি, সূক্ষ্ম বিন্দু।  
**Dropstone, n. s.** লুড়ি, শিলাবদ্যকার লোষ্ট্র।  
**Dropwort, n. s.** বৃক্ববিশেষ।  
**Dropsical, a.** উদরি রোগগুস্ত, জলোদরী রোগগুস্ত, উদরি রোগ হইয়াছে সাহায্য বা উদ্রোগ বিশিষ্ট বা পুরোজক, উদরি রোগোৎপাদক।  
**Dropsied, a.** উদরি রোগগুস্ত বা ভবিশিষ্ট।  
**Dropsy, n. s. Lat.** উদরি, জলোদরি, শোথবিশেষ।  
**Dross, n. s. Sax.** দাভুদুবোর ময়লা, খাইদ, মলা, মল, গাদ, মরিচা, ময়লা, শীট, কাইট, খার্করী, গু, ক্লেদ।  
**Drossel, Drotchel** শব্দ দেখ।  
**Drossiness, n. s.** ময়লা, মরিচা, মলা, ক্লেদ উদ্ভাব বা উদ্ভব স্থা।  
**Drossy, a.** মরিচাবিশিষ্ট, ময়লা বা ক্লেদবিশিষ্ট, মলা বা গাদময়, ময়লা, অপরিষ্কৃত, ক্লেদময়, নিষ্কর্মা, অকর্মণ্য, কদম্ব।  
**Drotchel, n. s.** কদম্বা স্ত্রী, মন্দ স্ত্রী, অলস, কুড়ে বা অকর্মণ্য লোক।  
**Drove, n. s. Sax.** পশ্বাধির পাল, গবাদি পশুসমূহ, ভেড়ার পাল, ভেড়ার পাল চরণ, বীক, পাল, জনতা, জিড়, গোল, গবাদির গমনের পথ।

DRU

**Droven, To Drive, শব্দের অনঙ্গাপক ক্রিয়া পদ, চালিত গতিকৃত।**  
**Driver, n. s.** বলদ বা সাঁড়, হুটুপুটু করিয়া হুটে বিক্রয় করিতে লইয়া যায় যে, বিক্রয়ার্থে পশুকে ধাওয়ার বা পালে যে, পশুব্যবসায়ী, পশুবাণিজ্যকারী, পাল ভাড়ার বা রক্ষা করে যে, নৌকাবিশেষ জোয়ারে চলে যে নৌকা।  
**Drought, n. s. Sax.** শুষ্ককাল, ধরাণ্যকাল, শুকনো কাল, গুঁয়া কাল, ধরাণীকাল, অনাবৃষ্টি, আকাট, শুকাপড়ি, জল বা বৃষ্টির অভাব, অবর্ষা, শুকা, পিপাসা, তৃষ্ণা, তৃষা, পানীয়ভাব।  
**Droughtiness, n. s.** অনাবৃষ্টিতা, অবর্ষত্ব, অবগুহ, জলাভাব।  
**Droughty, a.** অনাবৃষ্টি বর্ষা বা উৎসৃষ্টভাববিশিষ্ট, জলশূন্য, অবর্ষণ বৃষ্টি শূন্য বা অভাববিশিষ্ট, তৃষাঠ, তৃষ্ণায়ুক্ত, শুষ্কতালু, গুঁয়া, তৃষিত।  
**Drouth, Drought** শব্দ দেখ।  
**To Drown, v. a. Germ.** ডুব (ক্রি), ডুব (ক্রি), মজ (ক্রি), জলে ডুপ বা কেল বা রক্ষ, জলসাৎ-কৃ, উত্থোল, জল-প্লাব, জলময়-কৃ, ছয়লাপ-কৃ, হার (ক্রি), ক্ষয় (ক্রি)।  
**To Drown, v. n.** মজ, ডুব, ডুবে, জলেমগ্ন-হ, গরক-হ, জলেডুব বা ডুবিয়া মর, ডুবে-মৃ, জলসাৎ-হ।  
**Drowner, n. s.** ডুবে বা ডুবার যে, ডুবাইয়া দেয় যে, ডুবিয়া মরে যে, জলে মগ্ন হয় বা করে যে।  
**To Drowse, v. a. Dutch.** নিদ্রাধারা ভারি জড় বা অলস-কৃ, নিদ্রাকৃষ্ট-কৃ।  
**To Drowse, v. n.** তন্দ্রাবিশিষ্ট-হ, কিম, নিদ্রাকৃষ্ট-হ, নিদ্রিত-হ, নিদ্রাতে-অচেতন-হ, নিদ্রাতে কাতর-হ, স্মিয়া-পত, চুলিয়া-পত, জড়-হ, ভারি-হ, অলসী-হ, উদাস-হ, জড়বৎ-হ।  
**Drowsied, n. s.** নিদ্রায় কাতরতা, কিমান, নিদ্রা, নিদ্রাবিশিষ্টত্ব, নিদ্রিতত্ব।  
**Drowsily, ad.** নিদ্রাপূর্কক, নিদ্রাবল্যরূপে, কিমিয়া, নিদ্রিতাবস্থা পূর্কক, অলসতাপূর্কক, নিষ্কর্মা বা কুড়ামিরূপে, সুস্তিত্বরূপে, তন্দ্রারূপে, অলস্যরূপে।  
**Drowsiness, n. s.** নিদ্রিতত্ব, সুস্থ্যবস্থা, নিদ্রা, অলসত্ব, অলসতা, কুড়োম, অনুৎসুকতা, নিষ্কর্মাণিতত্ব, নিদ্রাকর্ষণ, তন্দ্রা, কিমানি, নিদ্রাবল্য।  
**Drowsy, a.** স্তম্ভ, নিদ্রিত, কিমন্যা, সুস্থ্যবস্থাপ্রাপ্ত, অলস, কুড়া, নিষ্কর্মাণিত, নিষ্কর্মা, ভারি, জড়, নিদ্রাকর্ষক, নিদ্রাপুরোজক, বোকা, নিদ্রালু, নিদ্রাগত, নিদ্রাশিত, তন্দ্রাবৃত, তন্দ্রালু।  
**Drowsy-headed, a.** জড়, জড়বাবশালী, জড়পুরুষিক।  
**To Drub, v. a. Dan.** ধারা আছড় কাড় বা চাঁট, কাড়, পরিষ্কার-কৃ, মার, পিট, চৌক, কিল, ধাবড়া, চড়া।  
**Drub, n. s.** ধাবড়া, মার, পিট, চাপড়, চড়, কিল চুকঠাক, আঘাত, প্রহার, চপেটাঘাত।  
**To Drudge, v. n. Sax.** নীচকর্ম-কৃ, হীনকর্ম-কৃ, গোলামি-কৃ, মিহরৎ-কৃ, মজুরি-কৃ, দাসত্ব-কৃ, অতিমজুরি-কৃ, অতিপরিশ্রম-কৃ।  
**To Drudge, v. a.** দীর্ঘ কালে জয়-কৃ, ক্রমে২ নান-কৃ, গৌণপূর্কক ধর-কৃ, পরিশ্রমপূর্কক জর-কৃ।  
**Drudge, n. s.** নীচকর্ম, হীনকর্ম, অপকর্ম, কুকর্ম, মজুরের মিহরৎ, অপমানজনক, পরিশ্রম বা কর্ম, অমর্যাদার কার্য বা বিষয়, ক্ষুদ্র পেশা, নীচব্যবসার, হীনবৃত্তি।  
**Drudger, n. s.** ক্ষুদ্র কর্মকারী, নীচ কর্ম করে যে, নীচ কর্মে পরিশ্রম করে যে, মরদার ভবিয়া বা আখারবিশেষ, বহাহইতে কাবাবি মাসনের উপরে মরদা নিরূপ করে।  
**Drudgery, n. s.** নীচকর্ম, ক্ষুদ্রকর্ম, দাসত্ব, গোলামতি, মজুরি, অপ

DRU

DUB

মানের কর্ত্ত্ব বা বিঘ্ন মানহানি বা অসম্ম হর যে কর্ত্ত্ব বা বিঘ্ন  
 রেতে।  
 Drudging-box, n. s. মরদার বাক্স বা ভিবিরাবিশেষ, বাহাই হই  
 তে বহু মাৎসেতে মরদা নিক্ষেপ করে।  
 Drudgingly, ad. খালি পরিভ্রমপূৰ্বক, অভিলেপপূৰ্বক, নীচ কর্ত্ত্ব  
 করণপূৰ্বক, নীচ কর্ত্ত্বকারী, মরুরীরূপে।  
 Drug, n. s. Sax. ঔষধীয় দ্রব্য, ঔষধের মশলা, জড়িবাট, সামান্য  
 বস্ত্র, নির্গণ বস্ত্র, সুক্ষ বস্ত্র, সামান্য কর্ত্ত্ব করে যে, নীচ কর্ত্ত্বকারী,  
 ঔষধ, ভেবন, এলাক।  
 To Drug, v. a. মশলা মিশ্রিত-ক, মশলাতে পাক-ক, মশলা-ক,  
 ঔষধি দ্রব্য মিল (ক্রি), অপকারক বা অনিষ্টজনক দ্রব্যাদ্বারা মি  
 শ্র, দাগ-বা, দাগপড় (ক্রি)।  
 To Drug, v. n. ঔষধের পাতিরা-বা, ঔষধব্যবস্থা-ক বা-হ।  
 Druggery, n. s. গন্ধবণিকবিশেষ, পশারি, ঔষধীয় দ্রব্য বিক্রয় ক  
 রে যে, ঔষধবিক্রেতা।  
 Druggerman, n. s. দোভাঘিরা, পরল্পর কথা বুকাইরা দেয় যে,  
 অর্থ করে যে, ব্যাখ্যা করে যে।  
 Drugget, n. s. পশমী কাপড়বিশেষ, পশমী সূত্র।  
 Druggist, n. s. ঔষধবিক্রেতা, ঔষধীয় দ্রব্য বেচে যে, ঔষধের ম  
 শলা বিক্রয় করে যে, গন্ধবণিকবিশেষ, পশারি, আন্তার।  
 Drugster, n. s. ঔষধের গাছদ্রাবিক্রেতা।  
 Druid, n. s. জাতিবিশেষ, পূৰ্বকালীন গাল বা বিট্রিয়ানেরদের  
 আচার্য্য বা পুরোহিতবিশেষ, পণ্ডিত বা বহুদর্শি ব্যক্তি, ঋষি  
 শেষ।  
 Druidical, a. ক্রীষ্টনসংক্রমক জাতিসম্বন্ধীয় বা তথিবরক, পূৰ্বকাল  
 আচার্য্যসম্বন্ধীয়।  
 Druidism, n. s. তন্ত্রাতির ধর্ম শাস্ত্র বা মত।  
 Drum, n. s. Dan. ডম্বর, চন্না, ঢাক, দামামা, পামামা, নহবৎ, ড  
 বলা, ডগর, কর্ণশঙ্খলী, কর্ণকূহর, কাণের হাঁড়ি, গোল, জন  
 তা, বহুজন।  
 To Drum, v. n. ঢাক বা দামামাতে যা বা বাড়ি-পত, ঢাকের বা  
 দ্য-হ, ডবলা-ছাড়, ঢাকের শব্দ ঠনঠন-ক, ঠনঠন শব্দ-হ, ঢাক  
 বাজা, নহবৎ বাজা।  
 To Drum, v. a. ঢাক বা দামাদ্বারা উৎখাত বা তাড়ন-ক, চেণ্ডারাদ্বা  
 রা দূর করিরা-বা, যুদ্ধভাষার বৃৎসৎ বা অপমান বুঝায়।  
 To Drumble, v. n. অলস-হ, কুড়ো-হ, অকর্ষণ-হ, আলিলা-হ,  
 নিষ্কর্মাশিত-হ।  
 Drumfish, n. s. মৎস্যবিশেষ, মৎস্যনাম।  
 Drunkenly, a. কাদাটিরা, ঘোলা, অপরিষ্কার, ঘন।  
 Drummajor, n. s. মরদার ডম্বরচী, কোন সৈন্যদলের প্রধান ঢা  
 কী।  
 Drummaker, n. s. চন্নাব্যবসায়ী, চন্নানির্মাণকারক, চন্নানির্মাণ  
 ক, ঢাক বানায় যে।  
 Drummer, n. s. ঢাকী, ঢুলি, ঢেঁড়িরা, ডম্বরচী, নাগারচী, নাগরাত  
 রাল।  
 Drumstick, n. s. ঢাকের কাটি, ঢোলের কাটি, দণ্ডবিশেষ, বন্দার।  
 ঢাকবাদ্য হর।  
 Drunk, a. মাত্তোরাল, মদেমত্ত, মাদকদ্রব্যকরণক বিকুল, নিস্ত,  
 ভিক্ত, জলময়, আর্দ্রিত মত্ত, বিকুল।  
 Drunkard, n. s. মাত্তোরাল, মাত্তোরাল, কএকী, অপরিমিত ম  
 দ্যাপন্যী, মদ্যপানে মত্ত হইরাছে যে বা বকিরা গিরাছে যে  
 ব্যক্তি, মদ্যধোর।  
 Drunken, a. Sax. মদে মত্ত, মদে ভোর, স্বাভাবিক মাত্তোরাল হ

ইরাছে যে, মাত্তাল, মত্ততাবিশিষ্ট, মত্ততাভাষার কৃত্ত বা ভূত,  
 নিস্ত, আর্দ্রিত, ভিক্ত, জলময়, মত্ত, পানশৌভ।  
 Drunkenly, a. মত্ততারূপে, মাত্তামিপূৰ্বক।  
 Drunkenness, n. s. উগু বা শক মদ্যদ্বারা মত্ততা, মত্ততামি, বি  
 কুলতা, মত্ততাভাব, কএক, বেশা, ঘোর, পেরালারাজী, মত্তামি।  
 Dry, a. Sax. শুষ্ক, শুধরো, নীরস, নির্জল, জলাভাববিশিষ্ট, ক্রম,  
 অরস, ধরা, ঢকা, পিপাসিত, ভূষিত, ভূকর্ত্ত্ব, নিরক্ষ, মরু, প  
 তিত, অশোভিত, অভাববিশিষ্ট, খালি, শূন্য, শক, কঠিন, হ  
 ক।  
 Dry-foot, n. s. পদের দুপের ঘারা চলে যে কুহুর, শিকার গিরা  
 ছে যে পথে তাহার দুপেরা জানিরা চলে যে কুহুর।  
 To Dry, v. a. শুষ্ক-ক, নীরস-ক, নির্জল-ক, জল নির্গত-ক, জল  
 -প্রোথ, ভূকর্ত্ত্ব-ক, পিপাসিত-ক, পিপাসার বহু-ক, জল নির্গ  
 ত-ক, খালি-ক, শূন্য-ক। To dry up, শুধাইরা-বা বা-বা; এক  
 কালে নীরস বা শুষ্ক-ক।  
 To Dry, v. n. শুষ্ক-হ, নীরস-হ, শুষ্ক হইরা যা, শুকা।  
 To Dry-rub, v. a. নীরসপূৰ্বক, পরিষ্কার-ক বা ঘূষ।  
 Dryad, n. s. Gr. বন্য স্ত্রী, বনের পরি।  
 Dryer, n. s. শুষ্ককারী, পরিশোধক, নীরসকারী, নীরসশীল, নি  
 র্ঘাস বা রস শুষ্ক করিবার ক্রমতা বা গুণ আছে বাহার।  
 Dryeyed, a. নিরক্ষ, জলহীন মেত্র, অরোমনশালী, শুষ্ক চক্ষু।  
 Dryfat, n. s. Sax. বড় কোড়া, বাজারা, ওড়া, তালি, চাকারি।  
 Dryly, ad. নীরসপূৰ্বক, শুষ্কতারূপে, নরমি হিম বা ঠাণ্ডাইপূৰ্বক,  
 অল্পেপূৰ্বক, শাদামাটারূপে, খালি বা শূন্যভাবে, বিনা অলঙ্কা  
 রে, ধ্বংস বা চতুরতাপূৰ্বক, নিন্দা বা গর্হীপূৰ্বক।  
 Dryness, n. s. নীরসত্ব, নির্জলত্ব, শুষ্কতা, শুষ্কতি, শোষ, অশো  
 ভা, শূন্যত্ব, অকল, ঠাণ্ডাই, নরমি, ধ্যান বা পূজা বা অর্চনাদি  
 দ্বারা বাহ্যজানরাহিত্য।  
 Drynurse, n. s. বালকের দাসী বা দাই, ছেলে প্রতিপালন করে  
 যে স্ত্রী, প্রতিপালিকা, আরা।  
 To Drynurse, v. a. বালকের প্রতিপালন-ক, বালককে-খাদ(ক্রি),  
 স্তন্যপান তিন্ন বালকের শুভ্রতা বা সেবা-ক।  
 Drysalter, n. s. শুষ্ক বা লোণ মাৎস বিক্রেতা, আচার তৈল ইত্য  
 দি খাদ্যদ্রব্য বিক্রেতা বা তদ্রব্যব্যবসায়ী।  
 Dryshod, a. শুষ্ক পদ বা শুষ্ক চরণবিশিষ্ট।  
 Dual, a. Lat. দ্বিবচনাত্ত, দ্বিসংখ্যক, দ্বিবচনসম্বন্ধীয়।  
 Duality, n. s. দ্বিত্ব, দ্বিবচনাত্ত, অংশ, বিভাগ, পার্থক্য।  
 To Dub, v. a. Sax. উপাধি-বা, উপাধিবিশিষ্ট-ক, বিশেষণার্ণ  
 -ক, বিশেষ পদবি-বা, মর্ধ্যাদা বা সত্ত্বমজনক পদ বা চিহ্ন পুন্না  
 ন-ক, নৃতন নাম-বা, বিশেষ সঙ্কট-ক।  
 To Dub, v. n. শব্দ বিশেষ-ক, জনি-ক বা-হ।  
 Dub, n. s. যা, দাত্তা, চোট, আঘাত।  
 Dub, n. s. Irish. ডোবা, গেড়ে, খানা, গর্ভ।  
 Dubbed, a. ডোভা মেড়ো, নিস্তেজ, ধারহীন।  
 Dubiety, n. s. সন্দেহ বা সন্দেহবিঘ্ন, অনিশ্চয়, সন্দেহময়ত্ব,  
 অবিশ্বাস।  
 Dubiosity, n. s. সন্দেহ বা সন্দেহ্য বস্ত্র বা বিঘ্ন।  
 Dubious, a. Lat. সন্দেহ, সন্দেহী, অস্থির, মতের ঐক্য বা ঠে  
 ক্য নাই বাহার, অনিশ্চিত, অপরিষ্কার, অল্পট, ঘোর, গোল  
 মাল।  
 Dubiously, ad. সন্দেহপূৰ্বক, অনিশ্চয়পূৰ্বক, সন্দেহপূৰ্বক, বি  
 |  
 Dubiousness, n. s. সন্দেহ, অনিশ্চয়ত্ব, সন্দেহ, অস্বৈর্য্য।

**Dubitable, a. Lat.** সন্দেহযুক্ত, সন্দেহবিশিষ্ট, অস্থির, অনির্ভর্য, অনির্ভারিত, সন্দেহ্য, বৈধ।  
**Dubitancy, n. s.** সন্দেহ, অনিশ্চয়ত্ব, অস্থিরতা, নিশ্চয়রাহিত্য, অনিশ্চিতত্ব।  
**Dubitation, n. s.** সন্দেহকরণ, সন্দেহকরণ, সন্দেহ, বিধা।  
**Ducal, a.** তিউকস্‌জক কুলীনব্যক্তিবিশেষ বা তৎসম্বন্ধীয়, ডুক নামক উপাধিসম্বন্ধীয়।  
**Ducat, n. s.** পূর্বোক্ত ব্যক্তিকৃত, মুদ্রিত মুদ্রাবিশেষ, রৌপ্য হইলে বাহার দুই টাকা চারিআনা, আর স্বর্ণ হইলে চারি টাকা বার আনা আন্দারি মূল্য হয়।  
**Duchess, Dutchess** শব্দ দেখ।  
**Duchy, Dutchy** শব্দ দেখ।  
**Duck, n. s. Dutch.** জলচর পক্ষিবিশেষ, হংস, পাতিহাঁস, মরাল, রেহবাক। আহারসূচক শব্দ, সোহাগের সম্বোধন, মন্তক নিমুক্তরূপে, জলে নিষ্কিপ্ত প্তর।  
**To Duck, v. n.** জলে-ডুব, ডুবকি-মার, জলে মগ্ন-হ, হংসের ন্যায় জলে-ডুবমার বা মন্তক নিমুক্ত, হেঁট হইয়া পুণ্ডিত-ক হেঁট-হ, কুঞ্চিত-হ, কোঁকড়-হ।  
**To Duck, v. a.** জলে-রক্ষ, জলাপণ-ক, জলে মগ্ন-ক, জলস্নান-ক, জলে নিষ্কিপ-ক।  
**Ducker, n. s.** ডুবক, জলে ডোবে বা মগ্ন হয় যে, হেঁট হয় যে।  
**Duckingstool, n. s.** চৌকীবিশেষ, যাহাতে পুণ্ডিয়া বা বালা ত্রীকে বন্ধনপূর্বক জলে কেলিয়া দেওয়া যায়, একথা Cuckingstool, শব্দের অস্তিত্ব ভাষা জানিবে, তৎশব্দ দেখ।  
**Ducklegged, a.** ঋগুবিশেষ, কুসুপাণী, ছোট বা হংসপদবৎ।  
**Duckling, n. s.** হংসশাবক, হংসের বাচ্চা, আদরবাক্য।  
**Duckmont, n. s.** বৃক্ষবিশেষ, জলজবৃক্ষ।  
**To Duckoy, v. a.** ডুল (ঞ), ডুলটিয়া কাঁদে নিষ্কিপ-ক, জলে কেল, ডুলিয়া জলে বন্ধ-ক, ভোগা দিয়া কাঁদে কেল বা আনী।  
**Duckooy, n. s.** যদ্বারা ডুলান যায়, ডুলানের কারণ বা দ্রব্য, যে দ্রব্য দিয়া ডুলায়।  
**Ducksfoot, n. s.** বৃক্ষবিশেষ।  
**Duckweed, n. s.** বৃক্ষবিশেষ।  
**Duct, n. s. Lat.** পথ, লক্ষ্য, উদ্দেশ্য, নিশানি, অনুমান হয় বাহার দ্বারা, পুণ্ডালী, নালী, গমনাগমনের পথ।  
**Ductile, a. Lat.** নমনীয়, নম্য, নোয়ানো যায় বাহা, আকর্ষণনির্ভেয়, নোয়ানশীল, বিস্তারণীয়, শিষ্ট, ধীর, নমু, বশীভূত, অনুগত, পরগণত, বশতাপন্ন, নরম।  
**Ductileness, n. s.** নমনীয়তা, আকর্ষণনির্ভেয়ত্ব, চিমড়াই, বিস্তারণীয়ত্ব, শিষ্টতা, ধীরতা।  
**Ductility, n. s.** আকর্ষণনির্ভেয়তা, বশীভূততা, বশতা, বশ্যতা, বাধ্যতা, আয়ত্ততা, নমনীয়তা, নম্যতা।  
**Ducture, n. s.** পথ, রাহা, চিহ্ন, পথপ্রদর্শক বা জাপক বস্তু বা বিষয়।  
**Dudgeon, n. s. Germ.** ক্ষু ক্রবালবিশেষ, ছোরা, ছেব, ইর্বা, জাতক্রোধ, মন্দচেতা, অনিষ্টচেতা, অহিতাচরণ, ওদাস্য, বৈরত্ব, ঠেটামি।  
**Due, a.** ঋণদ্রব্য, দানীয়, পরিশোধনীয়, পাওনা, বাহা কর্তব্য বা হা হা হয়, ধারকৃত, দাওরাওরালা, দাওরা করে যে, দাওরাকরণে ক্ষমতা আছে বাহার, স্বার্থ, প্রকৃত, উপযুক্ত, ঠিক, বোধ্য, হক, বস্তু আছে বাহাতে, ব্যাঘাতশূন্য, অন্যথাবিন্ধিত, বাস্তবিক।

**Duc, ad.** টিকরূপে, বরাবররূপে, সোজালোভি বা স্বার্থার্থরূপে, কলিতার্থরূপে, বাস্তবিকরূপে।  
**Due, n. s.** পাওনা, মেনা, ঋণ, ধার, কর্তব্য, স্বার্থ, স্বাধিকার, অধিকার, হক, শাস্ত্রসম্মত, কর্তব্যতা, ব্যবহার, রীতি, রাজকর, রাজসম্মান, মাসুল, মিত্তি, মুদ্রা, মেয়াদ।  
**To Due, v. a.** মেনা-দা, ধার শোধ-ক, ধার পরিশোধ-দা।  
**Dueful, a.** উপযুক্ত, প্রকৃত, যোগ্য, উচিত।  
**Duecess, n. s.** যোগ্যত্ব, উপযুক্ততা, উচিত্য।  
**Duel, n. s. Lat.** মল্লযুদ্ধ, বন্দ্যুযুদ্ধ, দুইজনাতে যে যুদ্ধ হয়, পিত্তল লড়াই।  
**To Duel, v. n.** দুইজনে পরস্পর যোদ্ধা-হ।  
**To Duel, v. a.** পরস্পর যুদ্ধ-ক, দুইজনে লড়াই-ক, পিত্তললড়াই-ক।  
**Dueller, n. s.** উভয় যোদ্ধা, মল্ল যোদ্ধা।  
**Duelling, n. s.** উভয়ের যুদ্ধ বা তদ্ব্যবহার, রীতিবিশেষ, বাহাতে পরস্পর যুদ্ধ করিয়া মরে কিম্বা মারে।  
**Duellist, n. s.** মল্লযোদ্ধা, পরস্পর যোদ্ধা, দুই জন যুদ্ধ করে যে, মর্যাদা বা সন্তুর্মের নিয়ম বা রীতি জানে বা শিক্ষা করে বা তদনুসারে চলে যে।  
**Duollo, n. s. Ital.** পরস্পর যুদ্ধ, পরস্পর যুদ্ধাচার, পরস্পর মল্লযুদ্ধের রীতি বা নিয়ম।  
**Duenna, n. s.** বৃদ্ধা ত্রীবিশেষ, রক্ষিকা ত্রী, যুবতি ত্রীলোকের রক্ষিকা, চৌকী দেয় যে বৃদ্ধি, গৃহিণী।  
**Duet, n. s. Ital.** গীত বা রাগ বিশেষ।  
**Dug, n. s. Icel.** বাঁট, স্তন, মাই, স্তনের বাঁটা।  
**Dug, pret. To Dig,** শব্দের অর্থাৎ কালবাচক বা অসমাপক ক্রিয়া। ধোদিত, খাত, খুঁদিয়াছে।  
**Duko, n. s. Fr. & Lat.** সৈন্যাধ্যক্ষ, পঞ্চদর্শক, শাস্তা, পেছা, যুব রাজের দ্বিতীয় পদস্থ অগুণী ব্যক্তি, অতিপ্রধান বা উচ্চপদ, রাজবংশের ব্যক্তিরদের কনিষ্ঠ পদ বা তৎপদস্থ ব্যক্তিবিশিষ্ট, ইউরোপ দেশের মধ্যে সর্ব সন্তান উপাধি।  
**Dukedom, n. s.** পূর্বোক্ত ব্যক্তির পদ বা অবস্থা সন্তান উপাধি বা আধিপত্য।  
**Dulbrained, a.** অল্প বোধ, নির্ভেদ, বেঅরূপ, মূর্খ, পস্ত, বেয়াছেল।  
**Dulcet, a. Lat.** মিষ্ট, সুস্বাদু, সুরস, মধুর, সুস্রাব্য, সুন্দর, মনোহর, মনোনীত, মিষ্টবর বা সুস্বরবান।  
**Dulcification, n. s.** মিষ্টকরণ, সুস্রাব্য বা মনোরমকরণ।  
**To Dulcify, v. n. Fr.** মিষ্ট-ক, সুন্দর-ক, মনোরম-ক, মধুর-ক, সুস্রাব্য-ক।  
**Dulcimer, n. s.** বাণ্যযন্ত্রবিশেষ, সেতার, ডানপুরা।  
**Dulcitude, n. s.** মিষ্টতা, সুরসতা, সুস্বাদুতা, মাধুরী।  
**To Dulcorate, v. a. Lat.** মিষ্ট-ক, সুস্বাদু-ক, মধুর-ক।  
**Dulcoration, n. s.** মিষ্টকরণ, সুস্বাদুকরণ, মাধুর্যকরণ।  
**Dulcour, n. s.** মিষ্টতা, সুস্বাদ, মাধুর্য।  
**Dulhead, n. s.** মূর্খ, অবোধ, নির্ভেদ, বুদ্ধিহীন ব্যক্তি।  
**Dulia, n. s.** সামান্য পূজা বা অর্চনাবিশেষ।  
**Dull, a. Sax.** নির্ভেদ, অবোধ, অমেধা, নির্ভ্রুতি, পাগল, মূর্খ, অক্ষ, মূঢ়, ভারী, ভোতা, ভেজোহীন, নিভেদ বা নির্ধারবিশিষ্ট, অপ্রভত, নিম্প্রত, আনকা, আজগোবি, দীর্ঘসূত্র, অক্ষিপ্ত, সূতি, অপ্রথর, উদাস, উবিগ, অলস, অপ্রতিভাবিশিষ্ট, দুঃখিত, অনাচ্ছাদ, কুড়ো, মোটা, মন্দ, অসুন্দর, অসুখ, অপ্রিয়, অমনোরম, অপারদ্বার, নিদুল, অচকুর, বৃন্দ, নিদ্রাকৃত, নিদ্রিত, অল্পপ্রাণী, অল্পবর্ণশক্তিবিশিষ্ট।

DUM

Dull brained, Dulbrained শব্দ দেখ ।  
 Dull-browed, a. উষ্ণ, চিত্তিত, ভাবিত, স্থান, বিবর, বিবর্ন, বিমর্ষ ।  
 Dull-disposed, a. উদাস, উদাসিত, অন্যমনক ।  
 Dull-eyed, a. অধোদৃষ্টিবিশিষ্ট, উষ্ণ বা ভাবনাতে দৃষ্টির বৈলক্ষণ্য হইরাছে বাহার, ভাবনাকৃষ্ট চক্ষু বাহার ।  
 Dull-sighted, a. অল্পদৃষ্, জীর্ণদৃষ্ ।  
 Dull-witted, a. ভাগী, জড়, অক্ষিপু, অল্পটবাহী ।  
 To Dull, v. a. জড়-কৃ, জড়ীভূত-কৃ, নিরোধ-কৃ, নিহেজ-কৃ, মোহিত-কৃ, অজ্ঞান-কৃ, বাতুল-কৃ, ভৌতা-কৃ, মেঘো-কৃ, অক্ষিপু-কৃ, উদাস-কৃ, উষ্ণ-কৃ, হৃৎখিত-কৃ, বিমর্ষ বা বিবর-কৃ, দূর্জল-কৃ, আর্দ্র-কৃ, নরম-কৃ, ভাগী-কৃ, অল্পগতিবিশিষ্ট-কৃ, ভেজোদ্রুত-কৃ, নিদ্রাকৃষ্ট-কৃ, কুড়ো-কৃ, অলস-কৃ ।  
 To Dull, v. n. জড়-হ, জড়ীভূত-হ ।  
 Dullard, n. s. নিরোধ, মূর্খ, অবোধ, বুদ্ধিহীন, অমেধা, বেঅকুপ ব্যক্তি ।  
 Dullard, a. নিরোধ, মূর্খ, অবোধ, অমেধাবী, মূঢ়, অজ্ঞান ।  
 Dulled, a. অনুজ্ঞল, মিড়মিড়ে, মিনমিনে, অভীক্ষ, মূঢ় ।  
 Duller, n. s. জড় করে যে, জড়কর্তা, জীর্ণ-করে যে, জীর্ণ হর বা করে যাহাতে তদন্ত ।  
 Dully, ad. জড়তাপূর্ষক, অল্পমেধাপূর্ষক, দীর্ঘসজ্ঞতারূপে, আলস্যপূর্ষক, অক্ষিপুতারূপে, অসজীবতারূপে, অনৌৎসুক্যপূর্ষক, অরসিকতাপূর্ষক ।  
 Dulness, n. s. জড়ত্ব, মূর্খত্ব, জীর্ণবুদ্ধিত্ব, বুদ্ধির জীর্ণতা, নিরোধ, মূঢ়তা, অভীক্ষতা, আনাড়ীপনা, সাহার অল্পমেধা, অভীক্ষবুদ্ধি, আলস্য, শয়নেচ্ছা, নিদ্রাপ্রয়োজকতা, জীর্ণ গতি, ঘোরত্ব, অল্পটব, অপরিষ্কারত্ব, উজ্জ্বল্যাতান, ধাররাহিত্য, নির্ভারত্ব ।  
 Duly, ad. সাধার্থ্যরূপে, প্রকৃতরূপে, উপযুক্তরূপে, রীতিপূর্ষক, টিকরূপে, ব্যবস্থানুযায়ী ।  
 Dumb, a. Sax. স্তব্ধ, মূক, বোবা, হাবা, গোলা, বাকশক্তিহীন, বাগুহিত, অবাঙ্ক, নিঃশব্দ, কথা কহিতে অসমর্থ, মৌনী, বাক্য ব্যয়ে অনিচ্ছ বা অসম্মত, মূক ।  
 To Dumb, v. a. Sax. অবাঙ্ক-কৃ, বাকুহিত-কৃ, মূক-কৃ, মৌনী-কৃ, নিঃশব্দ-কৃ ।  
 Dumbly, ad. স্তব্ধতারূপে, চুপ করিয়া, নিঃশব্দতাপূর্ষক, মৌনরূপে, স্তব্ধতারূপে ।  
 Dumbness, n. s. Sax. মূকত্ব, গোলামী, হাবামী, বাকশক্তিরাহিত্য, অকথন, বাক্যবর্জন, স্তব্ধতা, বাক্যকথনে অস্বীকার, অবাঙ্কত্ব, বাকুহিত্য, নীরবতা ।  
 To Dumsound, v. a. ঘবর (ক্রি), হতবুদ্ধি-কৃ, অবাঙ্ক-কৃ, বাকশক্তি লোপ-কৃ, কথনশক্তিহীন-কৃ ।  
 Dummerer, n. s. কল্পিত মূক, কৃত্রিম বোবা ।  
 Dummy, n. s. মূক, বোবা, গোলা, ইতর কথাবিশেষ ।  
 Dump, n. s. Dutch. ভাবনা, শোক, অনুভাপ, উদাস্য, অনুৎসুকতা, ধৈর্যজনক হর বা গীত, শোকগীত, শোকের গান, মরসিরা, হর বা গীতবিশেষ, অমনোযোগ, অন্যমনকতা, অনবধান ।  
 Dumpish, a. উদাস, হৃৎখদ, ক্লেশ, বিবর, ধৈর্যিত অনাচ্ছাদিত ।  
 Dumpishly, ad. উদাস্যপূর্ষক, অনাচ্ছাদিতরূপে, বিবরতাপূর্ষক, বিবাহরূপে ।  
 Dumpishness, n. s. উদাস্য, অনাচ্ছাদ, বিবরতা, অপ্রসন্নতা, অপ্রকৃততা ।  
 Dumpling, n. s. পিষ্টকবিশেষ, গোলাকার পিটা ।

DUP

Dumpy, a. মোটা, গন্ডা, পার্শ্ব মোটা, বেআড়া, বেজৌল, বদ্বপ ।  
 Dun, a. Sax. কটা, পিছল, ঘোর অছকার, পিবহ, ডামুর্ন ।  
 To Dun, v. a. Sax. ঞ্ণ ভাগাদা-কৃ, উত্তেজনা-কৃ, ধর্মা-দা বা বৈন ।  
 Dun, n. s. আদ্যার্থে ভাগাদাকারী, উত্তেজনাকারক, ধর্মা দেয় বা বলে যে, তক্তি দেয় যে, তক্তিরাম, মহনীর ।  
 Dun, n. s. উচ্চ বহু, জাহান ।  
 Duncce, n. s. বেঅকুপ, মূর্খ, অবোধ, নিরোধ, মেধাহীন ।  
 Duncery, n. s. মূর্খতা, জাত্য, মূর্খত্ব, অবোধতা ।  
 To Duncify, v. a. জড়-কৃ, মূর্খ-কৃ ।  
 Dune, n. s. Sax. পাহাড়, Duna শব্দের অতন্ত উচ্চারণ, তৎপদ্য দেখ ।  
 Dung, n. s. Sax. বিষ্ঠা, পুরীষ, গুৎ, বিট্, নাদ, গোবর, নাদি, মল, নার ।  
 To Dung, v. a. সারাক-কৃ, সারমিশ্রিত-কৃ, সারমিশ্রণদ্বারা ছুমির শক্তিবৃদ্ধি-কৃ, ছুমিতে সার-দা ।  
 To Dung, v. n. বিষ্ঠাত্যাগ-কৃ, পুরীবোৎসর্গ-কৃ ।  
 Dugged, a. বিষ্ঠামুক্তিত, বিষ্ঠাক, পুরীষমিশ্রিত, গুৎমুক্তিত ।  
 Dungeon, n. s. কারাগার, বন্দনশালা, অছকুপ, পাতালঘর, কয়েদি লোক থাকে যেখানে, জেহেলখানা, সৃষ্টিকার নীচস্থ কারাগার ।  
 To Dungeon, v. a. কারাগারে কেল বা বন্ধ-কৃ বা তন্ন্যায় রক্ষ ।  
 Dungfork, n. s. গোমরতোলা কাঁটাবিশেষ, অত্রবিশেষ বদ্বারা গবাদিশালা হইতে গোবর উঠান বা তোলা বা জড় করা যায় ।  
 Dunghill, n. s. গোবরের কাঁড়ি বা চিবি, গোমররাশি, গোবরছপ, গোবরকড়, সারকড়, বিষ্ঠারাশি, সারকৃতস্থান, নীচ বা জঘন্য স্থান বা বাসা, নীচ অবস্থা কর্ত্ত বা পদ, অত্যন্ত ব্যক্তির সম্বন্ধে গুণসচকবাক্য ।  
 Dunghill, a. গোবরকুঁড়ে জাত, বিষ্ঠাহইতে জাত বা উৎপন্ন, গোমরকুঁড়েহইতে উৎপন্ন জাত বা উখিত, কুদ্, জঘন্য, পানি, নীচ, মূর্খ ।  
 Dungy, a. গোবরময়, বিষ্ঠাময়, জঘন্য, নীচ, অকর্ষণ, কর্ত্তানর্হ, বৃথা, নিম্নল ।  
 Dungyard, n. s. গোবর বা বিষ্ঠা রাশি থাকে যে স্থানে ।  
 Dunner, n. s. ভাগাদগীর, ক্ষুদ্রকর্ম আদ্যাকরণ কর্ত্তে নিযুক্ত ব্যক্তি, মহনীর ।  
 Dunnish, a. কটাশে, কটাবর্ন্যায়, পিছলবর্ন্যায় বা তৎবর্ন্যবিশিষ্ট ।  
 Dunny, a. অধীর, ভীত, সশয়নপূর্ণ বা বিশিষ্ট ।  
 Duo, n. s. Lat. গীত, গান, গীত, দুইধণ্ডে বা অংশে বিভক্ত গীত বা কবিতা ।  
 Duodecimo, n. s. Lat. পুস্তকের পরিমাণবিশেষ, এক তক্তা কাগজ বার ত্তাজ করিলে যে মাপ হয়, বার ওরফি কর্ত্তের কেতাব, এককর্ত্তে বার পৃষ্ঠা ছাপা গুহ, বার করমার বহী, পৃষ্ঠা ।  
 Duodecuple, a. Lat. দ্বাদশসংখ্যক, দ্বাদশবিশিষ্ট ।  
 Duodenum, n. s. Lat. দ্বাদশ আন্তরিক নাড়ীর মধ্যে এক নাড়ী ।  
 To Dup, v. a. ধূল, ধুমিরা-কেন ।  
 Dupe, n. s. Fr. শীথালোক, প্রতারণ, প্রতারণীর, জীর্ণপ্রতারণী, অচক্ষুর, নরল, আলাতোলা, ভোগার পড়া বা পড়িত ব্যক্তি, কুলান যার যাহাকে ভয়ঙ্কিত বা ঠকান যার যাহাকে, যাহাকে শীঘ্র ভোগা দেওয়া গিয়াছে ।



To Dupe, v. a. প্রতারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ, বঞ্চনা-কৃ, সাকী-না, ভোগা-না, ভুল (ক্রি), অপহরণ-কৃ, ঠক (ক্রি)।

Duple, a. Lat. দোহারী, দোকর, দুইবার, দ্বয়।

To Duplicate, v. a. Lat. দোহারী-কৃ, দোকর-কৃ, দ্বিবার-কৃ, দ্বয়-কৃ, এক বস্তু বা কর্ম দুইবার-কৃ, ভো-কৃ, ভাঁজ।

Duplicate, a. এক বস্তুর দ্বিতীয় প্রত্ন বা রূপ, নকল, দোহারী, দোকর, দ্বি, দ্বয়।

Duplicate proportion, বর্গ রাশি।

Duplication, n. s. দ্বিবারকরণ, দোহারীকরণ, দোকরকরণ, ভাঁজকরণ, ভহকরণ, ভাঁজ, ভহ।

Duplicature, n. s. ভাঁজ, ভহ, দোহারী বা দ্বিবারকৃত বস্তু।

Duplicity, n. s. দ্বিত্ব, দ্বয়, বিলম্বা, প্রতারণা, বঞ্চনা, চাকুরী, বিজিত্বতা, মনে দুইখানি, দুইকথা, দ্বিভাব।

Durability, n. s. মজবুতি, শক্তাই, কায়েমী, টেকসই, স্থিতি, বহুকালস্থায়িত্ব, বহনক্ষমতা, অক্ষয় শক্তি বা ক্ষমতা, বহুকাল স্থায়ী হর টেকে বা থাকে যে শক্তিতে তচ্ছক্তি।

Durable, a. Lat. বহনক্ষম, টেকসই, টেকাও, কায়েম, অক্ষয়ণী, অক্ষয়, টেকাউশীল, স্থায়ী, শক্ত, মজবুত, চিরস্থায়ী, দৃঢ়, বহুকাল থাকে বা টেকে যে।

Durableness, n. s. টেকাউ, বহনক্ষমতা, অক্ষয়ত্ব, টেকাউশীলত্ব, চির কালে টেকে যাহাতে তচ্ছক্তি, স্থায়িত্ব।

Durably, ad. বহুকাল স্থিতিপূর্বক, টেকসইরূপে, শক্তরূপে, মজবুতি বা দার্দ্যপূর্বক, দৃঢ়তাপূর্বক, অক্ষয়ত্ব বা স্থায়িত্বরূপে, মজবুতরূপে।

Durance, n. s. Fr. কারাগারে বহুকরণ, কয়েদকরণ, কারাগার, বন্দন, কয়েদ, সহিষ্ণুতা, বরদাস্ত, স্থায়িত্ব, টেকাউ, অক্ষয়ত্ব, চিরস্থায়িত্ব।

Duration, n. s. স্থায়িত্ব শক্তি, স্থিতি, বহু বা চিরকাল স্থায়ী হর বা টেকে যে শক্তিতে তচ্ছক্তি, স্থায়িত্বওন কাল, টেকে যত কাল তৎকালের সন্ধ্যা বা পরিমাণ।

To Dure, v. n. Lat. স্থায়ী-হ, টেক, সহিষ্ণু-হ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ, সহ, থাক, টিক।

Dureful, a. স্থায়ী, সহিষ্ণু, সহনশীল, টেকাউ, টেকসই, বহুকাল স্থায়ী, শক্ত, মজবুত।

Dureless, a. অস্থায়ী, অটেকাউ, কাওরণ, ময়নশীল, ক্ষয়শীল, অশক্ত, মিয়মাণ, নম্বর, বিনাশি।

Duresse, n. s. Fr. কারাগার, কারাগারে বহুকরণ, কয়েদ, বহুতা, আটক, [In Law.] কারাগারস্থিত ব্যক্তির দরখাস্ত, কয়েদির দরখাস্ত, যে ব্যক্তি মোকদ্দমায় দেনার কয়েদ হইয়া তাহাতে অতি শক্তাই ভয় বা প্রহার বা অন্য ভয়প্রযুক্ত খত বা অন্য একরার লিখিয়া দেয় তাহার দরখাস্ত বা আরজী।

During, prep. যাবৎ, যেপর্যন্ত, ইতোমধ্যে, তদ্ব্যধে, মধ্যে।

Durly, n. s. Lat. শক্তাই, দার্দ্য, মজবুতি, কঠিনতা, কাঠিন্য, জুরতা, নিষ্ঠুরতা, নির্দয়ত্ব, নির্মোহত্ব, নির্ভয়ত্ব।

Durous, a. শক্ত, দৃঢ়, কঠিন, জুর, নির্দয়, নিষ্ঠুর, কর্কশ

Durst, To Dare শব্দের অসমাপক ক্রিয়াবাচক, পারা, পারিয়াছে, ভরসা বাস্তিরাহে।

Dusk, a. Dutch. সন্ধ্যার প্রাক্কালবৎ, সীত, সন্ধ্যাগামী, সন্ধ্যাকাল নিকটবর্তী, গোখলিসমরবৎ, আন্ধারে, কালাটে, কালাছে, কালা, অন্ধকার, কৃষ্ণবর্ণ।

Dusk, n. s. গোখলি, সূর্যাস্তকাল, সন্ধ্যার প্রাক্কাল, সন্ধ্যার অন্ধকার বা কাপসা দেখা যার যে কালে, কালবর্ণ, অন্ধকার, কালা।

 Gyre, *n. s. Lat.* মণ্ডলাকার।  
 To Gyre, *v. a.* গোল-কৃ।  
 Gyrod, *a.* গোলকারী বা কৃত।  
 Gyrtaleon, Gertaleon শব্দ দেখ।  
 Gyromancy, *n. s. Gr.* একপ্রকার দৈবজ্ঞতাবিশেষ, গোল বা চক্রাকার, ভ্রমণকারী জানায় বা দৈবজ্ঞতা।  
 Gyve, *n. s. Welsh.* বেড়ী, শৃংখলা, পদের শৃংখল।  
 To Gyve, *v. a.* বেড়ী-দা, হাড়ি-দা, বেড়ী হাড়ি বা শৃংখলে বদ্ধ-কৃ।

## H.

**H**, বর্ণমালার অষ্টমাক্ষর, ইহার উচ্চারণ কণ্ঠ্য, হকারবৎ জানিবে, ইংরাজী ভাষাতে শব্দের আদি থাকিলে কৃষ্টি অনুচ্চার্য হয়, যথা house, কিন্তু কোন ২ শব্দের আদি হইলে উচ্চারণের দীর্ঘত্ব থাকে না, যথা heir, herb, hostler ইত্যাদি।  
 Ha, *interj. Lat.* অব্যয় শব্দ, আশ্চর্য্য বিষয় হঠাৎ প্রশ্ন বা হাস্যোদ্বেগক জানিবে, যথা হা, আহা, আহো ইত্যাদি।  
 Ha, *n. s.* বিষয়, আশ্চর্য্য, সন্দেহ বা বিধা ভাব ইত্যাদ্যর্থক জ্ঞানিবে।  
 To Ha, *v. n.* আশ্চর্য্য বা সন্দেহ বা বিধা ব্যক্ত বা প্রকাশ-হ  
 To Haw, শব্দ দেখ।  
 Haak, *n. s.* মৎস্যবিশেষ, Hake শব্দ দেখ।  
 Habeas-corpus, *Lat.* পরওয়ানা বা আইনবিশেষ, যদ্বারা আসামী কোন অপরাধজন্য কৌতুকারীতে করে হইলে বাতশা হী আদালতে দরখাস্তদ্বারা আপনায় ধরচা দিয়া মুক্ত হইতে পারে ও সেই আদালতে যাইতে পারে, পরওয়ানাবিশেষ, যদ্বারা কোন ব্যক্তিকে তত্ত্বীয় করণের পূর্ন বিনা প্রেষ্ঠ কারণে নিরপিত কালের অধিক করে রাখা যায় না।  
 [ 447 ]

Haberdasher, *n. s.* পাইকড়, কেরিওয়াল, ক্ষুদ্র ব্যবসায় করে যে, ক্ষুদ্র বাণিজ্য করে যে, ব্যাপারী, ক্ষুদ্র দ্রব্যবিক্রেতা।  
 Haberdashery, *n. s.* ক্ষুদ্র ব্যবসায়, সামান্য দ্রব্য, পাইকড়ী দ্রব্য, যাহা কেরিওয়াল বা পাইকড়ের বিক্রয় করে।  
 Haberdine, *n. s. Fr.* লোণা এবৎ তুচ্ছ মৎস্যবিশেষ।  
 Habergeon, *n. s. Teut.* বক্রকূল বা গলদেশ আবর্তনী বা সীমোয়্যবিশেষ।  
 Habiliment, *n. s. Fr.* পোশাক, পরিচ্ছদ, বস্ত্র, পরিধের দ্রব্য, বসন।  
 To Habilitate, *v. a. Fr.* যোগ্য-কৃ, উপযুক্ত-কৃ, অর্হা-কৃ, কর্মণ্য-কৃ।  
 Habilitate, *a.* উপযুক্ত, কৃতি, ভাজন, যোগ্য, অর্হা, গুণবিশিষ্ট, ক্ষমতাপন্ন, কর্মণ্য, গুণবান, গুণী।  
 Habilitation, *n. s.* গুণ, যোগ্যত্ব, অর্হা, উপযুক্ততা, যোগ্যতা, কর্মণ্যতা, কর্মণ্যত্ব, কৃতিত্ব, ক্ষমতা, পারততা।  
 Ability, *n. s.* শক্তি, ক্ষমতা, যোগ্যতা, কৃতিত্ব, পরাক্রম, উপায়।

To Half, *v. a.* দুই অংশ-কৃ, দুইভাগ-কৃ, দুইঅংশে ভাগ-কৃ, দুই খণ্ড-কৃ, দুই হিস্যা-কৃ।  
 Halfen, *a.* অসমান, সমানোঁশাভাববিশিষ্ট, অতুল্য, অসদৃশ।  
 Halfendcal, *ad.* Teut. অর্ধপ্রায়, প্রায় আধা, কিঞ্চিৎ ন্যূন, অর্ধেক, আধার কিঞ্চিৎ ন্যূন।  
 Halfer, *n. s.* অর্ধভাগধারী বা ভগ্নিশিষ্ট।  
 Haliards, Halliards শব্দ দেখ।  
 Halibut, *n. s.* মৎস্যবিশেষ।  
 Halidom, *n. s.* Sax. শপথ, দিব্য, সপ্তণ, কিরা, কসম।  
 Halimass, *n. s.* পর্ত্বাহবিশেষ, Hallowmas শব্দ দেখ।  
 Haling, *n. s.* টানন, খেঁচন, খেঁচড়ান, জোরে আকর্ষণকরণ।  
 Halituous, *a.* Lat. উদ্ভাববিশিষ্ট, ধূমবিশিষ্ট, বাষ্পবিশিষ্ট, ধূম বা ধোঁয়া আছে সাহাতে বা যাহার।  
 Hall, *n. s.* Sax. কাছারি, দরবার, বিচারস্থল, বিচারগৃহ, আদালত স্থান, ব্যবস্থান, সাধারণ স্থান, শালা, দালান, কামবিত্ত ও আকশকোর্ডনামক নগরের চতুষ্পাঠীর বিদ্যার্থিসমূহ বা তদল।  
 Hallelujah, *n. s.* ইষ্রায়েলী ভাববিশেষ, পন্যবাদ।  
 Hallelujatick, *a.* পুরোঁকবিশয়ক গীতসম্বন্ধীয় বা তদ্বোধো ধক।  
 Halliards বা Halyards, *n. s.* নাবিক ভাষায় রজু বা দড়ী বন্ধায়।  
 Halloo, *interj.* Sax. কুহুরুলান বা মাতান বোধক শব্দ।  
 To Halloo, *v. n.* Fr. কুহুরাকান শব্দ-কৃ, অর্থাৎ হুহু-কৃ, হু করি যা-ভাক।  
 To Halloo, *v. a.* সাবানি-দা, পুশসা-কৃ, ব্যাখ্যা-কৃ, তারিক-কৃ, বাহবা-দা, লেলিয়া-দা, চোঁচাইয়া-ভাক, শব্দ করত পশ্চাৎ বা বয়ান-হ বা দৌড়।  
 Hallooing, *n. s.* গাঁগা শব্দ, গাঁগোঁ শব্দ, উৎকট শব্দ।  
 To Hallow, *v. a.* Sax. পবিত্র-কৃ, সৎকার-কৃ, উৎসর্গ করিয়া-দা, শুদ্ধ-কৃ, শুচি-কৃ, শোধন-কৃ, সন্মান বা ভক্তি-কৃ।  
 Hallowmas, *n. s.* Sax. পর্ত্বাহবিশেষ।  
 To Hallucinate, *v. n.* Lat. ভ্রম-হ, ভ্রান্তি-হ, ভুল-হ, অজ্ঞান-হ, মিথ্যামতি-হ, পড়িয়া-যা, উতট-খাদ।  
 Hallucination, *n. s.* ভ্রান্তি, ভুল, ভ্রম, অজ্ঞানতা, মোহ, মিথ্যা জ্ঞান।  
 Halm, *n. s.* Sax. ডগ, খড়, ঘাস।  
 Halo, *n. s.* Fr. সূর্য কিম্বা চন্দ্রমণ্ডলের বেটনকারী রক্তবর্ণ রেখা বিশেষ, চক্রমণ্ডল, পরিবেশ, সভা, গণ্ডী।  
 Halse, *n. s.* Sax. গলদেশ, গলা, কণ্ঠ।  
 To Halse, *v. a.* গলাগলি-কৃ, গলা জড়াইয়া-ধর, শপথ-কৃ, শপথ -কৃ, পুণতি-কৃ, পুণাম-কৃ, সত্বাব বা সমাদর-কৃ, মর্যাদা-কৃ, সম্মু -কৃ।  
 Halsening, *a.* ভারী, গভীর বা কর্কশ শব্দকারী, অঁফগলা, অঁড়রা গলা বা স্বর যাহার।  
 Halser, *n. s.* কাছী, দড়ী, রসারসী, হামারের অপেক্ষা হালকা কাছী।  
 To Halt, *v. n.* Sax. লাকাইয়া-হাঁট, যাইতেই বিস্রাম-কৃ, নেপ্ত, খুঁড়িয়া-চল, খোঁড়া-হ, নেপ্তিরা-হাঁট, স্থগিত-হ, আড্ডা -কৃ, উত্তর, বিধা-হ, বিধাকারী-হ, সন্দ্বিহ-হ, যাইতেই-খাম বা বিস্রাম-দা বা বিস্রাম-কৃ, গহরী-কৃ।  
 Halt, *a.* খোঁড়া, খণ্ড, গতিরহিত, নেপ্ত।  
 Halt, *n. s.* লাকাইয়া হাঁটন, খোঁড়ান, নেপ্তান, নেপ্তান, নেপ্ত

চাইয়া হাঁটন, খুঁড়িয়া চলন, পথ গমনে অবস্থিতিকরণ, গহরী, করণ, গমনের বিরাম, উত্তরণ, স্থিতি, স্থগিতহওন।  
 Halter, *n. s.* নেপ্তার বা খোঁড়ার যে, খুঁড়িয়া হাঁটে বা চলে যে নেপ্তিরা চলে যে, লাকাইয়া চলে যে।  
 Halter, *n. s.* Sax. কাসীর হাড়ি, কাসের কচুদাড়ি, রলা, শক্তদড়ি বা রজু।  
 To Halter, *v. a.* রজুধারা বন্ধ-কৃ, রসীদিয়া আটক-কৃ।  
 Haltingly, *ad.* আস্তে, ধীরে, শব্দে:শব্দে, মুছি হইয়া, নরমে।  
 To Halve, *v. a.* দুই ভাগ-কৃ দুই খণ্ড বা অংশ-কৃ, বিধা-কৃ, দুই খান-কৃ।  
 Ham, *gৃহ*, স্বর, বাড়ী, খামার, পটী, গুাম, আলয়, নিবাস, নিকে তন, ইজারা।  
 Ham, *n. s.* Sax. জপ্‌হা, রাণ, জাপ্‌হ, শূকরের লোণা টেপ্লি, শূকরের শুকু মাংস।  
 Hamack, Hammock শব্দ দেখ।  
 Hamadryad, *n. s.* Gr. প্রাচীনকালের বনদেবতাবিশেষ, বন্যপ রি বিশেষ।  
 Hamate, *a.* Lat. জড়িত, জড়িলাগা, গুটান, পাকান, পাক দেও যা, একত্র জড়ান, জড়িপাকান।  
 Hamated, *a.* হুকলাগান, হুকবদ্ধ, হুকবসান, পেকবিশেষে বদ্ধ, কাঁটাওয়াল, কাঁটায়ুক্ত।  
 To Hamble, *v. a.* Sax. পাদের শিরাছেদ-কৃ, পাদের রগকর্তন-কৃ, পাদের রগছেদ-কৃ, পাদের রগ কর্তনধারা খণ্ড-কৃ।  
 Hame, *n. s.* Sax. ছোড়ার হাঁসুলি বা গলাচি।  
 Hame, *n. s.* গৃহ, বাড়ী, স্বর, নিবাস, আবাস, আশ্রয়।  
 To Hamel, To Hamble শব্দ দেখ।  
 Hamlet, *n. s.* Sax. ক্ষুদ্র পল্লী বা গুাম, পটী, পাড়া।  
 Hamletted, *a.* গুামাকৃত, গুাম্য ব্যবহারনিদ্ধ বা তদনুসায়িকৃত, ক্ষুদ্র বা পল্লীগুামে অভ্যস্ত বা তাহাতে তাদান্য প্রাপ্ত, পাড়াগায়ে শিক্তি।  
 Hammer, *n. s.* Sax. হাতুড়ি, নেড়ুরা, মুল্লার, মুলল, মুগুর, মাভে ল, নষ্ট বা ক্ষতিকর্তা, নাশক, বিনাশক, নোক্ষান করে যে, অ পচয়জনক।  
 To Hammer, *v. a.* মুল্লার-মার, মুললাঘাত-কৃ, মুল্লারধারা-পিট, চোক বা ঘা-মার, হস্তে কৰ্ম-কৃ, বুদ্ধি বা বিবেচনাদ্বারা চেষ্টা -কৃ, মনে কৰ্ম-কৃ, মানস পরিশ্রমধারা সৃষ্টি বা কৰ্ম-কৃ।  
 To Hammer, *v. n.* কৰ্মঠ-হ, ব্যস্ত-হ, কৰ্ম্যাবৃত-হ, গতিবিশিষ্ট -হ, লড়, লড়চড়।  
 Hammerable, *a.* হাতুড়ির দ্বারা গঠনীয়, মুল্লারধারা গঠিত ভব নক্ষম, মুললধারা নির্ময়ে, মুল্লারঘাতধারা নির্মাণ করা যায় যাহা।  
 Hammercloth, *n. s.* হাওদা গাড়ীর সারথির আসনাবরণ বা বস্ত্র, কোচ বাকশ ঢাকা কাপড়।  
 Hammerer, *n. s.* মুল্লারধারা কৰ্ম্যকারী, হাতুড়ি দিয়া কৰ্ম্য করে যে।  
 Hammerhard, *n. s.* হাতুড়িধারা অধিক পিটন দৃঢ়ীভূত বা শক্ত লৌহ বা পোলাত, মুল্লারের অধিক আঘাত করিয়া শক্ত করা যায় যে লৌহ বা পোলাত, পিটেরা শক্ত হইয়াছে যে পোলাত।  
 Hammerman, *n. s.* কামারশালার মেডুরাওয়াল, পিটে যে।  
 Hammerwort, *n. s.* Sax. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।  
 Hammock, *n. s.* জাহাজী খাটবিশেষ, জাহাজে ব্যবহৃত দোলনা খাট বা বিছানা, জাহাজী কুলনা খাট।

**Hamper, n. s. Lat.** গাড়ীর কোড়া বা খলিয়ারিশেষ, বড় কাঁকা।

**To Hamper, v. a. Icel.** আটক-ক, কএদ-ক, বেড়ি-না, পেঁচ-নাগা পেঁচো-ফেল, জালে বড়-ক, গুপ্তার-ক, কাঁসা, বিরক্ত-ক, ব্যতি ব্যস্ত-ক, অনেক উৎপাতে-ফেল, বড়দারে-পত, বেজার-ক।

**Hamper, n. s.** নিগড়বিশেষ, একপ্রকার বেড়ী।

**Hamstring, n. s.** জাবুর রগ, আঁটুরশির, পাদের শিরা, অংশাঙ্ক শিরা।

**To Hamstring, v. a.** জাবুর রগ কর্তনদ্বারা গতি রোধ-ক, পুঙ্খো ক্ত শিরাস্ফেদ করণদ্বারা অচল বা খোঁড়া-ক।

**Han, have** শব্দের বহুবচনবাচক উৎসব্দের পরিবর্তে ব্যবহার জানিবা।

**Hanaper, n. s. Lat.** ভাণ্ডার, খাজানাদপ্তর, কোষ, খাজানাখানা, রাষ্ট্রকোষ।

**To Hance বা Hancee, v. a. Fr.** উচ্চ-ক, উন্নত-ক, বৃদ্ধি-ক, সমৃদ্ধিশালী-ক, সম্মত-ক, বর্ধিত-ক, তুল, উঠা।

**Hances, n. s.** খীলানের বা কোণের কানারা বা টের, খীলানের একপ্রান্ত।

**Hand, n. s. Sax.** হস্ত, কর, হাত, পাণি, ঘোড়ার মাপে ছয় অঙ্ক লি, তরফ, দিক, পক্ষ, নগদ, নগদ দেওন বা পাওন, দর, ভাণ্ড, মূল্য, নিয়ম, বন্দোবস্ত, করার, কৰ্ম্ম, কার্য্য, বাহা কৰ্ম্ম, শ্রম, মি হনৎ, হস্তের কৰ্ম্ম, নিরীহ, নিরীহ করণক্রমতা, চেষ্টা, উ দোঃগ, একত্রকরণের বা লওনের রীতি, কারিগরী, প্রস্তুত নি স্মাণ বা গঠনক্রমতা, কর্তৃত্ব, দেওন, দানকরণ, হস্তেং লওন, মনোযোগ, নিরীহ করণাবশ্যকতা, কৰ্ম্ম নিরীহ বা উৎসমা ধান, নৈকট্য, নিকটের ভাব, হাত বাড়াটলে পাওরা যায় যাই উভাব বা উদবস্থা, হস্তের কৰ্ম্ম, প্রস্তুতাবস্থা, অধিরত্ব, কৰ্ম্মকর ণের নক্সা বা কিকির, লাভ, গুণ, প্রাপ্তি, শ্রেষ্ঠত্ব, জেদ্দাজেদ্দ, হিৎসা, আড়ি, যুক্ত, স্থানান্তর প্রেরণ বহন বা চালান, দখল, ক্রমতা, লাগামের ঘর্ষণ, রাজশাসনের রীতি, নিয়ম, প্রতিব দ্বক, আটক, কর্তৃত্ব, ক্রমতা, কর্তা, প্রাধান্যকারক, কৰ্ম্মকর্তা, কৰ্ম্মে নিযুক্ত ব্যক্তি, প্রাপক, পায় যে, যাত্রাওয়াল, সৎসাধে যে, মজুর, দিপাহী, অকরের সাইন, **Hand over head**, আ লস্যপূর্জক, গাফিলী করিয়া, না দৃষ্টি করিয়া, **Hand to hand**, হাতাহাতি, হাতেং, **Hand in hand**, সৎলগৎ, একত্র হইয়া, **Hand to mouth**, আবশ্যকমতে, নাচার হইয়া, দরকারমতে, **To bear in hand**, হস্তে রাখণ, উঘেদে রাখণ, ভরসাতে রাখণ, কাকি দেওন, **To be hand and glove**, আত্মীয়-হ, নৈকট্য-হ, ঐক্য-হ।

**To Hand, v. a.** হস্তের দ্বারা প্রেরণ-ক, হস্তদ্বারা-না, হাত ধরিয়া লইয়া-চল বা ধূপ, ধর, হস্ত-না, হস্তলগ্ন-ক, নিরীহ-ক, হস্তদ্বারা নিঃস্, ক্রমে-চল বা-হ, হস্তেং-বুল, একহস্তহইতে অন্য হস্তে অ পর্ণ-ক বা-না, হাতে-না।

**To Hand, v. n.** হাতেং-চল, ঐক্য-হ, সহকার-হ।

**Hand, এশব্দ** রচনার অধিক ব্যবহার্য্য, হস্তদ্বারা যে কৰ্ম্মহইতে পারে তদ্বর্ষে সৎসেঃগ-হ বধা, **Hand-saw**, হাত করাভ, **Hand-barrow**, হাত গাড়ি ইত্যাদি।

**Handball, n. s.** পুষ্টি ক্রীড়াবিশেষ।

**Handbarrow, n. s.** দুইজনের হস্তদ্বারা চলে বা ব্যবহার হয় যে আধার বা পাত্র।

**Handbasket, n. s.** হাতচুপড়ি, সাজী।

**Handbell, n. s. Sax.** হাতঘণ্টা, কুমুঘণ্টা, ছোট ঘণ্টা, হস্তদ্বারা বাজান যায় যে ঘণ্টা।

**Handbow, n. s.** হাতধনুক, হস্তদ্বারা চালান যায় যে ধনুক, কুমু ধনুক।

**Handbreadth, n. s.** চক্ষিশাঙ্কু পরিমাণ, একহাত পরিমাণ।

**Handcloth, n. s.** হাতের কাপড়, ক্রমাল।

**Handcuff, n. s. Sax.** হাতকড়ি, হাতবেড়ি।

**To Handcuff, v. a.** হস্তে কড়ি-না, বেড়ি বা শৃঙ্খলদ্বারা হস্ত বদ্ধ -ক, হাতকড়ি-না।

**Handcraft, n. s.** হাতের কৰ্ম্ম, হস্তদ্বারা নিষ্কার হয় যে কৰ্ম্ম, হাতের ব্যবসায়, হস্তের ব্যাপার, হস্তের শিল্প কৰ্ম্ম।

**Handcraftsman, n. s.** হাতে খাটে যে, হস্তদ্বারা কৰ্ম্ম করে যে, মজুর, কারিগর, শিল্পী, কার।

**Handed, a.** হস্তবিশিষ্ট, হস্তওয়াল, হাতবদ্ধ, জোড়হস্ত, হস্তের কৰ্ম্ম আছে যাচাতে বা গাহার।

**Hander, n. s.** প্রেরক, স্থানান্তর করে যে, চালান যে, দেয় যে, একব্যক্তি বা স্থানহইতে অন্যকে দেয় বা প্রেরণ করে যে শ্রেণীক্রমে প্রেরণ করে বা দেয় যে।

**Handfast, n. s.** ধরণ, গুপ্তার, কএদ, আটক, রাখণের ক্রমতা বা শক্তি।

**Handfast, a.** শক্ত, দৃঢ়, মজবুত, পোক্ত, টেকসন।

**To Handfast, v. a. Sax.** বিবাহার্থে বাগান-ক, হস্তে অর্পণ-ক, হাতে-সোপ, হস্তেং-না, ব্যবহার বা শাস্ত্রানুসারে হস্তেং-না, সমাগণ-ক, এক-ক, জোড় বদ্ধ-ক।

**Handfasting, n. s. Goth.** বিবাহের সম্বন্ধপত্র, বিবাহের লিপি বা নিয়মপত্রবিশেষ।

**Handfetter, n. s.** হস্তবন্ধনী, হাতকড়ি।

**Handfull, n. s.** একমুষ্টি, একমুঠা, একমুষ্টিপরিমিত দুবা, মুঠ, চতুরঙ্গুলি পরিমাণ, অল্প, কিকিৎ, মুঠভর, মুঠিকরণোপযুক্ত বস্তু বা উৎপরিমাণ।

**Handgallop, n. s.** মৃদুগতি, মন্দগমন, সত্ব দৌড়, তুলনী।

**Handgrenade, n. s. Granado** কিম্বা Grenade শব্দ দেখ।

**Handgun, n. s.** হাত বন্দুক, কুমুবন্দুক, হস্তে রাখিয়া যে বন্দুক ছোড়া যায়।

**Handicraft, n. s. Sax.** Handcraft শব্দ দেখ, হাতের কৰ্ম্ম বা তদ্ব্য ব্যবসায়, মজুরদার, মজুরি করিয়া নিরীহ করে যে ব্যক্তি, কারি গরি বা শিল্প কৰ্ম্মকর্তা।

**Handicraftsman, n. s.** নিরীহতা, নিরীহকারী, শিল্পী, কারিগর, কোন কৰ্ম্ম প্রস্তুত করে যে, বানায় বা উৎপাদনকর্তা, মজুরি কৰ্ম্মে নিযুক্তব্যক্তি।

**Handily, ad.** কারিগরিপূর্জক, ওস্তাদিত্বপে, পারকতাপূর্জক, বি ভতা বা সৎকারপূর্জক, ক্রিপতাপর্যসরে, নৈপুণ্যরপে, পটুতা রপে।

**Handiueess, n. s.** চালাকী, চতুরতা, পটুতা, ক্রিপতা, প্রস্তুতত্ব।

**Handiwork, n. s.** হাতের কৰ্ম্ম, হস্তে নিষ্কার বা কৃত কৰ্ম্ম, হস্তকৃত কৰ্ম্ম, পরিশ্রমোৎপন্ন বস্তু বা বিষয়, উৎপত্তি, নিরীহণ, সৃজন, উৎপাদন, সৃষ্টিকরণ।

**Handkerchief, n. s. Sax. Fr.** গামছা, গাত্রমাচনী, ক্রমাল, সৌলিয়া।

**Handlanguage, n. s.** সামুদ্রিক বিদ্যা, হস্তদ্বারা কথোপকথন ক রণের পুঙ্করণ বা উৎসাহ।

**To Handle, v. a. Dutch.** সৎলগ্ন, হাত-না, হাত-নাগা বা চালা, হস্তদ্বারা বোধ-ক, চালা, ধর, হস্ত নিষ্কপ-ক, লগ্ন-ক, লাড়, লিখনে বা কথার ব্যবহার-ক, কৰ্ম্ম-ক, মামলা-ক।

**Handle, n. s. Sax.** হাতল, কবজা, মুঠ, বাঁট, কড়া।

Handleable, *a.* হস্তে ধরণীয় বা স্পঞ্জশোপযুক্ত, করনুশা, হস্তে প্রাপ্য।

Handless, *a.* হস্তহীন, নির্হস্ত, মূলা, হস্তহীন।

Handling, *n. s.* স্পঞ্জশা, ছুঁয়ন, হুচ প্রত্যক্ষ, ধূর্ততা, চাকুরী, প্রভা রণ, প্রবন্ধন।

Handmaid, *n. s.* দাসী, বাম্বী, চাকরাণী, পরিচারিকা, সেবিকা।

Handmaiden, *n. s.* চাকরাণী, দাসী।

Handmill, *n. s.* কলনিশেষ, চাতগাঁতা।

Handsails, *n. s.* হাতপালি, হাতের দ্বারা চালান যায় বা খাটান যায় যে পালি, ক্ষুদ্র পালি।

Handsaw, *n. s.* হাতকরা, ক্ষুদ্র করাত, হস্তদ্বারা কৰ্ম করা যায় যে করাত।

Handscrew, *n. s.* কলনিশেষ, যন্ত্রা ভারিদ্রব্য উঠান লাড়া বা তোলা যায়।

Handsel, *n. s.* Dutch. বউনি, প্রথম কার্য, আদি কৰ্মকরণ বা হ ওন, ক্রয় বিক্রয়ের প্রথম কার্য, বায়ন।

To Handsel, *v. a.* প্রথম-কৃ, আরম্ভ-কৃ, প্রথম ব্যবহার-কৃ, প্রথম আচরণ-কৃ।

Handsome, *a.* Dutch. সুন্দর, সুভরা, ভাল, পরিপাটী, উৎকৃষ্ট, উত্তম, বেশ, বিলক্ষণ, শুভ, রূপবান, সুদৃশ্য, সুগঠন, সুভৌল, স্বচ্ছন্দ, মনোহর, সুখী, চারু, সুরূপ, যথেষ্ট, বদান্য, দাতা, প্র চুর, প্রদান, সুখী, প্রস্তুত, ঠিকঠাক, সুবিধামত।

To Handsome, *v. a.* সুন্দর-কৃ, পরিপাটী-বা উত্তম-কৃ, বিলক্ষণ -কৃ, মনোহর-কৃ।

Handsomely, *ad.* পরিপাটীরূপে, সৌন্দর্য্যরূপে, মনোহরভঙ্গুরূপে, সুভরাভঙ্গুরূপে, দাতৃত্বরূপে, বদান্যভঙ্গুরূপে।

Handsomeuess, *n. s.* পরিপাটী, উত্তমতা, বৈলক্ষণ্য, সৌন্দর্য্য, রূপ, সৌভব, উৎকৃষ্টতা, সুদৃশ্যতা, সুরূপতা।

Handspike, *n. s.* কিকনে, কিকে, চেকো, পেলা, চাড়া, যন্ত্রা কোন ভারিদ্রব্য উত্তোলন করা বা সরান যায়।

Handstall, *n. s.* মন্দিরনিশেষ, বর্শা।

Handvice, *n. s.* পাকশাড়া নিশেষ।

Handweapon, *n. s.* হাতের অস্ত্র, হস্তাস্ত্র।

Handwork, *n. s.* হাতের কৰ্ম, Handiwork শব্দে অর্থজানি বে।

Handworked, *a.* হস্তদ্বারা কৃত বা নিৰ্ম্মিত, হাতগড়া, হস্ত নির্মিত, হস্তদ্বারা গঠিত।

Handwriting, *n. s.* অক্ষরের সাইন, হস্তাক্ষর, হাতের লিখন, হাতের লেখা, লিখন, লিপি, অক্ষরসংস্থান।

Handy, *a.* হস্তদ্বারা কৃত নিৰ্ম্মিত বা নির্মিত, প্রস্তুত, উপযুক্ত, দ ক্রিপু, বিজ্ঞ, স্পঞ্জারবান, আয়ত্ত, কৰ্মোপযুক্ত, কৰ্মঠ, চা লাক, কৰ্মণ্য, কৰ্মযোগ্য।

Handy blow, *n. s.* হস্তদ্বারা আঘাত প্রহার বা মারি, যুদ্ধ, শত্রুবতা বৈপরীত্য দুয়নির কৰ্ম।

Handydandy, *n. s.* বালকক্রীড়া নিশেষ, ছেলের খেলা।

Handygripe, *n. s.* হস্তদ্বারা ধরণ বা আকর্ষণ, ধাবা মারণ, ধাবা দ্বারা ধরণ।

Handystroke, *n. s.* হস্তদ্বারা মারণ আঘাতকরণ বা প্রহারক রণ।

Handywork, Handiwork শব্দ দেখ।

To Hang, *v. a.* Sax. বুল, লটক, টান, উৎকর্ষ-কৃ, কাঁসী-দা, বি নাশ্রয়ে-রক্ষ, টানাইয়া-রক্ষ, বুলাইয়া স্থাপন-কৃ, কাঁসীদ্বারা হত-কৃ, দৃশ, কেলিয়া-দা, অধ-কৃ, পতন-কৃ, নিৰ্লেপ-কৃ, উপরে

আবরণ-কৃ, বা ঢাক, ঘর-সাজা, Hang upon রেহ-কৃ, অত্যন্ত প্রেমে মুগ্ধ-হ।

To Hang, *v. n.* লটক, বুল, কুলিয়া-বা বা-কা, অণুভাগ নিম্ন-হ, ভাসমান-হ, গলদেশে লুপ্তি-হ, মস্তকোপরি ঝুঁকিয়া-কা, আল গারপে বন্ধ বা স্পঞ্জ-হ, দৃঢ়ীভূত-হ, স্পঞ্জী বা স্পঞ্জ-হ, স্থগিত-হ, বাসী-হ, অনিশ্চিত-হ, গড়িমসিতে-পত, সন্দেহ -হ, স্থগিত বা অনিশ্চিতাবস্থা-প্রাপ্ত-হ, গৌণীভূত-হ, অধীন -হ, আশায় বন্ধ-হ, উচ্চ নাচ-হ, অসমান-হ, কাঁসদ্বারা হত-হ, কাঁসে-দা, অধঃপতন-হ, নিম্ন-হ, দৃশ্যমান-হ, দৃষ্ট-হ, প্রকাশ -হ, নিরন্তর-হ, গোলেন্দ্রাঙ্কের ভাবনিশেষ।

Hangby, *n. s.* অধীন বা বশীভূত ব্যক্তি বা বিষয়, অবজ্ঞাসূচক শ ব্দ জানিবা, খোশামুখে।

Hanger, *n. s.* কোলে লটকে বা টানান যায় যন্ত্রা, যাহাতে বন্ধ হইয়া কোলে, এ প্রযুক্ত চলবার বা নিমচে বলে।

Hanger, *n. s.* Per. ক্ষুদ্র পুশস্ত্র তলোয়ার, অসি নিশেষ, এক প্রকার খড়্গ, কিরিচ, নিমচা।

Hanger, *n. s.* কাঁসী দেয় যে, কলায় যে, কাঁস দেওয়ার যে, কাঁস দিয়া মারে যে, কাঁসুড়িয়া, জ্বলাদ।

Hanger-on, *n. s.* অধীন, বশীভূত, বশ, বশতাপন্ন, আয়ত্ত, তাবে দার, বাধ্য।

Hanging, *n. s.* কালর বা পরদা যাত্রা ঘরের দেওয়ালে লটকান বা টানান যায়, লটকান বা মুলান দ্রব্য, কাঁসী, কাঁসদ্বারা মৃত্যু প্রকাশ বা দর্শন।

Hanging, *part. a.* কাঁসে লটকান, কাঁস দেওনোপযুক্ত, কাঁসদ্বা রা দণ্ড বা তদুপযুক্ত, উৎকর্ষন দণ্ডযোগ্য, উৎকর্ষনদ্বারা দণ্ডনয়, কাঁস মৃতদেহধক বা প্রকাশক।

Hanging-sleeves, *n. s.* পূর্ষকালে বালকের ব্যবহৃত বস্ত্রনিশেষ, কালর বা পরদাওয়ালে জামা বা আঙ্গরাখ।

Hangman, *n. s.* কাঁসুড়, জ্বলাদ, খুন্দা, কাঁসদ্বারা মারে যে, কাঁস পরায় যে, কাঁসে চড়ায় যে, উৎসনা বা অনুযোগোৎসাহক শব্দ নিশেষ।

Hank, *n. s.* Teel. কেঁটী, সুতার কেঁটী, দ্ববদবা, প্রতাপ, শাসন, নিবারণক্রমতা, পরাক্রম, শক্তি, জাহাঙ্গে কাঁসের কড়াবি শেষ।

To Hank, *v. n.* কেঁটী-বান্ধ, ভাল-কৃ, লুটি-বান্ধ, লুটি-কৃ, লুড়ি-বান্ধ, লুড়ি-কৃ।

To Hanker, *v. n.* Dutch. বাগু-হ, বাস-হ, চঞ্চল-হ, বাগুতাপূর্ষক যাত্রা বা প্রার্থনাকারী-হ, বাগু হইয়া-মাগ, প্রত্যাশায়-থাক, অ কাঙ্ক্ষা-কৃ, লিপ্তা-কৃ।

Hankering, *n. s.* প্রয়াস, বাসনা, আকাঙ্ক্ষা, কায় মনো বাক্যে প্র ত্যাশা বা ইচ্ছা, বাঙ্কা, লিপ্তা, মনোরথ।

To Hankle, *v. n.* জড়া, গুটন-হ, জড়ি-পড় বা-হ, বন্ধ-হ।

Hanse বা Hanse Towns, *n. s.* Teut. মহাজনবর্গ, সওদাগর স মূহ, সওদাগরের সম্মুখায় সমাজ বা দল, বৃগু, জর্মানি দেশের কোন শহর।

Hanseatick, *a.* পূর্ষক নগরসম্বন্ধীয় বা উদ্ভিবরক।

Hansel, Handsel শব্দ দেখ।

Han't, Has not, কিম্বা Have not, শব্দের পরিবর্তে ব্যবহার্য জানিবা।

Hap, *n. s.* Welsh. দৈব, অদৃষ্ট, ভাগ্য ঘটন, নিয়তি, দৈবে ঘটে যে, দৈবধীন বিষয় বা ঘটনা, বিধিলিপি, কপালের লিখন।

Hap-harlot, *n. s.* মোটা সুকর্নী নিশেষ।

Hap-hazard, *n. s.* দৈব, অনিশ্চিত ঘটনা।

To Hap, v. n. দৈব-হ, ঘটন-হ, দৈবধীন উপস্থিত-হ, কর্ণাত্ত  
 রে-ঘট, দৈবে-আগম, অকস্মাৎ-জন্ম, হঠাৎ উপস্থিত-হ।  
 To Hap, v. a. Sax. আবরণ-কৃ, আচ্ছাদন-কৃ, গোপন-কৃ, ঢাক,  
 ধর, গুপ্তার-কৃ, গুহণ-কৃ, পাকড়।  
 Hapless, a. দুঃখী, অসুখী, ভাগ্যহীন, অভাগা, হতভাগ্য, কম  
 বস্তু, বদবস্তু, দুর্দশা বা দুর্ভাগ্যবস্ত, দুর্দৃষ্টশালী, দুর্দশাগুস্ত,  
 লক্ষ্মীছাড়।  
 Haply, ad. দৈবে, দৈবাত, দৈবধীনে, সন্দেহে, অকস্মাৎ, অনিশ্চি  
 তরূপে, সহসা, হঠাৎ।  
 To Happen v. n. হ, ঘট, আগম, উপস্থিত-হ, দৈবে-হ, অক  
 স্মাৎ-ঘট, পড়।  
 To Happen, v. n. কৃদ, লক্ষ, নভা করিয়া-কির, লাফিয়া-গম, উ  
 ল্লেখনপূর্নক-যা, এতদ্বির To Hop শব্দ দেখ।  
 Happily, ad. ভাগ্যক্রমে, কপালক্রমে, দৈবাত, সৌভাগ্যে, কল্যা  
 ণে, অদুঃখিত্তে, অদুঃখীভাবে, আনন্দপূর্নক, মঙ্গলপূর্নক, স্বা  
 ক্ষুদ্ররূপে, অনায়াসে, সুখাবস্থাতে, দৈবে।  
 Happiness, n. s. সুখ, স্বাস্থ্য, আনন্দ, আশ্লাদ, কুশল, সুখী, শুভ,  
 সৌভাগ্য, শুভদুঃখ, ভালকপাল, কল্যাণ, মঙ্গল, নিবৃত্তি, শং,  
 হর্ষ, ক্রম, কৃষ্টি।  
 Happy, a. সুখী, কৃষ্টি, কল্যাণবিশিষ্ট, সানন্দ, আশ্লাদিত, আ  
 নন্দিত, কুশলী, কল্যাণী, সৌভাগ্যবান, শুভদুঃখীবান, সুদশা  
 শালী, মঙ্গলবিশিষ্ট, পুস্ত, অনুকূল।  
 Haqueton, n. s. Hacqueton শব্দ দেখ।  
 Haram বা Harem, n. s. Per. জানানা মহল, অস্থপুত্র, অন্দর  
 মহল, ডিতরবাণী, ডিতরমহল, মফাশল বাণী।  
 Harangue, n. s. Sax. কথকতা, বক্তৃতা, বাক্য, কথা।  
 To Harangue, v. n. বাক্য-কথ, বক্তৃতা-কৃ, বাক্য প্রয়োগ-কৃ।  
 To Harangue v. a. বক্তৃতারী লম্বা বা লম্বোদন-কৃ, নিবেদন  
 -কৃ, বিজ্ঞাপন-কৃ।  
 Haranguer, n. s. বাকপট, সম্বন্ধ, সংকথক, মিষ্টভাষী, বাবদুক,  
 বক্তৃ, বক্তৃতা করে যে, সভায় বক্তৃতা করে যে।  
 To Harass v. a. Sax. নষ্ট-কৃ, উচ্ছিন্ন-কৃ, দোরাত্মা-কৃ, উৎপাত  
 -কৃ, নিগূহ-কৃ, ক্লেশ-দা, পীড়া-জন্মা, দুঃখ-দা, ব্যামোহ-দা,  
 ক্লান্ত-কৃ, বিরক্ত-কৃ, আত্ম-কৃ, হয়রণ-কৃ, দুঃখী-কৃ, আপদ  
 -ঘট।  
 Harass, n. s. ক্রটি, হানি, নোশান, অপচয়, উৎপাত, ধুমধাম,  
 হস্ত্র, লড়াই, কগড়া, কলহ, বিরোধ, বিবাদ।  
 Harasser, n. s. Sax. নষ্টকর্তা, অপচারক, লুচেরা, লুচকর্তা, লুচ  
 করে যাহার, নষ্ট করে যাহার, লুচিয়া লয় যাহার।  
 Harbinger, n. s. Dutch. অগুগক্তা, অগুগ, অগুগামী, খাউড়ে, দৃত,  
 বার্তাবাহক, জেলাপ।  
 Harborough, n. s. Sax. Harbour শব্দ দেখ, থাকিবার বাস,  
 টোল, ঘর, আশ্রয়, বাসস্থান, টেকিবার বা তিতিবার স্থান।  
 To Harborough, v. a. To Harbour শব্দ দেখ, বাস-দা, বাসাতে  
 -আনী, বাসাতে স্থাপিত-কৃ, হরিণ-পোষ ব, পাল।  
 Harborous, a. আতিথেয়, আতিথ্য, অতিথিপূজক, পরোপকারক,  
 সুশীল, আলাপী।  
 Harbour, n. s. Sax. বাস, বাসস্থান, ঘর, আশ্লাদ, আমোদ, র  
 ক্তস্থান, সুখের স্থান, ওৎ, ঘাট, নদ্র বাণী, আশ্রয়, জাহাজ  
 লাগানের ঘাট, বন্দর, কোল।  
 To Harbour, v. n. অতিথি-হ, পুবাশ-কৃ, পুবাশী-হ, মাধাধিরা  
 -ধাক, আশ্রয়-দা, ভ্রমণ করিয়া-কির, পণিক-হ, বিদেশী-হ,  
 পাহ-হ, দেশান্তরী-হ, অভাগত-হ, মুখারী-হ।

To Harbour, v. a. অতিথি-কৃ, বাস-দা, থাকিতে-দা, আশ্রয়-দা  
 রক্ষা-কৃ, থাকিবার কারণ নিজগৃহে অতিথিকে স্থান ও আহার  
 -দা।  
 Harbourage, n. s. আশ্রয়, বাসস্থান, অতিথিকরণ বা হওন, আ  
 তিথ্য, অতিথিসেবা, অতিথিসংকার।  
 Harbourer, n. s. অতিথিকর্তা, অতিথিসেবক, আতিথের, অতি  
 থিকে স্থান ও আহারাদি দেয় যে।  
 Harbourless, a. নিঘাট, নিসাস, নিরাশ্রয়, আশ্রয়রহিত, নিরা  
 লম্ব, থাকিবার স্থান নাই যাহাতে বা যাহার।  
 Harbourous, Harborous শব্দ দেখ।  
 Harbrough, Harborough শব্দ দেখ।  
 Hard, a. Sax. শক্ত, দৃঢ়, দৃঢ়র, কঠিন, কড়রা, কঠোর, ভীটো,  
 অলভ, অক্ষমা, অভেদা, মঙ্কিল, দুঃহ, অসাধ্য, ক্লেশন, দুঃখন,  
 বেদনাবিশিষ্ট, দুঃখদায়ক, দুঃখী, আয়াসবিশিষ্ট, পরিশ্রম  
 সাধ্য, নিদয়, নিষ্ঠুর, ক্রুর, ককশ, প্রতিকূল, অপুলস, অজান,  
 অসুখী, বিরক্ত, বৈরক্তাজনক, অবিবেচক, অসহব, অসখাধ,  
 দায়গুস্ত, নাচার, বলবান, অপরদস্থ, অল্প, অযথেষ্ট, অমঙ্গল্য,  
 লালাচী, কৃপণ, সুম, ব্যয়কৃষ্ট।  
 Hard, ad. Germ. শক্তারূপে, শক্ততাপূর্নক, পরিশ্রমপূর্নক, আ  
 যাসপূর্নক, মিচ্ছত করিয়া, অবিপ্রাতিপূর্নক, একাদিক্রমে,  
 নিগুত ক্লেশপূর্নক, বৈরক্তাপূর্নক, দুঃখ বা পীড়াপূর্নক, অটি  
 তি, জলদী, তুরায়, কাটিনাপূর্নক, মুখুলে, কড় বা ক্তান  
 পূর্নক।  
 Hardbesetting, part. a. দৃঢ়রূপে বেষ্টিত বা পরিবেষ্টিত বা ছে  
 রিত, শক্তাপূর্নক বেষ্টিন করা গিয়াছে যাহা বা যাহাকে বা  
 যাহাতে।  
 Hardbound, a. শক্ত, কঠিন, মলবদ্ধ, কোষ্ঠবদ্ধ।  
 Hardecared, part. a. আয়াসে প্রাপ্ত, ক্লেশে প্রাপ্ত, অনেক দুঃখে  
 উপার্জিত, বহুদুঃখোপার্জিত, অনেক কষ্টে লভ, ক্লেশলভ, পরি  
 মার্জিত।  
 To Harden, v. n. শক্ত-হ, কঠিন-হ, দৃঢ়-হ, ককশ-হ।  
 To Harden, v. a. শক্ত-কৃ, কঠিন বা দৃঢ়-কৃ, ককশ-কৃ, দুর্বৃত্ত-কৃ,  
 বেআদব-কৃ, চৌটী-কৃ, নিষ্পন্দ-কৃ, সন্দনহীন-কৃ, অজান-কৃ, অফ  
 -কৃ, মৃগ-কৃ, মোহিত-কৃ।  
 Hardener, n. s. শক্ত করে যে, কোন দ্রব্য শক্ত কঠিন বা দৃঢ়  
 কর্তা।  
 Hardfavoured, a. কুৎসিত, কদর্য, কুগঠনবিশিষ্ট।  
 Hardfavouredness, n. s. কুৎসিতত্ব, কদর্যত্ব, অসৌন্দর্য, কুৎসি  
 তাকার, কুদৃশ্যতা।  
 Hardlisted, a. সুম, চাতের জল লরে না যাহার, বশিল, কা  
 পুটে।  
 Hardfought, a. অনেক কাকিয়া হস্ত্র বা উৎপাত হইয়াছে বা  
 হাতে বা যাহার, হস্ত্রকৃত, ক্লেশবিশিষ্ট।  
 Hardgot বা Hardgotten, a. কঠিন, শক্ত, দৃঢ়, অনেক দুঃখে  
 ক্লেশে আয়াসে বা উৎপাতে কৃত হৃত বা প্রাপ্ত।  
 Hardhanded, a. শক্ত, মোটা, অপরিষ্কার, কড়রা, চাত, কারিগর,  
 মস্তুরি নাচ বৃষ্টি বা শিল্প ব্যবসায়ধারা চাত শক্ত হইয়াছে  
 যাহার, শক্তাট পরিশ্রম কষ্ট বা কঠোর আচারকারী, কল বা  
 নিচরতধারা হাত পাকিয়াছে বা পৃষ্ঠীকৃত হইয়াছে যাহার।  
 Hardhead, n. s. মাধায়ৎ চেকন বা আঘাতিত হওন, মাধায়ৎ ট  
 কং করিয়া লাগন, চুমারণ, লভন।  
 Hardhearted, a. ক্রুর, কঠিন, নিদয়, নিষ্ঠুর, স্নেহহীন, অপ্রেমী, ক  
 টিনাস্ত্রেরণ যাহার।

**Hardheartedness, n. s.** ক্রুরতা, নির্দয়তা, কঠিনতা, নিষ্ঠুরতা, কাটিনা, দগ্না বা স্নেহরাহিত্য, অকরণত্ব।  
**Hardiment, n. s.** ভরসা, সাহস, সামর্থ্য, শক্তি, শূরত্ব, শৌর্য্য, বীরত্ব, পরাক্রম, বিক্রম।  
**Hardiness, n. s.** শক্তাই, ক্লেশ, পরিশ্রম, দৃশ্য, আয়াস, শক্তি, সামর্থ্য, বীরত্ব, শূরত্ব, শৌর্য্য, সাহস, ভরসা, চেষ্টামি, অপলঙ্ঘ্য, নির্লঙ্ঘ্য, বেহায়াসি।  
**Hardlaboured, a.** শ্রমসাধ্য, ক্লেশসাধ্য, কঠিন, মুস্থিল, অভ্যস্ত, অত্যাসের দ্বারা আয়ত্তকৃত বা শিকৃত।  
**Hardly, ad.** কঠিনভাৱে, কষ্টে, ক্লেশ শ্রম বা আয়াসপূৰ্ণক, মুস্থিলে, অসহজে, অপ্রাপ্তিপূৰ্ণক, অভাব দুর্লভ বা অল্পভাৱে, আধিক্য, প্রায়, প্রতিকূল্যপূৰ্ণক, দৌরাহ্মা বা ক্লেশদায়ক ভাবে, অনাদর বা হেচনপূৰ্ণক, কার্শ্যভাৱে, দাৰ্ঢ্যভাৱে, শক্তাই ভাৱে, নামে, নামস্বরে, বৃদ্ধায় বা বৃদ্ধায় এতদ্ভাৱে।  
**Hardmouthed, a.** শক্ত মুখ, কঠিন মুখ, লাগাম মানে না যে, লাগাম অমানক, মুখে জোর আছে যাহার।  
**Hardness, n. s.** কঠিনতা, বুদ্ধিবাহর অসাধ্যতা, মন্ববৃত্তি, শক্তাই, দৃঢ়তা, শক্ততা, কাটিনা, বহুকালস্থায়িত্ব, শক্ত বা সন্মলকরণে অসাধ্যত্ব, অপ্রাপ্তি, অভাব, অল্পতা, দরিদ্রতা, কাঙ্গালপেনা, দীনহীনতা, নিষ্ঠুরতা, লাঘুতা, অপরিষ্কারত্ব, কার্শ্য, অপরিষ্কৃতত্ব, কৌরব্য, অসৌন্দর্য্য, ভীৰুতা, ভীকৃত্য, দুৰ্যোগ, কঠোরতা, নির্দয়তা, নিদয়ত্ব, নিষ্ঠুরত্ব, ক্রুরত্ব, মুগ্ধত্ব, মূঢ়তা।  
**Hardnibbed, a. Sax.** শক্তমোচওয়াল, শক্ত চোটেওয়াল।  
**Hardock, n. s.** বৃক্ষবিশেষ।  
**Hards, n. s. Sax.** শণ বা পাটের অবশিষ্টাংশ, ওঁটা।  
**Hardship, n. s.** ক্লেশ, দুর্গতি, দৃশ্য, যজ্ঞণা, কষ্ট, দৌরাহ্মা, কৃসু, আয়াস, শ্রম, মিহ্নত্ব।  
**Hardware, n. s.** ধাতুদ্রব্য, লৌহইত্যাদি ধাতুতে নির্মিত বাসন বা কোন দ্রব্য।  
**Hardwareman, n. s.** ধাতুদ্রব্যনির্মাতা বা বিক্রেতা, ধাতুদ্রব্য নির্মাণ করে বা বিক্রয় করে যে, ধাতুদ্রব্য ব্যবসায়ী, কাঁসারী কর্মকারপ্রভৃতি।  
**Hardy, a. Fr.** দৃঢ়, কঠিন, শক্ত, দুর্জয়, দুর্জয়, বলবান, বলী, সাহসী, হিমাভী, কড়রা, কড়া, প্রত্যয়িত, বৈরত্যাকারী, বিরক্ত করে যে, চেষ্টা, বেআদব, বেভাব।  
**Hare বা Here, সৈন্য বা অধ্যক্ষ বৃদ্ধায়।**  
**Hare, n. s. Sax.** চতুষ্কদ জন্তুবিশেষ, শশক, ধরগোস, সিকার, ডারাবিশেষ।  
**To Hare, v. a. Fr.** ভীত-কৃ, ভয়-দেখা, ভয়ে ধতমভ-খাদ-(ক্রি) বা ব্যস্ত-কৃ, হুকি দর্শাইয়া ভীত-কৃ।  
**Harebell, n. s.** পুষ্পবিশেষ।  
**Harebrained, a.** উত্তমশালী, উত্তমশীল, বাফরৎ চঞ্চল, অস্থির, জল্পনী।  
**Harefoot, n. s.** পক্ষিবিশেষ, বৃক্ষবিশেষ।  
**Harehearted, a.** ভীত, ভরক, ভয়ভূর, ভীক, সর্জন্য ভয় পায় যে।  
**Harchound, n. s.** শশকসীকারী কুকুরবিশেষ।  
**Harchunter, n. s.** শশকসীকারী বা উৎসীকারে অনুরক্ত বা অনুরাগী।  
**Harehunting, n. s.** শশক সীকার।  
**Harelip, n. s.** ছিন্নৌক, গম্বাকাটা ওষ্ঠ, গম্বাখাঁদ।  
**Harelipped, a.** ছিন্ন ওষ্ঠ যাহার, গম্বাকাটা।  
**Haremint, n. s.** বৃক্ষবিশেষ।

**Hare-pipe, n. s.** শশক ধরা কল বা কান্দ, বাগুরা, ধরগোস পরা জাল।  
**Haresear, n. s.** বৃক্ষবিশেষ।  
**Hareslettuce, n. s.** বৃক্ষবিশেষ।  
**Harewort, n. s.** বৃক্ষবিশেষ।  
**Haricot, n. s. Fr.** মূল বা ডাল সহিত সিদ্ধ মাংস।  
**Harier, n. s.** শশক সীকারী কুকুর।  
**Hariolation, n. s. Lat.** ভবিষ্যৎকথা, ভাবি কথা।  
**Hariot, Heriot** শব্দ দেখ।  
**Harish, a.** শশকের ন্যায়, শশকবৎ, ধরগোসভূলা।  
**To Hark, v. n.** শ্রবণ-কৃ, শ্রবণেজিয় গোচর-কৃ, ক্রতিগুহা-কৃ, শ্রবণ পুতাক-কৃ, আকর্ষণ-কৃ।  
**Hark, interj.** অব্যয় শব্দ, শ্রবণ কর বা কর্ণ দেও, শুন, অবধান হউক বা কর, মনোযোগ কর, ইত্যাদ্যর্থক জানিবে।  
**Harl, n. s.** শণের কেশর।  
**Harlequin, n. s.** ডাঁড়, ডঙ্ক, মঙ্করা, বিদূষক, নকলে, হাসক, কোন নকল করিয়া লোককে হাসায় যে।  
**To Harlequin, v. a.** ভূলা, ভেলকীদ্বারা-ভূলা, প্রভারণা-কৃ, ভোজবিদ্যা বা ইজ্ঞকাল বিদ্যাধারা ভূক্তি-ভূয়া।  
**Harlock, n. s.** বৃক্ষবিশেষ।  
**Harlot, n. s. Welsh.** বেশ্যা, কুলটা, গণিক, বারান্ননা, ব্যভিচারিণী, ভুট্টা, ছিনাল, কসবী, খানকা, দুষ্ট ব্যক্তি, চোর, প্রভারক, টক, পুর্ন্ত, চাকর।  
**Harlot, a.** দুষ্ট, দুষ্টের ন্যায়, লোচ্ছা, লম্বট।  
**To Harlot, v. n.** বেশ্যা ব্যবহার-কৃ, বেশ্যার সহিত সহবাস-হ, বেশ্যাচারী-হ, বেশ্যাগামী-হ, বেশ্যাসক্ত-হ, কসবীবাজ-হ।  
**Harlotry, n. s.** বেশ্যাবৃত্তি, ছিনালি, বেশ্যাব্যবসায়, লৃগাসূচক স্ত্রী লোকের বিশেষণ বা নাম, দুষ্ট।  
**Harm, n. s. Sax.** ক্রতি, অপচয়, হানি, নোকসান, দোষ, তুষ্টি, ঘাইট, অপরাধ, তখশীর, দুষ্টতা, বাধা, হিঁসা, অমঙ্গল, দোহ, ঘেব।  
**To Harm, v. a.** মন্দ-কৃ, ক্রতি-কৃ, হানি-কৃ, নোকসান-কৃ, অপরাধ-কৃ, তখশীর-কৃ।  
**Harmful, a.** ক্রতিকারক, ক্রতিজনক, হিঁসক, দুরাচার, হানিকারী, দুষ্ট, মন্দকারী, দুয।  
**Harmfully, ad.** হানিপূৰ্ণক, ক্রতিপূৰ্ণক, দুষ্টতাপূৰ্ণক।  
**Harmfulness, n. s.** ক্রতি বা হানিকারকতা বা জনকতা, মন্দকারিত্ব, দুযত্ব।  
**Harmless, a.** নির্দোষ, নির্দোষী, অদুষ্ট, অহিঁসক, অদোহী, সরল, ভাল, ক্রতি নোকসান বা দোষ নাই যাহাতে বা যাহার, স্বচ্ছন্দ, অক্লিষ্ট, অনাহত, অনপত্রিত, বেদাগী, নিষ্ঠুর।  
**Harmlessly, ad.** নির্দোষপূৰ্ণক, বিনা আঘাতে, বিনা নোকসান বা হানিতে, বিনা দোষ বা অপরাধে, বিনা ত্রুটি বা তখশীরে।  
**Harmlessness, n. s.** নির্দোষ, নিষ্ঠুর, অনপকার, নিষ্কলঙ্ক, কলঙ্করাহিত্য, শুদ্ধতা, মন্দকারিত্ব বা হানিরাহিত্য, অহিঁসকতা, অনপকারকতা, অদুষ্টতা।  
**Harmonical বা Harmonick, a.** বাসাবিবয়ক, সুর বা মিলসম্বন্ধী, মিল আছে যাহার বা বাহাতে।  
**Harmonically, ad.** বাস্যপূৰ্ণক, ধ্বনি বা সুবরপূৰ্ণক, সুশ্রাব্যরূপে।  
**Harmonious, a.** ঐক্যবিশিষ্ট, মিল আছে যাহার বা যাহাতে, বাস্যবজ্রীয়, সুশ্রাব্য সুন্দর, নরম, সুবর, মিল ধ্বনিবৎ।

Harmoniously, *ad.* সুশ্রাব্যরূপে, সুন্দর বা মিষ্ট ধ্বনিপূর্নক, সুস্বরপূর্নক, মিলেৎ ।  
 Harmoniousness, *n. s.* মিষ্টতা, সুশ্রাব্য, ঐক্য ।  
 Harmonist, *n. s.* গীত বা বাদ্যের ধ্বনি বুঝে যে, গীত বা বাদ্য শাস্ত্রে অনুরাগ করে যে, ঐক্য করে যে, মিলায় যে ব্যক্তি, রাগ বোদ্ধা, গীতজ্ঞ ।  
 To Harmonize, *v. a.* সুশ্রাব্য-ক, সুস্ব-বান্ধ, সুরের মিল-ক, ঐক্য-ক, সুন্দর-ক, কণ্ঠধ্বনি বা যন্ত্রধ্বনির ঐক্য-ক, স্বর-মিল-ক ।  
 To Harmonize, *v. n.* ঐক্য-হ, মিল-হ, সমতুল্য-হ, একপ্রকার-হ, একত্রীতি-হ ।  
 Harmonizer, *n. s.* প্রমাণ দেয় যে, প্রমাণদাতা, নিদর্শনদাতা, উদাহরণদাতা, ঐক্যকর্তা ।  
 Harmony, *n. s.* Gr. ঐক্য, একবাক্যতা, মিল, প্রীতি, মিলাপ, সুরের মিল, প্রমাণ, নিদর্শন, উদাহরণ, একমত, ঐক্য মত ।  
 Harness, *n. s.* Fr. সাজ, সজ্জা, সরঞ্জাম, আনবাব, ঘোড়ার সাজ ।  
 To Harness, *v. a.* সাজা, বেশ-করা, রজা-ক, সজ্জা-ক, ঘোড়ার সাজ-সর, পরিধান-করা বা-লাগা ।  
 Harnesser, *n. s.* ঘোড়ার সাজ ধরে যে, ঘোড়ার সাজ চড়ায় যে ।  
 Harp, *n. s.* Sax. মোরচক্র, বীণা, বীণ, তব্বারা বা সারিন্দ্রাবিশেষ, বীণাবিশেষ ।  
 To Harp, *v. a.* মোরচক্র-বাদ, রাগ-ক, রাগিণী আলাপ-ক, রাগিণী-চাঙ্গ ।  
 To Harp, *v. n.* মোরচক্র বাদ্য-হ, সঙ্গ-ক, আকর্ষণ-ক, গুণ ব্যক্ত-হ, সৃ ।  
 Harper, *n. s.* মোরচক্রওয়াল, মোরচক্রবাদক, মোরচক্র বাজায় যে, বৈদিক, বীণাবাদক, বীণওয়াল ।  
 Harping Iron, *n. s.* Lat. কালাবিশেষ, টেঁটা, মকর মৎস্য ধরিবার অস্ত্রবিশেষ ।  
 Harpings, *n. s.* বানিক ভাষার জাহাজের প্রস্ত বুঝায়, কালচূর্ণপলান ।  
 Harpist, *n. s.* মোরচক্র বা বীণওয়াল বা তব্বাদক ।  
 Harpioneer, *n. s.* Fr. মকর মৎস্যের উপরে ডেলা বা টেঁটা মায়ে যে, টেঁটাদারা বৃহৎ মৎস্যধারক ।  
 Harpoon, *n. s.* Span. তেঁকাল, কৌচ, টেঁটা, পোলা ।  
 Harpooner, Harpioneer শব্দ দেখ ।  
 Harpsichord, *n. s.* Fr. বাদ্য যন্ত্রবিশেষ ।  
 Harpy, *n. s.* Lat. কল্পিত পক্ষিবিশেষ, লোভী, ক্রুর বা ধলব্যক্তি, দুর্ভিক্ষ বা দৌরাভ্যাকারী ।  
 Harquebuss, *n. s.* Arquebuse, শব্দ দেখ, বন্দুকবিশেষ, হাতবন্দুক, ক্ষুদ্রবন্দুক ।  
 Harquebussier, *n. s.* পৃথ্বীক বন্দুকওয়াল বা তদ্ব্যধারী বা তদ্বারা সজ্জিত যে ব্যক্তি ।  
 Harr, *n. s.* সমুদ্রহইতে উৎখিত বাতাস তুকান বড় বা আয়ী, Eagre শব্দ দেখ ।  
 Harrateen, *n. s.* বস্ত্রবিশেষ, একপ্রকার কাপড় ।  
 Harridan, *n. s.* Fr. পুরাণা নিকর্যা বা অযোগ্য ঘোটক, গলিতা বা পলিতা বেশ্যা ।  
 Harrier, *n. s.* Harier শব্দ দেখ ।  
 Harrico, *n. s.* Haricot শব্দ দেখ ।  
 Harrow, *n. s.* Fr. মই, বীশই, চালের মই, বাহার হারা কৃষ্টক্ষেত্রের মৃত্তিকা সমান করা যায় ।

To Harrow, *v. a.* মই-দা, বীশই-দা, মইহার। মৃত্তিকা-চাল, মই হারা কৃষ্টক্ষেত্র সম-করা, মইহার। খণ্ড বা ছিদ্র-ক, বই-ক, উচ্ছিন্ন-ক, বর্জিত-ক, ব্যতিব্যস্ত-ক, ত্যক্ত-ক, বিরক্ত-ক, গোণমান-ক, বন্দুক-ক বা লাগা ।  
 Harrower, *n. s.* মইওয়াল। মই দেয় যে, বীশই দেয়-যে, বাজ পক্ষিবিশেষ ।  
 To Harry, *v. a.* Fr. বিরক্ত-ক, বেতার-ক, ত্যক্ত-ক, অস্থির-ক, এলোমেলো-ক, ছুটলও দেশে এ শব্দ লুট বা তাকাতি জিহ্বাকে বুঝায় ।  
 To Harry, *v. n.* অভিযান্ত্র-ক, জন্ত-ক, বাস্ত-ক, আক্রমণ-ক, দৌরাভ্য-ক, উৎপাত-ক ।  
 Harsh, *a.* Dutch. কট, কঠিন, উগু, কষার, কঠোর, নিষ্ঠুর, টান, ককশ, ক্রক, কুশ্রাব্য, কড়া, অনিচ্ছার, আবুড়াধাবুড়া, শক্ত, কুল, মোটা, অপরিচ্ছন্ন, অপরিচ্ছন্ন, অসুখদ ।  
 Harshly, *ad.* কটুতা বা উগুতারূপে, কষার বা ক্রকতাপূর্নক, শক্তাই হোর বা বলপূর্নক, শক্তাই করিয়া, কুশ্রবণপূর্নক, কালশ্যরূপে, কাঠিন্যপূর্নক ।  
 Harshness, *n. s.* কটুতা, কাটবা, কাল্পশ্য, কষারত্ব, অসুখ, ক্রকতা, কুশ্রাব্য, অনশ্রাব্য, কল্পশব্দ, অপরিচ্ছন্নত্ব, অনিচ্ছারত্ব, ক্রুরতা ।  
 Hart, *n. s.* Sax. হরিণ, মগ, কুরম ।  
 Hart-royal, *n. s.* বৃক্ষবিশেষ ।  
 Hartshorn, *n. s.* হরিণশব্দতথ্যে জাত বা কৃত আরকবিশেষ, হরিণের শৃঙ্গে কৃত ঔষধবিশেষ ।  
 Hartshorn, *n. s.* চারা, গাছড়া ।  
 Hartstongue, *n. s.* বৃক্ষবিশেষ ।  
 Hartwort, *n. s.* বৃক্ষবিশেষ ।  
 Harvest, *n. s.* Sax. শস্য সংগৃহ কাল, শস্য কাটিবার কাল, কসল মুগ, সংগৃহীত শস্য, কাটিয়া মাড়িয়া এক রাশীকৃত শস্য, পরিপ্রমোৎপন্ন কল বা শস্য, ধন্দ, কসল ।  
 Harvest-home, *n. s.* শস্যসংগৃহ কালে কৃষকেরদিগের গীত, গান বিশেষ, ধন্দ জম্মাইলে কৃষকেরা গায় যে গীত, শস্য সংগৃহের কাল, ধন্দের সময়, ধন সংগৃহের কাল বা সংযোগ বা উপায় ।  
 Harvest-lord, *n. s.* শস্য সংগৃহক, শ্রেষ্ঠ কৃষক, মণ্ডলবিশেষ ।  
 Harvest-queen, *n. s.* দেবমূর্তি, দেব প্রতিমা, পুস্তলিকাবিশেষ, যাচা শস্য সংগৃহের শেষ দিনে কৃষকেরা বেশ ভূষা করিয়া প্রকাশ করে, রোমানদিগের নিরসনামক দেবতার প্রতিমূর্তি ।  
 To Harvest, *v. a.* সংগৃহ-ক, জড়-ক, একত্র-ক, রাশি-ক, কুড়াইরা একত্র-ক ।  
 Harvester, *n. s.* শস্য সংগৃহকর্তা, কসল বা ধন্দে কর্তৃক কীর যে, ধানাদি শস্য সংগৃহকারী ।  
 Harvestman, *n. s.* কৃষকবিশেষ, শস্য ক্ষেত্রে পরিভ্রম করে যে ।  
 Harumscarum, *a.* অবর ভাবাবিশেষ, চঞ্চল ব্যক্তি বুঝায়, সর্দদা বাস্ত ।  
 To Hash, *v. a.* Fr. খণ্ড-ক, ধান-ক, টুকরা-ক, কুটিং-ক, কুটুং করিয়া-কর্ত ।  
 Hash, *n. s.* টুকরা বা কুটিং মাংস, মাংস খণ্ড বা মাংসের টুকরা ।  
 Haslet বা Harslet, *n. s.* Icel. হুৎপিণ্ড, কলিঙ্গা, হৃদয়ের মধ্যে মাংস খণ্ডবিশেষ ।



HAT

**Hasp, n. s. Sax.** পতর, বন্ধনীবিশেষ, রেশমের নাটাই সূত্র, নাটাই সূত্র।  
**To Hasp, v. a.** পতর-লাগা, বন্ধনীধারা বন্ধ-ক।  
**Hassock, n. s. Germ.** গিঁজাতে ব্যবহৃত চেটাই বা মাদুরবিশেষ, যাচার উপরে হাঁটু গাড়িয়া বসে, প্রার্থনা করিবার আসন, শুদ্ধাসন।  
**Hast, যুগ্মধাতো Have** শব্দের পরিবর্তে ব্যবহার হয়।  
**Haste, n. s. Fr.** দুরা, ক্ষত, শীঘ্র, আশু, কটিতি, তৎক্রমণ, তাগাদা, বলদা, খাঁট, হড়বড়ি, ব্যগুতা, উত্তাপ, রাগ, এতদ্ভাব বা ধর্ম।  
**To Haste বা To Hasten, v. n.** দুরা-ক, শীঘ্র-ক, ক্ষত-ক, অবিলম্বে-ক, বেগে-ক, কটিতি-ক, সত্বর-হ, আঁকুবাকু-ক, তাগাদা-ক, জলদী-ক।  
**To Haste বা To Hasten, v. a.** দুরা-ক, ক্ষিপ-ক, দুরা করিয়া-ক, ক্ষত-গম, ক্ষত প্রতি-ক, তাড়াতাড়ি-ক।  
**Hastener, n. s.** শীঘ্রকর্তা, দুরাকর্তা, হড়বড়ি করে যে, তাড়া লাগায় সে।  
**Hastily, a.** দুরাপূর্নক, তাড়াতাড়ি বা শীঘ্ররূপে, ব্যস্ত হইয়া, তাড়াতাড়ি করিয়া, দুরায়, উগুতাপূর্নক, অবিলম্বে, তৎক্রমণ, অপ করিয়া, কটিতি, অবিবেচনাপূর্নক।  
**Hastiness, n. s.** শীঘ্রতা, সত্বরত্ব, ক্ষিপতা, আশুতা, অপরিণামদর্শন, ব্যগুতা, উগুত্ব, উদ্দা, রাগ, হড়বড়ি, তাড়াতাড়ি, সত্বরত্ব, কটিতি, তাগাদা।  
**Hastings, n. s.** পুংম ফল, দুরায় ফলে বা উৎপন্ন হয় যে শস্য বা ফল, আগামি ফল, মটরবিশেষ।  
**Hasty, a. Fr.** সত্বর, ক্ষিপ, চঞ্চল, উতলা, বাস্তবমন্ত, আগামী, অগুণ, পক্ষ, শীঘ্র, ক্ষত, অবিবেচিত, দুরাস্থিত, অধিতুল্য, জলদ।  
**Hasty-pudding, n. s.** মিঠাইবিশেষ, একপ্রকার পিষ্টক।  
**Hat, n. s. Sax.** চামড়া বা চুলের টুপী, টুপী, টোপার, মস্তকারণ।  
**Hatband, n. s.** টুপীর দড়ি, টুপীর বেড় দেওয়া যায় যে দড়িতে, রজু বা ফিতা, টোপার।  
**Hatbox, n. s.** টুপীর সিন্দুক, এশব্দের পরিবর্তে এইরূপে *Hatcase* শব্দ ব্যবহার হয়।  
**Hatcase, n. s.** কাগজ বা অন্য কোন হালকা দ্রব্যে নির্মিত সিন্দুক বা বাকুবিশেষ, যাচার মধ্যে মাথার টুপী রাখা যায়।  
**To Hatch, v. a. Germ.** ডিম্ব তা-দা, ডিম্ব হইতে বাচ্চা নির্গত-ক, ডিম্বের উপরে তাপেওনের দ্বারা বাচ্চা বড়-ক বা নির্গত-ক।  
**To Hatch, v. n.** দুরায় উৎপন্ন বা নির্গত হওনাবস্থাাপ্রাপ্ত-হ, ফলোৎপন্ন-হ, পক্ষ বা উৎপন্ন হওনোদ্ভূ-হ, বন্ধনাবস্থাাপ্রাপ্ত-হ।  
**Hatch, n. s. Sax.** ডিম্ব হইতে নির্গত হইয়াছে যে বাচ্চা, ডিম্বপু স্তুটিত হওন বা করণ, ডিম্ব কুটান বাহগমন বা হওন, প্রকাশ, কপাটের একবালি, দুরারের অঙ্কেক, এশব্দ বহুবচনান্ত হইলে জাহাজের ফলকার দ্বার বুঝায়।  
**To Hatchel, v. a. Germ.** পাট বা শণ-মাড়।  
**Hatchel, n. s.** অত্রবিশেষ, মদ্যার পাট বা শণ মাড়া যায়।  
**Hatcheller, n. s.** শণ বা পাট মাড় যে ব্যক্তি।  
**Hatcher, n. s.** চেটক, উদ্যোগী, উৎসাহী, চেটাকর্তা, কিকির ওয়ালী, কিকির বা উপায় করিয়া কথ্য সিদ্ধি করে যে।  
**Hatchet, n. s. Fr.** কুটার, পরস্ত, কুড়ালি, টাঙ্গি।  
**Hatchet-face, n. s.** কন্থা মুখ, কুৎসিত মুখ, কদাস্য, কদানন।

HAU

**Hatching, n. s.** চিত্রবিশেষ, Etch শব্দ দেখ।  
**Hatchment, n. s.** চর্ম বা নটকনবিশেষ, যাহা মড়ার গাড়িতে এবং কখনও গিঁজায় টাঙ্গান যায়।  
**Hatchway, n. s.** জাহাজের ফলকারদ্বার, জাহাজের ফলকার মধ্য বর্তি বা উপরকার দ্বার।  
**To Hate, v. a. Sax.** ঘৃণা-ক, জুড়পনা-ক, বিগান-ক, জুড়-ক, অশ্রদ্ধা-ক, হেয়জ্ঞান-ক, ঘেস-ক, ঘৃণা-ক, অস্বা-ক, কুৎসিত-ক।  
**Hate, n. s. Sax.** ঘেস, ঘৃণা, মন্দবাসন, বিজ্ঞান, অশ্রদ্ধা, বিরাগ, হেয়জ্ঞান, আড়ি, আদাবত, শত্রুতা, আদআদি।  
**Hateable, a.** ঘৃণ্য, জুড়নীয়, ঘৃণোপযুক্ত, ঘৃণাই, অশ্রদ্ধের, অগুণ্য।  
**Hateful, a.** ঘৃণাজনক, ঘৃণাই, অশ্রদ্ধের, ঘৃণ্য, মন্দ, ঘেস হয় যাহার বা যাহাতে।  
**Hatefully, ad.** ঘৃণাপূর্নক, হেয়তা বা জুড়তারূপে, হেয়রূপে, ঘৃণারূপে, অপকারকরূপে, জিঘাংসা ঘেস বা অপকারজনকতাপূর্নক।  
**Hatefulness, n. s.** ঘৃণাইত্ব, ঘৃণাত্ব, অপকার, ঘেস, হেয়জ্ঞান, জুড়ত্ব অশ্রদ্ধেয়তা।  
**Hater, n. s.** ঘৃণাকর্তা, জুড় নিন্দা বা ঘেসকর্তা, শত্রু, নৈরী, বিপক্ষ।  
**Hatred, n. s.** ঘৃণা, অশ্রদ্ধা, হেয়জ্ঞান, ঘেস, শত্রুতা, আড়ি, আদাবত, আদআদি, অপকারিতা।  
**Hatted, a.** টুপীওয়ালা, টোপবিশিষ্ট, টুপীধারী বা তৎপরিধায়ী।  
**To Hatter, v. a.** ক্লেশ-দা, কষ্ট-দা, ডাক-ক, বেজার-ক, বিরক্ত-ক, শ্রান্ত-ক, ক্লেশ পরিশ্রম বা মিহনতদ্বারা শ্রান্ত-ক।  
**Hatter, n. s.** টুপী নির্মাণকর্তা, টুপী বানায় যে।  
**Hatcock, n. s.** শস্যের গোলা, সূপ, রাশি বা সপুহ।  
**Hauberk, n. s. Fr.** কুর্ভিবিশেষ।  
**To Have, v. a.** বর্ত, ধারণ-ক, লইয়া-গম, পরিধান-ক, বহন-ক, ব্যবহার-ক, দখল-ক, অধিকার-ক, প্রাপ, ভোগ-ক, নী, কোন অর্থ প্রাপ্ত-ক, রক্ষ, গৃহণ-ক, মিশ, প্রাপ্তি-ক, অনুরাগ-ক, স্বীকার-ক, অত্যাগ-ক, মান্য-ক, মনে-ক, প্রতিপালন-ক, গুণ্ডাইস-ক, চাহ, মাজ, দাওয়া-ক, অন্যের ত্রা বা স্বামী-হ, নিযুক্ত-ক বা-হ, ইচ্ছা-ক, অভিলাষ-ক, প্রার্থনা-ক, ক্রয়-ক।  
**Haveless, a.** অকিঞ্চন, নাচার, কিছু নাই যাহার।  
**Haven, n. s. Sax.** বন্দর, কোণ, ঘাট, নজর ঘাটা, নজর বাড়ী, আশ্রয়, রক্ষাস্থান।  
**Havener, n. s.** কোন ঘাটের অধ্যক্ষ বা আমীন বা অধিকারী।  
**Haver, n. s.** অধিকারকর্তা, ধারণকর্তা, রাখে যে।  
**Havest, n. s.** উত্তরদেশে ওটনামক শস্য বুঝায়।  
**Haversack, n. s.** সিপাহীদের খাদ্য দ্রব্য রাখিবার কুলি বা থলী বিশেষ।  
**Haught, a. Fr.** উগু, কর্কশ, অমর্যাদাকারী, অমর্যাদক, অহঙ্কারী, মৎসরী, দেমাগী, গর্ভী, অহঙ্কত।  
**Haughtily, ad.** অহঙ্কার মৎসরতা বা গর্ভপূর্নক, গর্ভিতরূপে, অভিমানপূর্নক, জুড়তা বা হেয়তাপূর্নক।  
**Haughtiness, n. s.** অহঙ্কার, গর্ভ, দেমাগ, বড়াই, অভিমান, অহঙ্কজ্ঞান, মৎসরতা।  
**Haughty, a.** গর্ভী, অহঙ্কারী, অপমানকর্তা, অপমানজনক, অমর্যাদক, অভিমানী, গর্ভিত, অহঙ্কত, দেমাগী, আত্মাঘা, মৎসর, পরকে জুড় করে যে, আপনাকে বড় দেখে যে, সাহসী, অপরিণামদর্শী, উচ্চ, বড়।

HAW

HAZ

Having, *n. s.* অধিকার, দখল, বিত্তব, দৌলৎ, সম্বলিত্তি, ভোগ দখল, চালি, ব্যবহার, রীতি, বন্ধ, দৃষ্টি, ধারা।  
 Haviour, *n. s.* ব্যবহার, বন্ধ, চালি, রীতি, ধারা, চরিত্র।  
 To Haul, *v. a.* Fr. হেঁচ, টান, আকর্ষণ-কৃ, হোরে-টান, জবর দখোরপে-টান, টানিয়া-আনী।  
 To Haul the wind, জাহাজ বা নৌকা বাতাসমুখা-কৃ।  
 Haul, *n. s.* টানন, আকর্ষণ, খেঁচন, ধাক্কা, টান।  
 To Haulse. To Halse শব্দ দেখ।  
 Haulser, *n. s.* Halser শব্দ দেখ।  
 Haum, *n. s.* Sax. শস্যের বোঁটা বা দাঁটা, ঘোড়ার পাটা বা হালকা।  
 Haunch, *n. s.* Dutch. Fr. জানু, হাঁটু, দাবনা, পশ্চাৎভাগ, পশ্চাৎদেশ।  
 Haunched, *a.* দাবনাওয়ালা, জানুবিশিষ্ট।  
 To Haunt, *v. a.* Fr. অভ্যাস-কৃ, সর্জমা ব্যবহার-কৃ, সদা গভারাত-কৃ, সর্জমা আনুগত্য-কৃ, সতত গমনাগমন-কৃ, পুনঃ-গমন, নিয়ত-কির, গম, হা, সর্জমা নিকটবর্তী-হ বা-কৃ, ভূতপ্রয়-কৃ, ভূতের বাস-কৃ।  
 To Haunt, *v. n.* নিয়ত-হা-হ বা-বর্জ, সর্জমা দৃষ্ট-হ।  
 Haunt, *n. s.* ব্যবহার, আচার, আড্ডা, বাসা, আখড়া, সর্জমা কোন ব্যক্তি থাকে বা আটসে যে স্থানে, কোন স্থানে থাকন বা রহণ বা বাসকরণ বা উদভ্যাস, যে স্থানে কোন মনুষ্য বা পশু নিত্য গমন করে, ওৎ।  
 Haunter, *n. s.* সর্জমা গভারাত করে যে ব্যক্তি, কোন ব্যক্তি যাহাকে সদা পাওয়া যায় এক স্থানে, খানাওয়াল।  
 Havoek, *n. s.* Sax. ক্ষতি, নাশ, উজাড়, অপচয়, হানি, নোকশান, ওয়রান, উচ্ছিন্নত্ব, সর্জনশ, ঘোর উৎপাত, প্লেয়বিশেষ।  
 Havoek, *interj.* অব্যয় শব্দ, হত্যাপ্রয়োজক শব্দ, মারয়ৎ ইত্যাদি দার্ক জানিবে।  
 To Havoek, *v. a.* নাশ-কৃ, উচ্ছিন্ন-কৃ, বিনাশ-কৃ, উজাড়-কৃ, ক্ষতি অপচয় বা নষ্ট-কৃ, হানি-কৃ, নোকশান-কৃ।  
 Haust, *n. s.* মাত্রা, এককালে খাওনোপযুক্ত পরিমিত দ্রব্য বা তৎপরিমাণ, শুদ্ধ কক  
 Hautboy, *n. s.* Fr. বাদ্য যন্ত্রবিশেষ, সানাই, একপ্রকার বাঁশী।  
 Hauteur, *n. s.* Fr. দেমাক, অহঙ্কার, গর্জ, অভিমান, দাঁড়ি কড়া।  
 Haut-gout, *n. s.* Fr. ভীৰুদ্রব্য, ভীৰু বা উগু স্বাদ বা সুগ, ভীক রস বা সুগ  
 Haw, *n. s.* Sax. হাধারণনামক বৃক্ষের ফল বা বীজ, নেত্র মলবিশেষ, বাটীর সৎলগ্ন ভূমিবিশেষ, রোধ, বেড়া, ঘেরা, আটক, পুর্বে এ শব্দ উপত্যকা বুঝাইত।  
 Haw, *n. s.* Ha শব্দ দেখ, বাক্যের বিরাম, যতি, পদবিচ্ছেদ, ত্রি হার বিরাম স্থান।  
 To Haw, *v. n.* বিরাম দিয়া বাক্য, কথ, ধীরে বা রহিয়াৎ-বচ, পুনঃ চূপ করিয়া কথ-কথ, থাকিয়াৎ কথ-কথ।  
 Hawhaw, *n. s.* বেড়াবিশেষ।  
 Hawk, *n. s.* Sax. পক্ষিবিশেষ, বাজবহুরী, শিকরা, কাশন, কাশতোলন বা তদর্থে চেষ্ঠা, শাচান।  
 To Hawk, *v. n.* শিকরা ভ্যাগ-কৃ বা ছাড়, অন্য পক্ষিবহুরার্থে শিকরা ছাড়িয়া-দা, বাজপক্ষিয়ারা অন্য পক্ষি-ধর বা শীকার-কৃ, উড়িয়া-পত, আক্রমণ-কৃ, ধর, কাশ-তোল, গরার-উঠ, মেঘা নিগত-হ।  
 To Hawk, *v. a.* Germ. কেঁরি করিয়া বিক্রয়-কৃ, বেড়াইয়া বিক্রয়

-কৃ, পাইকড়ি-কৃ, জুদু ব্যাপার-কৃ, ধারেৎ জুমন করিয়া অল্প বাণিজ্য-কৃ।  
 Hawk-eyed, *a.* দূরদর্শী, বাজপক্ষির ন্যায় চক্ষু বা দৃষ্টি যাহার, সূক্ষ্ম দৃষ্টিবিশিষ্ট।  
 Hawk-nosed, *a.* দীর্ঘনাসিক, টিয়ার মত নাকবিশিষ্ট, শুকনাসিক।  
 Hawked, *a.* টিয়ে বা বাজপক্ষির চোঁটবদাকার।  
 Hawker, *n. s.* Sax. বাজওয়াল, বাজপক্ষি লইয়া শীকার করে যে, শীকারী বা ব্যাধবিশেষ, কেঁরিওয়াল, কেঁরি করিয়া বিক্রয় করে যে, পাইকড়, বিক্রয় দ্রব্য ঘোষক।  
 Hawking, *n. s.* বাজ লড়াই, বাজপক্ষিয়ারা শীকার বা উৎক্রীড়া।  
 Hawkweed, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Hawser, Halser শব্দ দেখ।  
 Hawses, *n. s.* জাহাজের অগুণ্ডাগে জিন্দুহরবিশেষ, বাহাতে নদরের কাছি থাকে, জাহাজের চক্ষু, জাহাজের আধি।  
 Hawthorn, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।  
 Hawthorn fly, *n. s.* কীটবিশেষ।  
 Hay, *n. s.* Sax. ঘাস, শুদ্ধ ভূণ, শুদ্ধঘাস, শল্প।  
 Hay, *n. s.* Sax. বেড়াখালবিশেষ।  
 To Hay, *v. n.* জাল-পাত, জাল-কেল, ধরগোশ ধরিতে কান্দ-পাত, কান্দ বিস্তার-কৃ, কান্দ পাতিয়া-রক।  
 Haycock, *n. s.* ঘাসের স্তূপ, ঢেরী গাদী বা বোকা, মোট।  
 Hayloft, *n. s.* ঘাস রাখিবার স্থান, শুদ্ধভূণ সঞ্চয় করিয়া রাখা যে স্থানে।  
 Haymaker, *n. s.* ঘাস ছোলে যে, ঘাসুড়ে, গবাদির আহারার্থে ভূণ সংগৃহ করে যে বা শুধায় যে।  
 Haymarket, *n. s.* ঘাসের বাজার, ঘাস বিক্রয় হয় যে স্থানে।  
 Haymow, *n. s.* ঘাস কাটা ছুরি।  
 Hayrick, *n. s.* ঘাসের গাদী বা ঢেরী, স্তূপ, বোকা, শুদ্ধভূণের কাঁড়ী বা গাদা।  
 Haystack, *n. s.* ঘাসের তাঁটা কাণ্ড বা নাড়া।  
 Haystalk, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Haythorn, *n. s.* গোপালক, রাখালবিশেষ, কোন গুমের বা পল্লীর সাধারণ গবাদি পশু চরাই বা রক্ষা করে যে।  
 Hayward, *n. s.* কৃষিক, দায়, আপদ, দৈব, দৈববাধীন হয় বা ঘটে যাহা, উৎপাত, বিপদ, ভয়, উৎপাতহওনের সম্ভাবনা, পাশক্রীড়াবিশেষ।  
 Hazard, *n. s.* Fr. আপদ, বিপত্তি, সঙ্কট, মুকিল, কৃষ্ণিক।  
 To Hazard, *v. a.* কৃষ্ণিতে-গম, কৃষ্ণিক-নী বা -রক, কৃষ্ণিতে-পত, কৃষ্ণিক ছোড়ে-কৃ, দৈব বা দৈববাধীনে চেষ্ঠা-কৃ, অদৃষ্ট পরীক্ষা-কৃ, অদৃষ্ট লাচাই-কৃ, সাহস-কৃ, সন্দেহে প্ৰবৃত্তি-কৃ, দৈবে ব্যয়-কৃ, শঙ্কিতে-পড়া।  
 To Hazard, *v. n.* দৈবে-হ, দৈব-দৃশ, ভবিতব্য-ঘট, ভাগো লভ।  
 Hazardable, *a.* দৈববাধীন, দৈবে ঘটনীয়, ভবিতব্য, ভব্য।  
 Hazarder, *n. s.* দায়, বিপত্তি, সঙ্কট বা উৎপাতে যায় যে, জুয়ারি বিশেষ।  
 Hazardry, *n. s.* সাহস, নির্ভরতা, কপাল চোকন, দৈববতো দেখন, জুরা খেলা, ক্রীড়া।  
 Hazardous, *a.* ভয়ানক, শঙ্ক, উৎপাতজনক, সঙ্কটজনক, সঙ্কটবিশিষ্ট, বিপত্তিসূক্ত, ভয়বিশিষ্ট, মুকিল, দৈববাধীন, দৈব, ভবিতব্য, মূল।  
 Hazardously, *ad.* ভয়ানকরূপে দৈব ভয় বা দায়পূর্ষক।  
 Haze, *n. s.* কুআলা, কুস্কটিকা, অন্ধকার।

*To Haze, v. n.* কুসুমিতকি-ত, কুআশা-ত, ঘোর-হ।  
*To Haze, v. a.* ভয়-দেখা, হবকী-দেখা।  
*Hazel, n. s. Sax.* বৃক্ষবিশেষ, ফিঙ্গুক বৃক্ষ।  
*Hazel, a.* ধূম, ধূসর, ছাইয়া রং, পীসকুটিয়া, কুআশার বর্ণ বিশিষ্ট।  
*Hazelly, a.* পুর্বোক্ত বর্ণে বা তদনুসারে।  
*Hazy, a.* কুসুমিতকি, কুআশা, ঘোর, অন্ধকার, কুসুমিকাময়, কুআশায়ুক্ত।  
*He, pron.* সর্বনামবাচক তদাদি পুংলিঙ্গ শব্দ বুঝায়, তিনি, ইনি, সে, ও, এ, পুং, মরণ।  
*Head, n. s. Sax.* মস্তক, শির, মুণ্ড, মৌলি, মাথা, মূর্ধা, ডাবৎ শরীর, জীব সঙ্ঘা, প্রধান, কর্তা ব্যক্তি, শ্রেষ্ঠ, সরদার, মর্যাদা স্থল, প্রথম স্থান, আজ্ঞার বিষয় বা স্থান, মনোযোগ, মুখের আভা, আসা, প্রত্যক্ষতা, জ্ঞান বুদ্ধি, জ্ঞানশক্তি, মনের বল বা শক্তি, মুখ বা অগুণ্ডাগ, মাথা বা আগা, জেদ, মুজাহেমি, যুদ্ধ, অসূয়া, যত্ন বা তৎকর্তৃক স্থিরকরণ, হরিণের শৃঙ্গের অবস্থা বা কাল, যৎকর্তৃক তাহার বয়স জানা যায়, একত বা প্রত্যেক বিষয় বা ব্যক্তি, কোন ব্যক্তি, অগুণ্ডাগ, বড় ব্যক্তি বা বিষয়, বাটালির ধার, খট্টা বা শয্যার শিখর বা শিরাগা, মগজ, মস্তকভরণ কোন কথোপকথনের বা প্রস্তাবের প্রধানংশ বা সীরাংশ বা স্থল, ধারা বা নদীর উৎপত্তি স্থান, অবস্থা, দশা, সীমা, শক্তি, ক্ষমতা, গুণ, বল, জোর, প্রবাহ, পরবান, নিদর্শন পত্র, অনুজ্ঞা, মুক্তি।  
*Head, a.* প্রধান, সরদার, মুখ্য, কর্তা, শ্রেষ্ঠ।  
*To Head, v. a.* কর্তৃত্ব-ক, প্রভূত্ব-ক, প্রাধান্য বা সরদারী-ক, চকুম-চালা, শাসন-ক, বড়-ক, শিরশ্ছেদন-ক, গদান-নী, খুন-ক, হত্যা-ক, বধ-ক।  
*Headuch, n. s.* শিরঃপীড়া, শিরোবেদনা, মাথা ব্যথা, মাথা ধরা, শিরঃশূল।  
*Headband, n. s.* উচ্চীষ, পাগ, পাগড়ি, ফেঁটা, সর্দৌপরের গাঁইট বা গিরা, কেতাবের মুড়ির বন্ধন।  
*Headborough, n. s.* সার্জন, নায়ক বা খানাদারবিশেষ, সার্জনের তাবেন্দার পেয়াদাবিশেষ।  
*Headdress, n. s.* স্ত্রীলোকের মস্তকভরণ বা মস্তকভূষণ, মস্তকাবর্তনী টুপী বা অন্য আভরণ বা ততুল্য কোন বস্তু, মস্তকোপরি বা উচ্চদেশে থাকে যাহা তত্ত্ব।  
*Headed, a.* মাথাওয়াল, মাথা বা অগুণ্ডাগ আছে যাহার, এ শব্দ গুহু রচনায় অধিক ব্যবহৃত হয়, যথা, *Clear-headed, Long-headed* ইত্যাদি।  
*Header, n. s.* সূচি বা আলপীনের মস্তক গড়ে বা মারে যে ব্যক্তি, দাঙ্গাবাজ বা জটলার প্রধান বা সরদার ব্যক্তি, ইষ্টকের গুহু বিশেষ।  
*Headgargle, n. s.* গবাদি জন্তুর রোগবিশেষ।  
*Headgear, n. s.* স্ত্রীলোকের মস্তকভরণবিশেষ।  
*Headieness, n. s.* ভূরা, চাঞ্চল্য, ব্যস্ততা, অপরিণাম দর্শন, হঠাৎ সহসা, একগুঁয়ামী।  
*Headland, n. s.* অন্তরীপবিশেষ, বেড়া বা বনের নিকটবর্তি স্থান, চৈক।  
*Headless, a.* মস্তকহীন, মাথাকাটা, গলাকাটা, নিধামিমা, কর্তৃহীন, অস্বামিক, প্রভূহীন, কর্তৃত্বহিত, নিষ্কারণ, একগুঁয়ে, গৌয়ার, অবিবেচক, অসমীক্যকারী, অবাধ্য, অপরিণামদর্শী, মুখ, অধোপ, জ্ঞানহীন।  
*Headlong, a.* ওখড়াখোকড়া, আবুড়াখাবুড়া, অসমান, উচ্চনীচ।

ব্যস্ত, অবিবেচক, বিবেচনাহীন, অজ্ঞান, হঠাৎ, অনিশ্চিত উচ্ছ্বা, না বুকেবুকে চলে যে।  
*Headlong, ad.* অপোমুখে, ঘাড়গুঁয়ে, অবিবেচনাপূর্বক, হঠাতে, না বুঝিয়া, না ডাবিয়া, না দেখিয়া, তাড়াতাড়িতে, ব্যস্ত হইয়া, উতলা হইয়া, অবিলায়ে, তৎক্ষণাৎ, অধোপূর্বক।  
*Headman, n. s. Sax.* প্রধান, সরদার, মুখ্য, শ্রেষ্ঠ।  
*Headmouey, n. s.* মুড় গণতি ধাক্কানা বা কর।  
*Headmould-shot, n. s.* বালরোগবিশেষ, কষলাগন।  
*Headpan, n. s.* মাথার দি বা মগজের আধার।  
*Headpence, n. s.* লোক গণতি করবিশেষ।  
*Headpiece, n. s.* মস্তকভরণ, মাথার সাজোয়া, যুদ্ধে পরিধেয় টোপবিশেষ, বুদ্ধি, বিবেচনা, জ্ঞান, মনঃশক্তি।  
*Headquarters, n. s.* সদর, প্রধান সৈন্যাধ্যক্ষ ব্যক্তির বাসস্থান বা আছড়া, আখড়া, সৈন্যের উত্তীর্ণ বা বাস স্থল, যে স্থানে সর্ক প্রধান সৈন্যাধ্যক্ষ থাকেন।  
*Headshake, n. s.* মস্তক লাড়ন, ঈশারা, মস্তকধারা সঙ্কেত বা ইঞ্জিত, ঠার।  
*Headship, n. s.* মর্যাদা, মান্যতা, প্রাধান্য, শ্রেষ্ঠতা, ক্ষমতা, প্রধান স্থান।  
*Headsmen, n. s.* ছল্লাদ, শিরশ্ছেদী, গলা কাটে যে, খুনে।  
*Headspring, n. s.* আকর, শানি, মূল বা জড়, গোড়া।  
*Headstall, n. s.* ঘোড়ার নোকা।  
*Headstone, n. s.* বড় পুস্তর, মূল পুস্তর, মহাপুস্তর, গৃহ নির্মাণের উত্তম পুস্তর।  
*Headstrong, a.* একগুঁয়ে, জাল, অবাধ্য, অব্যবস্থিত, মাথাচড়া, মগর, গোয়ার, অপরিণামদর্শী তেড়া, অস্থির, চঞ্চল, উচ্ছ্বা।  
*Headstrongness, n. s.* একগুঁয়েমি, অবাধ্যত্ব, অব্যবস্থিতত্ব, অপরিণামদর্শন, অসমীক্যকারিতা।  
*Headtire, n. s.* মস্তকভরণ, মস্তকালঙ্কার।  
*Headway, n. s.* নাবিক ভাষায় সমুদ্রে জাহাজের অগ্রে গতি, অগ্রে বাড়ন বা চলন বা তদুপক্রম।  
*Headworkman, n. s.* কোন কারখানার বা দোকানের প্রধান কারিগর, সরদার মেস্তাবিশেষ, মুখ্য শিল্পী।  
*Heady, a.* অস্থির, উতলা, অবিবেচক, অদম্য, প্রবিধানী, ব্যস্ত, শক্ত, শিরাকর্ষক, সজোর, জবরদস্ত, বলবান, বলিষ্ঠ, রাগান্বিত, মস্তকপীড়াজনক।  
*To Heal, v. a. Sax.* ক্ষত শুদ্ধ-ক, ঘা ভাল-ক, স্বাস্থ্য-ক, ভাল-ক, আরাম-ক, ক্ষত বা কোন রোগ ভাল-ক, উপশম-ক, রোগ শান্তি-ক, বিবাদভঙ্গন-ক।  
*To Heal, v. n.* ভাল-হ, সুস্থ-হ, অরোগী-হ, নিরাময়-হ।  
*To Heal, v. a.* আবরণ-ক, আচ্ছাদন-ক, সম্বরণ-ক।  
*Healable, a.* সুস্থ ভবনক্ষম, স্বাস্থ্য প্রাপ্তিযোগ্য, সুস্থ আরাম বা ভালহওন বা করণোপযুক্ত।  
*Healer, n. s.* সুস্থ করে যে, ক্ষত শুদ্ধকর্তা, ঘা ভাল করে যে।  
*Healing, part. a.* নরম, কোমল, সুস্থকারী, উপশমকারী, রোগ শান্তিকারী, আরাম হয় যাহাতে বা যদ্বারা।  
*Healing, n. s.* ভালকরণ, সুস্থকরণ, রোগনিবৃত্তিকরণ বা তাক্তি, আবরণকরণ, চাকন, আচ্ছাদন।  
*Health, n. s. Sax.* অরোগ, স্বাস্থ্যবস্থা, চাক্কাট, নিরাময়ত্ব, বরোগা, স্বাস্থ্য, অনারাস, শারীরিক কুশল, শরীরের সুখ বা আরাম, মনের সুখ বা স্বচ্ছন্দতা, শুভতা, নৈর্ঘল্য, মহত্ব, উত্তম নিস্তার, মুক্তি, উত্তার, পানকালে আশীর্বাদ বা মঙ্গল প্রার্থ উদ্বোধক ব্যবহারবিশেষ।

## HEA

- Healthful, a.** অরোগী, সুস্থ, নিরাময়, নিষ্কীড়, শারীরিক স্বচ্ছন্দ, শরীরবিশিষ্ট, তাজা, ষ্ণকারক, সুখদ, হিতকারী, নির্বিঘ্ন, মুক্তিদায়ক, উদ্ধারকারক।
- Healthfully, ad.** স্বচ্ছন্দে, কুশলে, স্বাস্থ্যে, সুস্থরূপে, নিষ্কীড়া বয়সে, সুখ বা ষ্ণকারিত্বরূপে।
- Healthfulness, n. s.** স্বচ্ছন্দতা, সুস্থতা, নিরাময়ত্ব, হিতজনকতা, উপকারকত্ব, হিতকারিত্ব, সুখত্ব, পীড়ানিবারক বা নিষ্কীড়ক ষ্ণ বা শক্তি।
- Healthily, ad.** বিনা বেদনা পীড়া বা আময়ে, স্বচ্ছন্দে, নিরুদ্বেগে, নিরুপদ্রবে, নিষ্কীড়ারূপে।
- Healthiness, n. s.** স্বচ্ছন্দতা, কুশল, নিষ্কীড়ত্ব, স্বাস্থ্য, আরাম, মজল, তদবস্থা বা তত্তাব।
- Healthless, a.** অসুস্থ, রোগী, কুণ্ড, পীড়িত, ক্ষীণ, কাহিল, দুর্বল, বলহীন, অহিতজনক, শরীরের অস্বাস্থ্যকর, অমঙ্গলজনক, অহিতকারী, অনিষ্টকারী।
- Healthsome, a.** উপকারক, ষ্ণকারক, স্বাস্থ্যজনক, পীড়ানিবারক, রোগনিবর্তক।
- Healthy, a.** সুস্থ, ভাল, নিষ্কীড়, অরোগী, সবল, চেঙ্গ, নির্বাণি, আরামী, স্বাস্থ্যবিশিষ্ট, নিরাময়, উপকারক, স্বাস্থ্যজনক।
- Heam, n. s.** পশুর যমজ সন্তান বা বাচ্চ।
- Heap, n. s. Sax.** প্রত্যেক বহুদ্রব্য একত্রভূত বা কুত, ঢেরী, স্তূপ, রাশি, কাড়ি, চিবা, গাদি, পুঞ্জ, সপ-গুহ, জনড, গোক, ভুমুর।
- To Heap, v. a.** স্তূপ-ক, রাশি-ক, ঢেরী-ক, গাদি-ক, জমা-ক, সপ-গুহ-ক, বৃদ্ধি-ক, পুঞ্জায়মান-ক, কাড়ি-ক।
- Heaper, n. s.** গাদী ঢেরী স্তূপ বা রাশিকর্তা, ঢেরী করে যে ব্যক্তি।
- Heaply, ad.** ঢেরী করিয়া, রাশি বা গাদিপূরক।
- Heapy, a.** গাদী করা, রাশি বা চিবা করা, স্তূপ করা, জমা করা।
- To Hear, v. n. Sax.** শ্রবণ-ক, স্ৰতিগোচর-ক, কর্ণের বিষয়-ক, কর্ণ-দা, অবধান-ক, মনোযোগ-ক, স্ৰত-হ, অবগত-হ।
- To Hear, v. a.** কর্ণে স্ৰিয়দ্বারা বোধ-ক, কর্ণে-শ্রবণ-ক, আকর্ষণ-ক, শ্রবণ, শ্রবণ-ক, কর্ণ-দা, কাহিতে অনুমতি-দা, মনোযোগ-ক, মান, গ্ৰাহ্য-ক, অনুকূল হইয়া-শ্র বা মনোযোগ-ক, বিবেচনা-ক, পরীক্ষা-ক, উল্লেখ-ক, মূল্যায়ন-ক, কথাশ্রবণ-ক।
- Heard, রক্ষক বা পালক দ্বারা, এ শব্দ অন্য শব্দের আদিতে বা অন্তে ব্যবহার হইলে অর্থে ক্রিয়ার উৎকর্ষ হয়, যথা Heard-bearht, Cyne-heard, কিন্তু এক্ষণে ইহার পরিবর্তে Herd লেখা যায় তৎশব্দ দেখ।**
- Heard বা Heardgroom, n. s.** পালরক্ষক, পালক।
- Hearer, n. s.** শ্রোতা, শ্রবণকর্তা, শ্রবণকারক, শ্রবণদ্বারা জ্ঞাত বা শুনে যে, শ্রবণ করে যে।
- Hearing, n. s.** শ্রবণ শ্রবণক্রিয়া, স্ৰতি, কর্ণ, উল্লেখ, বিচার, কর্ণ বিষয় বা কর্ণগোচর হওন বা করণ।
- To Harken, v. n. Sax.** শ্রবণ-ক, মনোযোগ-ক, বাণু হইয়া শ্রবণ-ক, কর্ণ-লাগা, অবধান-ক, মন-দা, মন-লাগা, মনোযোগপূরক শ্রবণ-ক।
- To Harken, v. a.** শ্রবণ-ক, মনোযোগপূরক-ক বা জ্ঞা বা অবধান-ক।
- Harkener, n. s.** শ্রোতা, শ্রবণকর্তা, শ্রবণ করে যে, শুনে যে, কাণ দেয় যে, মনোযোগপূরক শুনে যে।
- Hearsal, n. s.** শ্রবণ, বিবরণকরণ, বৃত্তান্ত বা বেওরা করিয়া দেখান বা শ্রবণ, শ্রবণদ্বারা নমুনা দেখান।
- Hearsay, n. s.** কিসুদন্তী, স্ৰতকথা, জনস্ৰতি, গুলগুলা, জনরব, স্ৰত বাক্য।

## HEA

 Hogrinzer, *n. s.* শূকরের নাকে মাকড়ি পরায় যে।  
 Hogsbeans বা Hogsbread বা Hogsfennel বা Hogsmushrooms, *n. s.* বৃক্ষবিশেষ।  
 Hogshead, *n. s. Dutch.* দুব দুবের পরিমাণবিশেষ, তেঘটি গ্যা

HOL

লান পরিমাণ বা তৎপরিমিত পিপা, বড় পিপা. প্রায় ৫৮ ওজনের পিপা।  
 Hogsbearing, *n. s.* ব্যভার্ধক শব্দবিশেষ, বহুরূপে লহু ফিয়া ইত্যাদ্যর্থক।  
 Hogsteer, *n. s. Sax.* তিন বৎসরের বনুয়া শূকর।  
 Hogaty, *n. s.* শূকরের খোঁয়াড়, শূকর থাকিবার স্থান।  
 Hogwash, *n. s.* শূকরের খাদ্যদ্রব্য, শূকরের ডকা দ্রব্য।  
 Hoiden, *n. s. Teut.* পাড়াগোঁয়ে মেয়ে, পদ্মীগুম্বাসিনী স্ত্রী, অশিক্ষিতা অসভ্যা বা কদাকারী স্ত্রী।  
 Hoiden, *a.* অশিক্ষিত, মুঢ়. মর্দ, রঢ়. গোঁয়ার।  
 To Hoiden, *v. n.* চোঁচা, লাকলাকি-কৃ।  
 To Hoise বা To Hoist, *v. a. Fr.* উঠান, উঠা, তুল. উর্ধ্ব-কৃ।  
 Hoist, *n. s.* উঠান, তোলা, উঠকরণ, উবে তোলা।  
 To Hoit, *v. n. Icel.* লম্ব-মার. কুর্দ, লম্ব।  
 Hoity-toity, *a.* নিরোঁধ. অরোঁধ. বিবেচনারহিত, পাগল, এশম অব্যয়ার্থে কখনৎ আপচর্যা বা নিশ্চয়বোধক হয়।  
 Hold, প্রাচীন কোম সংগৃহ গৃহে নবান বা প্রধান কর্তৃকর্তা অর্থ ব্যয়. কখনৎ প্রীতি আদর বা কোচাগ অর্থক জানিবে।  
 To Hold, *v. a. Sax.* হস্তে-কৃ. হস্তধার-ধর. হাতের ভিত্তর-কৃ. হস্তে-আনী, রক্ষ. আটক করিয়া-রক্ষ, দৃঢ় করিয়া-ধর বা রক্ষ, কোন মত বা অভিপ্রায় রক্ষা-কৃ. বোধ-কৃ. বিবেচনা বা মারা-কৃ. দৌর বা গুণ বিবেচনা-কৃ. অনুরাগ-কৃ. কোন পদ-রক্ষ বা-ধর, দখল-কৃ. আয়ত্ত-কৃ. দখলে-রাখ, অন্যের অধীনে বা তাবে-রাখ, দখল-কৃ. ভোগ-কৃ. রহিত-কৃ. নিবৃদ্ধি-কৃ. আটক-কৃ. কোন অবস্থা তে নিশ্চিত বা স্থির-কৃ. রক্ষা-কৃ. কোন অবস্থাতে-রক্ষ, আটক করিয়া-রক্ষ, কএম-কৃ. সল্প-কৃ. নিরোধ-কৃ. অবিনাশ-কৃ. প্রতিপালন-কৃ. চালা, দেখা, প্রকাশ-কৃ. লাগাম ধারা-কিরা বা-চালা, তকাতে-রাখ, ব্যাপক কাল-রাখ, গৌণ-কৃ. বৃদ্ধি-কৃ. বড়-কৃ. দি তে-চাচ, To Hold forth, দা, যাচ. যাচিয়া-দা. দর্শা, প্রসঙ্গ-কৃ. প্রসঙ্গ-কৃ. বিদ্বীর্ণ-কৃ. To Hold in, আটক-কৃ. লাগামধারা-কিরা চালা বা আটক-কৃ. To Hold off, তকাতে-রাখ, To Hold on, অবিরত-কৃ. গৌণ-কৃ. ব্যাপক কাল-রাখ, চেল, অগুণামী-কৃ. চালা, To Hold out, বৃদ্ধি-কৃ. প্রসার, অগুণে-বাড়া, অগুণে-ধর বা-রাখ, দা, যাচ. যাচিয়া-দা. প্রসঙ্গ-কৃ. অবিরামে-কৃ. বা হইতে-দা, রক্ষা-কৃ. বহু-কৃ. আটক-কৃ. To Hold up, উঠ-কৃ. উর্ধ্ব-কৃ. বড়-কৃ. উঠা, রক্ষা-কৃ. ধরিয়া-রাখ।  
 To Hold, *v. n.* ধাড়া-ধাক, ধাড়া-হ. বজায়-ধাক, যথার্থ বা ঠিক-হ বা-ধাক, অবৈলক্ষণ্য-হ, অস্তর অধর্ম বা অপরাধ হইয়া-ধাক. অবৈলক্ষণ্যরূপে-চল বা-ধাক, ব্যাপক কালস্থায়ী-হ. টেক-মহা-কৃ. পরিহার-কৃ. ভ্যাগ-কৃ. তকাৎ-ধাক, নিযুক্ত-হ, টেকিয়া-ধাক, অধীন হইয়া-ধাক, পুাপ, মত রক্ষাকারী-হ, মত-ধাক বা প্রতিপালন-হ, চূপ-কৃ. ধাম, রহ, To Hold forth, কথকতা-কৃ. প্রকাশ-কথ, ঘাটেমাটে প্রকাশ-কৃ. বা কহিয়া-কির. প্রকাশ-কৃ. To Hold in, সাবধান বা কাস্ত-হ, চূপ করিয়া-ধাক. নিরস্ত-হ, ভাগে-বাঁচ বা ভাগ্যবশত-হ বা-ধাক, To Hold off, কিছু না বলিয়া তকাতে-ধাক, To Hold on, চল. অবিরত-হ. অবিরত-হ, To Hold out, টেকিয়া-ধাক. অধীকার-কৃ. অপরাধ-হ, To Hold together, একত্র-হ, যোগ-হ, একা হইয়া-ধাক, To Hold up, আশ্রয়-কৃ. দুর্দিন না-হ. মন্দ কাল বা সময় না-হ. একগতি-হ, To Hold with, একত্র-হ, যোগ-হ।  
 Hold, *n. s.* হস্তকরণ, ধরণ, ধরিয়া রাখণ, আটক, হাত, মূটা, অবধান, ধৃতি, বশ, একিয়ার, রাখিবার বা ধরিবার ক্ষমতা, আটক

**HOL**

**HOM**

স্থান, কএবধানী, কারাগার, ক্ষমতা, সাহিত্য, আশ্রয়, ধরিবার  
দুব), ধারণাশক্তি, মনের শক্তি, বাঁচিবার স্থান, কেলা, দুর্গ, হিংস্র  
অস্ত্র বাস্তান বা তাহার বেড়ার বা চরে যে স্থানে. দৃঢ় স্থান.  
Hold of a ship, জাহাজের অধোভাগ খোল বা তলা।  
Holdback, n. s. বারণ, ব্যাঘাত, আটক।  
Holder, n. s. ধারক, ধারণকর্তা, ধরিয়া রাখে যে, হাতে করে বা  
রাখে যে, রাইয়ৎ, পুজা, পনের ভূমি করে বা রাখে যে, ভোগ  
কর্তা, দখলকর্তা, আটককর্তা, বাধাকর্তা, রক্ষাকর্তা।  
Holderforth, n. s. পুকাশে বক্তা, পুকাশস্থানে কথক বক্তা বা ব  
ক্ততা করে যে ব্যক্তি।  
Holdfast, n. s. আঁকড়া, আটক, দৃঢ়বন্ধনকর্তা, শক্ত করিয়া ধরিয়া  
রাখে বা বন্ধকরা যায় হাকে বা যদ্বারা তথনু।  
Holding, n. s. ইজারা, ভুক্তি, রাইয়তী, ধারণ, আটকধরণ, গাই  
নের পালি বা মোহার।  
Holdster, Holster শব্দ দেখ।  
Hole, n. s. Sax. গর্ত, খোল, গকুর, বিল, অবট, কুহর, গাড়া, ক  
কর, রুক, ছিদ্র, কাটা, ফোক, কুকর, কুৎসিত বা সামান্য গুহ,  
কুড়, ঘোঁসা কটীর, Arm-hole, বগল, প্রাচীন গুহকর্তারা।  
Hole, a. Whole শব্দের পরিবর্তে ব্যবহার হইয়াছে, উৎসব  
দেখ।  
To Hole, v. n. গর্তে-বা, গর্তে পুবেশ-কৃ, গর্তে-চুক।  
To Hole, v. a. Sax. গর্তে-বা গাড়া খোল-কৃ বা -কাট।  
Holidam, n. s. Halidom শব্দ দেখ, প্রাচীন শপথবিশেষ।  
Holiday, Holyday শব্দ দেখ।  
Holily, ad. পুণ্যরূপে, ধার্মিকতারূপে, ধর্মাচরণপূর্বক, সাধার্ম্য  
রূপে, বিনা ব্যতিক্রমে, বিনা অধর্মে, বিনা নিয়মলঙ্ঘনে।  
Holiness, n. s. শুচিতা, পবিত্রতা, ধার্মিকতা, পুণ্যাচরণ, সাধার্ম্য,  
ধর্মাচরণ, সাধুত্ব, সাধুতা, পুণ্য, ধর্মের মোহাই, পাপার উপাধি  
বিশেষ।  
Holla, interj. Fr. দুরূহ ব্যক্তির বা দুবোর আকুানসূচক অব্যয়  
শব্দ, যথা, অহো!, অরে, অহে, ইত্যাদি।  
To Holla, v. n. উচ্চৈঃস্বরে-ডাক বা আকুান-কৃ।  
Holla, n. s. Sax. চীৎকার, উচ্চৈঃস্বরে শব্দ, ঘোড়াকে খাড়া করি  
বার বা বাঁড় করিবার সঙ্কেত ধ্বনিবিশেষ।  
Holland, n. s. হলণ্ড দেশে উৎপন্ন বা কৃত সূক্ষ বস্ত্রবিশেষ, হল  
ও নগরীয় বস্ত্র।  
Hollander, n. s. হলণ্ডীয়লোক, হলণ্ডদেশের মনুষ্য।  
Hollands, অধরভাষায় Gin নামক মদ্য বৃক্ষ।  
Hollen, n. s. Sax. বৃক্ষবিশেষ।  
Hollow, a. Sax. ফাঁপা, ফোঁপড়া, ভোয়া, ভিতরখালি, অস্থাপ্  
ন্য, কৃত্রিম, কল্পিত, অযথার্থ, কোলখালি বা ফাঁপা আছে  
যাহাতে, অনিরেট, হালকা, গকুরের ভিতর খোলা, প্রতি  
ধ্বনিবায় শব্দকারী, কৃত্রিম, অবিষম, কাল্পনিক, ভণ্ড, কুটী,  
মিথ্যা।  
Hollow-eyed, a. বস চক্ষু যাহার, কোঠর্যা চক্ষুবিশিষ্ট, কোঠর  
চক্ষু।  
Hollow-hearted, a. অপ্রভাষী, প্রতারক, অধর্মী, কাল্পনিক, বাহি  
রে এক আর মনে অন্য সাহার।  
Hollow, n. s. কোটর, খোড়, খালি, খাঁ, ফাঁপা, ফাঁক, ফাঁক,  
গকুর, বাসা, গর্ত, খাল, পত্ভারা কৃত রুক বা খাল, খাতি, পথ,  
পত্ভর বাসা।  
To Hollow, v. a. খোল-কৃ, কোটর-কৃ, গর্ত-কৃ, খোঁড়, খুঁড়িয়া  
খাল বা গর্ত-কৃ, কাট বা খোঁড়।

To Hollow, v. n. Sax. উচ্চৈঃস্বরে-ডাক বা হাঁক, করতালি-বা,  
হাততালি-বা. অগুহাসূচক ধ্বনি-কৃ।  
Hollowly, ad. খোল করিয়া, রুক বা কোটরপূর্বক, ভাড়াপি বা  
প্রতারণপূর্বক, কাপট্যরূপে, অধার্মিকতা ঠগামি বা অবিবাস  
পূর্বক, অসাধার্ম্যরূপে।  
Hollowness, n. s. ফাঁক, ফাঁপ, গর্ত, খোল, ফোঁপার ভাব বা ত  
দ্বিশিষ্ট, ফাঁপার ভাব, ভণ্ড ভাব, প্রতারণা, কাপটতা, ঠগামি,  
জুয়াচুরি।  
Hollowroot, n. s. বৃক্ষবিশেষ।  
Holly, n. s. Sax. বৃক্ষবিশেষ।  
Hollyhock, n. s. বৃক্ষবিশেষ।  
Hollyrose বা Hollytree, n. s. বৃক্ষবিশেষ।  
Holm, n. s. Sax. চড়া, নদীর মধ্যে চড়া, বৃক্ষবিশেষ।  
Holocaust, n. s. ভোগ বলি হোম বা পুজা, দগ্ধউৎসর্গ বা বলি।  
Holograph, n. s. ছুটল ওষেশের আদালতের নিয়মবিশেষ, ষত  
বা তমসূকবিশেষ, লিখন, তৎকর্তার হস্তের লেখা বা অঙ্কন।  
Holp, প্রাচীন ব্যবহৃত To Help ক্রিয়াপদের অর্ডীতকালবাচক।  
Holpen, তথা।  
Holster, n. s. Sax. ঘোড়সওয়ারের পিস্তল বা বন্দুক রাখা চর্ম্মা  
দার বা পাত্রবিশেষ।  
Holt, n. s. Sax. বনকাষ্ঠবিশেষ, বনবৃক্ষের কেয়ারি, কুঞ্জ, ষোপ,  
কছুরা।  
Holy, a. Sax. পুণ্যবান, সাধু, ভাল, উত্তম, পবিত্র, নিষ্ঠাশালী,  
শুদ্ধ, ধার্মিক, শুচি, নির্মল, শাস্ত, প্রতিষ্ঠিত, উৎসর্গিত।  
Holy-cross Day, n. s. সেপ্তম্বর মাসের ১৪ দিবস, Holy-rood শব্দ  
দেখ।  
Holy-ghost, n. s. Sax. ধর্মাশ্মা, পবিত্রাশ্মা, একাদ, ত্রয়াশ্মক  
ঈশ্বরের তৃতীয় ব্যক্তি।  
Holy-one, n. s. ঈশ্বরের নামবিশেষ, ভগবান্ পরমেশ্বর তস্য  
পুত্র, অর্থাৎ যিশুখ্রীষ্ট বৃক্ষ।  
Holy-rood Day, n. s. প্রাচীন ব্যবহৃত পর্দাহবিশেষ, ১৪ সেপ্তম্বর  
দিবসে নিশ্চিত পুণ্য দিন, যিরশালমনগরের লুচেতে হত বড়  
একখানা দেয়াকার যক্ষী বা আশা, যে হেরা ক্লিউঅস নামক  
রাজঘারা ৬১৫ শালে পুনঃপুষ্টি হয় তৎদুবাসূচক পর্দাহ।  
Holy-Thursday, n. s. যিশুখ্রীষ্টের স্বর্গারোহণসূচক পর্দাহ বি  
শেষ।  
Holy-week, n. s. যিশুখ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব সপ্তাহ।  
Holyday, n. s. পর্দদিন, সাপ্তাহিক পর্দ, সূত্র ও আনন্দের  
দিবস, আরাম বা বিশ্রাম দিবস, উৎসব দিন, পুণ্যদিন।  
Holyday, a. পর্দাহোপযুক্ত, উৎসব দিনোপযুক্ত, আনন্দজনক,  
কৃতিত্ব হয় যাহা।  
Homage, n. s. Fr. Lat. ভক্তি, প্রজ্ঞা, সেবা, গৌরব, রাজসেবা,  
পূজা, পুণ্যম, অর্চনা বা নমস্কারাদি ভক্তি কর্ম্ম।  
To Homage, v. a. ভক্তি-কৃ, প্রজ্ঞা-কৃ, নমস্কারাদিধারা গৌরব-কৃ,  
সেবা কৃ।  
Homageable, a. ভক্তি বা প্রজ্ঞাকারী, প্রজ্ঞা ভক্তি বা সেবাকরণে  
পযুক্ত বা তৎকর্ম্ম উচিত সাহার।  
Homager, n. s. Fr. প্রজ্ঞা ভক্তি ভয় বা গৌরবকর্তা।  
Home, n. s. Sax. ঘর, গৃহ, দেশ, আবাস, স্বদেশ, নিজঘর, আ  
পন ঘর, বাসস্থান, নিজদেশ, আপনার সুলুক, নিবাসস্থান,  
বাসা, এশব্দ অন্য লিখবাচক শব্দের সহিত যোগ হইলে এক দে  
শ বা দেশী বৃক্ষ।  
Hoine, ad. নিজ ঘরে, আপন আলয়ে, আপন বা নিজদেশে

কোন ব্যক্তির নিজে বা নিজ কার্যাবিবয়ে, অতিপ্রায় সিদ্ধিপূৰ্ণক, নিকটে, এ শব্দ নিম্নবাচক শব্দের সহিত যোগ করিলে বল বা গুণ অর্থ করে।

**Homeborn, a.** স্বদেশজ, স্বাভাবিক, ঘরের, ঘরজাত, দেশের ভিন্ন বা অন্য দেশের নহে যাহা।

**Homebred, a.** দেশী দেশজ, স্বাভাবিক, স্কর বা গমনাগমনদ্বারা শিক্ষিত বা পরিভূত নহে যাহা, ঘরের বা দেশের বাহির হয় নাই যে, খোলাসা, চাসা, অপকৃষ্ট, অনভিজ্ঞ, অশিক্ষিত, সরল, পর নহে যাহা, গৃহজাত, ঘরপোষা, গৌর।

**Homefelt, a.** অন্তরক, অন্তরস্থিত, গুপ্ত, গৃহ্য, গোপনীয়।

**Homekeeping, a.** ঘরে রক্ষিত, ঘরয়া, ঘরবাসী, কোণয়া।

**Homeless, a.** বাসা বা গৃহবর্জিত, ঘর নাই যাহার, আলয়রহিত, আশ্রয়হীন, নিরাশ্রয়।

**Homelily, ad.** মূঢ়তাপূৰ্ণক, অজ্ঞতা বা অপটুতাপূৰ্ণক, অনভিজ্ঞ তারপে।

**Homeliness, n. s.** সারলা, অকাপটা, অকপটতা, অমায়িকতা, অচতুরতা, মূঢ়তা, চাসামি, মূৰ্খতা, অনভিজ্ঞতা, অপাণ্ডিত্য, অজ্ঞতা, অবিজ্ঞতা, অসৌন্দর্য্য, কদাকারত।

**Homely, a.** সরল, খোলাসা, ঘরজাত, ঘরে প্রস্তুত বা কৃত, অসুন্দর, অনুত্তম, সামান্য, কুৎসিত, অপকৃষ্ট, অধম, কড়া, কটু, মূঢ়, অনভিজ্ঞ, চাসা, অচতুর, অসভ্য, কুরপ।

**Homely, ad.** খোলাসারপে, সারল্যরপে, অনুত্তমতা বা সামান্য তারপে, অনভিজ্ঞতা বা মূৰ্খতাপূৰ্ণক।

**Homelyn, n. s.** একপ্রকার মৎস্য।

**Homemade, a.** গৃহজাত, গৃহনির্মিত, গৃহজ, গৃহোৎপন্ন, ঘরজাত বা কৃত, দেশজ, দেশী, ঘরয়া।

**Homer, n. s.** এগ্রি বা গ্রিহদীয় পরিমাণবিশেষ, ৩ পিল্ট অথবা কাঁচা মেড়সের মাপ।

**Homespeaking, n. s.** তারি কথা, গুণ বা ভাব বোধ হয় যাহাতে এমত বাক্য, অর্থ গৌরববিশিষ্ট বাক্য।

**Homespun, a.** গৃহজাত, ঘরে গুহিত বা নির্মিত, কারিগর বা ব্যবসায়ি লোককর্তৃক প্রস্তুত নহে যাহা, স্বদেশজ, দেশী, নিজস্ব শোৎপন্ন, অন্যদেশের নহে যাহা, খোলাসা, অপরিষ্কার, মোটা ধারাব, খাম, বাজার, সামান্য, অনুত্তম।

**Homespun, n. s.** মূঢ়, চাসা, গৌরার, অসভ্য, জল্পনী, অশিক্ষিত, অপণ্ডিত, মূৰ্খ বা পাঞ্জি, গুাম্য ব্যক্তি।

**Homestall বা Homestead, n. s.** Sax. ভিটা, বাটীর ভূমি, আবাস বা গৃহ হয় যে স্থানে।

**Homeward বা Homewards, ad.** Sax. ঘরপানে, গৃহপানে, ঘরের দিগে, ঘরের অভিমুখে, বাটীর দিগে, নিজদেশে বা তদ্বিগে।

**Homicide, n. s.** Lat. মনুষ্যহত্যা বধ বা হিন্সা, প্রাণনাশ বা হনন, বিনাশ, মনুষ্য হত্যাকারী, ধূনি, বধকর্তা, ধূনে, হত্যা, মনুষ্যহত্যা বা হত্যক, প্রাণনাশক।

**Homicidal, a.** ধূনিবিশিষ্ট, বধবিশিষ্ট, হত্যক, বধক, মারক, মারা যুক, হত্যাকারী।

**Homiletical, a.** সভ্য, মন্ত্রনিসী, আলাপী, শিষ্টালাপী, শিষ্টাচার করে যে।

**Homilist, n. s.** পুরোহিতবিশেষ, যে ব্যক্তি কোন মণ্ডলীতে ভুব পাঠ বা ধর্মোপদেশ করে।

**Homily, n. s.** কোন মণ্ডলীতে পাঠিত বা প্রকাশিত ভবাসি, ধর্মোপদেশ বা কথা, ধর্ম ঘোষণা।

**Homogeneous বা Homogeneous, a.** Gr. একধর্মক, সমধর্মক,

এক ধর্মাক্রান্ত, সম বা একপ্রকার ভাব ধর্ম বা মেল আছে বা হাতে বা বাহার, সর্ব, সমপ্রকার।

**Homogeneity বা Homogeneity বা Homogeneousness, n. s.** এক ধর্ম ভাব বা অবস্থা, জাতি বা প্রকারের একতা বা মিল।

**Homogeny, n. s.** স্বভাব, একস্বভাব ধর্ম বা জাতি।

**Homologous, a.** একপ্রকার, সুল্যকার, সূচ্য পরিমাণবিশিষ্ট, একাক্রান্তি, এক ভৌল, এক গঠন বা আকার সাহার।

**Homonymous, a.** সন্দেহযুক্ত, সন্ধি, কঠিন, নানাপ্রকার অর্থ করে বা দেখায় যে বা বাহাতে, সন্দেহার্ক।

**Homonymy, n. s.** সন্দেহ, সন্দেহ, কেবলকার, সন্দেহার্ক, ঘাৎ বাক্য।

**Homotonous, a.** সমান, একসমান, সূচ্য, রোগের বিশেষণবাক্য, একভাবে থাকে যাহা।

**Hone, n. s.** Sax. শিল, অল্প ভেদকারী প্রস্তর বা শান, ছুরিকাদি ধার হয় যাহাতে, কুরাদি তাঁককারি শিল।

**To Hone, v. n.** Sax. কর-হ, কোন দ্রব্যান্তিলাবে মুক্ত বা ব্যগু-হ।

**Honest, a.** Lat. উত্তম, সত্য, প্রকৃত, সৎ, ভদ্র, সাধু, সরল, নির্ভল, স্বচ্ছ, যথাধিক, বিশ্বাসী, অপভারক, ন্যায্য, নিষ্ঠা, ধারী, যথার্থ, নির্দোষ, প্রশস্ত, ধর্মার্থ, প্রশংসনীয়, মর্যাদাক, মর্যাদান্বিত, সুন্দর, সুদৃশ্য, হৃষ্ট, উন্নতি, খোলাসা, অকপট, অদ্বৈতিক, অদল, অকুটিল, অরক্ত, *Honest fellow*, ব্যঙ্গার্থে বেচারী মানুষ বুঝায়, সহচর, সঙ্গজন, ইয়ার, সাধী, পারিষদ।

**To Honest, v. a.** Lat. সাজা, জ্বষণ-দী, শোভিত-ক, সুলক-ক, সুন্দর-ক, প্রত্যয়-ক, আঙ্কা-ক।

**To Honestate, v. a.** মর্যাদা-ক, সম্মান-ক, সন্মান-ক, গৌরব-ক, আদর-ক।

**Honestation, n. s.** সৌন্দর্য্য, বেশ, জ্বষণ, অলঙ্কার, রূপ, লাভণ্য, শোভা, ঐ।

**Honestly, ad.** প্রকৃত বা যথাধিকরপে, সারলা নৈর্মল্য বা প্রকৃত রপে, ন্যায্যতারপে, ভদ্রতারপে, লজ্জা বা স্ত্রীতাপূৰ্ণক, নিষ্ঠা বা ধারারপে, অপভারণরপে।

**Honesty, n. s.** Lat. যথাধিক্য, প্রকৃত্যর্থ, ন্যায্য, সত্যতা, সারলা, ভদ্রতা, উত্তমতা, ধর্মিত্বতা, ধর্মিকতা, যথাধিকতা, উচ্ছতা, পবিত্রতা, অকপটতা, অপভারকতা, ধর্মোচরণ, সাধুত্ব, নৈর্মল্য, নিষ্ঠা, ধারাই, স্রষ্টা, প্রত্যয়, দাক্ত, স্বচ্ছতা।

**Honey, n. s.** Sax. মধু, মৌ, মধু, মিষ্টতা, আদর, স্নেহ, স্নেহ বা সোহাগ বাক্য।

**To Honey, v. n.** আদর-ক, গৌরব-ক, আওতাও-ক, স্নেহ-ক, প্রেম-ক, ভাল-বাস।

**Honey-bag, n. s.** মধু মক্ষিকার উদর বা অন্তর, মৌমাটির অত্যন্ত মধু ধাইয়া রাখে যাচার ভিতর, আর এই মধু উদ্ধিরণ করিলে চাক হয় যাহাইহতে।

**Honey-comb, n. s.** মৌচাক, মধুচাক।

**Honey-combed, a.** মৌচাকের ন্যায় গর্ত বা ছিদ্রময়, ছিদ্র বা কোঁকং বা খোপং আছে সাহাতে।

**Honey-dew, n. s.** মিষ্ট শিশির।

**Honey-flower, n. s.** বৃক্ষবিশেষ।

**Honey-gnat, n. s.** কাঁটবিশেষ।

**Honey-harvest, n. s.** সৎগৃহীত মধু, সৎকলিত মধু, সঙ্কিত মধু, একত্র কৃত মধু।

**Honey-moon, n. s.** বিবাহের পর প্রথম মাস, যাহাতে ত্রীপুরুষের স্নেহ প্রেম ও আনন্দমাত্র কর্তব্য করে আর অন্য কর্তব্য দেখে না।



Honey-month, *n. s.* শুধা ।  
 Honey-mouthed, *a.* মিষ্টমুখো, মিষ্টভাষী, মধুরভাষী, মিষ্ট ক  
 থা কহে যে ।  
 Honey-stalk, *n. s.* পুষ্পবিশেষ ।  
 Honey-suckle, *n. s.* বৃক্ষবিশেষ ।  
 Honey-sweet, *a.* মিষ্ট, মধুবৎ, মধুর ন্যায় মিঠা, মধুর ।  
 Honey-tongued, *a.* মিষ্ট বা মধু বাক্য কহে যে, মিষ্টবক্তা, মধুর  
 ভাষী, মিষ্টভাষী, মিষ্টমুখো ।  
 Honey-wort, *n. s.* বৃক্ষবিশেষ ।  
 Honeyless, *a.* মধুবর্জিত, মধুহীন, নির্মধু, মধু নাই যাহাতে বা  
 যাহার, অমিষ্ট ।  
 Honied, *a.* মধুময়, মধ্বাবৃত, মধুমাখা, মিঠা, মিষ্ট, মধুবিশিষ্ট, ম  
 ধুর ।  
 Honiedness, *n. s.* মধুত্ব, মিষ্টত্ব, মাধুর্য্য, লোভ, লালচ, ভুলান ।  
 Honorary, *n. Lat.* সূক্ষ সন্মার্গক, সন্মম বিনা অন্য লাভ নাই  
 যাহাতে, মর্যাদাসূচক, গৌরবার্থক, সন্মানজনক, মর্যাদা বা স  
 ন্মজনক, মর্যাদাস্বিত, মর্যাদাপ্রাপ্ত, অস্বার্থে বা বিনা প্রয়োজ  
 নে সন্মান বা মর্যাদা দেয় বা করে যে, আদরযুক্ত, সন্মম  
 শীল ।  
 Honour, *n. s. Fr. Lat.* সন্মম, মর্যাদা, সন্মান, গৌরব, মান, পুর  
 স্কার, ধর্ম, নাম, উপাধি, পায়ী, প্রতিপত্তি, সুখ্যাতি, সৌরভ, ম  
 র্যাদা বা সন্মমসূচক উপাধি বা নাম, প্রশংসার বিষয়, মনের উ  
 দ্বতাভঙ্গতা বা শ্রেষ্ঠত্ব, উত্তমতা, শ্রেষ্ঠতা, প্রাধান্য, আদর, মান্য  
 তা, পূজা, অর্চনা, সেবা, স্বীকার, সাধুত্ব, ভঙ্গতা, প্রাধান্য, সন্মম,  
 শ্রেষ্ঠত্বের আকার বা লক্ষণ, সুখ্যাতি, প্রগল্ভতা, সাধারণে কৃত বা  
 দত্ত সন্মান বা পুরস্কার, কুলীন পদ বা বংশ, মর্যাদার বৃদ্ধি  
 অধিকার স্বার্থ বা প্রাপ্তি, অলঙ্কার, ভূষণ, বেশ, পুঙ্খ, Honor  
 অথবা *On my honor*, শপথবিশেষ, আপনার দিবা ।  
 To Honour, *v. a. Lat.* মর্যাদা-কৃ, সন্মান-কৃ, সন্মম-কৃ, গৌরব-কৃ,  
 মান্য-কৃ, আদর-কৃ, মান-কৃ, ভক্তি-কৃ, শ্রদ্ধা-কৃ, মর্যাদাস্বিত-কৃ,  
 প্রধান বা শ্রেষ্ঠ-কৃ, শ্রেষ্ঠত্ব বা সন্মম পদপ্রাপ্ত-কৃ, প্রশংসাস্বিত  
 -কৃ, স্বীকার-কৃ, গ্রাহ্য-কৃ ।  
 Honourable, *a.* মহামহিম, কুলীন, সন্মান্ত, মর্যাদাস্বিত, মর্যাদা  
 বন্ত বা তৎকর্তৃক উপাধি, সাদর, নমন্য, গরিষ্ঠ, প্রধান, শ্রেষ্ঠ,  
 মান্য, মহৎ, সদাশয়, মর্যাদা বা সন্মমসূচক চিহ্নবিশিষ্ট, অন  
 পমান্য, আদর্য্য, নির্দোষ, নির্মল, নিহুলক, যথার্থ, অপ্রত  
 র্ক, প্রভারণা মনেও করে না যে, ন্যায্য, প্রকৃত, নিষ্ঠাশালী,  
 নির্মল ।  
 Honourableness, *n. s.* প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, উত্তমতা, গৌরব, গুরু  
 তা, সন্মম, সন্মান, সদাশয়ত্ব, মহত্ব, মহামহিমত্ব ।  
 Honourably, *ad.* সন্মমপূর্ষক, মর্যাদাসূচক চিহ্নধারণ বা ব্যক্ত  
 করণপূর্ষক, সন্মান্তরূপে, সন্মমে, সন্মানে, মান বা সন্মম রক্ষা করি  
 যা, মহত্বপূর্ষক, সুখ্যাতিপূর্ষক, নিহুলক, নির্দোষ, বেক  
 সুরে ।  
 Honourer, *n. s.* সন্মান বা মর্যাদা করে যে ব্যক্তি, ভক্তি বা শ্র  
 দ্ধাকর্তা, মর্যাদক, স্বীকারকর্তা ।  
 Honourless, *a.* মর্যাদা বা সন্মমবর্জিত, অসন্মান্ত, অমান্য, অন্য  
 র্থ্য, অশ্রদ্ধের ।  
 Hood, *n. s. Sax. Germ. Dut.* অবহা, পদ্, গুণ, সন্মম, এশক লিঙ্গ  
 বা বিশেষণবাচক শব্দের সহিত যুক্ত করিলে তৎ শব্দের ধর্ম  
 বা ভাব বৃদ্ধার যথা *knighthood, childhood, fatherhood,*  
*brotherhood, sisterhood.*  
 Hood, *n. s. Sax.* ত্রীলোকের মস্তকভরণের উপর্যংশ বা উদগু

ভাগ, মস্তকাবরণ, মাথার ঢাকনী, বাজপক্ষির চক্ষুর চুলী, চক্র,  
 ক্যানা, টোপ, টোপা, মুকুট, মাথা ।  
 To Hood, *v. a.* টোপ-দা, মুকুট পরিধান-কৃ, আবরণ-কৃ, ঢাক,  
 লুকা, বাজপক্ষির মস্তকের ঢাকনী বা চুলী-দা ।  
 Hoodman Blind, *n. s.* ক্রীড়াবিশেষ, চক্ষু টেপাটিপী খেলা ।  
 To Hoodwink, *v. a.* চক্ষুরোধ-কৃ বা-হ, চক্ষু-ঢাক, আবরণ-কৃ,  
 লুকা, গোপন-কৃ, ভুলা, প্রভারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ ।  
 Hoof, *n. s. Sax.* গুর. পতুর পাদের তলা, পখাদির গুর ।  
 Hoof-bound, *a.* ঘোটকের অগুপাদে বেদনারিশেষ ।  
 To Hoof, *v. n.* চল, গতি-কৃ, পতুর-গতি, ধীরে-গম বা-চল, আ  
 ন্তে-চল, মন্দ-চল ।  
 Hoofed, *a.* গুরবিশিষ্ট, গুরওয়াল ।  
 Hook, *n. s. Sax.* আঁকড়া, কাঁটা, বড়শী, আকর্ষা, জাল, কাঁদ,  
 মাংস কাবার কর্ণিবীর অস্ত্রবিশেষ, কাষ্ঠ্যা, ধান্যাধি শস্য বা  
 বৃক্ষফলনকারী অস্ত্রবিশেষ, কাটা বা ছেদ করা যায় যাহাতে  
 বা যদ্বারা, ভূমি, কৃষকের ভাষায় যে জমি দুই বৎসর কৃষ্টি ও  
 আবাদ হয় তন্মি বৃষ্ণয় ।  
 Hook or crook, কোন প্রকারে, কোনরূপে ।  
 To Hook, *v. a.* বড়শীতে-ধর বা -গাঁথ, আঁকড়া-লগা, ফাঁদে  
 -কেল, জালে-পর, আঁকড়াধারা-ধর বা ধরিয়া-আনী, আঁকড়ি  
 দিয়া বন্ধ-কৃ, বলে কলে বা ছলে-ধর বা কয়েদ-কৃ, আঁকড়িয়া  
 -পর ।  
 To Hook, *v. n.* নিম্ন-হ, বক্র-হ, বক্রতাপ্রাপ্ত-কৃ, বক্রভাবাপন্ন-হ ।  
 Hooked, *a.* অন্তর্, বক্র, বাঁকা, অসরল, বক্রতাবিশিষ্ট, আঁকড়া  
 ওয়াল, বক্রকৃত, ধরা পড়িয়াছে যে, আঁকড়া বা অঙ্কুশবৎ ।  
 Hookedness, *n. s.* বক্রতা, বড়শী বা আঁকড়ার ন্যায় বক্রতা বা  
 বাঁক ।  
 Hooker, *n. s.* বড়শী বা আঁকড়া, যদ্বারা ধরা যায়, নৌকারিশেষ ।  
 Hooknosed, *a.* টীয়ানাসিক, আঁকড়াকার নাসিকা যাহার ।  
 Hooky, *a.* আঁকড়াময়, আঁকড়াবিশিষ্ট, আঁকড়াওয়াল, আঁকড়া  
 বা বড়শীবিশয়ক বা তৎসম্বন্ধীয় ।  
 Hoop, *n. s. Dutch.* পতুর, বলয়, বেড়, সামি, হাল, বেড়া বা ঘের  
 বেওয়া যায় যদ্বারা তৎস্ব, হাঁড়ের দুব্যবিশেষ, যাহা ত্রীলো  
 কেরা বস্ত্রের ভিতর পরিধান করে, গোলাকার বা বলয়াকার  
 দুব্য, কুণ্ডল, পিপার বেড় হাল বা পতুর ।  
 To Hoop, *v. a.* হাল-মার, পতুর বা বেড়-দা বা মার, সামি-লা  
 গা ।  
 To Hoop, *v. n.* Goth. Fr. ডাক, হাঁক, চোঁচা, ধ্বনি-কৃ, শব্দ-কৃ ।  
 To Hoop, *v. a.* ডাক বা হাঁকধারা-ধেদা, তাকা বা আহ্বান-কৃ ।  
 Hoop, *n. s.* ডাক, হাঁক, পরিমাণবিশেষ, পক্ষিবিশেষ ।  
 Hooper, *n. s.* কুপার, পীপা গড়া মেস্ত্রী, মেছলা বা পীপাতে হাল  
 মারে বা লাগায় যে ।  
 Hooping-cough, *n. s.* বাল্য রোগবিশেষ, ছেলের কাশরোগ, হাঁ  
 পানি কাপি ।  
 Hoopoo, *n. s. Lat.* পক্ষিবিশেষ ।  
 To Hoot, *v. n. Welsh.* হেরতা তুচ্ছতা অস্বীকার বা ষ্ণাসূচক ধ্বনি  
 -কৃ, তুচ্ছধ্বনি-কৃ, পেচকবৎ ধ্বনি-কৃ, পেচার রব-কৃ, আছাদে  
 বা উল্লাসে ধ্বনি-কৃ, সোর-কৃ ।  
 To Hoot, *v. a.* সোর বা চীৎকার ধ্বনিতে দূর-কৃ, তাকা, ভা  
 গা ।  
 Hoot, *n. s.* সোর, গোলমাল, চীৎকার শব্দ, কোলাহল, অবজ্ঞা  
 তুচ্ছকরণ বা অস্বীকারসূচক শব্দ ।  
 Hooting, *n. s.* গোলমাল, চীৎকার শব্দ ।

To Hop, *v. n.* Sax. নাচ, নৃত্য-কৃ, লাক-মার, বানরের ন্যায় নৃত্য-কৃ, এলুমেনিয়া নৃত্য-কৃ বা লক্ষ-মার, কুঁদ, ধুঁড়িয়া-চল, ধুঁড়িয়ারপে-গম, বেকেরুকে-চল, হেলিয়াদুলিয়া-চল, গতি-কৃ, চল, গম, শ্বেলা-কৃ।

To Hop, *v. a.* নৃত্য-কৃ।

Hop, *n. s.* নৃত্য, লক্ষ, লাকমারণ, একপদে নৃত্য লাক বা গতি।

Hop, *n. s.* Dutch. বৃক্ষবিশেষ।

Hop-bind, *n. s.* পুরোক্ত বৃক্ষের শাখা বা ডাঁটা, Bind শব্দ দেখ।

Hop-garden, *n. s.* পুরোক্ত বৃক্ষের উদ্যান বা বাগীচ।

Hop-oast, *n. s.* Lat. কেটনগরে পুরোক্ত বৃক্ষ শুকাইবার ডাটি বিশেষ।

Hop-picker, *n. s.* পুরোক্ত বৃক্ষের ফল কুড়ায় যে।

Hop-pole, *n. s.* ধুঁড়ী বা ঠেকো যাহাতে পুরোক্ত বৃক্ষ বহু বা খাড়া থাকে।

Hop-yard, *n. s.* ভূমি, যাহাতে পুরোক্ত বৃক্ষ রোপণ হয়।

Hope, *n. s.* Sax. ভরসা, উদ্বেদ, আশা, কোন মঙ্গল বা ভাল হইবার প্রত্যাশা, আশ্বাস, বিশ্বাস, অপেক্ষা, উদ্বেদ বা আশা হয় যাহাতে বা দেয় যে।

Hope, *n. s.* পর্যটনশিখরের মধ্যে কোন চালু স্থান বা ময়দান।

To Hope, *v. n.* আশা-কৃ, প্রত্যাশা-কৃ, ভরসা-কৃ, উদ্বেদ-কৃ।

To Hope, *v. a.* প্রত্যাশাপন্ন-হ, আশাবিশিষ্ট-হ, ভরসা করি যা-খাক, উদ্বেদ-কৃ, বিশ্বাস-কৃ।

Hopeful, *a.* আশায়ুক্ত, ভরসায়ুক্ত, আশ্বাসী, গুণ বিসয় কারণ বা অবস্থাবিশিষ্ট, যদ্বারা আশা হয়, আশাদাতা, ভরসাদাতা, আশাকারী, আশাপন্ন, ভরসাবিহিত, প্রত্যাশাপন্ন, মঙ্গল হওনের বিশ্বাস আছে যাহাতে।

Hopefully, *ad.* আশাপূর্নক, ভরসাতে, প্রত্যাশা করিয়া, নিরাশ না হইয়া, অশাতে, উদ্বেদে।

Hopefulness, *n. s.* প্রত্যাশাপন্নত্ব, ভরসা, আশ্বাস।

Hopeless, *a.* অনুপায়, নিরাশ, আশাহীন, আশারহিত, হতাশ, অভরসাবিহিত, ভরসা নাই যাহাতে বা যাহার, অনাশ্বাসী, ত্যক্তাশ, অভরসা, নাচার।

Hopelessly, *ad.* অভরসাপূর্নক, ভরসাবিহিতরূপে, আশাবিনা, বিনা প্রত্যাশাতে, আশাহীনে, হতাশ হইয়া।

Hoper, *n. s.* ভরসা করে যে, ভরসা বা আশা আছে যে ব্যক্তির, আশাবিহিত, প্রত্যাশাপন্ন ব্যক্তি।

Hopingly, *ad.* আশাতে, আশা করিয়া, ভরসাপূর্নক।

Hopper, *n. s.* Sax. এক পায়ে নৃত্য করে যে, এক পায়ে হাঁটে বা লাকায় যে, এক পদে গতি করে যে।

Hopper, *n. s.* ভাঁটা বা পিষণ কলের শস্যধার পাত্রবিশেষ, শস্য লইয়া ঘাইবার ঘুড়ি বা গামা।

Hoppers, নৃত্যবিশেষ, এক পায়ে নৃত্য।

Hopping, *n. s.* নৃত্যবিশেষ, নৃত্যোচ্ছ ব্যক্তিরদের নৃত্য বা টৈচক।

Hop-scotch, *n. s.* নৃত্যবিশেষ, Hoppers শব্দ দেখ।

Horat, *a.* Lat. ঘড়ীসম্বন্ধীয়, ঘড়ীবিশয়ক।

Horally, *ad.* প্রতিঘড়ীতে, ঘড়ীৎ।

Horary, *a.* Lat. ঘড়ীবিশয়ক, ঘড়ী বা দণ্ডসম্বন্ধীয়, একঘড়ী কাল ব্যাপক, একঘড়ীতে হয় বা থাকে যে।

Horde, *n. s.* অস্থিরবাসী দল বা সন্মুখারবিশেষ, অসভ্যের দল বা জাতিবিশেষ।

Here বা Hoore, *n. s.* Sax. প্রাচীন ব্যবহৃত Whore পরিবর্তে ব্যবহার জানিবা, উৎপন্ন দেখ।

Horizon, *n. s.* Gr. পৃথিবীর গাত্র দৃষ্টির পরিচ্ছেদক রেখাবিশেষ, মণ্ডল, চক্রবাড়, পরিসর।

Horizontal, *a.* চক্রবাড় দিগন্তী, অনুপ্রস্থ নোড়া চাল বা নিম্ন, অতেড়া, অতেচ্চা।

Horizontally, *ad.* পুরোক্ত চাল বা নিম্ন ভাবে।

Horn, *n. s.* Goth. Sax. শূন, শিলা, রণশিলা, পানপাত্র, নদীর কের বা বাঁক, বায় শিলা, শব্দকথরে বা ছোয় যাহারা, Topull in the horns, উৎসূকা উদ্ভ-কৃ, রাগ-কমা।

To Horn, *v. a.* শূন-না, শূন-বসা, শূনবিশিষ্ট-কৃ।

Hornbeak বা Hornfish, *n. s.* মৎস্যবিশেষ।

Hornbeam, *n. s.* Dutch. বৃক্ষবিশেষ।

Hornblower, *n. s.* শূনবাদক, শিলাওয়াল, শিলা বাজার বা কুঁকে যে।

Hornbook, *n. s.* বালকের পুস্তক পাঠ্য গৃহবিশেষ।

Horned, *a.* শূনী, শিলাওয়াল, শূনবিশিষ্ট, শূনাকার।

Hornedness, *n. s.* শূনবধাকার, শিলার তুল্য গঠন যাহার।

Hornet, *n. s.* শূন কাটে যে, হাড়কাটা, শূনবিক্রেতা, শিলাওয়াল, শিলা বাজার যে।

Hornet, *n. s.* Sax. তিমরলবিশেষ, একপ্রকার বড় মৎস্যক মজিকা বিশেষ।

Hornfoot, *a.* শূনবিশিষ্ট, শূনী, শূনওয়াল।

Horning, *n. s.* চক্রাকার, চক্রবধাকার।

To Hornify, *v. a.* শূন-না, শূনবিশিষ্ট-কৃ, শূনবিত-কৃ, শূন দিয়া শোভিত-কৃ।

Hornish, *a.* শূনবৎ, শূনবধাকার, দৃঢ়, শক্ত।

Hornless, *a.* Sax. নিঃশূন, অশূন, শূনরহিত বা বর্জিত, শূন নাই যাহার বা যাহাতে, নেড়া।

Hornowl, *n. s.* পেচক পক্ষিবিশেষ।

Hornpipe, *n. s.* নৃত্যবিশেষ, বংশীবিশেষ।

Hornshavings, *n. s. pl.* হরিনের শূন, ছোলা গুঁড়া বা চূর্ণ।

Hornspoon, *n. s.* শূনের চামচ।

Hornstone, *n. s.* নীল পুস্তকবিশেষ।

Hornwork, *n. s.* Sax. কোণবিশিষ্ট দুর্গ বা ইমারতবিশেষ।

Horny, *a.* শূনে নির্মিত, শূনতুল্য, শূনবৎ দৃঢ় বা শক্ত, শূনবিশিষ্ট, শূনময়।

Horography, *n. s.* Gr. ঘড়ীর প্রকরণ বা বিবরণ।

Horologe বা Horology, *n. s.* Lat. ঘড়ী, বাদ্য ঘড়ী, ছোট ঘড়ী।

Horologigraphy, *n. s.* Gr. সময়নিরূপণকারী যন্ত্র বা ঘড়ীর বিবরণ, ঘড়ীর উপরি ভাগ নির্মাণকরণ বা ত্রিমাণকরণের বিদ্যা বা প্রকরণ।

Horologigraphick, *a.* পুরোক্ত শিল্পকরণসম্বন্ধীয় বা ত্রিবিষয়ক

Horometry, *n. s.* Gr. ঘড়ীপরিমাপক বিদ্যা বা প্রকরণ।

Horoscope, *n. s.* Gr. কোষ্ঠী, টিকুজী, জয়পত্রী, জয়কালের গুহ নক্ষত্রাদির বিবরণ যাহাতে লিখিত থাকে।

Horrent, *a.* Lat. শুষ্কওয়াল কাটা বা হল বহিষ্কৃত হইয়াছে যাহার বা যাহাতে, কাটাওয়াল, হলওয়াল, সূচাগুহৎ।

Horrible, *a.* Lat. ভয়ানক, ভয়ঙ্কর, ভীম, দুর্ভয়, দারুণ, বৃহৎ, ভয়ানক, কঠিন, অতিবাদ শঙ্কাজনক, বিকট।

Horribleness, *n. s.* ভয়ঙ্করত্ব, ভয়ানকত্ব, শঙ্কাজনকতা, দুর্ভয়ত্ব, দারুণত্ব, ভয়ঙ্কর, কাটন্য, দৃঢ়ীভূতত্ব।

Horribly, *ad.* ভয়ানকরূপে, ভয়ঙ্কররূপে, শঙ্কাজনকরূপে,

HOR

HOR

আতঙ্কদায়কতাপূর্নক, বিকটরূপে, দারুণতাপূর্নক, আত্যাতিকত্বরূপে।  
 Horrid, a. Lat. ভয়ানক, ভয়ঙ্কর, শঙ্কাজনক, কুৎসিত, কদর্য্য, বৃহৎ, দুর্ভয়, শক্, দৃঢ়, বিকট, দারুণ, অপকারক, হিংসুক, অসুখদ, কড়া, অপরিচ্ছন্ন, ঘোর, অদ্ভকার, উদাস, অনাক্ষয়জনক।  
 Horridly, ad. ভয়ানকত্বরূপে, কুৎসিতত্বরূপে, বিকটরূপে, দারুণরূপে, কদর্য্যত্বরূপে, কদাকারত্বরূপে, কিছুত কিমাকারত্বরূপে।  
 Horridness, n. s. ভয়ানকত্ব, ভয়ঙ্করত্ব, শঙ্কাজনকত্ব, কদর্য্যত্ব, মৃহাদৃষ্টতা, কুৎসিতত্ব, অপকারকত্ব।  
 Horrifick, a. Lat. ভয়জনক, ভয়ানক, শঙ্কাদায়ক, আতঙ্কজনক, ভয়োৎপাদক, দারুণ, ভয় বা শঙ্কা করায় বা হয় যাহাতে।  
 Horrisonous, a. Lat. ভয়জনক শব্দবিশিষ্ট।  
 Horrour, n. s. Lat. ঘেষ বা শূণ্যযুক্ত ভয়, ভয়ঙ্কর চিন্তা, ভয়ানক, ভাননা, ভয়ে ধরধরণ বা কল্পন।  
 Horse, n. s. Sax. বাজী, তুরঙ্গ, অশ্ব, ঘোড়া, হয়, ঘোটক, ভারামূল, To take horse, ঘোড়ায় সওয়ার-হ, ঘোড়ায় চড়িতে-য়া, বচনচনাত্ত অর্থাৎ Horses হইলে ঘোড়সওয়ার অস্বারূঢ় বা সিপাহী বৃত্তায়, কাপড় রাখিবার আলনা, যড়ক্ষে, পাতিয়ান, সিপাহীর মণ্ডকাত্ত বা চৌকিবিশেষ, as fine as a horse, যে ব্যক্তি কদর্য্য বা এলোমেলো পোশাক পরে বৃত্তায়, অন্য লিঙ্গবাচক শব্দের সহিত যোগ করিলে কুৎসিত বৃত্তায় যথা, Horse-face.  
 To Horse, v. a. অস্বারোহণ-কৃ, পৃষ্ঠঘারা-বহ, কোন দ্রব্যের উপরে আরোহণ-কৃ।  
 To Horse, v. n. অস্বারূঢ়-হ, অশ্বের উপরে-চড়, অস্বারোহণ-কৃ।  
 Horseback, n. s. ঘোটকারোহণ, অস্বারোহণ, অশ্বপৃষ্ঠে বা ঘোড়ায় চড়ন, ঘোড়ার উপর সওয়ারি, ঘোড়ার উপর আরোহণ বহা।  
 Horsebean, n. s. ছিম্বিশেষ।  
 Horseblock, n. s. কপী বা রেকাব যাহার ঘারা ঘোড়ার উপর চড়ে।  
 Horseboat, n. s. ঘোড়া পারকরা নৌকা।  
 Horseboy, n. s. সহীসবিশেষ, ঘোড়, পরিষ্কার করে যে ছোকরা।  
 Horsebreaker, n. s. ঘোড়া বশ বা তৈয়ার করে যে, সওয়ারির ঘোড়া তৈয়ার করে বা শিখায় যে, অশ্বশিক্ষক, ঘোটকশিক্ষাকারী, চাবুকসওয়ার।  
 Horsechesnut, n. s. বৃক্ষবিশেষ।  
 Horsecourser, n. s. ঘোড়দৌড় করে যে, ঘোড়দৌড়ের ঘোড়া রাখে যে, অশ্ববিক্রেতা।  
 Horsecrab, n. s. অশ্ববিশেষ।  
 Horsecucumber, n. s. বৃক্ষবিশেষ।  
 Horsedrench, n. s. ঘোড়ার জেলাপ বা অশ্বৌষধিবিশেষ।  
 Horsedung, n. s. ঘোড়ার মাদ।  
 Horseemmet, n. s. পিপীলিকাবিশেষ।  
 Horseface, n. s. হমামুখ, ঘোটকমুখ, ঘোড়ামুখ, কুৎসিতমুখ, তুরঙ্গবদন, অশ্বাস্য, ঘোটকানন।  
 Horseflesh, n. s. ঘোটকমাংস, অশ্বমাংস।  
 Horsetly, n. s. ঘোড়ার মাহী, অশ্বমাংসক মক্ষিকাবিশেষ।  
 Horsefoot, n. s. বৃক্ষবিশেষ।  
 Horseguards, n. s. pl. অস্বারূঢ় সৈন্যের দল বা পল্টন, রাহার শরীররক্ষক অস্বারূঢ় সৈন্য।

Horsehair, n. s. ঘোড়ার চুল বা লোম, ঘোড়ার গোকালি।  
 Horseheel, n. s. বৃক্ষবিশেষ।  
 Horsekeeper, n. s. ঘোড়াওয়াল, ঘোড়ার রক্ষার্থে নিযুক্ত যে ব্যক্তি, ঘোটকপাল, সহীসবিশেষ, অশ্বপালক।  
 Horseknav, n. s. সহীস।  
 Horselaugh, n. s. হাস্যবিশেষ, অট্টাইহাস, উচ্চঃস্বরে হাস্য, হাহা করিয়া হাস।  
 Horseleech, n. s. ঘোটকমাংসক পেটুরা জৌকবিশেষ, অচিকিৎসক, লালবন্দ।  
 Horselitter, n. s. দুই ঘোড়ার গাড়ীবিশেষ।  
 Horseload, n. s. ঘোড়ার বোকা, এক ঘোড়ায় লইয়া ঘাইতে পারে এতৎপরিমাণক বোক বা দ্রব্য, একাশ্ববহনীর ভার।  
 Horsely, a. ঘোটকবৎ, ঘোটকশব্দক।  
 Horseman, n. s. অস্বারূঢ়, সামী, ঘোড়সওয়ার, ঘোটকারোহণে নিপুণ, যুদ্ধেতে ঘোটক সৈন্যের কর্ম করে যে, সওয়ার, অস্বারোহণকর্তা, অস্বারোহী।  
 Horsemanship, n. s. ঘোটকারোহণ বিদ্যা, ঘোড়া চালানের নিয়ম বা প্রকরণ, সুরকসওয়ারি।  
 Horsemarten, n. s. একপ্রকার বড় মক্ষিকা, মৎসবিশেষ।  
 Horsematch, n. s. পক্ষিবিশেষ।  
 Horsemeat, n. s. পশুর আহার বা খাদ্য দ্রব্য।  
 Horsemill, n. s. ঘোড়ার কল, ঘোড়ায় টানে চালার বা কিরার যে কল।  
 Horsemilliner, n. s. ঘোড়ার সাজ দেয় যে, ঘোড়ার সজ্জা যোগায় যে।  
 Horsemint, n. s. বৃক্ষবিশেষ।  
 Horsemuscle, n. s. বড়কিনুকবিশেষ।  
 Horseplay, n. s. ক্রীড়াবিশেষ, ঘোড়ার লাকালাকি খেলা।  
 Horsepond, n. s. ঘোড়ার পুষ্কুরিণী বা চৌবাচ্চাবিশেষ।  
 Horserace, n. s. ঘোড়দৌড়, ঘোড়দৌড়ের ঘোড়া, ঘোড়দৌড় নির্বাহক অশ্ব।  
 Horseradish, n. s. সজিনা বৃক্ষের মূল বা শিখড় বা যাহার ছাল অতিঝাল, বৃক্ষবিশেষ।  
 Horseshoe, n. s. ঘোড়ার লালবন্দী, ঘোড়ার লাল।  
 Horseshothead, n. s. বীল রোগবিশেষ।  
 Horsestealer, n. s. ঘোড়াচোর, অশ্বতুরঙ্গ, ঘোটকাপহারক।  
 Horsetail, n. s. বৃক্ষবিশেষ।  
 Horsetongue, n. s. বৃক্ষবিশেষ।  
 Horseway, n. s. ঘোড়ার পথ, বড় রাস্তা, আরিত বা প্রশস্ত পথ।  
 Horsewhip, n. s. ঘোড়ার চাবুক, কশা, অশ্বতাড়নী।  
 To Horsewhip, v. a. ঘোড়া চাবুক-মার, অশ্ব কশাঘাত-কৃ।  
 Hortation, n. s. Lat. উপদেশকরণ, শিক্ষা দেওন, আদেশ, প্রবৃত্তি সওয়ারন, প্রবৃত্তিজনক উৎসুক বা ভরনা।  
 Hortative, n. s. Lat. উপদেশক, উৎসুকাজনক, প্রবৃত্তিজনক, প্রাবর্তক, আদেশ বা পরামর্শ দেয় যে।  
 Hortative, a. প্রবৃত্তিজনক, উৎসাহবর্ধক, উৎসুকাজনক, আদেশক।  
 Hortatory, a. উপদেশক, কোন কর্মের উপদেশক, উৎসুক্যবর্ধক, প্রাবর্তক।  
 Hortensial, a. Lat. উদ্যানোপযুক্ত।  
 Horticultural, a. উদ্যান বা তদ্বিদ্যাসম্বন্ধীয়, উদ্যানবিবরক, উদ্যানের কৃষিকর্মসম্বন্ধীয়, বাগান চাসসম্বন্ধীয়।

Horticulture, *n. s. Lat.* উদ্যান, বাগাঞ্চকরণ, উদ্যান বা পুকরণ, উদ্যানবিদ্যা।  
 Horticulturist, *n. s.* উদ্যানবিদ্যার পারদর্শী বা নিপুণ, মালী, বাগানের মালী।  
 Hortulan, *a.* উদ্যানসম্বন্ধীয় বা সন্মুক্ত, বাগানের।  
 Hortus siccus, *n. s. Lat.* শুষ্ক উদ্যান, শুষ্ক বৃক্ষাধির নমুনা সংগ্রহ থাকে যে স্থানে।  
 Hortyard, *n. s. Sax.* কল বৃক্ষের উদ্যান, কলের বাগান।  
 Hosanna, *n. s. Gr.* ঈশ্বরের স্তুতিবিশেষ, ধন্যবাদ বা প্রশংসাসঙ্গীতি।  
 Hose, *n. s. Sax.* মোজা, স্তার মোজা।  
 Hosier, *n. s.* মোজাবিক্রেতা, স্তার মোজা বিক্রয় করে যে।  
 Hospitable, *a. Lat.* অতিথিসেবক, আতিথের, আতিথ্যকারী, দয়ালু, পরোপকারী অতিথি বা আগত ব্যক্তির উপর আনুকূল্য বা দয়া করে যে, গরিবনগোহাল।  
 Hospitableness, *n. s.* আতিথ্য, দয়া, উপকার, অতিথি বা অভ্যাগত লোকের প্রতি প্রীতি বা দয়া।  
 Hospitably, *ad.* আতিথ্যপূর্বক, পরোপকারপূর্বক প্রভা বা দয়াপূর্বক, দানশীলতাপূর্বক।  
 Hospitage, *n. s. Lat.* আতিথ্য, প্রভা, দয়া, পরোপকার।  
 Hospital, *n. s. Lat.* তাহতখানা, চিকিৎসাগার, ধর্মপুরী, পীড়িত বা দরিদ্র লোকের ভরণ পোষণ বা রক্ষার্থে সংস্থাপিত স্থান, আশ্রয় স্থান, অতিথিশালা, ধর্মশালা।  
 Hospital, *a.* আতিথের, দয়ালু, পরোপকারক, অনাহৃত বা অপরিষ্কৃত লোকের উপর দয়া বা প্রভা করে যে।  
 Hospitality, *n. s.* আতিথ্য, আতিথ্য কর্ম, অতিথি সেবা, অতিথি সংস্কার, দানশীলতা, দানশৌণ্ডতা।  
 Hospitaller, *n. s. Fr.* পুণ্যবান ব্যক্তিবিশেষ, দাতা, দানশীল, পরোপকারী, দীনদরিদ্রের প্রতিপালন করে যে বা এতদ্বারা বাহার, মালতা নামক দেশের সৈন্য পদব্যাচ।  
 To Hospitate, *v. n. Lat.* অতিথি-হ, পরের ঘরে বাস-ক, পরের আশ্রয়ে-থাক।  
 To Hospitate, *v. a.* অতিথি-ক, অতিথি সেবা-ক, কোন ব্যক্তিকে স্থান বা আশ্রয়-দা, বাস-দা।  
 Host, *n. s. Fr. Lat.* আতিথের, অতিথিসেবা, নিমন্ত্রক, ভোজনদাতা, ধাওয়ায় বা আমোদ কর্তৃক যে, ভেটারা, সরাইওয়াল, বা ভক্তারী, যুদ্ধার্থে একত্রীভূত বা কুড়ল, সৈন্য, কোষ, লক্ষুর, জনসমূহ, অধিকসংখ্যক বস্তু বা ব্যক্তি, রোমীয় গির্জাতে বলিবিশেষ, তদ্ব্যতীত ঈশ্বরভোজনকরণার্থে ময়দার টুকলী।  
 To Host, *v. n.* অতিথি-হ, বাস-নী, নিমন্ত্রণ স্বীকার-ক, যুদ্ধে প্রবৃত্ত-হ, গণ্ডি-নী, সূয়ার-ক।  
 To Host, *v. a.* অতিথি-ক, ভোজন-দা, আশ্রয়-দা, অতিথি সেবা-ক।  
 Hostage, *n. s. Fr.* বন্ধক, জামিন, শরীরবন্ধক, সন্ত্রস্ত নিয়ম প্রতিপালনার্থক কোন ব্যক্তিকে জামিন দেওন বা বন্ধক রাখন।  
 Hostel বা Hostelry, *n. s. Fr.* ভেটারাখানা, পক্ষঘর, সাধারণ উত্তীর্ণ স্থান বা বাসা।  
 Hosteler, Hostler শব্দ দেখ।  
 Hostess, *n. s. Fr.* আতিথেরী, নিমন্ত্রণকারিণী, ভোজন করায় যে স্ত্রী, ভেটারিণী।  
 Hostess-ship, *n. s.* পূর্বোক্ত স্ত্রীর নাম বা পদ।  
 Hostic, *n. s. Lat.* উৎসর্গীকৃত বা নিবেদিত ময়দার টুকলী বিশেষ।

Hostile, *a. Lat.* বিরুদ্ধ, বিপর্যয়, বিপরীত, বিপক্ষ, প্রতিকূল, ঘেঘো, বৈরী, শত্রু, শত্রুতোপযুক্ত।  
 Hostilely, *ad.* শত্রুতাপ্রাপে, বিরুদ্ধ বা বিপরীতচরণপূর্বক, বিরুদ্ধমতে, বৈপরীত্যপ্রতিফলারূপে, অনিষ্টাচরণপূর্বক।  
 Hostility, *n. s. Fr.* লড়াই, সমর, বিগৃহ, সংগ্রাম, বিরুদ্ধতা, বৈরিতা, শত্রুতা, আবেগ, প্রকাশরূপে যুদ্ধার্থে আক্রমণ, বৈরিতার বা ব্যবহার, যুদ্ধে বিরুদ্ধ ডান।  
 To Hostilize, *v. a.* শত্রুতা-ক, বিরুদ্ধতা-ক, বিপক্ষতা-ক, দুষ্ট-নি-ক, অনিষ্টাচরণ-ক।  
 Hosting, *n. s.* সৈন্যের গণিত সংখ্যা, সূয়ার, অস্ত্রধারি লোকসমূহ, সভা বা ভাষা।  
 Hostless, *a.* অনাতিথের, অদয়ালু, অনুপকারী, অনাশ্রয়দায় আশ্রয় দেয় না যে, অতিথি করে না যে, দয়া নাই যাহার।  
 Hostler, *n. s.* পক্ষঘরে খোড়ারক্ষক বা তাহার খবরদারী করে যে।  
 Hostlery, *n. s.* Hostelry শব্দের অর্থ জানিবে, তৎসংক্রমে।  
 Hostry, *n. s. Fr.* বাসাঘর, বাসাবাটী, ভেটারাঘর, উত্তীর্ণস্থান, অতিথির বা আগত ব্যক্তির খোড়া থাকে যে স্থানে।  
 Hot, *a. Sax.* উষ্ণ, তপ্ত, উগু, শক্ত, গরম, কটু, জাল, ভাতালি, কামাক্রান্ত, কামুক, লম্বট, লুকা, চড়ন, খপীশ, চণ্ড, রাগাল, ভয়ানক, উৎপাতগুক্ত, আপজ্ঞনক, সরগরম, ব্যস্ত, প্রবল, বাগু।  
 Hot, Hote বা Hoten, *pret. To Hight* শব্দের অসমাপক ক্রিয়া পদ।  
 Hothed, *n. s.* মৃষ্টিকাতে নির্মিত খুঁটের দ্বারা উত্তীর্ণকৃত শয্যা।  
 Hothrained, *a.* শক্ত, উগু, রাগাল, ক্রোধী, খপীশ, চণ্ড, ক্রোধী কূল।  
 Hotchpot বা Hotchpotch, *n. s. Fr.* ইকরা মিশ্রিত দুধ, সংযোগ, একত্রকরণ, শামিলকরণ, শামিলাৎ, গোলমাল, খিচড়ী।  
 Hotcocks, *n. s. Fr.* ক্রোধবিশেষ, চকুটিপাটিপি খেলা।  
 Hotel, *n. s. Fr.* সরাই, ভেটারাখানা, বাসাবাটী, উত্তীর্ণস্থান, ভাড়াটিয়া বাসা।  
 Hothed, *a.* ক্রোধী, চণ্ড, কোপী, কুপিত, ক্রোধাঙ্কিত, রাগান্বিত, রাগাল, উগু, শক্ত, খপীশ, উগু স্বভাব যাহার।  
 Hothouse, *n. s.* স্নানাগার, তাবরা বা ভাপনর যে ঘরে, স্নানার্থে তপ্ত কুণ্ডবিশেষ, আবৃত স্থানবিশেষ, যাহাতে চারা বৃক্ষ রাখে বা কল পাকায়, উষ্ণঘর, শ্বেদকঘর, বেথ্যালর।  
 Hotly, *ad.* উষ্ণতাপূর্বক, উষ্ণ করিয়া, উগুতারূপে, উগুঘরূপে, বাগুতারূপে, কামুকরূপে, কামাক্রান্ত হইয়া, লাম্বটপূর্বক।  
 Hotmouthed, *a.* কটুবাদী, কটুভাষী, ক্রুদ্ধবাদী, দুষ্ট, কটুমুখ, উগু, খপীশ, একধর, রাগাল, অনারত, অবাধ্য, অবশীভূত, অদয়, অস্থির, অনিবার্গ্য, অশান্ত।  
 Hotness, *n. s.* উষ্ণ, উগু, উত্তাপ, গরমী।  
 Hotspur, *n. s.* উগুস্বভাবক মনুষ্য, ক্রোধাকূল, রাগাল, রাগান্বিত, মেরিবিশেষ।  
 Hotspur, *a.* উগু, শক্ত, পরাক্রমী, পরাক্রান্ত, বিক্রান্ত, শূর।  
 Hotspurred, *a.* উগু, ব্যস্ত, অধৈর্য্য, গৌরার, অলভ্য, চাসা।  
 Hottentot, *n. s.* আফ্রিকাদেশের দক্ষিণাঞ্চলবাসি বন্য পশুবৎ মনুষ্যবিশেষ।  
 Hove, *Sax. To Heave* শব্দের অতীতকালবাচক।  
 To Hove, *v. n. Welsh.* ইতস্ততো ভ্রমণ-ক, গুলিরা-কির, গৌণ-ক, গমনে বিরাম-দা, গড়িমসি-ক, হেরি-ক, গমনে গাফিলি-ক।  
 Hovel, *n. s. Sax.* কুঁড়ে, চালা, একচালা, সামান্য বা ক্ষুদ্র বাসস্থান, কুপড়ি ঘর, কোপড়া, টোঙ্গ।

**To Hovel, v. a.** আনৃত-ক, আচ্ছাদিত-ক, আবরণ-ক, ঢাকা-না, চালা বা কুঁড়ের তিতর-রক।

**Hoven, To Heave** শব্দের অসমাপক ক্রিাপদ, উচ্চীকৃত, উখিত, স্ক্রীত।

**To Hover, v. n.** Welsh. মন্থকোপরি-কির, উর্ধ্বে ঝুলিয়া-ধাক, উর্ধ্বে স্থিতি-ক, অভিপ্রায় বা আকাঙ্ক্ষায়-থাক, এক স্থানে-কির বা ভ্রমণ-ক, নিকটে বা ইতস্ততঃ-কের বা ভ্রম-ক।

**Hover, n. s.** আশ্রয়, রক্ষাকরণ বা হওন, কোন দ্রব্য ঝুলিয়া রাখণ দ্বারা ঢাকন আবরণ বা রক্ষাহওন।

**Hover Ground, ভূমি বিশেষ।**

**Hough, n. s.** Sax. পশাদির পশ্চাৎপাদের সন্ধি বা গাঁটি, কুঠার, বাশ, কোদালি।

**To Hough, v. a.** স্তম্ভাস্থির শিরা-কাট বা ছেদ-ক বা তক্ষিরা ছেদনদ্বারা গতি শক্তি রহিত-ক, গাঁড়া-ক, বাশী কুঠার বা কোদালিদ্বারা ছেদ-ক, বাশ শীকার-ক।

**Houlet, Howlet** শব্দ দেখ।

**Hoult, n. s.** Sax. কুসু কাষ্ঠবিশেষ।

**Hound, n. s.** Sax. শীকারী কুকুর, ডালকুস্তা, এশব্দ প্রথমে সাধারণ কুকুরের নাম ছিল।

**To Hound, v. a.** কুকুরের শীকার-ক, শীকারার্থে কুকুর-ছাড়, শীকারার্থে কুকুর লেলিয়া-না, শীকারার্থে পশ্চাৎ-ধাবা।

**Houndfish, n. s.** মৎস্যবিশেষ।

**Houndstongue, n. s.** বৃক্ষবিশেষ।

**Houndtree, n. s.** বৃক্ষবিশেষ।

**Houp, n. s.** Lat. পক্ষিবিশেষ, Hoopoo শব্দ দেখ।

**Hour, n. s.** Fr. Lat. ঘড়ী, ঘণ্টা, দিবসের চতুর্ভিংশতি ভাগের একভাগ, আড়াই দণ্ডের ঘটিকা, চোরাকাল, ঘটিকাদ্বারা নিশ্চিত কাল, এশব্দ বহুবচনান্ত হইলে রুমীয় গুঁজার পূজাদি কথ্যের নিশ্চিতকাল বুঝায়।

**Hourglass, n. s.** বালিঘড়ী, ঘড়ী নিশ্চিতকরণার্থে বালুকা যন্ত্রবিশেষ, কালের পরিমাপক যন্ত্র।

**Hourhand, n. s.** ঘড়ীর কক্ষ, ঘড়ীর দৃষ্টান্তে হস্তদ্বারা হয় যে কক্ষ।

**Houri, n. s.** মুসলমানেরদের স্বর্গীয় বিদ্যাধরী বা অপ্সরী বিশেষ।

**Hourly, a.** প্রতিঘড়ীতে কৃত বা ভূত, ঘড়ীতে হয় যে, এক ঘড়ীতে আগত, বারংবার কৃত বা উপস্থিত, ঘড়ী২ দণ্ডে নিত্য সর্ষদা বা সতত, কৃত ভূত বা আগত।

**Hourly, ad.** দণ্ডে২, প্রতিদণ্ডে ও ঘড়ী২, সর্ষদা, অবিরত, অহরহঃ, হামেসা, প্রতিঘড়ী।

**Hourplate, n. s.** ঘড়ীর উপরিভাগ, যাহার উপর তৎপরিমিত কাল অঙ্কিত থাকে, ঘড়ীর ডাইল।

**Housage, n. s.** ঘরভাড়া, গুদামভাড়া, কোন স্থানে মাল রাখিলে তৎস্থানের কেয়া।

**Housal, a.** বাটীসম্বন্ধীয়, বাটীর।

**House, n. s.** Sax. ঘর, বাটী, বাড়ী, আলয়, ভবন, সদন, মন্দির, বাসস্থান, মনুষ্য থাকে যে স্থানে, মনুষ্যালয়, সাধু ধর্ম্মিষ্ঠ বা বিদ্যার্থী ব্যক্তি সমূহ একত্র থাকে যে স্থানে, ধর্ম্মশালা, আশ্রয়, সওদাগরি, বাণিজ্য সমূহ, সওদাগরের বাটী বা দপ্তর, আড়ত, কোঠা, বিদ্যালয়, চৌবাড়ী, থাকিবার রীতি বা নিয়ম, খাদ্যদ্রব্য, আহার, ভোজন, নক্ষত্রাদির স্থান, জ্যোতিঃশাস্ত্রানুসারে কোন গৃহের নিশ্চিত স্থান, বংশ, কুল, পরিবার, সন্তান, জাতি, পরি কর, সৎসার, পরিবারের বাসস্থান বা মহল, ত্রীপুত্রাদির বাস

স্থান, পার্লামেন্টীয়ক সভা বা তদ্রূপ, পার্লামেন্টসংক্রমক আদালত বা সভার অন্তর্গত বা তদ্রূপক কুলীন ব্যক্তি বা সাধারণ ব্যবসায়িপ্রভৃতি লোকসমূহ, যথা *The Lords or Commons*, অথবা *The House of Lords, the House of Commons*।

**To House, v. a.** Sax. স্থিত-ক, বাসা-না, ঘর-না, আশ্রয়-না, ঘরে-রক, ঘরে আশ্রয় বা স্থান-না, ঘরের তিতর-ক, ঘরের তিতর-আনী।

**To House, v. n.** স্থিত-ক, বসতি-ক, বাসী-হ, বাসেন্দা-হ, অবস্থিতি-ক, নক্ষত্রাদির ন্যায় আকাশে স্থিতি-হ।

**Houseboat, n. s.** ঘরওয়ালা নৌকা, ঘরবিশিষ্ট নৌকা, আবরণ বিশিষ্ট নৌকা, ছতরিওয়ালা নৌকা।

**Housebote, n. s.** Sax. কাষ্ঠের বৃষ্টিবিশেষ, পুজার গৃহ মেরামত নিমিত্ত ভূস্বামিকর্তৃক কাষ্ঠ দেওন।

**Housebreaker, n. s.** শিল্পে চোর, শিল্পে, শিল্প কাটির চুরি করে যে।

**Housebreaking, n. s.** শিল্প, শিল্পে চুরি, শিল্পকাটন।

**Housedog, n. s.** গৃহরক্ষক কুকুরবিশেষ।

**Household, n. s.** পরিবার, পরিজন, ঘরকন্না, সৎসার, গার্হস্থ্য শ্রম, পরিবার লইয়া একত্রে থাকন, পরিবারাদির রক্ষণাবেক্ষণ, গার্হস্থ্যশ্রমের বিষয় বা দ্রব্য, গৃহসম্বন্ধীয় পরিবার বা দ্রব্যাদি।

**Household-bread, n. s.** সামান্য রুটী, গৃহজাত রুটী।

**Householder, n. s.** কোন পরিবারের কর্তা ব্যক্তি, ঘরের কর্তা, গৃহস্থ, গৃহপতি, গৃহস্থামী।

**Householdstuff, n. s.** দ্রব্য সমাপান, ঘরকন্নার দ্রব্য বা জিনিসপত্র, মালামাল, আওলাত, গৃহস্থলীর সামগ্ৰী, সাংসারিক দ্রব্য, লওয়াজিমা, লটবহর।

**Housekeeper, n. s.** গৃহস্থ, গৃহস্থামী বা কর্তা, ঘর বাড়ী বা পরিবার আছে যাহার, গার্হস্থ্যের কর্তা ব্যক্তি, স্বচ্ছন্দে থাকে যে, অপ্রভুল নাই যাহার, সুখী, ঘরে সর্ষদা থাকে যে, অপ্রবাসী, গৃহরক্ষিকাত্তা, গৃহিণী, ঘরের কর্তা, দাসীবিশেষ, যে পরিবারের রক্ষণাবেক্ষণ করে, এবং ভৃত্যদের বা দাস দাসীর নির্দাহ বা শাসনকর্তা, ঘররক্ষক কুকুর।

**Housekeeping, a.** ঘরের, গৃহস্থোপযুক্ত, গৃহের বা পরিবারের আবশ্যিক যাহা।

**Housekeeping, n. s.** আতিথ্য, ভোজ্যে অন্নদান, সদাবৃত, অতিথি সেবা, গৃহকার্য্য, গৃহব্যাপার, গৃহস্থতা।

**Housel, n. s.** Sax. ইশ্বর ভোজ্য।

**To Housel, v. a.** Sax. ইশ্বর ভোজন করণ বা দেওন।

**Houselamb, n. s.** গৃহজাত মেঘ, পুষ্টকরণার্থে পোষে যে মেঘ।

**Houseleek, n. s.** বৃক্ষবিশেষ।

**Houseless, a.** নির্দাস, গৃহহীন, গৃহরহিত, নিরালয়, নিরাশ্রয়, আশ্রয় বাসা বা গৃহ নাই যাহার।

**Housemaid, n. s.** দাসীবিশেষ, ঘরঘার পরিষ্কারিণী দাসী, চাকরাণী, পরিচারিকা।

**Housepigeon, n. s.** ঘর পোষা কপোত।

**Houseraiser, n. s.** গৃহনির্মাাতা, গৃহ নির্মাণকর্তা, ঘর বানায় যে।

**Houseroom, n. s.** বাটীর তিতরস্থান, অন্তঃপুর, অন্দর।

**Housesnail, n. s.** শব্দবিশেষ।

**Housewarming, n. s.** গৃহ পুবেশ, গৃহ পুবেশ নিমিত্ত উৎসব বা যজ্ঞ।

**Housewife, n. s.** পুরস্কী, গৃহিণী, গিন্নী, ঘরের বা পরিবারের কর্তা,

কুলত্রী, অল্পব্যয়ে বা সামঞ্জস্যরূপে চলে যে ত্রী, ত্রীলোকের ক  
র্থে নিপুণ। যে, ত্রী লোকের কর্মে পাত্র খলী বা চুবড়ী বা অন্য  
দ্রব্য।

Housewifely, *a.* গৃহ কর্মে পারগা, গৃহিনীর ন্যায় কর্মে নিপুণ।  
যে, গার্হস্থ্য কর্মে উপযুক্ত বা পারগা।

Housewifely, *ad.* গৃহিনীর ন্যায় কর্ম উদারক বা সাবধানতা বা  
সামঞ্জস্যপূর্ণক।

Housewifery, *n. s.* গৃহিনীর কর্ম, গার্হস্থ্য কর্ম, ত্রীলোকের কর্ম,  
গৃহিনীর যোগ্য বা উপযুক্ত কর্ম নির্বাহ শাসন বা রক্ষণাবে  
ষণ, গৃহিনীর ন্যায় পরিমিত ব্যয়।

Housewright, *n. s.* গৃহনির্মাতা, গৃহগৃহনকর্তা, রাজমেত্রী,  
কোঠা গাঁথে যে, শিল্পী।

Housing, *n. s.* বাসস্থান, ঘর, কোন বাড়ীর মধ্যে বাস করিবার  
স্থান, বস্ত্র যন্ত্রাদি যোড়ার ছিন বানায়, জিনের কাপড়।

Housling, *a.* ইশ্বর ভোজনস্থাপক, প্রাচীন মতে বিবাহসম্বন্ধীয়,  
বিবাহকর্মে ইশ্বর ভোজনার্থক অগ্নিসংস্থাপক।

Houss, *n. s.* Fr. জীন বানান কাপড়, জীনের কাপড়।

How, *ad.* Sax. কিমতে, কিপ্রকারে, কিরূপে, কি কারণে, কোন  
পর্যন্ত, কি নিমিত্তে, কি মূল্যে, কি দরে, কি সংযোগে, কি অব  
স্থায়, কেমন, কিমত, কিম্বত, কথং, কেন, কীদৃশ।

Howbeit বা Howbe, *ad.* তথাপি, তথাচ, তন্, যেমন হউক।

Howdy, *n. s.* দাউ, প্রসবকারিণী, ধাত্রী।

How'd'ye, How do ye অথবা How dye do, পুন্দের পরিবর্তে  
যোগিক শব্দ, মজল, কেমন আছ, শারীরিক কুশল, তোমার শা  
রীরিক স্বচ্ছন্দতার কি অবস্থা বা ভাল আছ বুঝায়।

However, *ad.* যাহা হউক, সে যা হউক, যে প্রকারে হউক, সে  
যেমন হউক, তথাচ।

Howitz বা Howitzer, *n. s.* একপ্রকার বড় কামান, বোম।

Howker বা Hooker, *n. s.* Sax. দিনামাত্রী এক প্রকার নৌকা।

To Howl, *v. n.* Dutch. Lat. উচ্চৈঃস্বরে ক্রন্দন-কৃ, কুহুর বা শৃগাল  
বৎ শব্দ-কৃ, ক্রন্দন-কৃ, রোদন-কৃ, আর্জনাদ-কৃ, কাব্যশাস্ত্রে গভীর  
বা ভয়ঙ্কর বচন-কৃ, কৈকা।

Howl, *n. s.* কুহুর বা ব্যাঘ্রের ধ্বনি ডাক বা ক্রন্দন, কুরিয়া ক্রন্দন,  
অভিভয়ে বা দুঃখে ক্রন্দন বা রোদন।

Howlet, *n. s.* Fr. পেছুক, অথবা ভাষায় Owl শব্দের পরিবর্তে  
ব্যবহৃত জানিবে।

Howling, *n. s.* কুহুর বা ব্যাঘ্রের ডাক বা রোদন, কুরিয়া ক্রন্দ  
ন, দুঃখে রোদন, গভীর বা ভয়ানক শব্দ, অথঙ্ক, কৈকান।

Howso, *ad.* যদ্যপিস্যাৎ, যে প্রকারে হউক, যেমন হউক।

Howsoever, *ad.* কোনমতে, কোনপ্রকারে, যেমনি বা হউক, যে  
প্রকারে, যদ্যপিস্যাৎ, তথাপি।

Howve, Hood শব্দের পরিবর্তে ব্যবহৃত প্রাচীন শব্দ।

To Hox, *v. a.* Sax. জ্ঞান্ধি শিরা-কাট বা ছেদ-কৃ বা তংশিরা  
ছেদদ্বারা গতিশক্তি রহিত-কৃ, পারের রগ কাটিয়া ধোঁড়া-কৃ।

Hoy, *n. s.* Fr. বৃহন্নৌকাবিশেষ।

Hoy, *interj.* Fr. প্রবৃত্তিক্রমক বা বিরাম উষোধক অব্যয় শব্দ, কুহু  
রের প্রতি প্ররোগ হইলে লেং বুঝায়, গতার্থে চলং বুঝায়, দূর  
হও, কখনও রহং, বিরোভব, ধাঁড়াকর, সবুর ইত্যাদি জানিবা।

Hubbub, *n. s.* হুভুভু, গোলমাল, গণ্ডগোল, কলরব, কলহ,  
কোলাহল শব্দ, দাঙ্গা, শোর সরাবৎ।

Hubbub-boo, *n. s.* ঐর্লওয়েশে জুহু লোকের মধ্যে অন্ত্যেষ্টিকি কর্মে  
ব্যবহৃত শব্দবিশেষ।

To Huck, *v. n.* Teut. দুব্য ক্রমার্থে কচাল-কৃ, কটে দর-কৃ।

Huckaback, *n. s.* কাপড়বিশেষ।  
Huckle, *n. s.* নিভষ, কছাল, কাঁকালি।  
Hucklebacked, *a.* Germ. বক্র কঙ্করশিষ্ট।  
Hucklebone, *n. s.* কছালাস্থি, কাঁকালের হাড়।  
Huckster বা Hucksterer, *n. s.* Teut. খুঁড়রা দুব্য বিক্রয় করে  
যে, কড়ো, কুঁহড়া, পাইকড়, কেরিওয়াল। পুতারক বা ঠগ  
বিশেষ।

To Huckster, *v. n.* খুঁড়রা বিক্রয়-কৃ, জুহু ব্যবসায়-কৃ, কড়োম-কৃ,  
পাইকড়ী-কৃ।

Hucksterage, *n. s.* সামান্য ব্যবসায় কর্ম বা বাণিজ্য।

Hucksteress, *n. s.* পাইকড়ি করে যে ত্রী, পাইকড়নী, বকালি  
নী।

Hud, *n. s.* খোলা, ছাল, ছিলকে, আকরোট বা সুপারির ছাল।

To Huddle, *v. a.* Germ. জড়পড়-কৃ, কোন কর্ম অসাবধানতা বা  
অশৃংখলাপূর্ণক-কৃ, গোলমাল-কৃ, জড়-কৃ, উল্টাপাল্টা-কৃ, মি  
শাইয়া-বা, ত্বরায় আবরণ-কৃ।

To Huddle, *v. n.* ভিড়ের মধ্যে-আগম বা প্রবিষ্ট-হ, তাড়াতাড়ি  
-আগম।

Huddle, *n. s.* গোলমাল, ভিড়, গণ্ডগোল।

Huddler, *n. s.* Germ. গোলমেলিয়া, গণ্ডগোলো, কার্যোত্তে জানা  
ড়ি বা মূর্খ।

Hue, *n. s.* Sax. বর্ণ, রং, কলরব, সোর, গোল, বালিশ, আদা  
লতের চেঁচা অবস্থাবন বা আবুশীলন, সাধারণ ভয় পূর্ণন,  
হপকী দেখান, আশঙ্কার ধ্বনি বা সাড়াবিশেষ।

Hued, *a.* রংকরা।

Huer, *n. s.* Fr. ডেকো, কুকারে যে ব্যক্তি, অন্যকে ডাকা বা আ  
কান করা কর্ম যার।

Hull, *n. s.* রাগ বা ক্রোধেতে হঠাৎ প্রস্থলিতহওন, আত্মদ্রাঘী,  
আত্মাভিমানী, আপনাকে বড় করিয়া জানে বা জ্ঞান করে যে,  
ভ্রাত্ত, অভিমানী।

To Hull, *v. a.* স্ফূর্ত-কৃ, ডারি-কৃ, উচ্চ-কৃ, আত্মদ্রাঘা বা গর্ভ-কৃ,  
অহঙ্কার-কৃ, মৎসরতা-কৃ, অহঙ্কার বা মূর্খতাপ্রযুক্ত কৃষ্ণ-কৃ।

To Hull, *v. n.* আত্মতাল, লাকালাকি-কৃ, গর্ভ, দাষ্টিকতা-কৃ, অহ  
ঙ্কার প্রকাশ-কৃ।

Huffer, *n. s.* দপী, অহঙ্কারী, দাষ্টিক, কোন্দলিয়া, অগড়াটিয়া,  
বিরোধী।

Huffish, *a.* গর্ভা, আত্মদ্রাঘী, মেমাণী, রাগী, উগ্, চেঁচা, মগরা,  
অহঙ্কত, অশিষ্ট, অহঙ্কারী।

Huffishly, *ad.* অহঙ্কারপূর্ণক, গর্ভ অশিষ্টতা বা মৎসরতাপূর্ণক,  
চেঁচামিরূপে।

Huffishness, *n. s.* চেঁচামি, চিড়চিড়ামি, অহঙ্কার, গর্ভ, মেমাণ।

To Hug, *v. a.* Sax. কোলে-কৃ, গলাগলি-কৃ, কোলাকুলি-কৃ, গ  
লা ধরিয়া আলিঙ্গন-কৃ, সোহাগ-কৃ, আঘর-কৃ, গোরব-কৃ, আঁক  
ড়িয়া বা পাঁজা করিয়া-ধর, দৃঢ়রূপে-ধর, কৃষ্টি কর্মে-ধামচা বা  
-মোচড়া, বাহবা-বা, সাবাসি-বা, প্রশংসা-কৃ, ব্যাখ্যা-কৃ।

Hug, *n. s.* কোলাকুলি, গলাধরণ, গলা ধরিয়া আলিঙ্গনকরণ, কৃ  
ষ্টি কর্মে ধরণ, জাপটিয়া-ধরণ।

Huge, *a.* Fr. বৃহৎ, মহৎ, ডাগর, বড়, দারুণ, প্রকাণ্ড, বিশাল,  
অভিবাদ।

Hugely, *ad.* প্রকাণ্ডরূপে, বৃহৎরূপে, মহেউতারূপে, আতিশয়  
রূপে।

Hugeness, *n. s.* বৃহৎ, মহৎ, প্রকাণ্ড, প্রকাণ্ড শরীর বা আয়  
তন, আত্যন্তিক পরিমাণ বা আগতন।

**Hugeous, a.** অৱৰ ভাৱৰ বড় প্ৰকাণ্ড বা বৃহৎ বত্ৰ।  
**Huggermugger, n. s.** গুপ্তস্থান, গোপন, নিহৃততা, রহস্যতা।  
**Huguenot, n. s.** ফ্ৰান্সিষ দেশেৰ পৰিবৰ্তিত উপাসনা কাণ্ড বা  
 তত্কাৰ্বিশেষ, ফ্ৰান্সিষ দেশেৰ কাৰ্লিবীৰ মতাবলম্বী।  
**Huguenotism, n. s.** পুৰ্বোক্ত পৰ্য্যায়চৰণ বা তত্কাৰ্বাবলম্বন।  
**Hugy, a.** প্ৰকাণ্ড, বৃহৎ, বড়, বিশাল।  
**Huisher, n. s.** Fr. তত্কাৰ্বিশেষ, হাৰী, হাৰপাল, এইৰূপে এ শব্দ  
*Usher* লেখা যায়, তৎশব্দ দেখ।  
**Huko, n. s.** Fr. জাৰ্মানিশেষ, কোৰ্তীবিশেষ।  
**Hulch, n. s.** Goth. কুল, স্ত্ৰীতি, আৰ, কুলা।  
**Hulchbacked, a.** কুল, কুল পৃষ্ঠ।  
**Hulched, a.** স্ত্ৰীত, কণা।  
**Hulchy, a.** স্ত্ৰীত, বক, কুল, আৰুগুৱালা, গাঁটিগুৱালা।  
**Hulk, n. s.** Goth. কাহাৰ, নৌকা, ভাৱবাহক নৌকা, জাহাজেৰ  
 আৱতন বা গাজ, ভাৱী প্ৰকাণ্ড বা বৃহৎ দুবা, জাহাজেৰ মন্ত  
 লাধি উপ অল্প ব্যতীত অন্য ভাগ।  
**Hull, n. s.** Germ. ছাল, ছিলকে, খোলা, খোলা আৱৰ্তন, আন  
 ৰণ, জাহাজেৰ খোল *To lie a Hull* নাৰিক ভাষানিশেষ, যখন  
 জাহাজে সকল পালি লাগে না কিছা চলে না ইত্যাদ্যৰ্থক জা  
 নিবে।  
**To Hull, v. a.** পেট-চেৰ, পেট চিৰিয়া নাড়ীৰ্জ্জি নিৰ্গত-ক পেট  
 চাক-ক, উদৰ বিদীৰ্ণ-ক, পেট-কাড়।  
**To Hull, v. n.** ভাসমান-হ, ভাসিয়া-বেড়া, পুৰমান-হ।  
**To Hull, v. a.** বীচিহইতে খোশা-খোশ, ছিলকে-ছাড়া বা ধসা,  
 ছোবড়া বা খোশা-ছাড়া-কেলা, জাহাজেৰ গাজে কামান-মাৰ  
 জাহাজেৰ খোলেৰ বগলে তোপ-মাৰ, জাহাজেৰ গাজে বা  
 খোলে তোপ-মাৰ।  
**Hully, ad.** ছিলকে বা খোলাবিশিষ্ট, শুক্যুক্ত।  
**Hulver, n. s.** বৃক্কবিশেষ।  
**To Hum, v. n.** Dutch. মৌমাটিৰ জ্বনি-ক, গুগুৰ, ভনভন-ক, গুনং  
 -ক, কলৰব শব্দ-ক, বাক্য কহিতে বিৰাম-না, হু হু বা অল্পই  
 শব্দ-ক, প্ৰশংসা সাবাসি বাহোবাইত্যাদ্যৰ্থক জ্বনি-ক।  
**To Hum, v. a.** প্ৰশংসা-ক, ধনবাদ-ক, তাৰিক-ক, সাবাসি-না,  
 হু হু হুৰে বা হু হু হুৰে গান-ক, অল্পই বা জাত্যৰূপে-কথ বা-বচ,  
 হুইং বা গুনং শব্দ-ক, গুগুৰ শব্দ-ক, কোন ব্যক্তিৰ উপৰ ভাৱ  
 বা তহমত-না, মিথ্যা আৱেগ-ক।  
**Hum, n. s.** কীট বা মক্কিকাৰ ব্যাৰ শব্দ, ভনং বা গুনং শব্দ, ক  
 লৰব বাক্য কথনে যতি, শব্দেৰ যতি, প্ৰশংসাসূচক বাক্য বা  
 জ্বনি, প্ৰশংসা, সাবাসি, প্ৰাচীন ব্যবহৃত ভীক্ক মধ্যবিশেষ, গদ্য,  
 ভাস্মালা, উপহাস, কষ্টী।  
**Hum, interj.** সন্দেহ বা বিবেচনা উৰোধক শব্দবিশেষ।  
**Human, a.** Lat. মানব, লৌকিক, মনুষ্যধৰ্ম্মক, মনুষ্যসম্বন্ধীয়, মা  
 নবীয়, মানুহিক, মনুষ্যজাতীয়।  
**Humanate, part. a.** মনুষ্যত্ব ভাবাপন্ন, মনুষ্যত্ববিশিষ্ট, মনুষ্য  
 ত্বাপন্ন।  
**Humane, a.** Fr. দয়ালু, কৃপালু, পৰোপকাৰী, পৰহিতৈষী, অন্যেৰ  
 তত্কাৰ্ণী, ভদু, সৎ, দয়ালু, দয়ালীল, কৰুণালীল, সুহৃতাৰবি  
 শিষ্ট, কোমল স্বভাৱ যাহাৰ, কোমলাস্তৰকৰণ, কোমল প্ৰকৃতি,  
 অক্ৰুৰ, অনিষ্ঠুৰ।  
**Humanely, ad.** মনুষ্যত্বৰূপে, দয়া বা কৃপাপূৰ্ণক, সাধুতা বা সুহ  
 ত্বপূৰ্ণক, ভদুতা বা বিশিষ্টভাৱে।  
**Humaneness, n. s.** মহত্ব, মনুষ্যত্ব, সাধুতা, ভদুতা, বিশিষ্টতা,  
 কৃপা, দয়া, কৰুণা, স্বভাৱেৰ কোমলত্ব।

**Humanist, n. s.** Fr. বৈয়াকৰণীয়া, ব্যাকৰণবেত্তা বা তত্কাৰ্ণে পাৰ  
 দৰ্শী, ব্যাকৰণজ্ঞ, শব্দ শাস্ত্ৰবেত্তা, শাস্ত্ৰিক।  
**Humanity, n. s.** Lat. মনুষ্য ধৰ্ম্ম, মনুষ্য জাতি, সাধাৰণ মনুষ্য  
 তত্কাৰ্ণী বা তত্কাৰ্ণ, কৃপা, দয়া, কৰুণা, মহত্ব, কোমলতা, কৃপালু  
 তা, দাতৃত্ব, ব্যাকৰণ, ব্যাকৰণশাস্ত্ৰ অধ্যয়ন।  
**To Humanize, v. a.** নৱম-ক, কোমল-ক, মোলাএম-ক, কোমল  
 ভাৱ বা কৰুণাক্ৰম-ক, দয়ালীল-ক, দয়ালু কৃপালু বা মহৎ-ক।  
**Humankind, n. s.** মনুষ্যজাতি, মনুষ্যবৰ্গ।  
**Humanly, ad.** মনুষ্য ধৰ্ম্ম বা অতিপ্ৰিয়ানুসাৰে, মানব ধৰ্ম্মে বা ত  
 য়তে, মনুষ্যেৰ ক্ৰমতা বা শক্তিপূৰ্ণক বা তদনুসাৰে, দয়া বা কৃ  
 পাপূৰ্ণক, সুহৃতাৰ বা সাধুতাপূৰ্ণক, ভদুভাৱে।  
**Humation, n. s.** Lat. পোতন, গাড়ন, গোৱদেওন, কবৰ দে  
 ওন।  
**Humbird, n. s.** পক্ষিবিশেষ।  
**Humble, a.** Fr. নমু, নৱম, নত, সৰিনয়, দীনেৰ ভাববিশিষ্ট, বি  
 নয়ী, বিনোত, গৱিব, অগৰ্জিত, শিষ্ট, নমুশীল, অনহকাৰী, অন  
 হকৃত, অনভিমানী, অনুক, হুদু, ছোট, খাট, হুহ, লম্বু।  
**To Humble, v. a.** নমু নত বা বিনয়ী-ক, বশীভূত বা আত্মানহ  
 -ক, আৱত-ক, আদৰপূৰ্ণক নম্ভাৱ-ক, নত হইয়া প্ৰণাম-ক,  
 ভাৰিয়া-কেল, ধৰ্ম্ম-ক, কৃষ্ণিত-ক, অধীন-ক, পৰাভৱ-ক, নিমু  
 -ক।  
**Humblebee, n. s.** Teut. মধু মক্কিকাৰবিশেষ, ভুগুৰ, গুগুৰ, ভনং কা  
 ৰী কীটবিশেষ।  
**Humblebee, n. s.** বৃক্কবিশেষ।  
**Humblebee Eater, n. s.** পুৰ্বোক্তসংজ্ঞক মক্কিকাধাদক কীট  
 বিশেষ।  
**Humblemouthed, a.** ধীৰ, নমু, গৱীব, বিনয়ী, কাৰুণ্যবাদক, দীন,  
 স্তাবক, স্থিৰ, শান্ত, সান্ন্যাসিক, শিষ্ট, সুশীল।  
**Humbleness, n. s.** নমুতা, দীনভাৱ, অগৰ্জ, অহকাৰাভাব, শিষ্ট  
 তা, সান্ন্যাসিকতা, সুশীলতা, সুলমানাধিকৰণত্ব।  
**Humbleplant, n. s.** বৃক্কবিশেষ।  
**Humbler, n. s.** নত হয় যে, নানতা স্বীকাৰ কৰে যে, পৰাধীন  
 বা ভাবেদাৰ বা নমু হয় যে।  
**Humbles, n. s.** হৰিণেৰ আঁতুড়ী, Umbles শব্দ দেখ।  
**Humbless, n. s.** Fr. নমুতা, দীনত্ব, অধীনত্ব, নিৱহকাৰ, অনুন্নয়,  
 বিনয়, অনুচ্চতা, সুশীলতা, শিষ্টতা, সান্ন্যাসিকতা।  
**Humbling, n. s.** নমুতা, সুশীলতা হুহতা, লাঘব, অদম্ব, অতি  
 মান বা অহকাৰেৰ লম্বুতা বা অল্পতা।  
**Humbly, ad.** নমুতাপূৰ্ণক, সুশীলতা, বিনয় বা অনুন্নয়পূৰ্ণক, বী  
 ডাপূৰ্ণক, সাবধানতা বা বৈশিষ্টৰূপে, অদম্বপূৰ্ণক, অনুচ্চতাপূ  
 ঞ্ৰক।  
**Humbug, n. s.** পুতায়ণ, ধৰ্ত্ততা, কাকী, প্ৰবন্ধন, প্ৰবন্ধনা বা মি  
 থা কল্পনা বত্ৰ, ঠগামি, ভড়ং, অৱৰ ভাবাবিশেষ।  
**Humdrum, a.** Icel. নিৰ্বোধ, অবোধ, আলসিয়া, বড়, অজ্ঞান,  
 বেঅকুৰ, বেআইল।  
**To Humect বা To Humectate, v. a.** Lat. ভিজা, আৰ্দ্ৰ-ক, নৱম  
 -ক, নৱম-ক।  
**Humectation, n. s.** ভিজান, আৰ্দ্ৰকৰণ, নৱমকৰণ, শিথিলকৰণ,  
 স্নেহকৰণ, সৰ্জনকৰণ।  
**Humective, a.** ভিজা বা আৰ্দ্ৰকৰণক্ৰম বা তত্কাৰ্বিশিষ্ট।  
**Humeral, a.** Fr. Lat. কুলসম্বন্ধীয়, কুলবিবৰক।  
**Humicubation, n. s.** Lat. মৃত্তিকাতে শয়নকৰণ, মৃত্তিকাৰ উপৰ  
 থাকন, মৃত্তিকাৰ বাসকৰণ।

HUM

HUN

Humid, *a.* Lat. আর্দ্র, ভিজা, সোঁতা, জলো, শশপিরা, নরম, সরস, শিথিল।  
 Humidity, *n. s.* Fr. সরসাই, সোঁতাভাব, আর্দ্রত্ব, জল, ঘর্ম, রস, আর্দ্র করিবার ক্ষমতা।  
 To Humile, *v. a.* Fr. নমু-কৃ, খাট-কৃ, ধর্ম-কৃ, গরীব-কৃ, নীচা-কৃ, অধীন-কৃ, আয়ত্ত-কৃ, ভাবে-কৃ, বশ-কৃ।  
 Humiliation, *n. s.* Fr. লাঘব, লজ্জা, নমুতা, সূশীলতা, মদুতা, অনুন্নয়, বিনয়, দৈন্য প্রকাশ, আপন পাপ বা অযোগ্যতা স্বীকার বা প্রকাশ, অহঙ্কারের বা অভিমানে অল্পতা বা হ্রাস বা উন্মাদ।  
 Humility, *n. s.* Fr. নিরহঙ্কার দৈন্য, অগর্ভ, অনতিমান, গর্ভ রাহিত্য, নমুতা, বিনয়, গরিবী, অনুন্নয়, নতি, স্তম্ভিত, শিষ্টতা, স্বীকারকরণ, অধীনত্ব স্বীকারকরণ, ভাবেদারি স্বীকারকরণ।  
 Hummer, *n. s.* স্তুতিবাদক, স্তুাবক, স্তুবকারক, প্রশংসাকর্তা, প্রশংসাকারী।  
